



# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০৭-২০০৮



অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

---

---

ব্যাংক ও আর্থিক  
প্রতিষ্ঠানসমূহের  
কার্যাবলী  
২০০৭-২০০৮



অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



ড. এ. বি. মির্জা মো: আজিজুল ইসলাম

উপদেষ্টা

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুখবন্ধ

একটি দেশের আর্থিক ব্যবস্থা সাময়িক অর্থনৈতিক স্থিতিশীলতা ও টেকসই উচ্চতর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন প্রক্রিয়ায় খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। উন্নত ব্যাংকিং ও আর্থিক পরিষেবা বিনিয়োগ পরিবেশ সৃষ্টি এবং অর্থনীতিকে উচ্চতর প্রবৃদ্ধির সোপানে উন্নীতকরণের অপরিহার্য উপাদান। দেশের আর্থিক খাতে অধিকতর দক্ষতা, স্থিতিশীলতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংস্কার কার্যক্রমের ধারাবাহিকতায় ২০০৭-২০০৮ অর্থবছরেও আর্থিক সংস্কার কার্যক্রম গ্রহণের প্রয়াস অব্যাহত থাকে।

কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঝুঁকি মোকাবেলার জন্য যথেষ্ট পরিমাণ মূলধন থাকা প্রয়োজন। ব্যাসেল কমিটি প্রণীত এ সম্পর্কিত বিশদ নীতিমালা 'বাসেল-২' অনুসরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এ লক্ষ্যে প্রয়োজনীয় Quantitative Impact Study সম্পন্ন হয়েছে। ব্যাসেল মূল নীতি অনুযায়ী স্বনির্ধারণী পরিপালন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রাপ্ত তথ্যাদি অনুকূল বিবেচিত হওয়ায় ব্যাসেল-২-এর প্রমিত পছা (Standardized Approach) অনুসরণে ২০০৯ সালের জানুয়ারি থেকে নতুন মূলধন নীতিমালা বাস্তবায়ন শুরু হবে।

সোনারী, অগ্রাণী ও জনতা ব্যাংককে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে ব্যবসা পরিচালনার অনুমতি প্রদান করা হয়েছে। ইতোমধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলো তাদের আর্থিক দুর্বলতা কাটিয়ে ওঠার লক্ষ্যে 'Three Years Transitional Plan' প্রণয়ন করেছে। ডি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড (পুনর্গঠন) স্কীম, '০৭ প্রণয়ন করা হয়েছে। এই স্কীম অনুযায়ী ব্যাংকটির মূলধন বৃদ্ধি করা হয়েছে এবং আমানত থেকে নির্দিষ্ট হারে আমানতকারীদের নামে শেয়ার ইস্যু করার পর অবশিষ্ট আমানত পর্যায়ক্রমে পরিশোধিত হবে।

আন্তর্জাতিক মানের ব্যাংক ব্যবস্থা গড়ে তোলা ও দেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি আরও সুদৃঢ়করণের লক্ষ্যে মূলধন ভিত্তিকে সুসংহতকরণসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আমানতকারীদের স্বার্থ সংরক্ষণ ও ব্যাংকগুলোর মূলধন ভিত্তি সুদৃঢ় করার অব্যাহত প্রচেষ্টার ফলশ্রুতিতে তফসিলি ব্যাংকগুলোর সার্বিক মূলধন পর্যাপ্ততার হার বিগত বছরের তুলনায় বৃদ্ধি পেতে শুরু করেছে। ফলে ব্যাংকগুলোর সম্পদের ওপর আয় হার কিছুটা বৃদ্ধি পেয়েছে।

ব্যাংকের গ্রাহক সেবার মানোন্নয়ন তথা গতিশীলতা আনার লক্ষ্যে এবং ব্যাংকিং ব্যবস্থাকে আধুনিক ও সময়োপযোগী করার নিমিত্তে এখন থেকে Utility bill ছাড়াও সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সব বিল, ফি ইত্যাদি পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে চুক্তির ভিত্তিতে সম্ভাব্য সব ক্ষেত্রে online ব্যাংকিং সুবিধা চালু/সম্প্রসারণের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান করা হয়েছে।


সরকারি সিকিউরিটিজের একটি কার্যকর সেকেন্ডারি মার্কেট সৃষ্টির উদ্দেশ্যে ২০০৩ সাল থেকে ৫ ও ১০ বছর মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) ইস্যুর কার্যক্রম চালু রয়েছে। সরকারি সিকিউরিটিজ-এর পাশাপাশি একটি বেঞ্চমার্ক Yield Curve সৃষ্টির লক্ষ্যে চলতি ২০০৭-২০০৮ অর্থবছর হতে ১৫ ও ২০ বছর মেয়াদি বিজিটিবি ইস্যুর কার্যক্রম শুরু করা হয়েছে।

বর্তমান বাস্তবতার আলোকে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন-১৯৪৭ এবং বৈদেশিক মুদ্রা লেনদেন বিষয়ক বিধিবিধান সংক্রান্ত Guideline for Foreign Exchange Transactions যুগোপযোগী ও হালনাগাদকরণের কার্যক্রম চলছে, যা শিগগিরই সমাপ্ত হবে। এর ফলে ব্যাংকগুলোর আন্তর্জাতিক বাণিজ্যসহ বিভিন্ন ধরনের বৈদেশিক মুদ্রা সংক্রান্ত কার্যক্রম আরও সহজ ও গতিশীল হবে বলে আশা করা যায়। বাংলাদেশের Sovereign Credit Rating অর্জনের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে, যা অচিরেই সমাপ্ত হবে। উক্ত ক্রেডিট রেটিং সম্পন্ন হলে বাংলাদেশে সুদ সাশ্রয়ী বৈদেশিক ঋণ গ্রহণ এবং বৈদেশিক বিনিয়োগের পথ প্রশস্ততর হবে।

মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে 'মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২' বাতিল করে ১৫ এপ্রিল ২০০৮ থেকে কার্যকর করে 'মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮' প্রবর্তন করা হয়েছে। এছাড়া অবৈধ উপায়ে অর্জিত এবং বিদেশে পাচারকৃত অর্থ দেশে ফেরত আনার লক্ষ্যে সরকার একটি উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্স গঠন করেছে।

বাংলাদেশে প্রথাগত ব্যাংকিং-এর পাশাপাশি ইসলামি শরীয়াহ ভিত্তিক ইসলামিক ব্যাংকিং ব্যবস্থা চালু রয়েছে। ছয়টি ইসলামি ব্যাংকের ৩৪৭টি শাখা এবং প্রথাগত দশটি ব্যাংকের ১৯টি শাখা ইসলামি ব্যাংকিং সুবিধা প্রদান করছে। বাংলাদেশ ব্যাংক মালয়েশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত ইসলামিক ফিন্যান্সিয়াল সার্ভিসেস বোর্ড (IFSB)-এর সদস্য হওয়ায় আন্তর্জাতিক পর্যায়ে ইসলামি ব্যাংকিং-এর নতুন বিধি-ব্যবস্থা সম্পর্কে অবহিত হওয়ার পূর্ণাঙ্গ সুযোগ সৃষ্টি হয়েছে এবং এ সুযোগ বাংলাদেশে ইসলামি ব্যাংকিং ব্যবস্থার সমৃদ্ধি ও উন্নয়নে সহায়তা করবে।

এ প্রতিবেদন প্রণয়নের সার্বিক কর্মকাণ্ডে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অক্লান্ত পরিশ্রম করেছেন। আমি তাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আশা করি, নীতি-নির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও আত্মহী পাঠকবৃন্দ এ প্রকাশনার মাধ্যমে উপকৃত হবেন।

  
(ড. এ. বি. মিস্কা মো: আজিজুল ইসলাম)

উপদেষ্টা

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## সূচিপত্র

### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী, ২০০৭-২০০৮

পৃষ্ঠা

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৭-২০০৮
- বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

i  
iii

### কেন্দ্রীয় ব্যাংক

- বাংলাদেশ ব্যাংক

১

### রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

- সোনালী ব্যাংক লিমিটেড
- জনতা ব্যাংক লিমিটেড
- অগ্রণী ব্যাংক লিমিটেড
- রূপালী ব্যাংক লিমিটেড

১৬  
২৫  
৩১  
৩৮

### স্থানীয় বেসরকারি ব্যাংক

- পূর্বালী ব্যাংক লিমিটেড
- উত্তরা ব্যাংক লিমিটেড
- এবি ব্যাংক লিমিটেড
- ন্যাশনাল ব্যাংক লিমিটেড
- দি সিটি ব্যাংক লিমিটেড
- ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড
- ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড
- ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড
- দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড (আল বারাকা ব্যাংক বাংলাদেশ লিমিটেড)
- ইস্টার্ন ব্যাংক লিমিটেড
- ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড
- প্রাইম ব্যাংক লিমিটেড
- সাউথইস্ট ব্যাংক লিমিটেড
- ঢাকা ব্যাংক লিমিটেড
- আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড
- সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড
- জাফ-বাংলা ব্যাংক লিমিটেড
- মার্কেটাইল ব্যাংক লিমিটেড
- স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড
- ওয়ান ব্যাংক লিমিটেড
- এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড
- বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড
- মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড
- ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিমিটেড
- দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড
- ব্যাংক এশিয়া লিমিটেড
- ট্রাস্ট ব্যাংক লিমিটেড
- শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড
- যমুনা ব্যাংক লিমিটেড
- ব্র্যাক ব্যাংক লিমিটেড

৪৩  
৪৭  
৫২  
৫৬  
৬০  
৬৪  
৬৯  
৭৩  
৭৭  
৮০  
৮৪  
৮৯  
৯৫  
৯৯  
১০৩  
১০৬  
১১০  
১১৪  
১১৮  
১২২  
১২৬  
১৩০  
১৩৩  
১৩৭  
১৪২  
১৪৬  
১৫১  
১৫৫  
১৫৯  
১৬৩

### বিদেশী বেসরকারি ব্যাংক

- স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক
- হাবিব ব্যাংক লিমিটেড
- স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
- কমার্শিয়াল ব্যাংক অব সিলন লিমিটেড

১৬৭  
১৭১  
১৭৫  
১৭৯

## সূচিপত্র

□ ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	১৮৩
□ সিটিব্যাংক এন.এ.	১৮৭
□ উরি ব্যাংক	১৯১
□ দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড	১৯৫
□ ব্যাংক আলফালাহ লিমিটেড	১৯৯

### বিশেষায়িত ব্যাংক

□ বাংলাদেশ কৃষি ব্যাংক	২০৩
□ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২০৮
□ বাংলাদেশ শিল্প ব্যাংক	২১৪
□ বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা	২১৮
□ বেসিক ব্যাংক লিমিটেড	২২৩

### আর্থিক প্রতিষ্ঠান

□ আনসার-ডিভিপি উন্নয়ন ব্যাংক	২২৮
□ বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড	২৩১
□ গ্রামীণ ব্যাংক	২৩৪
□ কর্মসংস্থান ব্যাংক	২৩৭
□ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ	২৪১
□ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন	২৫০
□ সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড	২৫৩
□ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড	২৫৭
□ জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড	২৬১
□ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	২৬৪
□ লংকাবাংলা ফিন্যান্স লিমিটেড	২৬৮
□ দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড	২৭১
□ ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড (পিএফআইএল)	২৭৫
□ বে পীজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৭৯
□ প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৮২
□ ভেন্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড	২৮৬
□ ইন্টারন্যাশনাল লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	২৮৯
□ ওমান বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স লিমিটেড	২৯৩
□ ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড	২৯৬
□ উত্তরা ফিন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩০০
□ ইউনাইটেড লীজিং কোম্পানী লিমিটেড	৩০৩
□ ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড	৩০৬
□ পিপলস লীজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	৩১০
□ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড	৩১৪
□ ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	৩১৮
□ মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	৩২১
□ ফার্স্ট লীজ ইন্টারন্যাশনাল লিমিটেড	৩২৫
□ বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড	৩২৯
□ ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	৩৩৩
□ ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৩৬
□ ফারিস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৪০
□ ফিডেলিটি এসেটস এন্ড সিকিউরিটিজ কোম্পানী লিমিটেড	৩৪৪
□ প্রিমিয়ার লীজিং ইন্টারন্যাশনাল লিমিটেড	৩৪৮
□ সেলফ এমপ্রুয়মেন্ট ফাইন্যান্স লিমিটেড	৩৫২
□ আহছানিয়া মালয়েশিয়া হজ্ব ইনভেস্টমেন্ট এন্ড ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	৩৫৫
□ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৫৮
□ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড	৩৬০

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ২০০৭-২০০৮

একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের গুরুত্ব অপরিহার্য। দ্রুত পরিবর্তনশীল বিশ্ব অর্থনীতির সাথে সঙ্গতি রেখে বাংলাদেশে একটি যুগোপযোগী ও আন্তর্জাতিক মানের সুদক্ষ আর্থিক খাত প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ সকল সংস্কার কার্যক্রমের পাশাপাশি আর্থিক খাতের শৃঙ্খলা বজায় রাখা ও আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে বিদ্যমান আইনের সংস্কার ও আইন পরিপালনের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। চলমান সংস্কার প্রক্রিয়ায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের দক্ষতা উন্নয়নের পাশাপাশি দেশের অর্থনীতিতে কার্যকর সাফল্য অর্জিত হবে বলে আশা করা যায়।

### আর্থিক খাতের সংস্কার

#### রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহের আধুনিকায়ন

রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহকে আধুনিকায়ন করে দেশীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রতিযোগিতামূলক পরিবেশে ব্যবসা পরিচালনার লক্ষ্যে চলমান ব্যাংক সংস্কার কর্মসূচির আওতায় তিনটি ব্যাংককে Public Limited Company- তে রূপান্তরিত করা হয়েছে। এ তিনটি ব্যাংকের আর্থিক দুর্বলতা কাটিয়ে উঠার লক্ষ্যে Three Years Transitional Plan প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর শাখা সুশমকরণ কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত ১৬৬টি শাখা একীভূতকরণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে এদেশে রাষ্ট্রীয় মালিকানাধীন ৪টি বাণিজ্যিক ব্যাংক, ৫টি বিশেষায়িত ব্যাংক, ৩০টি দেশীয় বেসরকারি ব্যাংক ও ৯টি বিদেশী বাণিজ্যিক ব্যাংকসহ মোট ৪৮টি তফসিলি ব্যাংক প্রতিযোগিতামূলক পরিবেশে ব্যবসা পরিচালনার পাশাপাশি কৃষি, শিল্প ও আর্থ-সামাজিক উন্নয়নে একযোগে কাজ করছে।

#### ব্যাংকিং সেবার মান উন্নয়ন

ব্যাংকের গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে ব্যাংকসমূহকে E-Banking কার্যক্রম পরিচালনার জন্য উৎসাহিত করা হচ্ছে। Utility সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সাথে চুক্তির ভিত্তিতে সকল Utility bill এবং সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ফি ও অন্যান্য পাওনা এলেকট্রনিক নির্বাচিত একক ব্যাংক শাখায় পরিশোধের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ সকল বিল/ফি সহসহরি ব্যাংকে পরিশোধের পাশাপাশি On Line Banking পদ্ধতিতে গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হয়েছে। ইতোমধ্যে ১৬টি ব্যাংক তাদের ৩৯২টি নিজস্ব ATM-Booth-এর মাধ্যমে এবং ২৪টি ব্যাংক Electronic Transaction Network (ETN) এবং Q-Cash Network-এর আওতায় অংশীদারিত্বের ভিত্তিতে আরো ১৬৬টি ATM-Booth-এর মাধ্যমে গ্রাহক সেবা প্রদান কার্যক্রম শুরু করেছে। এছাড়াও Electronic Debit Card ও Credit Card এবং Internet ব্যাংকিং সুবিধা প্রদানের মাধ্যমে আরও কয়েকটি ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারিত করেছে।

#### ব্যাংকিং আইন সংস্কার কার্যক্রম

ঋণ শৃঙ্খলা জোরদারকরণসহ ব্যাংক কোম্পানিসমূহের কার্যক্রমে পতিশীলতা আনয়ন এবং কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংকের তদারকি ভূমিকা অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে ব্যাংক কোম্পানি আইন সংশোধন অধ্যাদেশ ২০০৭ জারি করা হয়েছে। গ্রামীণ ব্যাংকের কার্যপরিধি গ্রামাঞ্চলের সাথে সাথে শহরাঞ্চলেও বিস্তৃত করা, মূলধন কাঠামোতে সরকারের অংশগ্রহণ করা এবং পর্যটনের চেয়ারম্যান সরকারের পরিবর্তে পর্যটন কর্তৃক নিয়োগ করার বিধান সংযোজন করে গ্রামীণ ব্যাংক সংশোধন অধ্যাদেশ, ২০০৮ জারি করা হয়েছে। অইধ অর্থ পাচার ও হুতি ব্যবসা রোধকল্পে ইতোপূর্বে প্রবর্তিত 'মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২' আন্তর্জাতিক আইনের সাথে সামঞ্জস্য রেখে আরো আধুনিক ও যুগোপযোগী করে মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ জারি করা হয়েছে।

#### নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংস্কার

ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (Non Bank Financial Institutions) দেশে শিল্প, বাণিজ্য, গৃহায়ন, পরিবহন, তথ্য প্রযুক্তি, ইত্যাদি খাতে অর্গায়নে উল্লেখযোগ্য অবদান রাখছে। মার্চ ২০০৮ পর্যন্ত মোট ২৯টি নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করা হয়েছে। গত ৩০ জুন ২০০৭ পর্যন্ত এ প্রতিষ্ঠানসমূহের পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়ায় ১৭৮৫০.৩ মিলিয়ন টাকা এবং ২০০৭ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন খাতে বিনিয়োগ স্থিতির পরিমাণ দাঁড়ায় ৯৯০৯.২ মিলিয়ন টাকা। তফসিলি ব্যাংকগুলোর ন্যায় এ সকল আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণ গীজের ক্ষেত্রেও শ্রেণীকরণ ও প্রতিশন প্রথা চালু করা হয়েছে।

#### অন্যান্য সংস্কার কার্যক্রম

অকার্যকর ব্যবস্থাপনা এবং বিভিন্ন ধরনের অনিয়মের কারণে আর্থিক সংকটে নিপতিত হওয়া সি ওরিয়েন্টাল ব্যাংক লিমি-এর আমানতকারীদের স্বার্থ সংরক্ষণ এবং জনস্বার্থে ব্যাংকটিকে পুনঃ চালু করার উদ্দেশ্যে 'সি ওরিয়েন্টাল ব্যাংক লিমি (পুনর্গঠন স্কীম) ২০০৭' প্রণয়ন করা হয়েছে। এ স্কীমের আওতায় ওরিয়েন্টাল ব্যাংকের ৩৫০৬৭৪৩টি শেয়ার (৫০.১০%) ICB Financial Group Holding A.G.-এর কাছে বিক্রয় করা হয়েছে। নতুন আসিকে ইতোমধ্যে ব্যাংকটি চালু হয়েছে। দেশে একটি কার্যকর সেকেন্ডারি মার্কেট সৃষ্টির লক্ষ্যে Insurance Company, Provident Fund, Mutual Fund প্রভৃতি দীর্ঘমেয়াদি প্রামাণ্য সংগ্রহকারী প্রতিষ্ঠানকে বিনিয়োগে আকৃষ্ট করার জন্য ২০০৭-০৮ অর্থ বছর হতে ১৫ ও ২০ বছর মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) ইস্যুর কার্যক্রম শুরু করা হয়েছে। সেকেন্ডারি বন্ড মার্কেট আরো সক্রিয় করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের বিশেষ Secondary Trading Window-এর মাধ্যমে প্রাইমারি ডিলারদের সাথে সরকারি বন্ড ক্রয়-বিক্রয়ের সুবিধা চালু করা হয়েছে।

#### আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রম

অর্থনীতিতে উচ্চতর প্রযুক্তির ধারায় প্রবাহিত করতে হলে বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টিসহ যথাযথ খাতে বিনিয়োগ নিশ্চিত করতে হবে। বাংলাদেশের অর্থনৈতিক প্রযুক্তিতে কৃষি, শিল্প এবং রেমিট্যান্স উল্লেখযোগ্য অবদান রাখছে। এ খাতসমূহের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নের পদক্ষেপ নেয়া হয়েছে।

#### কৃষি ঋণ

কৃষি খাতে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও কৃষি ব্যাংকগুলোর পাশাপাশি বেসরকারি ব্যাংকসমূহকেও কৃষি ঋণ বিতরণ কার্যক্রমে এই প্রথমবারের মতো সম্পৃক্ত করা হয়েছে। সরকারি এবং বেসরকারি ব্যাংকসমূহ চলতি অর্থ বছরে ৮৩০৮.৫৫ কোটি টাকা কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ধার্য করে ঋণ বিতরণ অব্যাহত রেখেছে। ইতোমধ্যে অর্থ বছরের প্রথম ৯ মাসে এই

লক্ষ্যমাত্রার ৭৬.০০% অর্জিত হয়েছে। মেয়াদোত্তীর্ণ কৃষি ঋণ আদায় বৃদ্ধিকল্পে ক্ষুদ্র ও প্রান্তিক ব্যয় এবং বর্ণাচারীদের ইতিপূর্বে প্রদত্ত ৫০০০ টাকা পর্যন্ত কৃষি ঋণের সুদ মওকুফ সুবিধার মেয়াদ বর্ধিত করা হয়েছে। কৃষি পণ্য আমদানি কমিয়ে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের লক্ষ্যে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল এবং ডুট্টা উৎপাদনকারী কৃষকদেরকে ২% হারে কৃষি ঋণ বিতরণ কর্মসূচি অব্যাহত রাখা হয়েছে। বন্যা ও দুর্ভিক্ষ 'সিডর' পরবর্তী কৃষি ও মৎস্য খাত এবং ব্যর্থ তুজনিত কারণে ক্ষতিগ্রস্ত পোশ্চি খাত পুনর্বাসনের নিমিত্তে এ সকল খাতের পুরনো ঋণ সহজ শর্তে পুনঃতফসিলিকরণ এবং বর্ধিত হারে নতুন ঋণ প্রদানের জন্য ঋণ নিয়মাতার শিথিল ও সহজ করা হয়েছে।

#### শিল্প ঋণ

অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা আনয়নে শিল্পায়ন অত্যন্ত জরুরী বিধায় ক্ষুদ্র ও মাঝারি এবং বৃহৎ শিল্পে উৎপাদন বৃদ্ধি এবং নতুন বিনিয়োগ সৃষ্টির জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পরামর্শ দেয়া হয়েছে। ২০০৭-২০০৮ অর্থ বছরের প্রথম ছয় মাসে শিল্প খাতে বিতরণকৃত মেয়াদি ঋণের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৬৪.৭৭% বৃদ্ধি পেয়েছে। উক্ত সময়ে মেয়াদি ঋণ আদায়ের হারও গত বছরের তুলনায় ৪৩.৪৭% বৃদ্ধি পেয়েছে। একইভাবে শিল্প খাতে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ গত বছরের তুলনায় ১.২৫% কমেছে।

#### ক্ষুদ্র ঋণ

বাংলাদেশের জনসংখ্যার প্রায় ৪০ শতাংশ দারিদ্র্য সীমার নিচে বাস করে। এ বিশাল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণের অবদান অস্বীকার্য। গ্রামীণ ব্যাংকসহ বিভিন্ন ধরনের এনজিও, বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে গৃহীত বিশেষায়িত কর্মসূচি এবং রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকসমূহ নীর্থদিন যাবৎ ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের উল্লেখযোগ্য অবদান থাকলেও তাদের বহুমুখী কার্যক্রম প্রাতিষ্ঠানিক বিধিগত তদারকির বাইরে ছিল। বিগত তিন দশকে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ব্যাপক প্রসারের পরিপ্রেক্ষিতে সরকার এ সেটরকে বিধিগত তদারকির আওতায় আনয়নের লক্ষ্যে 'মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন, ২০০৬' প্রবর্তন করেছে। এ আইন অনুযায়ী অথরিটির সনদ ছাড়া কোনো প্রতিষ্ঠান বাংলাদেশে ক্ষুদ্র ঋণ সংক্রান্ত কোনো কার্যক্রম পরিচালনা করতে পারবে না। এ আইনের আওতায় মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি প্রতিষ্ঠা করা হয়েছে, যার কাজের তদারকিতে ইতোমধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে শৃঙ্খলা ফিরে এসেছে।

#### রেমিট্যান্স

বিদেশে একচেঞ্জ হাউসের সাথে বাংলাদেশের ব্যাংকগুলোর ড্রয়িং ব্যবস্থা সহজীকরণ করার ও প্রবাসীদের প্রেরিত অর্থ যথাসময়ে প্রাপকের কাছে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে। গৃহীত এসব পদক্ষেপের ফলে দেশের অভ্যুত্থী রেমিট্যান্স প্রবাহ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ২০০৭-২০০৮ অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে রেমিট্যান্সের পরিমাণ ৫৪৪৯.৮৬ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে; যা পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ের তুলনায় ২৪.৯৬% বেশী। বাংলাদেশ ব্যাংক মোট বৈদেশিক মুদ্রা মজুদের পরিমাণ ১৭ এপ্রিল ২০০৮ পর্যন্ত ছিল ৫৭৩৮.৮৮ মিলিয়ন মার্কিন ডলার; যা পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৬৬১.৬৮ মিলিয়ন মার্কিন ডলার বেশী।

#### অন্যান্য কার্যক্রম

দেশের রক্তানি প্রবৃদ্ধি উৎসাহিতকরণের লক্ষ্যে চলতি বছরে বেশ ক'টি পণ্য রক্তানির বিপরীতে নির্ধারিত হারে নগদ সহায়তা/অর্থনৈতিক অব্যাহত রাখার বিধিমা ঘোষণা করা হয়েছে। বৈদেশিক বিনিয়োগ প্রাঙ্গি সহজতর করার লক্ষ্যে সরকারি নীতির আলোকে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এবং বৈদেশিক মুদ্রা লেনদেন বিষয়ক নির্দেশনা (Guideline for Foreign Exchange Transactions) যুগোপযোগী ও হালনাগাদকরণের পদক্ষেপ নিয়েছে। এছাড়াও দেশের সার্বভৌম ক্রেডিট রেটিং অর্জনের কার্যক্রম চলমান রয়েছে।

দ্রুত পরিবর্তনশীল বিশ্ব অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশকে একটি শক্তিশালী অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে হলে গৃহীত সংস্কার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সংস্কারের পূর্বশর্ত হচ্ছে সঠিক তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং এর যথাযথ বিশ্লেষণের মাধ্যমে সমন্বয়যোগ্য সিদ্ধান্ত গ্রহণ। অর্থ বিভাগ হতে প্রকাশিত এ তথ্যপূর্ণ পুস্তিকাটি আর্থিক কর্মকাণ্ডে নিয়োজিত প্রতিষ্ঠান, গবেষক ও নীতি নির্ধারকদের জন্য একটি Ready Reference হিসেবে ব্যবহৃত হবে মর্মে আমি আশা করছি।

(ড. মোহাম্মদ তারেক)

অর্থ সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

	সাধারণ	
	ভৌগোলিক অবস্থান/বৈশিষ্ট্যাবলী	
১	আয়তন (বর্গ কিলোমিটারে)	১৪৭৫৭০
২	প্রমাণ সময়	জিএমটি + ৬ ঘন্টা
	জনমিত্তিক পরিসংখ্যান	
	সাধারণ জনমিত্তিক পরিসংখ্যান	
৩	জনসংখ্যা-২০০১ সালে (সম্মুখভিত্তিক)	১৩.০৩ কোটি
৪	জনসংখ্যা-২০০৭ সালে (প্রক্ষেপিত)	১৪.০৬ কোটি
৫	জনসংখ্যা বৃদ্ধির হার-২০০৬ সালে	১.৪১%
৬	পুরুষ-মহিলা (১০০ জন)-এর অনুপাত-২০০৬ সালে	১০৫.০০ জন
৭	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটার)-২০০৭ (প্রক্ষেপিত)	৯৫৩ জন
	মৌলিক জনমিত্তিক পরিসংখ্যান	
৮	স্থূল জন্ম হার-২০০৬ সালে (প্রতি ১০০০ জনে)	২০.৬০ জন
৯	স্থূল মৃত্যু হার-২০০৬ সালে (প্রতি ১০০০ জনে)	৫.৬০ জন
১০	শিশু মৃত্যু হার-২০০৬ সালে (এক বছরের কম) (প্রতি ১০০০ জীবিত জন্মে)	৪৫ জন
১১	মহিলা প্রতি উর্বরতা হার-২০০৬ সালে	২.৪০%
১২	গর্ভ নিরোধক ব্যবহারের হার-২০০৬ সালে	৫৮.৩০%
	প্রত্যাশিত গড় আয়ুষ্কাল-২০০৬ সালে	
১৩	সাধারণ গড়	৬৪.৫০ বছর
১৪	পুরুষ	৬৪.৪০ বছর
১৫	মহিলা	৬৬.০০ বছর
	প্রথম বিবাহে গড় বয়স-২০০৬ সালে	
১৬	পুরুষ	২৩.৪০ বছর
১৭	মহিলা	১৮.১০ বছর
	স্বাস্থ্য ও সামাজিক সেবা	
১৮	সরকারি হাসপাতালের শয্যা প্রতি রোগী-২০০৬ সালে (ডিসপেনসারিসহ)	২৭৬৬ জন
১৯	রেজিস্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা-২০০৬ সালে	৩৩৫৩ জন

২০	সুপের পানি গ্রহণকারী -২০০৬ সালে	৯৭.৬০%
২১	স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী -২০০৬ সালে	৩৯.২০%
২২	সাক্ষরতার হার (৭+ বছর)-২০০৬ সালে	৫২.৫০%
	শ্রমশক্তি (১৫+ বছর) ও কর্মসংস্থান (লেবার ফোর্স সার্ভে, ২০০৫-'০৬)	
	শ্রমশক্তি	
২৩	মোট	৪.৯৫ কোটি
২৪	পুরুষ	৩.৭৪ কোটি
২৫	মহিলা	১.২১ কোটি
	মোট শ্রমশক্তির শতকরা হার হিসেবে	
২৬	কৃষি	৪৮.৪০%
২৭	শিল্প	২৪.৩০%
২৮	সেবা	১৪.২০%
	খানা, আয় ও ব্যয় জরিপ-২০০৫ অনুযায়ী CBN পদ্ধতিতে দারিদ্র্যের হার দারিদ্র্যের উর্ধ্বসীমা (%)	
২৯	জাতীয়	৪০.০০
৩০	পল্লী	৪৩.৮০
৩১	শহর	২৮.৪০
	দারিদ্র্যের নিম্নসীমা (%)	
৩২	জাতীয়	২৫.১০
৩৩	পল্লী	২৮.৬০
৩৪	শহর	১৪.৬০
	মোট দেশজ উৎপাদন (জিডিপি) ২০০৭-'০৮ (সাময়িক)	
৩৫	চলতি মূল্যে জিডিপি (কোটি টাকায়)	৫৪১২৬২
৩৬	স্থির মূল্যে জিডিপি (কোটি টাকায়) (ভিত্তি বছর-১৯৯৫-'৯৬)	৩২১৪৩৩
৩৭	স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা)	৬.০৯
৩৮	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (টাকায়)	৪১০৫৭
৩৯	চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলারে)	৫৯৮

৪০	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (টাকায়)	৩৮০০৯
৪১	চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৫৫৪
	<b>সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র % )</b> ২০০৭-'০৮ ( সাময়িক)	
৪২	দেশজ সঞ্চয়	২০.৩২
৪৩	জাতীয় সঞ্চয়	২৯.৪৮
৪৪	মোট বিনিয়োগ	২৪.১৯
৪৫	সরকারি	৫.০২
৪৬	বেসরকারি	১৯.১৭
	<b>সরকারি রাজস্ব আয়/ব্যয়</b> ২০০৭-'০৮ (মূল বাজেটভিত্তিক)	<b>কোটি টাকায়</b>
৪৭	মোট রাজস্ব আয়	৫৭৩০১
৪৮	মোট রাজস্ব ব্যয়	৮৭১৩৭
৪৯	মোট রাজস্ব আয় (জিডিপি'র % )	১০.৮১%
৫০	মোট ব্যয় (জিডিপি'র % )	১৬.৪৪%
৫১	বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদান ব্যতীত)	৪.২০%
৫২	বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদানসহ)	৪.৮০%
	<b>বাণিজ্যিক লেনদেনের ভারসাম্য (২০০৭-'০৮)</b>	<b>মিলিয়ন মার্কিন ডলারে</b>
৫৩	রপ্তানি আয় (জুলাই '০৭-ফেব্রুয়ারি'০৮)	৮৮৫৪
৫৪	আমদানি ব্যয় (জুলাই '০৭-ফেব্রুয়ারি'০৮)	১২০৬০
৫৫	চলতি হিসাবের ভারসাম্য (জুলাই '০৭-ফেব্রুয়ারি '০৮)	৩২৮
৫৬	সার্বিক ভারসাম্য (জুলাই '০৭- ফেব্রুয়ারি '০৮)	২২২
৫৭	বৈদেশিক মুদ্রার মজুদ (Foreign Exchange Reserve) (২৪ এপ্রিল ২০০৮)	৫৮০২
৫৮	প্রবাসীদের প্রেরিত অর্থ (জুলাই '০৭-মার্চ '০৮)	৫৬৪৯
৫৯	বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার টাকা/মার্কিন ডলার (মার্চ '০৮)	৬৮.৬১৭১
	<b>আর্থিক পরিসংখ্যান : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (৩১ মার্চ ২০০৮)</b>	
৬০	মোট ব্যাংকের সংখ্যা	৪৮
৬১	দেশীয় ব্যাংক	৩৯

৬২	বৈদেশিক ব্যাংক	৯
৬৩	আর্থিক প্রতিষ্ঠান	৩৫
৬৪	মোট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা	৮৩
	<b>পুঁজিবাজার</b>	
	<b>সার্বিক শেয়ার মূল্যসূচক</b> (ফেব্রুয়ারি '০৮)	<b>টাকায়</b>
৬৫	ঢাকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০)	২৪৭৬.৩৭
৬৬	চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি-১০০০)	৭৫৩৬.৯৩
	<b>অর্থ সরবরাহ</b> (ফেব্রুয়ারি '০৮) (সাময়িক)	<b>কোটি টাকায়</b>
৬৭	সংকীর্ণ অর্থ (M <sub>1</sub> )	৫৪৮২০.০০
৬৮	ব্যাপক অর্থ (M <sub>2</sub> )	২৩০৪১৫.০০
৬৯	ব্যাংক আমানতের স্থিতি (Bank Deposit)	২০০৫৪২.১০
৭০	ব্যাংক ঋণের স্থিতি (Bank Credit)	১৮১৮৭৯.৭০
৭১	রিজার্ভ মানি'র স্থিতি (Reserve Money)	৪৭৮০০.৮০
	<b>কৃষি ঋণ প্রদান ও আদায়</b>	<b>কোটি টাকায়</b>
৭২	কৃষি ঋণ প্রদানের টার্গেট ২০০৭-'০৮	৮৩০৮.৫৫
৭৩	কৃষি ঋণ প্রদান (জুলাই '০৭-মার্চ '০৮)	৬৩১৪.৭৮
৭৪	কৃষি ঋণ আদায় (জুলাই '০৭-মার্চ '০৮)	৪৪৪০.৩৮
৭৫	কৃষি ঋণ আদায় হার (%) (জুলাই '০৭-মার্চ '০৮)	৪১.০৯
৭৬	কৃষি ঋণ গ্রহীতার সংখ্যা (সরকারি ব্যাংক) (জুলাই '০৭-মার্চ '০৮)	১৪৫৫১১০৩ জন
	<b>পরিবহন (মার্চ '০৮)</b>	<b>কিলোমিটারে</b>
৭৭	জাতীয় মহাসড়ক	৩৫৭০
৭৮	আঞ্চলিক মহাসড়ক	৪৩২৩
৭৯	ফিডার/জেলা রোড	১৩৬৭৮
৮০	মোট সড়ক পথ	২২৫৭১
৮১	রেল পথ	২৮৩৫

তথ্য উৎস : (১) বাংলাদেশ ব্যাংক। (২) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থবিভাগ। (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

# কেন্দ্রীয় ব্যাংক

## বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের কেন্দ্রীয় ব্যাংক হিসেবে আর্থ-ব্যবস্থাপনাসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক তদারকির দায়িত্বে নিয়োজিত রয়েছে। নেট ইস্যুকরণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ এবং সরকারের যাবতীয় লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রা ও ঋণনীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশে মুদ্রা নীতির মূল লক্ষ্য হলো

মূল্যস্তর স্থিতিশীলতার মাধ্যমে টাকার অভ্যন্তরীণ ও বৈদেশিক মূল্যমান যুক্তিসংগত পর্যায়ে রাখা এবং অর্থনৈতিক জীবিত্তি ত্বরান্বিত করা। গভর্নরসহ ৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কর্মকাণ্ড পরিচালনার মূল কেন্দ্র-বিন্দু। প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশ ব্যাংকের ঢাকায় দু'টি এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বগুড়া, সিলেট, রংপুর ও বরিশালে একটি করে শাখা রয়েছে।



বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় ভবন।

এ সমস্ত শাখার মাধ্যমে বাংলাদেশ ব্যাংক আর্থ-ব্যবস্থাপনাসহ দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর সার্বিক তদারকির গুরুদায়িত্ব পালন করছে। ২০০৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্থবছরের বাংলাদেশ ব্যাংকের স্থিতিপত্রের একটি সংক্ষিপ্তসার সংযোজনী-১-এ দেয়া হয়েছে এবং অন্যান্য আর্থিক চলকগুলোর বর্ণনা নিম্নবর্ণিত অনুচ্ছেদে দেয়া হয়েছে।

২০০৭-'০৮ অর্থবছরে আমদানি চাহিদা বৃদ্ধির হার বিগত বছরের তুলনায় কিছুটা বেশি হওয়া সত্ত্বেও প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত রেমিট্যান্স উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় বৈদেশিক মুদ্রা বাজারে টাকার মূল্যবৃদ্ধির প্রবণতা পরিলক্ষিত হয়। তবে মূল্যস্ফীতির উর্ধ্বমুখী চাপ পরিমিত রাখার লক্ষ্যে আলোচ্য অর্থবছরেও মুদ্রানীতির সতর্ক, সংযত ভঙ্গি অবলম্বন করা হয়।

### মুদ্রা যোগান (Money Supply)

২০০৭-'০৮ অর্থবছরের প্রথম আট মাসে (ফেব্রুয়ারি ২০০৭ পর্যন্ত) সংকীর্ণ মুদ্রা (Narrow Money-M1) ৪১.৭০ বিলিয়ন টাকা (৮.২৩%) বৃদ্ধি পেয়ে ৫৪৮.২০ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের একই সময়ে বৃদ্ধি পেয়েছিল ৪৩.২৩ বিলিয়ন টাকা (১০.০৩%)। আলোচ্য অর্থবছরের এ সময়ে ব্যাপক মুদ্রা (Broad Money-M2) ১৮৪.২৯ বিলিয়ন টাকা (৮.৬৯%) বৃদ্ধি পেয়ে ২৩০৪.১৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়, পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে যা বৃদ্ধি পেয়েছিল ১৮৮.০৪ বিলিয়ন টাকা (১০.৩৮%)। একই সময়ে

রিজার্ভ মুদ্রা ২৮.৪৬ বিলিয়ন টাকা (৬.৩৯%) বৃদ্ধি পেয়ে ৪৭৪.০১ বিলিয়ন টাকায় দাঁড়ায়, যা পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে বৃদ্ধি পেয়েছিল ৫৮.৫৬ বিলিয়ন টাকা (১৫.৪৭%)। আলোচ্য অর্থবছরে অর্থের গুণক (Money Multiplier) জুন ২০০৭ শেষের ৪.৭৫৮ হতে বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০০৮ শেষে ৪.৮৬১-এ দাঁড়ায়। একই সময়ে মুদ্রা/আমানত অনুপাত ০.১৪৪ হতে বৃদ্ধি পেয়ে ০.১৪৯-এ দাঁড়ায় এবং রিজার্ভ/আমানত অনুপাত ০.০৯২ হতে বৃদ্ধি পেয়ে ০.০৯৭-এ দাঁড়ায়।

আলোচ্য অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রার উপাদানগুলোর মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৩২.২৯ বিলিয়ন টাকা (১২.১২%) বৃদ্ধি পেয়ে ২৯৮.৭৩ বিলিয়ন টাকায়, মেয়াদি আমানত ১৪২.৫৯ বিলিয়ন টাকা (৮.৮৪%) বৃদ্ধি পেয়ে ১৭৫৫.৯৫ বিলিয়ন টাকায়, তলবি আমানত ৯.২৯ বিলিয়ন টাকা (৩.৯৫%) বৃদ্ধি পেয়ে ২৪৩.৯০ বিলিয়ন টাকায় এবং রট্টায়ত্ত খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.১৩ বিলিয়ন টাকা (২.৩৫%) বৃদ্ধি পেয়ে ৫.৫৬ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা ৩৫.৫৩ বিলিয়ন টাকা (১৫.৫৪%), মেয়াদি আমানত ১৪৪.৭৭ বিলিয়ন টাকা (১০.৪৯%), তলবি আমানত ৭.৪৮ বিলিয়ন টাকা (৩.৭৯%) এবং রট্টায়ত্ত খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানত ০.২৭ বিলিয়ন টাকা (৫.০৭%) বৃদ্ধি পেয়েছিল। ২০০৮ সালের ফেব্রুয়ারি শেষে ব্যাপক মুদ্রার মধ্যে জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রার পরিমাণ শতকরা

সারণি-১

### মুদ্রা যোগান

(বিলিয়ন টাকায়)

বছর/মাস	জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রট্টায়ত্ত খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	সংকীর্ণ মুদ্রা (এম <sub>১</sub> )	পরিবর্তন	মেয়াদি আমানত	ব্যাপক মুদ্রা (এম <sub>২</sub> )	পরিবর্তন
১	২	৩	৪	৫=(২+৩+৪)	৬	৭	৮=(৫+৭)	৯
<b>২০০৬</b>								
মার্চ	২১৮.৮৭	১৭১.৩৩	২.৬৮	৩৯২.৮৮	১০.৮৫	১২৮৯.৫১	১৬৮২.৩৯	৩৪.৫৯
জুন	২২৮.৬২	১৯৭.৪০	৫.৩৩	৪৩১.৩৫	৩৮.৪৭	১৩৮০.২২	১৮১১.৫৭	১২৯.১৮
সেপ্টেম্বর	২৪১.২৮	১৯৪.৭০	৫.৩৫	৪৪১.৩৩	৯.৯৮	১৪২৭.৪৭	১৮৬৮.৮০	৫৭.২৩
ডিসেম্বর	২৯৯.৫৩	২০১.০৯	৫.৪৮	৫০৬.১০	৬৪.৭৭	১৫০৯.৬৯	২০১৫.৭৯	১৪৬.৯৯
<b>২০০৭</b>								
মার্চ	২৬৪.২০	২০৯.১৬	৫.৬৮	৪৭৯.০৩	-২৭.০৭	১৫৩৬.৭৫	২০১৫.৭৮	-০.০১
জুন	২৬৬.৪৪	২৩৪.৬৩	৫.৪৪	৫০৬.৫০	২৭.৪৭	১৬১৩.৩৬	২১১৯.৮৬	১০৪.০৮
সেপ্টেম্বর	২৮১.৬১	২৪৮.৬৮	৬.১৯	৫৩৬.৪৮	২৯.৯৮	১৬২৯.৫১	২১৬৫.৯৯	৪৬.১৩
ডিসেম্বর	৩২৩.৩৪	২৬১.৩৬	৫.৬৫	৫৯০.৩৫	৫৩.৮৬	১৭২১.৬৯	২৩১২.০৩	১৪৬.০৪
<b>২০০৮</b>								
ফেব্রুয়ারি	২৯৮.৭৩	২৪৩.৯০	৫.৫৬	৫৪৮.২০	-৪২.১৫	১৭৫৫.৯৫	২৩০৪.১৫	-৭.৮৮

নোট : তলবি ও মেয়াদি আমানতে ব্যাংকসমূহে গচ্ছিত সরকারি আমানত এবং আন্তঃব্যাংক লেনদেন অন্তর্ভুক্ত নয়। তলবি আমানতে বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত অ-তফসিলি ব্যাংকসমূহের আমানত অন্তর্ভুক্ত।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) ও এর বিভিন্ন উপাদানের শতকরা হার

সারণি-২  
(বিলিয়ন টাকায়)

বছর/মাস	ব্যাপক মুদ্রা (এম <sub>২</sub> )	ব্যাপক মুদ্রার শতকরা অংশ			
		জনসাধারণের হাতে ধাকা কারেন্সি নোট ও মুদ্রা	তলবি আমানত	রাষ্ট্রীয় ও খাতসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জমা	মেয়াদি আমানত
<b>২০০৬</b>					
মার্চ	১৬৮২.৩৯	১৩.০১	১০.১৮	০.১৬	৭৬.৬৫
জুন	১৮১১.৫৭	১২.৬২	১০.৯০	০.২৯	৭৬.১৯
সেপ্টেম্বর	১৮৬৮.৮০	১২.৯১	১০.৮২	০.২৯	৭৬.৩৮
ডিসেম্বর	২০১৫.৭৯	১৪.৮৬	৯.৯৮	০.২৭	৭৪.৮৯
<b>২০০৭</b>					
মার্চ	২০১৫.৭৮	১৩.১১	১০.৩৮	০.২৮	৭৬.২৪
জুন	২১১৯.৮৬	১২.৫৭	১১.০৭	০.২৬	৭৬.১১
সেপ্টেম্বর	২১৬৫.৯৯	১৩.০০	১১.৪৮	০.২৯	৭৫.২৩
ডিসেম্বর	২৩১২.০৩	১৩.৯৮	১১.৩০	০.২৪	৭৪.৪৭
<b>২০০৮</b>					
ফেব্রুয়ারি	২৩০৪.১৫	১২.৯৬	১০.৫৯	০.২৪	৭৬.২১

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

১২.৯৬ ভাগ, তলবি আমানতের পরিমাণ শতকরা ১০.৫৯ ভাগ, মেয়াদি আমানতের পরিমাণ শতকরা ৭৬.২১ ভাগ এবং রাষ্ট্রীয় ও খাতসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের আমানতের পরিমাণ শতকরা ০.২৪ ভাগ-এ দাঁড়ায়, যা ২০০৭ সালের ফেব্রুয়ারি শেষে ছিল যথাক্রমে শতকরা ১৩.২১ ভাগ, শতকরা ১০.২৫ ভাগ, শতকরা ৭৬.২৬ ভাগ এবং শতকরা ০.২৮ ভাগ। সারণি-১ এবং সারণি-২-এ মুদ্রা যোগান সংক্রান্ত পরিসংখ্যান দেখানো হলো।

**ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণ**

২০০৭-'০৮ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাপক মুদ্রা যোগান (এম<sub>২</sub>) বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, বেসরকারি খাতে ঋণ ২০৯.৮৬ বিলিয়ন টাকা, সরকারি খাতে ঋণ (নীট) ৫৫.১৭ বিলিয়ন টাকা এবং বৈদেশিক সম্পদ খাতে (নীট) ১১.৮৮ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় মুদ্রা যোগানে সম্প্রসারণমূলক প্রভাব পরিলক্ষিত হয়। তবে রাষ্ট্রীয় খাতে ঋণ ৩৪.৯৯ বিলিয়ন টাকা ও অন্যান্য পরিসম্পদ খাতে (নীট) ৫৭.৬৩ বিলিয়ন টাকা হ্রাস পাওয়ায় উক্ত সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস পায়। ২০০৭-'০৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৩-এ দেখানো হলো।

**রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণ**

২০০৭-'০৮ অর্থবছরের প্রথম আট মাসে রিজার্ভ মুদ্রা বৃদ্ধির কারণগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, মূলতঃ বৈদেশিক সম্পদ খাতে (নীট) ১২.৬৫ বিলিয়ন টাকা, তফসিলি ব্যাংকগুলোর কাছে পাতনা ১৯.৬৭ বিলিয়ন টাকা এবং অন্যান্য পরিসম্পদ খাতে ৫৫.৮৭ বিলিয়ন টাকা বৃদ্ধি পাওয়ায় রিজার্ভ মুদ্রায় সম্প্রসারণমূলক প্রভাব লক্ষ্য করা যায়। অন্যদিকে, মূলতঃ সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাতনা ১.৫২ বিলিয়ন টাকা হ্রাসের কারণে উক্ত সম্প্রসারণমূলক প্রভাব কিছুটা হ্রাস

পায়। ২০০৭-'০৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণগুলোর বিশ্লেষণ সারণি-৪-এ দেখানো হলো।

**ব্যাংক আমানত**

২০০৭-'০৮ অর্থবছরের প্রথম আট মাসে ব্যাংকগুলোতে মোট আমানতের পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ১৭১.০৪ বিলিয়ন টাকা (৮.৬৮%) বৃদ্ধি পেয়ে ২০০৮ সালের ফেব্রুয়ারি শেষে ২১৪১.১২ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে মোট ব্যাংক আমানতের পরিমাণ ১৫৫.৪২ বিলিয়ন টাকা (৯.২০%) বৃদ্ধি পেয়েছিল। আলোচ্য সময়ে মোট ব্যাংক আমানতের মধ্যে মেয়াদি আমানত ১৪২.৫৯ বিলিয়ন টাকা (৮.৮৪%), সরকারি আমানত ১৯.২৭ বিলিয়ন টাকা (১৫.৮৫%) এবং তলবি আমানত ৯.২৮ বিলিয়ন টাকা (৩.৯৫%) বৃদ্ধি পায়। পূর্ববর্তী বছরের একই সময়ে মেয়াদি আমানত ১৪৪.৭৭ বিলিয়ন টাকা (১০.৪৯%), সরকারি আমানত ৩.১৭ বিলিয়ন টাকা (২.৮২%) এবং তলবি আমানত ৭.৪৮ বিলিয়ন টাকা (৩.৭৯%) বৃদ্ধি পেয়েছিল। সারণি-৫-এ ব্যাংক আমানতের উপাত্ত দেয়া হয়েছে।

**ব্যাংক ঋণ**

তফসিলি ব্যাংকগুলোর ২০০৭-'০৮ অর্থবছরের প্রথম আট মাসে প্রদত্ত ঋণের স্থিতির পরিমাণ (আন্তঃব্যাংক লেনদেন বাদে) ৬৩.৬২ বিলিয়ন টাকা (৩.৯৪%) বৃদ্ধি পেয়ে ২০০৮ সালের ফেব্রুয়ারি শেষে ১৬৭৭.৯৫ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের অনুরূপ সময়ে ব্যাংক ঋণের পরিমাণ ১১২.২৫ বিলিয়ন টাকা (৭.৭৪%) বৃদ্ধি পেয়ে ১৫৬২.৪৩ বিলিয়ন টাকায় দাঁড়িয়েছিল। ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত মোট ব্যাংক ঋণের মধ্যে বেসরকারি খাতে ঋণ ৯৭.০৭ বিলিয়ন টাকা (৬.৬২%) বৃদ্ধি পেয়ে ১৫৬৩.৯৭ বিলিয়ন টাকা এবং সরকারি খাতে ঋণ ৩৩.৪৫ বিলিয়ন টাকা (২২.৬৯%) হ্রাস পেয়ে ১১৩.৯৮ বিলিয়ন টাকায় দাঁড়ায়। পূর্ববর্তী বছরের একই সময়ে বেসরকারি খাতে ব্যাংক

ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৮	জুন ২০০৭	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৭-২০০৮	জুলাই-ফেব্রুয়ারি ২০০৬-২০০৭
ব্যাপক মুদ্রা (এম <sub>২</sub> ) যোগান (ক+.....+ঙ)	২৩০৪.১৫	২১১৯.৮৬	১৮৪.২৯	১৭৫.৩৯
ক) জনসাধারণের হাতে থাকা কারেন্সি নোট ও মুদ্রা	২৯৮.৭৩	২৬৬.৪৪	৩২.২৯	২২.৮৭
খ) তলবি আমানত	২৪৩.৯০	২৩৪.৬৩	৯.২৮	৭.৪৮
গ) সরকারি সংস্থার আমানত	৪.৮৭	৪.৮৭	০.০১	০.২৫
ঘ) বাংলাদেশ ব্যাংকে অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.৬৯	০.৫৭	০.১২	০.০২
ঙ) মেয়াদি আমানত	১৭৫৫.৯৫	১৬১৩.৩৬	১৪২.৫৯	১৪৪.৭৭
<b>ব্যাপক মুদ্রা (এম<sub>২</sub>) যোগান পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো</b>				
১) ব্যাংক ব্যবস্থায় নীট বৈদেশিক সম্পদ	৩৪০.৭৬	৩২৮.৮৮	১১.৮৮	৪১.৫৩
২) ব্যাংক ব্যবস্থায় নীট অভ্যন্তরীণ সম্পদ (i+ii)	১৯৬৩.৩৯	১৭৯০.৯৮	১৭২.৪১	১৩৩.৮৬
i) অভ্যন্তরীণ ঋণ	২২৭২.৭১	২০৪২.৬৮	২৩০.০৪	১৭০.৩৬
ক) সরকারি ঋণ (নীট)	৪১৫.৫৭	৩৬০.৪০	৫৫.১৭	৩৯.৪০
খ) রাষ্ট্রায়ত্ত্ব ঋণ	১৩৯.৫৭	১৭৪.৫৬	-৩৪.৯৯	৩.৯৫
গ) বেসরকারি ঋণ	১৭১৭.৫৮	১৫০৭.৭২	২০৯.৮৬	১২৭.০১
ii) অন্যান্য পরিসম্পদ (নীট)	-৩০৯.৩৩	-২৫১.৭০	-৫৭.৬৩	-৩৬.৫০

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ঋণ ১১৭.২৫ বিলিয়ন টাকা (৮.৯৬%) বৃদ্ধি ও সরকারি ঋণে ঋণ ৫.০০ বিলিয়ন টাকা (৩.৫৪%) হ্রাস পেয়েছিল। সারণি-৬-এ ঋণ ওয়ারি ব্যাংক ঋণ প্রবাহ দেখানো হয়েছে।

**শহর ও পল্লী এলাকায় আমানত ও আগাম**

শহর ও পল্লী এলাকার মধ্যে আমানত সংগ্রহ ও আগাম প্রবাহের ক্ষেত্রে সামান্য পরিবর্তন দেখা যায়। ২০০৭-০৮ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত পল্লী এলাকায় আমানত সংগ্রহের পরিমাণ এবং আগামের প্রবাহ উভয়ই গত অর্থবছরের তুলনায় হ্রাস পায়। ১৯৯৮ সালের জুন শেষে মোট আমানতে পল্লী আমানতের অংশ ছিল শতকরা ২২.৮৮ ভাগ, যা বিভিন্ন সময়ে উঠানামা করে ২০০৭ সালের ডিসেম্বর শেষে শতকরা ১৩.২৩ ভাগে দাঁড়িয়েছে। পক্ষান্তরে, উক্ত সময়ে মোট আগামে পল্লীর অংশ শতকরা ১৬.৯৩ ভাগ হতে বিভিন্ন সময়ে উঠানামার মাধ্যমে ডিসেম্বর ২০০৭ শেষে শতকরা ৮.৩৯ ভাগে এসে দাঁড়িয়েছে। সারণি-৭-এ সন্নিবেশিত পরিসংখ্যান থেকে দেখা যায় যে, পল্লী এলাকায় সংগৃহীত আমানতের চেয়ে সেখানে প্রদত্ত আগামের হার বরাবরই উল্লেখযোগ্যভাবে কম। এতে পল্লী এলাকায় সংগৃহীত আমানত শহর এলাকায় স্থানান্তরের প্রতিফলন দেখা যায়। পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার সারণি-৭-এ দেখানো হলো।

**নগদ জমা সংরক্ষণ আবশ্যিকতা (CRR)**

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে ও ব্যাংকগুলোর অতিরিক্ত জমার ব্যবহার

সীমিতকরণের লক্ষ্যে ১ অক্টোবর ২০০৫ হতে বাংলাদেশ ব্যাংকে তফসিলি ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের হার (CRR) দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক তাদের মোট তলবি ও মেয়াদি ঋণের ন্যূনতম শতকরা ৪.৫০ ভাগ থেকে শতকরা ৫.০০ ভাগে বৃদ্ধি করা হয় এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ৪.০০ ভাগ-এর কম হবে না। আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে এ হার শতকরা ২.৫০ ভাগে অপরিবর্তিত রয়েছে। তবে, ১ ডিসেম্বর ২০০৪ থেকে আর্থিক প্রতিষ্ঠানগুলো দ্বি-সাপ্তাহিক ভিত্তিতে গড়ে দৈনিক শতকরা ২.৫০ ভাগ হারে নগদ জমা (CRR) সংরক্ষণ করবে এবং কোনো দিনই এ সংরক্ষণের পরিমাণ শতকরা ২.০০ ভাগ-এর কম হবে না।

**তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণ আবশ্যিকতা (SLR)**

১ নভেম্বর ২০০৫ তারিখ থেকে ইসলামি শরীয়াহ ভিত্তিক এবং বিশেষায়িত ব্যাংকগুলো ব্যতীত তফসিলি ব্যাংকগুলোর তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিকীয় হার (SLR) তাদের মোট দায় (তলবি ও মেয়াদি)-এর শতকরা ১৬ ভাগ থেকে শতকরা ১৮ ভাগে বৃদ্ধি করা হয়েছে। ইসলামি ব্যাংকগুলোর (ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ, আল আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিঃ, শাহজালাল ব্যাংক লিঃ, এগ্রিম ব্যাংক লিঃ এবং ব্যাংক আলফালাহ লিঃ) তরল সম্পদ সংরক্ষণের আবশ্যিকীয় হার তাদের মোট দায়-এর শতকরা ১০ ভাগে অপরিবর্তিত রয়েছে। অপরদিকে, বিশেষায়িত ব্যাংকগুলোকে তরল সম্পদ সংরক্ষণের দায় হতে অব্যাহতি আলোচ্য সময়েও বলবৎ রয়েছে।

## ব্যাংক রেট

৬ নভেম্বর ২০০৩ তারিখে ব্যাংক রেট শতকরা ৬ ভাগ থেকে কমিয়ে শতকরা ৫ ভাগে নির্ধারণ করা হয়, যা আলোচ্য সময়েও অপরিবর্তিত আছে। ব্যাংক ঋণে উচ্চ মাত্রার প্রকৃত সুদের হার কমিয়ে আনার লক্ষ্যে ব্যাংক রেট হ্রাস করা হয়।

## সুদ হার

বাংলাদেশ ব্যাংক সুদের হার মুক্তিসংগত পর্যায়ে নির্ধারণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করেছে। এতে আমানত ও আগাম (Advances)-এর সুদ হার পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় কিছুটা নিম্নগামী হয়। আমানত ও আগাম-এর সুদ হার ২০০৭ সালের জুন শেষের যথাক্রমে শতকরা ৬.৮৫ ভাগ ও ১২.৭৭ ভাগের তুলনায় হ্রাস পেয়ে ২০০৭ সালের ডিসেম্বর শেষে যথাক্রমে শতকরা ৬.৭৭ ভাগ ও ১২.৭৫ ভাগে দাঁড়ায়।

## মুদ্রা ও ঋণনীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

২০০৬-০৭ অর্থবছরে মুদ্রা ও ঋণনীতির ক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলো ছিল নিম্নরূপঃ

- ❖ ব্যাংকের গ্রাহক সেবার মানোন্নয়ন তথা গতিশীলতা আনার লক্ষ্যে এবং ব্যাংকিং ব্যবস্থাকে আধুনিকায়ন ও সমরোপযোগী করার নিমিত্তে এখন থেকে Utility Bill ছাড়াও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সব বিল, ফি ইত্যাদি পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে চুক্তির ভিত্তিতে সম্ভাব্য সব

ক্ষেত্রে Online ব্যাংকিং সুবিধা চালু/সম্প্রসারণের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোকে পরামর্শ প্রদান;

- ❖ সরকারি সিকিউরিটিজের একটি স্পন্দনশীল ও কার্যকর সেকেন্ডারি মার্কেট সৃষ্টির উদ্দেশ্যে ২০০৩ সাল হতে ৫ ও ১০ বছর মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) ইস্যুকরণসহ ইস্যুরেস কোম্পানি, প্রভিডেন্ট ফান্ড, মিউচুয়াল ফান্ড প্রকৃতি দীর্ঘ মেয়াদি আমানত সংগ্রহকারী প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ আকর্ষণের মাধ্যমে সরকারি সিকিউরিটিজের একটি বেসিক মার্কেট Yield Curve সৃষ্টির লক্ষ্যে ২০০৭-২০০৮ অর্থবছর হতে ১৫ ও ২০ বছর মেয়াদি বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) ইস্যুর কার্যক্রম শুরু করা;
- ❖ গ্রাইমারি ডিলার সিস্টেমকে উজ্জীবিত করার মাধ্যমে সেকেন্ডারি বন্ড মার্কেটকে আরও সক্রিয় করার লক্ষ্যে ২০০৭-২০০৮ অর্থবছর হতে গ্রাইমারি অকশনে গ্রাইমারি ডিলারদের Underwriting Obligation নির্ধারণসহ তাদের Underwriting Commission ও বিশেষ তারল্য সুবিধা (Special Liquidity Support) প্রদানের ব্যবস্থা করা এবং কেন্দ্রীয় ব্যাংকের বিশেষ Trading Window-এর মাধ্যমে গ্রাইমারি ডিলারদের সাথে সরকারি বন্ড ক্রয়-বিক্রয়ের সুবিধা চালু করা;
- ❖ দেশে বিদ্যমান ইসলামি ব্যাংকিং ব্যবস্থার সমৃদ্ধি ও উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক মালয়েশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত ইসলামিক ফিন্যান্সিয়াল সার্ভিসেস বোর্ড (IFSB)-এর সদস্য পদ লাভের মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে

সারণি-৪

## রিজার্ভ মুদ্রা ও তার কারণসূচক উপাদানসমূহ

(বিলিয়ন টাকায়)

বিবরণ	ফেব্রুয়ারি ২০০৮	জুন ২০০৭	পরিবর্তন	
			জুলাই-ফেব্রুয়ারি ২০০৭-২০০৮	জুলাই- ফেব্রুয়ারি ২০০৬-২০০৭
<b>রিজার্ভ মুদ্রা (ক+খ+গ+ঘ)</b>	<b>৪৭৪.০১</b>	<b>৪৪৫.৫৫</b>	<b>২৮.৪৬</b>	<b>৫৮.৫৬</b>
ক) ইস্যুকৃত মুদ্রা ও নোট	৩১৫.৫২	২৮৭.৮৭	২৭.৬৪	৩৫.৭৫
খ) বাংলাদেশ ব্যাংক ব্যাংকগুলোর নগদ জমা	১৫২.৯৩	১৫২.২৪	০.৬৯	২২.৫৩
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলোর নগদ জমা	০.৬৯	০.৫৭	০.১২	০.০৩
ঘ) সরকারি সংস্থার আমানত	৪.৮৭	৪.৮৭	০.০১	০.২৫
<b>রিজার্ভ মুদ্রা পরিবর্তনের কারণসূচক উপাদানগুলো</b>				
ক) বাংলাদেশ ব্যাংকের নীট বৈদেশিক সম্পদ	৩০৫.৩১	২৯২.৬৬	১২.৬৫	৩৭.১৩
খ) বাংলাদেশ ব্যাংকের নীট অভ্যন্তরীণ সম্পদ (১+২)	১৭২.৭০	১৫২.৮৯	১৯.৮১	২১.৪১
<b>১) অভ্যন্তরীণ ঋণ (ক+খ+গ+ঘ)</b>	<b>২৯৯.২৬</b>	<b>৩৩৫.৩২</b>	<b>-৩৬.০৬</b>	<b>-১.৫১</b>
ক) সরকারের কাছে বাংলাদেশ ব্যাংকের পাওনা (নীট)	২০৩.৬৫	২৫৯.৩১	-৫৫.৬৬	১.০২
খ) রাষ্ট্রায়ত্ত্ব খাতের কাছে পাওনা	৯.১৯	৯.৮৮	-০.৬৯	০.০৯
গ) তফসিলি ব্যাংকগুলোর কাছে পাওনা	৮৪.০৯	৬৪.৪২	১৯.৬৭	-৩.১৬
ঘ) অন্যান্য প্রতিষ্ঠানগুলোর কাছে পাওনা	২.৩৪	১.৭১	০.৬২	০.৫৫
<b>২) অন্যান্য পরিসম্পদ (নীট)</b>	<b>-১২৬.৫৬</b>	<b>-১৮২.৪৩</b>	<b>৫৫.৮৭</b>	<b>২২.৯৩</b>

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

## ব্যাংক আমানত

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	মোট আমানত*	মোট আমানতের পরিবর্তন	মোট আমানতের শতকরা অংশ হিসাবে			
			তলবি আমানত	মেয়াদি আমানত	সরকারি আমানত	নিয়ন্ত্রিত আমানত
<b>২০০৬</b>						
মার্চ	১৫৬৬.৫২	২২.২৮	১০.৯৪	৮২.৩২	৬.৭৩	০.০১
জুন	১৬৯০.১০	১২৩.৫৯	১১.৬৮	৮১.৬৬	৬.৬৪	০.০১
সেপ্টেম্বর	১৭৩০.৩৫	৪০.২৫	১১.২৫	৮২.৫০	৬.২৪	০.০১
ডিসেম্বর	১৮২৫.৩৯	৯৫.০৪	১১.০২	৮২.৭১	৬.২৭	০.০১
<b>২০০৭</b>						
মার্চ	১৮৬২.৪৮	৩৭.০৯	১১.২৩	৮২.৫১	৬.২৪	০.০২
জুন	১৯৭০.০৮	১০৭.৬১	১১.৯১	৮১.৮৯	৬.১৭	০.০৩
সেপ্টেম্বর	২০০৩.৭৫	৩৩.৬৬	১২.৪১	৮১.৩২	৬.২৫	০.০২
ডিসেম্বর	২১২২.৫৭	১১৮.৮৩	১২.৩১	৮১.১১	৬.৫৬	০.০২
<b>২০০৮</b>						
ফেব্রুয়ারি	২১৪১.১২	১৮.৫৫	১১.৩৯	৮২.০১	৬.৫৮	০.০২

\* নিয়ন্ত্রিত আমানত (Restricted Deposit) সহ এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

ইসলামি ব্যাংকিং-এর নতুন বিধি-ব্যবস্থা সম্পর্কে অবহিত হওয়ার সুযোগ সৃষ্টি করা;

- ❖ "Managing Core Risks in Banking"-এ Asset and Liability/Balance Sheet Risks এবং Foreign Exchange Risks রিভিউ করে ব্যাংকগুলোর তারল্য ঝুঁকি, সুদহার ঝুঁকি ও Foreign Exchange ঝুঁকি নির্ধারণের জন্য গ্যাপ আনালিসিস (GAP analysis) পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ;
- ❖ মূলধন ভিত্তিক সুসংহতকরণ ও Basel-II Accord বাস্তবায়নের নিমিত্ত ডিসেম্বর ৩১, ২০০৭-এর মধ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোর মোট ঝুঁকিভিত্তিক সম্পদের ১০% মূলধন সংরক্ষণের পাশাপাশি তাদের স্থায়ী মূলধন (Core Capital)-এর পরিমাণ মোট ঝুঁকিভিত্তিক সম্পদের সর্বনিম্ন ৫%-এ নির্ধারণ;
- ❖ কোনো ব্যাংক অপর ব্যাংককে অর্থায়ন (Bank to Bank Finance) ও কোনো আর্থিক প্রতিষ্ঠানকে অর্থায়নের (Bank to NBF Finance) ক্ষেত্রে ঝুঁকি নির্ণয়কল্পে "Credit Risk Grading Manual for Banks" & "Credit Risk Grading Manual for NBFIs" শীর্ষক ২টি পৃথক Manual প্রণয়ন;
- ❖ নিত্যপ্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত ও পণ্যমূল্যের উর্ধ্বগতি রোধকল্পে চাল, গম, চিনি, ভোজ্য তেল (পরিশোধিত ও অপরিশোধিত), ছোলা, মটর, পেঁয়াজ, মসলা, খেজুরের আমদানি ঋণের (অর্থায়নের) ক্ষেত্রে সুদের হার সাময়িকভাবে ১২%-এ নির্ধারণ;
- ❖ বাণিজ্যিক ব্যাংকগুলোর জন্য স্থিতিপত্র বহির্ভূত উপাদানগুলোর (Off-Balance Sheet Exposures) ওপর ডিসেম্বর ৩১, ২০০৭

ভিত্তিক রক্ষিতব্য প্রভিশন শতকরা ০.৫০ ভাগ এবং ডিসেম্বর ৩১, ২০০৮ ভিত্তিক রক্ষিতব্য প্রভিশন শতকরা ১.০০ ভাগ নির্ধারণ;

- ❖ ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ১৩ ধারা সংশোধন করে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানির আদায়কৃত মূলধন ও সংরক্ষিত তহবিল অন্যান্য ২০০ (দুইশত) কোটি টাকায় উন্নীত করা;
- ❖ জানুয়ারি, ২০০৯-এর মধ্যে ব্যাসেল-২ (New Capital Accord) বাস্তবায়নের নিমিত্ত Action Plan/Road map প্রণয়ন;
- ❖ ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০০৩ পর্যন্ত সংশোধিত) এর ৭(ছ) ধারা মোতাবেক কোনো ব্যাংক কোম্পানির মোট মূলধনের সর্বোচ্চ শতকরা ১০ ভাগ পর্যন্ত অপর কোনো কোম্পানির (সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত) বন্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ ইত্যাদি।

### কৃষি ঋণ

কৃষি ও পল্লী খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহ অব্যাহত রাখার লক্ষ্যে আলোচ্য অর্থবছরে ঋণদানকারী ব্যাংক (রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ) ও বিআরডিবি ৮৩.০৯ বিলিয়ন টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। এ লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ ২০০৭ পর্যন্ত ৬৩.১৫ বিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৬-০৭ অর্থবছরে এ লক্ষ্যমাত্রা ছিল ৬৩.৫১ বিলিয়ন টাকা এবং প্রকৃত বিতরণ ছিল ৫২.৯৩ বিলিয়ন টাকা; যা লক্ষ্যমাত্রার শতকরা ৮৩.৩৩ ভাগ। মার্চ ২০০৮ পর্যন্ত কৃষিখাতে বকেয়া ঋণের পরিমাণ দাঁড়ায় ১৪৫.২১

বিলিয়ন টাকা। ১৯৯৩-৯৪ হতে ২০০৭-০৮ অর্ধবছরের মার্চ ২০০৮ পর্যন্ত কৃষি ঋণ পরিস্থিতি সারণি-৮-এ দেখানো হলো।

### দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি

রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকগুলো এবং বিআরডিবি'র বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচিতে স্বকর্মসংস্থানমূলক ও আয়-উৎসারী কর্মকাণ্ডের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে ক্ষুদ্র ঋণদান কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার অন্যান্য শতকরা ২৫ ভাগ উল্লিখিত দারিদ্র্য দূরীকরণ কর্মসূচির জন্য নির্ধারিত রাখা হয়। আলোচ্য অর্ধবছরের ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত উল্লিখিত ব্যাংকগুলো এবং বিআরডিবি এসব দারিদ্র্য দূরীকরণ খাতে ঋণ হিসেবে ৮.৪৬ বিলিয়ন টাকা বিতরণ করেছে।

### বৈদেশিক মুদ্রা বিনিময় হার

বৈদেশিক মুদ্রার বিনিময় হার নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশ গত এক দশকের উর্ধ্বে নমনীয় মুদ্রা বিনিময় ব্যবস্থা অনুসরণ করে আসেছিল। আন্তর্জাতিক বাজারে রপ্তানি প্রতিযোগিতা ক্ষমতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক মূলতঃ প্রধান বাণিজ্য সহযোগী দেশগুলোর মুদ্রাবৃদ্ধির বাণিজ্য-ভারীত প্রকৃত কার্যকর বিনিময় হার (Real Effective Exchange Rate-REER) সূচকের ভিত্তিতে টাকার বিনিময় হার সমন্বয় সাধনের নীতি অনুসরণ করত। পরবর্তীতে ৩১ মে ২০০৩ থেকে বাজারভিত্তিক ডাসমান বিনিময় হার ব্যবস্থা চালু করা হয়, যেখানে বৈদেশিক মুদ্রার বিনিময় হার মুদ্রার চাহিদা ও যোগানের ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। এ ব্যবস্থায় বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা বাজারে সার্বক্ষণিকভাবে উপস্থিত না থেকে শুধু বিনিময় হারের স্থিতিশীলতা বজায় রাখার প্রয়োজনে বা রিজার্ভ বৃদ্ধির জন্য বাজার দরে বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয়-এর প্রয়োজনে বাজারে অংশগ্রহণ করে

থাকে। বাংলাদেশে ডাসমান বিনিময় হার ব্যবস্থা প্রবর্তনের পর টাকার মূল্যমানে তেমন অপ্রাঞ্জলিক কোনো অস্থিতিশীলতা দেখা দেয়নি, যা সুষ্ঠু অর্থিক ব্যবস্থাপনা নির্দেশ করে।

২০০৭-২০০৮ অর্ধবছরের প্রথমার্ধে আন্তর্জাতিক বাজারে পেট্রোলিয়ামসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যের উর্ধ্বগতির ফলে আমদানি ব্যয়ের উচ্চ প্রবৃদ্ধির বিপরীতে রপ্তানি প্রবৃদ্ধির শ্রুৎ পতির কারণে বাজারে চাহিদার তুলনায় মার্কিন ডলারের সরবরাহ কম থাকায় ডলারের অতিরিক্ত মূল্য বৃদ্ধির প্রবণতা পরিলক্ষিত হয়, যা দেশে বিরাজমান মূল্যস্ফীতি পরিস্থিতিকে প্রকটতর করতে পারে বলে শঙ্কার সৃষ্টি হয়। এরূপ পরিস্থিতির বিবেচনায় বাংলাদেশ ব্যাংক ডলারের চাহিদার ভারসাম্য রক্ষায় আন্তঃব্যাংক বাজারে প্রয়োজন অনুযায়ী ২০০৭ সালের অক্টোবর থেকে ডলার বিক্রির মাধ্যমে হস্তক্ষেপ করে। অর্ধবছরের দ্বিতীয়ার্ধে রপ্তানি প্রবৃদ্ধিতে গতি সম্বলিত হয় এবং প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের দৃঢ় উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের ফলে বাজারে বৈদেশিক মুদ্রার সরবরাহে গতিশীলতা এলেও নভেম্বরে সংঘটিত সিডরের ক্ষয়ক্ষতির প্রভাবে বর্ধিত আমদানির কারণে বৈদেশিক মুদ্রার চাহিদা বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রা বিনিময় হারকে স্থিতিশীল রাখতে বাজারে ডলার বিক্রি অব্যাহত রাখে। উল্লেখ্য ২৯ অক্টোবর ২০০৭ হতে এপ্রিল ২০০৮ পর্যন্ত সময়ে বাংলাদেশ ব্যাংক আন্তঃব্যাংক বাজারে ৫৮৫.৫ মিলিয়ন মার্কিন ডলার বিক্রি করে। এতে টাকা-ডলার ভারীত গড় বিনিময় হার জুন ২০০৭ শেষের ৬৯.০৩১৮ টাকার তুলনায় মার্চ ২০০৮ শেষে ৬৮.৬১৭১ টাকায় দাঁড়ায়; যা টাকা-ডলার বিনিময় হারের ক্ষেত্রে টাকার মূল্য বৃদ্ধি নির্দেশ করে। ১৯৯৫-'৯৬ অর্ধবছর থেকে ২০০৭-'০৮ (জুলাই-মার্চ) পর্যন্ত মার্কিন ডলারের সাথে টাকার গড় বিনিময় হার সারণি-৯-এ দেখানো হলো।

### ব্যাংক ঋণ

সারণি-৬

(বিলিয়ন টাকায়)

মাস/বছর	ব্যাংক ঋণ*			মোট ব্যাংক ঋণের পরিবর্তন
	সরকারি খাত	বেসরকারি খাত	মোট	
<b>২০০৬</b>				
মার্চ	১৪১.৭১	১২৪৬.৩৬	১৩৮৮.০৭	৫৫.০৮
জুন	১৪১.৩০	১৩০৮.৮৮	১৪৫০.১৮	৬২.১১
সেপ্টেম্বর	১৪৩.৬২	১৩৪৭.২৫	১৪৯০.৮৭	৪০.৬৯
ডিসেম্বর	১৪৭.৪৭	১৪২৩.০৪	১৫৭০.৫১	৭৯.৬৪
<b>২০০৭</b>				
মার্চ	১৩২.২৮	১৪১৪.৪১	১৫৪৬.৬৯	-২৩.৮২
জুন	১৪৭.৪৩	১৪৬৬.৯০	১৬১৪.৩৩	৬৭.৬৪
সেপ্টেম্বর	৮২.২২	১৫১০.৯৯	১৫৯৩.২১	-২১.১২
ডিসেম্বর	৯২.৪১	১৬২৫.৫১	১৭১৭.৯২	১২৪.৭১
<b>২০০৮</b>				
ফেব্রুয়ারি	১১৩.৯৮	১৫৬৩.৯৭	১৬৭৭.৯৫	-৩৯.৯৭

\* বৈদেশিক বিল এবং আন্তঃব্যাংক লেনদেন বাদে।

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

## পল্লী ও শহর এলাকায় ব্যাংক আমানত ও আগামের শতকরা হার

বছর (জুন শেষের অবস্থা)	আমানতের শতকরা হার		আগামের শতকরা হার	
	পল্লী	শহর	পল্লী	শহর
১৯৯৮	২২.৮৮	৭৭.১২	১৬.৯৩	৮৩.০৭
১৯৯৯	২২.৭৮	৭৭.২২	১৭.৩২	৮২.৬৮
২০০০	২২.৬২	৭৭.৩৮	১৬.৮৭	৮৩.১৩
২০০১	১৯.৬২	৮০.৩৮	১৪.১৩	৮৫.৮৭
২০০২	১৯.০৮	৮০.৯২	১৩.০২	৮৬.০৮
২০০৩	১৭.৭৬	৮২.২৪	১২.১০	৮৭.৯০
২০০৪	১৫.৮০	৮৪.২০	১০.৮৭	৮৯.১৩
২০০৫	১৫.৪২	৮৪.৫৮	১০.৫২	৮৯.৪৮
২০০৬	১৪.৩১	৮৫.৬৯	৯.৯৪	৯০.০৬
২০০৭	১৩.৪৭	৮৬.৫৩	৮.৮৮	৯১.১২
২০০৭ (ডিসেম্বর)	১৩.২৩	৮৬.৭৭	৮.৩৯	৯১.৬১

উৎস : পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ

রপ্তানি আয়ের প্রবৃদ্ধি এবং প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ ৩০ জুন ২০০৭-এ ৫.০৮ বিলিয়ন ডলারে দাঁড়ায়; যা পূর্ববর্তী অর্ধবছরে ছিল ৩.৪৮ বিলিয়ন ডলার। ২৪ এপ্রিল ২০০৮ তারিখে বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরো বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৫.৮০ বিলিয়ন ডলার-এ। জুন ১৯৯৬ থেকে জুন ২০০৭ পর্যন্ত বছরওয়াতি এবং সর্বশেষ প্রাপ্ত ১৩-০৫-২০০৮ তারিখের বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের গতিধারা সারণি-১০-এ দেখানো হলো।

## প্রবাসীদের প্রেরিত অর্থ (রেমিট্যান্স)

প্রবাসীদের প্রেরিত অর্থ বেকার সমস্যা হ্রাস, দারিদ্র্য বিমোচন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিসহ দেশের অর্থনৈতিক উন্নয়ন সুরক্ষিতকরণে ব্যাপক অবদান রাখছে। প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের মোট পরিমাণ ১৯৯৬-৯৭ অর্ধবছর থেকে ১৯৯৯-২০০০ অর্ধবছর পর্যন্ত ৫ বছরে ৭৫১ মিলিয়ন ডলার (৬২.৬৯%) বৃদ্ধি পেয়ে ১৯.৪৯ মিলিয়ন ডলারে দাঁড়ায়, যা পরবর্তী ৫ বছরে আরো ১৮৯৯ মিলিয়ন ডলার (৯৭.৪৩%) বৃদ্ধি পেয়ে ২০০৪-'০৫ অর্ধবছরে ৩৮৪৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়। বিগত ২০০৬-'০৭ অর্ধবছরে প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় ১১৭৬ মিলিয়ন ডলার (২৪.৪৯%) বৃদ্ধি পেয়ে ৫৯৭৮ মিলিয়ন ডলারে দাঁড়ায়। রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে মানি লন্ডারিং প্রিভেনশন অ্যাক্ট বাস্তবায়ন, নানাবিধ প্রণোদনা প্রদান, দক্ষ জনশক্তি রপ্তানি বৃদ্ধি ও ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রেরণের ব্যবস্থার প্রসার, জনশক্তি রপ্তানির জন্য মালয়েশিয়ার সাথে চুক্তি বাস্তবায়ন ও এক্সচেঞ্জ হাউসগুলোর রেমিট্যান্স সংগ্রহের নিম্ন সীমা পুনর্নির্ধারণ ইত্যাদি ব্যবস্থা গ্রহণের ফলে দেশে রেমিট্যান্স প্রাপ্তির পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ২০০৭-

'০৮ অর্ধবছরের প্রথম নয় মাসে (জুলাই-মার্চ) প্রবাসীদের প্রেরিত অর্থের পরিমাণ দাঁড়ায় ৫৬৪৯ মিলিয়ন ডলার; যা পূর্ববর্তী অর্ধবছরের একই সময়ের তুলনায় ১২৮৭ মিলিয়ন ডলার বা শতকরা ২৯.৫০ ভাগ বেশি। ১৯৯৪-'৯৫ থেকে ২০০৭-'০৮ অর্ধবছরের মার্চ ২০০৮ পর্যন্ত প্রবাসী বাংলাদেশীদের প্রেরিত অর্থের পরিমাণ সারণি-১১-এ দেখানো হলো।

## আর্থিক প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম

ব্যাংকিং খাতের পাশাপাশি বেশ কিছু অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (Non-bank Financial Institutions) দেশের শিল্প, বাণিজ্য, গৃহায়ণ, পরিবহন ও তথ্য প্রযুক্তি প্রভৃতি খাতে অর্থায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান অব্যাহত রেখেছে। ২০০৭-'০৮ অর্ধবছরের ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত দেশে লাইসেন্স প্রাপ্ত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৯টি। বর্তমানে এসব প্রতিষ্ঠানের ২৯টি প্রধান কার্যালয়সহ মোট ৩৭টি শাখা ঢাকা শহরে এবং ২৬টি শাখা দেশের অন্যান্য স্থানে কাজ করছে। ৩০ জুন ২০০৭ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিশোধিত মূলধন ও রিজার্ভের পরিমাণ দাঁড়ায় ১৭৮৫০.৩ মিলিয়ন টাকা এবং ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত বিভিন্ন খাতে প্রদত্ত বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৯৯০৯১.৮ মিলিয়ন টাকা। ঋণ পরিস্থিতি পর্যালোচনার পাশাপাশি এর আদায় জোরদারকরণের মাধ্যমে অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী ও কার্যকর করে গড়ে তোলার লক্ষ্যে তফসিলি ব্যাংকগুলোর ন্যায় অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও ঋণ শ্রেণীকরণ এবং প্রভিশনিং-এর নিয়ম চালু রয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানগুলোর শ্রেণীকৃত ঋণের হার দাঁড়ায় শতকরা ৭.০৫ ভাগ এবং নীট ছুটিত মুদ্রা ও রক্ষিত প্রভিশন বাদে শ্রেণীকৃত ঋণের হার দাঁড়ায় শতকরা ১.৩৬ ভাগ।

## কৃষি ঋণ বিতরণ, আদায় ও স্থিতি

(বিলিয়ন টাকায়)

অর্থবছর	বার্ষিক লক্ষ্যমাত্রা	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া
১৯৯৩-৯৪	১৬.৪৩	১১.০১	৯.৭৯	৬২.২২
১৯৯৪-৯৫	১৯.৬৩	১৪.৯০	১১.২৪	৭০.৪৫
১৯৯৫-৯৬	২২.৪২	১৪.৮২	১২.৭৩	৭৭.৬৯
১৯৯৬-৯৭	২১.৯৭	১৫.১৭	১৫.৯৪	৮২.৫৬
১৯৯৭-৯৮	২৩.৫৩	১৬.৪৩	১৬.৯৯	৮৫.১৫
১৯৯৮-৯৯	৩২.৭০	৩০.০৬	১৯.১৭	৯৭.০৩
১৯৯৯-০০	৩৩.৩১	২৮.৫১	২৯.৯৬	১০৬.৪৯
২০০০-০১	৩২.৬৬	৩০.২০	২৮.৭৮	১১১.৩৭
২০০১-০২	৩৩.২৭	২৯.৫৫	৩২.৬০	১১৩.৫৬
২০০২-০৩	৩৫.৬১	৩২.৭৮	৩৫.১৬	১১৯.১৩
২০০৩-০৪	৪৩.৭৯	৪০.৪৮	৩১.৩৫	১২৭.০৬
২০০৪-০৫	৫৫.৩৮	৪৯.৫৭	৩১.৭১	১৪০.৪০
২০০৫-০৬	৫৮.৯২	৫৪.৯৬	৪১.৬৪	১৫৩.৭৭
২০০৬-০৭	৬৩.৫১	৫২.৯৩	৪৬.৭৬	১৪৫.৮৩
২০০৭-০৮ (জুলাই-মার্চ)	৮৩.০৯	৬৩.১৫	৪৪.৪০	১৪৫.২১

উৎস : বাংলাদেশ ব্যাংক।

## গৃহায়ন তহবিল

দেশের গৃহহীন, দরিদ্র ও নিম্নবিত্ত জনগোষ্ঠী; বিশেষ করে, গ্রামীণ গৃহহীন পরিবারের বাসস্থান সমস্যা নিরসন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ১৯৯৭-৯৮ অর্থবছরে ৫০০ মিলিয়ন টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে গৃহায়ন তহবিল গঠন করা হয়। এ পর্যন্ত তহবিলে বাজেট বরাদ্দের মাধ্যমে প্রাপ্ত অর্থের পরিমাণ ১৬০৫ মিলিয়ন টাকা। উল্লেখ্য, এ তহবিল হতে গৃহায়ন ঋণ কার্যক্রম বাস্তবায়নকারী সংস্থা অর্থাৎ NGOকে মাত্র শতকরা ১.০০ ভাগ হার সুদে ঋণ প্রদান এবং বাস্তবায়নকারী উক্ত সংস্থা শতকরা ৫.০০ ভাগ হার সুদে দীর্ঘ মেয়াদে ঋণ পরিশোধের সুবিধাসহ সহজ শর্তে উপকারভোগীদের গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদান করে। এছাড়া বেসরকারি সংস্থা ঋণগ্রহীতাদের আয়-বর্ধনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। গ্রামীণ দরিদ্র জনগণের গৃহ নির্মাণের জন্য মার্চ ২০০৮ পর্যন্ত NGOদের অনুকূলে মোট ১৮৬২.৯ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়েছে। প্রদত্ত বরাদ্দের বিপরীতে ১১১২.৮ মিলিয়ন টাকা অবমুক্তকরণ এবং ৪৫০২১টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে; যার উপকারভোগীর সংখ্যা ২২৫১০৫ জন। সারা দেশে মোট ৪১২টি NGO প্রতিষ্ঠান ৬৪টি জেলার ৩৯৭টি উপজেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সরকারি সিদ্ধান্ত মোতাবেক এ পর্যন্ত ১০৫.৪০ মিলিয়ন টাকা অনুদানও প্রদান করা হয়েছে। মার্চ ২০০৮ পর্যন্ত ছাড়কৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য মোট ৭২৮.২ মিলিয়ন টাকার মধ্যে ৬৮.৮৯ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে। মোট আদায়যোগ্য ঋণের তুলনায় আদায় হার শতকরা

৯৮.৪৮ ভাগ। ২০০৫-০৬ অর্থবছর থেকে ২০০৭-০৮ (মার্চ ২০০৮) পর্যন্ত গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-১২-এ দেখানো হলো।

সারণি-৯

## মার্কিন ডলারের সংগে টাকার গড় বিনিময় হার

অর্থবছর	গড় বিনিময় হার
১৯৯৫-৯৬	৪০.৮৩৬৫
১৯৯৬-৯৭	৪২.৭০০৮
১৯৯৭-৯৮	৪৫.৪৫৬৩
১৯৯৮-৯৯	৪৮.০৬৪৪
১৯৯৯-০০	৫০.৩১১২
২০০০-০১	৫৩.৯৫৯২
২০০১-০২	৫৭.৪৩৪৭
২০০২-০৩	৫৭.৯০০০
২০০৩-০৪	৫৮.৯৩৫৩
২০০৪-০৫	৬১.৩৯৩৯
২০০৫-০৬	৬৭.০৭৯৭
২০০৬-০৭	৬৯.০৩১৮
২০০৭-০৮ (জুলাই-মার্চ)	৬৮.৬১৭১

উৎস : বাংলাদেশ ব্যাংক।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ

সারণি-১০

(বিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছরের জুন শেষে	বৈদেশিক মুদ্রার রিজার্ভ
১৯৯৫-'৯৬	২.০৪
১৯৯৬-'৯৭	১.৭২
১৯৯৭-'৯৮	১.৭৪
১৯৯৮-'৯৯	১.৫২
১৯৯৯-'০০	১.৬০
২০০০-'০১	১.৩১
২০০১-'০২	১.৫৮
২০০২-'০৩	২.৪৭
২০০৩-'০৪	২.৭১
২০০৪-'০৫	২.৯৩
২০০৫-'০৬	৩.৪৮
২০০৬-'০৭	৫.০৮
২০০৭-'০৮ (১৩ মে ২০০৮ পর্যন্ত)	৫.২১

উৎস : বাংলাদেশ ব্যাংক।

### ইকুইটি অ্যান্ড এন্ট্রাপ্রায়নারশীপ ফান্ড (ইইএফ)

কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প এবং সফটওয়্যার শিল্প; এ দুটি স্মৃতিপূর্ণ ও সম্ভাবনাময় শিল্প খাতে বিনিয়োগকে উৎসাহিত করার লক্ষ্যে ২০০০-২০০১ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রাথমিকভাবে ১০০০ মিলিয়ন টাকা বরাদ্দের মাধ্যমে সরকার ইকুইটি অ্যান্ড এন্ট্রাপ্রায়নারশীপ ফান্ড (ইইএফ) গঠন করে। এ সময়ে ৫০০ মিলিয়ন টাকা সরকারি কোষাগার থেকে ছাড় করা হয়েছিল। বাংলাদেশ ব্যাংক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে এ তহবিল পরিচালনা করেছে। ২০০৭-২০০৮ অর্থ বছরের ১৭-০৪-২০০৮ তারিখ পর্যন্ত সরকার এ খাতে ১৩০০০ মিলিয়ন টাকা বরাদ্দ করেছে; এর মধ্যে ছাড়কৃত অর্থের পরিমাণ ৪৮০০ মিলিয়ন টাকা। ২০০৬-'০৭ অর্থবছরে ৬১.১ মিলিয়ন টাকা প্রকল্প মূল্য বিশিষ্ট দুটি কৃষিভিত্তিক ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের অনুকূলে ২০.৪ মিলিয়ন টাকার ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে এবং ১৪.১ মিলিয়ন টাকা প্রকল্প মূল্য বিশিষ্ট একটি আইটি প্রকল্পের অনুকূলে ৫.৭ মিলিয়ন টাকার ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়েছে। উক্ত অর্থবছরে পুঞ্জীভূত ইইএফ বিতরণের পরিমাণ ৭৩৪.৭ মিলিয়ন টাকা। উল্লেখ্য যে, ২০০৭-'০৮ অর্থ বছরের ১৭-০৪-২০০৮ তারিখ পর্যন্ত কোনো প্রকল্পের অনুকূলে ইইএফ সহায়তা মঞ্জুর করা হয়নি।

### ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে পুনঃঅর্থায়ন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে কর্মসংস্থান সৃষ্টির বৃহৎ সম্ভাবনার প্রতি নীতি নির্ধারক এবং পর্যবেক্ষকদের মনোযোগ আকর্ষণের ফলে বর্তমানে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণ বিতরণে নানাবিধ উদ্যোগ গ্রহণসহ এ শিল্পের বিকাশ ও সম্প্রসারণের জন্য সরকার বাণিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে

ঋণ বিতরণ শুরু করেছে। আলোচ্য এ ঋণ বিতরণের পাশাপাশি উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারণের লক্ষ্যে "স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ" (SME) খাতে প্রদত্ত ঋণের বিপরীতে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক ২০০৪-২০০৫ অর্থবছর থেকে ১০০০ মিলিয়ন টাকার একটি স্কীম প্রবর্তন করেছে। ঘূর্ণায়মান তহবিল হিসেবে বর্তমানে এ স্কীম ৩০০০ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। মার্চ ২০০৮ পর্যন্ত এ তহবিল হতে বিভিন্ন তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মোট ৩৪১৩.৮ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়া Enterprise Growth and Bank Modernization Project (EGBMP)-এর আওতায় আইডিএ SME খাতে পুনঃঅর্থায়নের জন্য ১০ মিলিয়ন মার্কিন ডলারসহ বাংলাদেশ সরকার এ পর্যন্ত ১০১৫.৪ মিলিয়ন টাকার তহবিল সরবরাহ করেছে। ঘূর্ণায়মান তহবিল হিসেবে এ তহবিল হতে বিভিন্ন তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মার্চ ২০০৮ পর্যন্ত মোট ১৪৪৮.৮ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়াও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এ খাতে আরো ৩০ মিলিয়ন মার্কিন ডলার প্রদানের জন্য বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংকের সাথে যে চুক্তি সম্পাদন করেছে তার আওতায় মার্চ ২০০৮ পর্যন্ত SME খাতে বিভিন্ন তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মোট ১৫৭১.৮ মিলিয়ন টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে। এ সকল অর্থায়ন সুবিধা SME খাতের উন্নয়ন কর্মসূচিকে আরো জোরদার করার পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দরিদ্র ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর ক্রয় ক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অর্থায়নের জন্য উপরোক্ত ক্রমসূচির আওতায় বিভিন্ন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মার্চ, ২০০৮ পর্যন্ত বাংলাদেশ ব্যাংক নিজস্ব তহবিল থেকে ৩৪১৩.৮ মিলিয়ন টাকা, আইডিএ প্রদত্ত তহবিল থেকে ১৪৪৮.৮ মিলিয়ন টাকা এবং এটিবি প্রদত্ত তহবিল থেকে ১৫৭১.৮ মিলিয়ন টাকা (মোট ৬৪৩৪.৪ মিলিয়ন টাকা) পুনঃঅর্থায়নের জন্য বিতরণ করে।

### মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অধরিটি

বাংলাদেশে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান যেমন- এনজিও, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, বিশেষায়িত সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করেছে। বাংলাদেশে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনাকারী ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের দক্ষ নিয়ন্ত্রণের নিমিত্ত সরকার একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা এবং আনুষ্ঠানিক বিষয়ে ১৬ জুলাই ২০০৬ তারিখে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অধরিটি আইন, ২০০৬ প্রণয়ন করে যা ২৭ আগস্ট ২০০৬ তারিখ থেকে কার্যকর হয়। এ আইনের আওতায় সরকার মাইক্রোক্রেডিট রেগুলেটরি অধরিটি গঠন করে। আইনের মাধ্যমে অধরিটির বিষয়াদি ও কার্যাবলীর সাধারণ পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের ওপর ন্যস্ত করা হয়েছে। আইনের বিধান অনুযায়ী আইন বলবৎ হবার পূর্বে কার্যকর ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলো আলোচ্য আইন কার্যকর হবার ৬ মাসের মধ্যে (২৬

## প্রবাসীদের প্রেরিত বছরওয়ারি অর্থের পরিমাণ

(মিলিয়ন মার্কিন ডলার)

অর্থবছর	প্রেরিত অর্থের পরিমাণ
১৯৯৪-৯৫	১১৯৮
১৯৯৫-৯৬	১২১৭
১৯৯৬-৯৭	১৪৭৫
১৯৯৭-৯৮	১৫২৫
১৯৯৮-৯৯	১৭০৬
১৯৯৯-০০	১৯৪৯
২০০০-০১	১৮৮২
২০০১-০২	২৫০১
২০০২-০৩	৩০৬২
২০০৩-০৪	৩৩৭২
২০০৪-০৫	৩৮৪৮
২০০৫-০৬	৪৮০২
২০০৬-০৭	৫৯.৭৮
২০০৭-০৮ (জুলাই-মার্চ)	৫৬.৪৯

উৎস : বাংলাদেশ ব্যাংক।

অনুমোদনপ্রাপ্ত কোনো অবকাঠামো প্রকল্পের মোট ব্যয়ের ৩০% বেসরকারি খাতের সংশ্লিষ্ট উদ্যোক্তাকে নিজস্ব তহবিল হতে যোগান দিতে হবে। প্রকল্প ব্যয়ের অবশিষ্ট ৭০%-এর ন্যূনতম ২০% প্রকল্পে অংশগ্রহণকারী সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংকের নিজস্ব উৎস অথবা প্রকল্পে অংশগ্রহণ করছে না এমন আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক-এর সাথে সিডিকেন্ট করে অর্থায়ন করবে এবং আইপিএফএফ হতে অবশিষ্ট ৮০% অর্থায়ন করা হবে। অবকাঠামো প্রকল্পে অর্থায়নকারী আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক (পিএফআই) ঋণ সংক্রান্ত সকল বাণিজ্যিক ঝুঁকি বহন করবে। এ পর্যন্ত ৭টি আর্থিক প্রতিষ্ঠান ও ৪টি বাণিজ্যিক ব্যাংকের সাথে বাংলাদেশ ব্যাংকের Master Facility Agreement (MFA) স্বাক্ষরিত হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন সেন্টার (আইআইএফসি)-এর সাথে বাংলাদেশ ব্যাংকের একটি কারিগরি সহায়তা চুক্তিও স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তির আওতায় আইআইএফসি বাংলাদেশ ব্যাংককে আইপিএফএফ প্রকল্প বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করবে। এ পর্যন্ত বেসরকারি খাতের মোট ১৯১.৭ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৯টি বিদ্যুৎ প্রকল্প আইপিএফএফ ফান্ড ব্যবহারের আশ্রয় প্রকাশ করেছে; এর মধ্যে ৮টি বিদ্যুৎ প্রকল্পের বিপরীতে সংশ্লিষ্ট পিএফআইগুলো প্রকল্পের জন্য ৪৬.২২ মিলিয়ন ডলার সমপরিমাণ ৩২৩৫ মিলিয়ন টাকা আইপিএফএফ ফান্ডের জন্য আবেদন করেছে; যার অনুকূলে অর্থ ছাড়ের জন্য প্রকল্পের টেকনিক্যাল অ্যাক্সেসের আইআইএফসি, বিশ্বব্যাংক ও বাংলাদেশ ব্যাংক একযোগে কাজ করছে।

ফেব্রুয়ারি ২০০৭) অর্থরিটির নিকট ক্ষুদ্র ঋণ পরিচালনার সনদের জন্য আবেদন করে। আইন অনুযায়ী কর্তৃপক্ষের সনদ ব্যতীত কোনো ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান ক্ষুদ্রঋণ সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা করতে পারবে না। আইনে অর্থরিটিকে বিধি ও নীতিমালা তৈরির এবং ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান-এর কার্যাবলী তদারকি ও তত্ত্বাবধান করার ক্ষমতা অর্পণ এবং তদনুযায়ী অর্থরিট সেটরের জন্য বিধি ও নীতিমালা তৈরি করেছে। আইনের ১৫(২) ধারা অনুযায়ী আইন বলবৎ হবার পূর্বে কার্যরত ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে মোট ৪২৩৫টি ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অর্থরিট বরাবরে সনদের জন্য আবেদন করে। তবে যে সমস্ত প্রতিষ্ঠান আইন কার্যকর হবার পর ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করেছে তাদেরকে লাইসেন্সের জন্য বিবেচনায় আনা হয়নি। আলোচ্য প্রতিষ্ঠানগুলোর মধ্যে যাদের ঋণগ্রহীতার সংখ্যা ন্যূনতম ১০০০ অথবা ঋণস্থিতি (আসল) ন্যূনতম ৪০ লাখ টাকা, সে জাতীয় ৭১১টি প্রতিষ্ঠানের আবেদনপত্র ন্যূনতম মানদণ্ডে প্রাথমিকভাবে বাছাই করা হয় এবং তাদের আবেদনপত্রের প্রাথমিক মূল্যায়ন ও তাদের কার্যক্রম মাত্রপরিমাণে যাচাইপূর্বক কর্তৃপক্ষ মার্চ ২০০৮ পর্যন্ত ২১৮টি প্রতিষ্ঠানের অনুকূলে সনদ ইস্যু করে। অবশিষ্ট প্রতিষ্ঠানগুলোর আবেদন প্রক্রিয়াধীন আছে।

## ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) প্রজেক্ট

সরকার অনুমোদিত বেসরকারি খাতের অংশগ্রহণের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্থায়নের নিমিত্ত ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফিন্যান্সিং ফ্যাসিলিটি (আইপিএফএফ) নামক একটি প্রকল্প বাস্তবায়নের জন্য ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (আইডিএ) তথা বিশ্বব্যাংকের সাথে সরকারের গত ১ জুন, ২০০৬ তারিখে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং বিশ্ব ব্যাংক ২৪ আগস্ট ২০০৬ তারিখে ঋণচুক্তিটি কার্যকর ঘোষণা করেছে। আইপিএফএফ প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ১০৫.২ মিলিয়ন মার্কিন ডলার। উক্ত প্রকল্পে আইডিএ সহজ শর্তে ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করবে। সহঅর্থায়ন হিসেবে সরকার ১০.০০ মিলিয়ন মার্কিন ডলার, প্রকল্পে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানগুলো (Participating Financial Institutions) প্রদান করবে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের পক্ষে বাংলাদেশ ব্যাংক প্রকল্পটি ৫ বছর মেয়াদে (জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১১) বাস্তবায়ন করবে। এ লক্ষ্যে গত ২১ আগস্ট ২০০৬ তারিখে অর্থ বিভাগের সাথে বাংলাদেশ ব্যাংকের একটি Administrative Agreement স্বাক্ষরিত হয়েছে।

আইপিএফএফ হতে সরকার অনুমোদিত বিভিন্ন অবকাঠামো যেমনঃ বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ, বন্দর (স্থল, জল ও বিমান) নির্মাণ ও উন্নয়ন, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা, সড়ক-মহাসড়ক, জ্বালানী ও বিভিন্ন এক্সপ্রেসওয়ে নির্মাণ, পানি সরবরাহ ও সুরক্ষার ব্যবস্থাপনা এবং শিল্প এসেট ও পার্ক উন্নয়ন প্রভৃতি খাতে অর্থায়ন করা হবে। তবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতকে অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়ন করা হবে। প্রকল্পটির অন্যতম বৈশিষ্ট্য হলো সরকারের

## গৃহায়ন তহবিলের অধীনে ঋণ বরাদ্দ, বিতরণ এবং আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	২০০৭-'০৮ (মার্চ পর্যন্ত)	২০০৭-'০৮ (মার্চ পর্যন্ত)
ক। বরাদ্দ				
১) ঋণ	৩৭২.৪	১২৭.৭	৯.৬	১৮৬২.৯
২) অনুদান	-	-	-	১২০.০
মোট :	৩৭২.৪	১২৭.৭	৯.৬	১৯৮২.৯
খ। বিতরণ				
১) ঋণ	৯৪.৭	১২৩.৭	৫.০	১১১২.৮
২) অনুদান	-	-	-	১০৫.৪
মোট :	৯৪.৭	১২৩.৭	৫.০	১২১৮.২
গ। আদায়				
১) লক্ষ্যমাত্রা	৮৮.৬	২০২.৮	১০৯.৬	৭২৮.২
২) অর্জন	৮৫.৮	১৯৮.৭	১১৮.৮	৬৮৮.০
৩) অর্জনের হার (%)	৯৬.৮৪%	৯৭.৯৮%	১০৮.৩৯%	৯৪.৪৮%
ঘ। সুবিধাভোগী				
১) নির্মিত গৃহসংখ্যা	৩৮৩৭	৫৪৭৫	২৯৮৩	৪৫০২১
২) উপকৃত লোকসংখ্যা	১৯১৮৫	২৭৩৭৫	৬২৭৫	২২৫১০৫

উৎস : গৃহায়ন তহবিল, বাংলাদেশ ব্যাংক।

বাংলাদেশ ব্যাংক : স্থিতিপত্র  
৩০ জুন, ২০০৭

সংযোজনী-১

(হাজার টাকা)

বিবরণ	২০০৭	২০০৬
<b>সম্পদ</b>		
স্বর্ণ, রৌপ্য ও বৈদেশিক সম্পদ		
গচ্ছিত স্বর্ণ ও রৌপ্য	৫,১৮৯.৮১	৪,৯৫০.৬৭৯
বৈদেশিক মুদ্রা	৩৮,৯৯৪.৫৯০	৪০,৭৯৬.১৬৮
বিনিয়োগ	৩০১,৪৩৭.৩৫৩	১৯৪,১৭১.৮৩৪
আইএমএফ-এ সংরক্ষিত সম্পদ	৫৪,৬৯৫.৪৩৪	৫৩,৯৯৪.৮৩৮
অন্যান্য সম্পদ	৫,৫৫৫.৩৪১	৩,৮৭৬.৬৬৪
	<u>৪০৫,৮৭২.৫২৬</u>	<u>২৯৭,৭৯০.১৮৩</u>
<b>অভ্যন্তরীণ সম্পদ</b>		
নগদ ও নগদের সমতুল্য	১৭৫.৪১৩	৪৩৮.৪৮৬
সরকারের ট্রেজারি বিল ও ওভারড্রাফট	২৪৫,০০০.৩১৮	২৪১,১৭৭.৪৩৮
শেয়ার ও ডিবেন্ডগারে বিনিয়োগ	৯,৩০২.৫০০	৯,৭৪৫.৮৩৩
সরকারকে প্রদত্ত ঋণ	১০,০০০.০০০	৬৪০.০০০
ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও কর্মচারীদের প্রদত্ত ঋণ	৭১,৮২৯.২২৭	৭০,৭৬৫.৮১১
সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি	৯,৬৪১.৩৬৫	৯,৫০৩.০৬০
অন্যান্য সম্পদ	২,৮২১.১৫৯	৫,২৫৭.০০৪
	<u>৩৪৮,৭৬৯.৯৮২</u>	<u>৩৩৭,৫২৭.৬৩২</u>
<b>মোট সম্পদ</b>	<u>৭৫৪,৬৪২,৫০৮</u>	<u>৬৩৫,৩১৭,৮১৫</u>
<b>দায় ও ইকুইটি</b>		
বৈদেশিক দায়		
আইএমএফ সংশ্লিষ্ট দায়	৯৩,৫৩৪.৪৫০	৮৯,০৪৩.৬৭১
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর জমা	৭২,৪৯১.৯৭৮	৫৭,৮৬১.৭১০
	<u>১৬৬,০২৬,৪২৮</u>	<u>১৪৬,৯০৫,৩৮১</u>
<b>অভ্যন্তরীণ দায়</b>		
প্রচলিত মুদ্রা	২৮৩,৬৩৪.৮৪২	২৪৪,৯৭২.৯৬৩
স্বল্প মেয়াদি দেনা	৬৩,৬৬২.৭১৯	৫৩,৩৬৫.০০০
ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর জমা	১০৬,৩০৪.১৪৩	৯০,৫৭৪.১৮৬
সরকারকে প্রদেয় লভ্যাংশ	২১,৯৩১.৫৮৪	১০,৮৪৮.১০২
অন্যান্য দায়	৪০,২৭৯.১৭৬	২৬,৫২২.৭৪৮
	<u>৫১৫,৮১২,৪৬৪</u>	<u>৪২৬,২৮২,৯৯৯</u>
<b>ইকুইটি</b>		
মূলধন	৩০,০০০	৩০,০০০
স্বর্ণ ও রৌপ্য-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৪,০৩৫.৪৭১	৩,৭৯৬.৩৪২
বৈদেশিক মুদ্রা-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৪৩,৭৪১.৩৬৯	৩৬,১৪১.০৮৮
সম্পদ, স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি-পুনর্মূল্যায়ন রিজার্ভ	৭,৯১৮.৪৮৯	৭,৯১৮.৯৯৩
বিধিবদ্ধ তহবিল	১২,১৬৭.০৪৬	১১,৬১৭.০৪৬
সম্পদ নবায়ন ও পুনস্থাপন রিজার্ভ	১,১২০.০০০	-
সুদ রিজার্ভ	৩,৭৬১.২৪১	২,৫৯৫.৯৬৬
সাধারণ রিজার্ভ	৩০,০০০	৩০,০০০
	<u>৭২,৮০৩,৬১৬</u>	<u>৬২,১২৯,৪৩৫</u>
<b>মোট দায় এবং ইকুইটি</b>	<u>৭৫৪,৬৪২,৫০৮</u>	<u>৬৩৫,৩১৭,৮১৫</u>

বাংলাদেশ ব্যাংক : আয়ের বিবরণী  
৩০ জুন ২০০৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের

(হাজার টাকা)

বিবরণ	২০০৭	২০০৬
পরিচালন আয়		
বৈদেশিক মুদ্রা পরিচালন বাবদ আয়		
সুদ আয়	১১,৩৬০,০৮১	৬,৩৬৯,৩২৮
কমিশন এবং বাট্টা	১,৩৯০,৪৫৮	৯৯২,৫৫৩
	<u>১২,৭৫০,৫৩৯</u>	<u>৭,৩৬১,৮৮১</u>
বৈদেশিক মুদ্রা পরিচালন বাবদ ব্যয়		
সুদ বাবদ ব্যয়	(২,৭৬০,৭০৫)	(১,৯৭৯,৪৫৮)
কমিশন এবং অন্যান্য ব্যয়	(২২২,৭৮৪)	(১৪৭,৮৭৪)
	<u>(২,৯৮৩,৪৮৯)</u>	<u>(২,১২৭,৩৩২)</u>
বৈদেশিক মুদ্রা পরিচালন বাবদ প্রকৃত আয়		
পুনর্মূল্যায়ন আয়	৯,৭৬৭,০৫০	৫,২৩৪,৫৪৯
স্বর্ণ পুনর্মূল্যায়ন আয়	২২১,৮৫১	১,৬৯০,৫৫৪
রৌপ্য পুনর্মূল্যায়ন আয়	১৭,২৭৮	৫৮,৭৫৫
বৈদেশিক মুদ্রা পুনর্মূল্যায়ন আয়	৭,৬০০,২৮১	১০,৩০৯,৮২৭
	<u>৭,৮০৬,৪৬০</u>	<u>১২,০৫৯,১৩৬</u>
বৈদেশিক মুদ্রা থেকে মোট আয়	১৭,৬০৬,৪৬০	১৭,২৯৩,৬৮৫
অভ্যন্তরীণ পরিচালন আয়		
সুদ আয়	২২,১২৬,৫১৪	১৬,৬৫১,৬৮৪
কমিশন এবং বাট্টা	৭২,৯৩২	১৩০,৯৩৯
ডিভিডেন্ড আয়	-	৭,২০০
বিবিধ আয়	৪,৭১৬	৪,১৩৩
	<u>২২,২০৪,১৬২</u>	<u>১৬,৭৯৩,৯৫৬</u>
অভ্যন্তরীণ পরিচালন ব্যয়		
সুদ বাবদ ব্যয়	(৫২৬,৪৩২)	-
কমিশন এবং অন্যান্য ব্যয়	(১,৯৭৭,৫৮২)	(১,৫০৬,৫৫৩)
	<u>(২,৫০৪,০১৪)</u>	<u>(১,৫০৬,৫৫৩)</u>
প্রকৃত অভ্যন্তরীণ আয়	১৯,৬৯০,১৪৮	১৫,২৮৭,৪৩৩
মোট পরিচালন আয়	৩৭,৩০৬,৬০৮	৩২,৫৮১,০৮৮
অন্যান্য আয়		
প্রভিশন ফর ইমপেয়ারমেন্ট	৮৮৬,৭৮৯	(৮৬১,৭২৬)
খণ ক্ষতির জন্য প্রভিশন	-	(১,০০০,০০০)
সাধারণ ও প্রশাসনিক ব্যয়	(৩,৫৮৭,৬৩২)	(৬,৬৭৯,২২০)
	<u>(২,৭০০,৮৪৩)</u>	<u>(৮,৫৪০,৯৪৬)</u>
অর্থিক বছরের নীট মুনাফা	<u>৩৪,৬০৫,৭৬৫</u>	<u>২৪,০৪০,১৪২</u>

বাংলাদেশ ব্যাংক : ইকুইটি পরিবর্তনের বিবরণ  
৩০ জুন ২০০৭ তারিখে সমাপ্ত অর্থ বছরের

(হাজার টিকা)

	মূলধন	পুনর্মূল্যায়ন বিজ্ঞপ্তি			বিভিন্ন তহবিল	সম্পদ মবায়ন ও পুনস্থাপন বিজ্ঞপ্তি	সুদ বিজ্ঞপ্তি	জেনারেল বিজ্ঞপ্তি	অবশিষ্ট মুনাফা (Retained Earning)	মোট
		অর্থ ও রৌপ্য	বৈদেশিক মুদ্রা	সম্পদ স্থাপনা ও যান্ত্রিক সরঞ্জামাদি						
১ জুলাই ২০০৬-এর পুনঃপ্রতিষ্ঠিত স্থিতি	৩০,০০০	২,০৪৭,০০০	২০,৮০১,২০১	৭,১২০,০০৯	১১,৬১৭,০৪৬	-	৩০,০০০	২,৪১১,৬৬৬	৪৮,০৬৭,০৯৬	
বহরের নীট লাভ	-	-	-	-	-	-	-	-	২৪,০৪০,১৪২	২৪,০৪০,১৪২
বহরের পুনর্মূল্যায়ন	-	-	-	(১,০৯৬)	-	-	-	-	১,০৯৬	-
অন্যান্য সংশ্লিষ্ট তহবিল স্থানান্তর	-	১,৫৬৯,০০৯	১০,০০৯,৮২৭	-	-	-	-	(১৪,৯৪৭,১০২)	-	-
সংক্রান্ত প্রাপ্য লভ্যাংশ	-	-	-	-	-	-	২,৪৯৬,৯৯৬	-	(১০,৯৪৮,১০২)	(৮,৪৫১,১০৬)
৩০ জুন ২০০৬ তারিখের স্থিতি	৩০,০০০	৩,৬১৬,০১২	৩০,৮১১,০২০	৭,১১৯,৯১০	১১,৬১৭,০৪৬	-	৩০,০০০	-	৬২,১২৯,৪০৬	
বহরের নীট লাভ	-	-	-	-	-	-	-	-	৫৪,৩০৭,৭৫৬	৫৪,৩০৭,৭৫৬
পুনর্মূল্যায়ন সংশোধন	-	-	-	(৪০৪)	-	-	-	-	৪০৪	-
অন্যান্য সংশ্লিষ্ট তহবিল স্থানান্তর	-	২,০৩৯,১২৯	৭,৬০০,২৫১	-	৪৪০,০০০	-	-	(৯,০৪৪,৯৫৬)	-	-
অন্যান্য তহবিল স্থানান্তর	-	-	-	-	২,০০০,০০০	১,১২০,০০০	-	-	(৫,১২০,০০০)	-
অন্যান্য অভ্যন্তরীণ তহবিল স্থানান্তর (এস-এমই ব্যত)	-	-	-	-	(২,০০০,০০০)	-	-	-	-	২,০০০,০০০
সংক্রান্ত প্রাপ্য লভ্যাংশ	-	-	-	-	-	-	-	-	(২,১৬১,০৪৬)	(২,১৬১,০৪৬)
৩০ জুন ২০০৭ তারিখের স্থিতি	৩০,০০০	৫,৬৫৫,১৪১	৪০,৭৪১,০৫৯	৭,১১৯,৭০৬	১২,১০৭,০৪৬	১,১২০,০০০	৩০,০০০	-	৯২,৮০৬,৫১৬	

# রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

## সোনালী ব্যাংক লিমিটেড

সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর মধ্যে বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক। জনগণের দ্বারপ্রান্তে সকল প্রকার ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া ব্যাংকটির মূল লক্ষ্য। সম্পূর্ণ মালিকানা সরকারের হাতে রেখে গ্রাহক সেবার মান উন্নয়ন, সর্বত্রের ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আরো গতিশীল ও সাফল্যজনকভাবে পরিচালনার লক্ষ্যে সোনালী ব্যাংককে ১৫ নভেম্বর ২০০৭ তারিখে কর্পোরেটাইজড করে 'সোনালী ব্যাংক লিমিটেড'-এ রূপান্তরিত করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে সোনালী ব্যাংক লিমিটেডের মোট অনুমোদিত, পরিশোধিত ও রিজার্ভ ফান্ডের পরিমাণ (সাময়িক) দাঁড়ায় যথাক্রমে ১০০০০ মিলিয়ন টাকা, ৯০০০ মিলিয়ন টাকা ও ২৯৩৫ মিলিয়ন টাকা। ২০০৭ সালে সোনালী ব্যাংক লিমিটেড ৫৯৪২

মিলিয়ন টাকা গ্রস মুনাফা (সাময়িক) অর্জন করেছে। ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে ব্যাংকের ১১৭৬৯ জন কর্মকর্তা ও ১০৭৭৩ জন কর্মচারীসহ মোট জনশক্তি ছিল ২২৫৪২ জন।

প্রশাসনিক বিন্যাসে ঢাকার মতিঝিলে প্রধান কার্যালয় ছাড়াও ঢাকা বিভাগে ১টি এবং দেশের অন্য ৫টি বিভাগীয় শহরে (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট) ১টি করে মহাব্যবস্থাপকের মোট ৬টি কার্যালয় আছে। এছাড়া জেলা শহরে ৪২টি প্রিন্সিপাল অফিস ও ১৯টি আঞ্চলিক কার্যালয়-এর মাধ্যমে ব্যাংকিং সেবা কার্যক্রম অব্যাহত আছে। প্রধান কার্যালয়ের ৩০টি বিভাগের মাধ্যমে সামগ্রিকভাবে প্রতিষ্ঠানটির প্রশাসনিক ও ব্যবসায়িক কার্যাবলী সম্পাদিত হচ্ছে। ৩১ মার্চ ২০০৮ তারিখ পর্যন্ত দেশের অভ্যন্তরে শহর এলাকায় ২৩টি



সোনালী ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি গার্মেন্টস।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
২।	পরিশোধিত মূলধন	৫০০০	৯০০০	৯০০০	৯০০০
৩।	রিজার্ভ ফান্ড	২৮৩১	২৯৩৪	২৯৩৪	২৯৩৪
৪।	মোট আমানত	৩০২৩০৩	৩২৮৯৮৯	৩৩০০৮৯	৩০৬০৮৯
	ক) তলবি আমানত	৭৯২০৪	৯৪৩৭২	৯৪৪৭২	৯৯৪৭২
	খ) মেয়াদি আমানত	২২৩০৯৯	২৩৪৬১৭	২৩৫৬১৭	২৩৬৬১৭
৫।	ঋণ ও অগ্রিম	২৪১০২৯	২০৬৩৪৮	২০৭৩৪৮	২০৯৩৪৮
৬।	বিনিয়োগ	৩৯৯৭৮	৮৮৮৯১	৮৯৯৩১	৯০৪৩১
৭।	মোট পরিসম্পদ	৩৫২৮৯৪	৩৮৩৫০৮	৩৮৫৫০৮	৩৮৬৫০৮
৮।	মোট আয়	২৩১৩০	২৫৮৫০	৬০৮১	১২১৬৩
৯।	মোট ব্যয়	২০১২৫	১৯৯০৮	৫২৮১	১০৫৬২
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৬০৭৪৫	২৫৩২৩৫	৭৩৪৫২	১৪৬৯০৫
	ক) রপ্তানি	৭৯৭৫২	৭৯৭৮৩	২৩৪১৫	৪৬৮৩০
	খ) আমদানি	৬৭৫১০	৬৩৯৭১	২১০৩৭	৪২০৭৫
	গ) রেমিট্যান্স	১১৩৪৮৩	১০৯৪৮১	২৯০০০	৫৮০০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	২৩২৭৩	২২৫৪২	২২৩১৭	২২১৮১
	ক) কর্মকর্তা	১২১১৮	১১৭৬৯	১১৬২২	১১৫০৫
	খ) কর্মচারী	১১১৫৫	১০৭৭৩	১০৬৯৫	১০৬৭৬
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৪৭	৫৭৬	৫৮০	৬০০
১৩।	মোট শাখা (সংখ্যায়)	১১৮৩	১১৮৩	১১৮১	১১৮১
	ক) বাংলাদেশে	১১৮১	১১৮১	১১৭৯	১১৭৯
	খ) বিদেশে	০২	০২	০২	২

কর্পোরেট শাখাসহ ৫৬০টি, গ্রামীণ এলাকায় ৬১৯টি এবং বিদেশে ২টি (ভারতের পশ্চিমবঙ্গের কলকাতা ও শিলিগুড়ি) শাখাসহ মোট ১১৮১টি শাখার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এর ব্যাংকিং সেবামূলক কার্যক্রম বিস্তৃত। অধিকন্তু, বর্তমানে দেশে ২টি ওয়েজ আর্নাস শাখাসহ বৈদেশিক বাণিজ্যের জন্য ৪৩টি অনুমোদিত শাখা (Authorised Dealer) এবং বিশ্বের বিভিন্ন দেশে ৫৭৬টি বৈদেশিক করেসপন্ডেন্টস-এর মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য কার্যক্রম পরিচালিত হচ্ছে।

১৯৯৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ ব্যাংকিং ডিপার্টমেন্ট থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে 'ইন্টারন্যাশনাল মানি ট্রান্সমিটার' হিসেবে নিউইয়র্কে 'সোনালী এক্সচেঞ্জ কোম্পানি ইনকর্পোরেটেড' (SECI) নামে সোনালী ব্যাংকের সম্পূর্ণ মালিকানাধীন একটি পূর্ণাঙ্গ সাবসিডিয়ারি কোম্পানি স্থাপনের মাধ্যমে সোনালী ব্যাংক আন্তর্জাতিক ব্যাংকিং অঙ্গনে এর কার্যক্রম সম্প্রসারিত করে। যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের কীর্জিত বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলে নিজ দেশে প্রেরণ দ্রুত, সহজতর ও নিরাপদ করার ক্ষেত্রে এর ভূমিকা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার ফলে নিউইয়র্কের ম্যানহাটনে প্রধান অফিসসহ ক্রকলীন, এস্টোরিয়া,

জ্যাকসন হাইটস, জর্জিয়ায় আটলান্টা, মিশিগানের ডেট্রোয়েট, ক্যালিফোর্নিয়ার লস-এঞ্জেলস এবং নিউ জার্সিতে প্যাটারসন শাখা/বুথ অফিস স্থাপন করা হয়েছে। এছাড়া সোনালী ব্যাংক ও পণ্যপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ মালিকানাধীন ১০ ডিসেম্বর ২০০১ থেকে যুক্তরাজ্যে সোনালী ব্যাংক (ইউকে) লিঃ- এর কার্যক্রম শুরু হয়। বর্তমানে মোট ৬টি অফিসের (লন্ডন, লুটন, বার্মিংহাম, ব্রাডফোর্ড, ম্যানচেস্টার ও ক্যামডেন) মাধ্যমে এর কার্যক্রম চালু রয়েছে। মালয়েশিয়ার মে ব্যাংক-এর মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এর সহযোগিতায় মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ দেশে আসছে। মধ্যপ্রাচ্যে ৩২টি এক্সচেঞ্জ হাউস-এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে বসবাসকারী বাংলাদেশীরা তাদের অর্থ প্রেরণ করছে।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা

৩১ ডিসেম্বর ২০০৭-এ সোনালী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ২০০৬ সালের ৩০২৩০৩ মিলিয়ন টাকার তুলনায় ২৬৬৮৬ মিলিয়ন টাকা বা শতকরা ৯ ভাগ বৃদ্ধি পেয়ে ৩২৮৯৮৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকটির তলবি আমানত ও

মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৯৪৩৭২ মিলিয়ন টাকা এবং ২৩৪৬১৭ মিলিয়ন টাকা, যা মোট আমানতের যথাক্রমে শতকরা ২৯ ভাগ এবং শতকরা ৭১ ভাগ। গত বছরের তুলনায় আলোচ্য বছরে সোনালী ব্যাংক লিমিটেড-এর তলবি আমানত ও মেয়াদি আমানত যথাক্রমে শতকরা ১৯ ভাগ ও শতকরা ৫ ভাগ বৃদ্ধি পেয়েছে। ২০০৭ সালে ঋণের পরিমাণ বৃদ্ধি পেলেও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রায় ৪৭৬৫০ মিলিয়ন টাকা ঋণের বিপরীতে সরকার বন্ধ ইস্যু করার ফলে সোনালী ব্যাংক লিমিটেডের ঋণ ও অগ্রিম ২০০৬ সালের ২৪১০২৯ মিলিয়ন টাকার তুলনায় ত্রাস পেয়ে ২০৬৩৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। সরকারি/পাবলিক খাতে প্রদত্ত ঋণের পরিমাণ শতকরা ১৭ ভাগ এবং প্রাইভেট খাতে শতকরা ৮৩ ভাগ। ২০০৭ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের ৩৯৯৭৮ মিলিয়ন টাকার তুলনায় ৪৮৯১৩ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৮৮৮৯১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। তবে ২০০৭ সালে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ পূর্ববর্তী বছরের ২৬০৭৪৫ মিলিয়ন টাকা হতে ৭৫১০ মিলিয়ন টাকা ত্রাস পেয়ে ২৫৩২৩৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। রেমিট্যান্স ও আমদানি যথাক্রমে ৪০০২ মিলিয়ন টাকা ও ৩৫৩৯ মিলিয়ন টাকা ত্রাস পেয়ে যথাক্রমে ১০৯৪৮১ মিলিয়ন টাকা ও ৬৩৯৭১ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। তবে আলোচ্য বছরে রপ্তানি ব্যবসার পরিমাণ ২০০৬ সালের তুলনায় ৩১ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৭৯৭৮৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। বিদেশে কর্মরত বাংলাদেশীদের প্রেরিত অর্থ যাতে তাদের আত্মীয়-স্বজন বা মনোনীত প্রতিনিধিরা সহজে ও স্বল্প সময়ে হাতে পান এ লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড মুক্তরাষ্ট্র ও মুক্তরাজ্যে শাখা/পুথ স্থাপন ছাড়াও মধ্যপ্রাচ্যস্থ ৩২টি এক্সচেঞ্জ হাউস/ব্যাংকের মাধ্যমে বৈদেশিক বিনিময় ব্যবসা পরিচালিত হচ্ছে। সরকার ঘোষিত নীতিমালার সাথে সঙ্গতি রেখে রেমিট্যান্সের

অন্তর্ভুক্তি প্রবাহ বৃদ্ধি এবং নিরাপদ ও দ্রুততম সময়ে গ্রাহক/বেনিফি-সিয়ারিদের টাকা জমাকরণের বিষয়ে নিয়োজ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:-

১) RMS Software প্রবর্তনের মাধ্যমে ৮ ঘণ্টা থেকে ২৪ ঘণ্টায় ৬১টি Outlet-এর মাধ্যমে রেমিট্যান্স বিতরণ; ২) একটি নুতন Exchange House, Redha Al Ansari Exchange Est. UAE RMS-এর আওতায় এনে রেমিট্যান্স বিতরণ; ৩) জুন ২০০৮ নাগাদ সরাসরি ১০০টি শাখায় RMS স্থাপনের মাধ্যমে রেমিট্যান্স বিতরণের ব্যবস্থাকরণ; ৪) প্রতিটি এক্সচেঞ্জ হাউস/ব্যাংকের জন্য ওয়েজ আর্নিস কর্পোরেট শাখায় একটি ওয়ার্ক স্টেশন স্থাপন; ৫) ৩০০টি শাখায় IFRMS ( Instant Financial and Reconciliation Messaging System)-এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে উপকারভোগীর হিসাবে রেমিট্যান্সের অর্থ জমাকরণ; ৬) প্রধান কার্যালয়ে ৩টি অভিযোগ সেলের মাধ্যমে তাৎক্ষণিক রেমিট্যান্স সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি ও তথ্য প্রেরণ; এবং ৭) ৩টি Representative অফিস (কুয়েত, জেদ্দা ও রিয়াদে)-এর মাধ্যমে প্রবাসী বাংলাদেশী ওয়েজ আর্নিসদের বাংলাদেশে সোনালী ব্যাংক লিমিটেড-এ হিসাব খোলা, স্থিতিক নিশ্চয়তাপত্র প্রেরণ, ওয়েজ আর্নিস বন্ধ, শ্রিমিয়াম বন্ধ, সঞ্চয়পত্র ইত্যাদি কাজে বিনিয়োগে সহায়তাকরণ। সোনালী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

#### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে সোনালী ব্যাংক লিমিটেড সর্বমোট ৭৭৮৩২ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ২৩৮২৪৬ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ১৬৯১৬০ মিলিয়ন টাকা এবং ৩৩৬১০৪ মিলিয়ন টাকা। খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
সময়কাল	বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
			মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬	বিতরণ	৫১৪৫	২১৫৭	১০৭৫	৩২৩২	১৬০৭৮৩	১৬৯১৬০
	আদায়	৫৫৫২	১৫৪৬	৯১৯	২৪৬৫	৩২৮০৮৭	৩৩৬১০৪
২০০৭	বিতরণ	৪১০১	১০৯৮	২৪৪১	৩৫৩৯	৭০১৯২	৭৭৮৩২
	আদায়	৬৪৮৯	১২৬০	২০০৬	২৪২৬	২২৯৩৩১	২৩৮২৪৬
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	বিতরণ	১৩৭০	২৭৭	৮৭৭	১১৫৪	৪২১৫৮	৪৪৬৮২
	আদায়	১৪০৫	৪৪৭	৬০৭	১০৫৩	২৮২৭৩	৩০৭৩১
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	বিতরণ	২৭৪০	৪৯৭	১৪৫৫	১৯৫২	৬৩৬৯১	৬৮৩৮৩
	আদায়	২৮১০	৮৯১	১০০৮	১৮৯৯	৭৩৯৬৯	৭৮৬৭৮

পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০০৭ সালে সোনালী ব্যাংক লিমিটেড কৃষি খাতে ৪১০১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৬৪৮৯ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৫১৪৫ মিলিয়ন টাকা ও ৫৫৫২ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩৫৩৯ মিলিয়ন টাকা ও ২৪২৬ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩২০২ মিলিয়ন টাকা ও ২৪৬৫ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংক লিমিটেডের খাতওয়ারি ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

### শিল্প ঋণ মঞ্জুরী

দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন, বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান ও দেশকে আমদানি নির্ভরশীলতা থেকে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করার লক্ষ্যে দ্রুত শিল্পায়নের নিমিত্তে সোনালী ব্যাংক লিমিটেড নির্ধারিত ৯৮টি শাখার মাধ্যমে শিল্প খাতে অর্থায়ন করেছে। ২০০৭ সালে সোনালী ব্যাংক লিমিটেড ৩৩২১ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। পূর্ববর্তী বছরে মঞ্জুরীর পরিমাণ ছিল ৪০৫৩ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকটি শিল্প খাতে চলতি মূলধন ঋণ বাবদ ২৪৪১ মিলিয়ন টাকা বিতরণ করে। পূর্ববর্তী বছরে এ খাতে বিতরণের পরিমাণ ছিল ১০৭৫ মিলিয়ন টাকা। শিল্প খাতে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ঋণ প্রদান অব্যাহত রয়েছে। এ বছর ঋণ মঞ্জুরী প্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান প্রায় ২১৬০০ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ সেবা ও পণ্য উৎপাদনের মাধ্যমে দেশের জিডিপি বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে

অশা করা যায়। শিল্পের আকার অনুযায়ী ঋণ মঞ্জুরীর পরিমাণ সারণি-৩-এ দেয়া হলো।

### অন্যান্য কার্যাবলী

#### সরকারি নির্দেশনায় পরিচালিত ব্যাংকিং সেবাসমূহ

সরকারি নির্দেশে দেশ ও জাতির কল্যাণে সোনালী ব্যাংক লিমিটেড বিভিন্ন খাতে নামমাত্র সার্ভিস চার্জ-এর বিনিময়ে এবং ক্ষেত্র বিশেষে কোনো সার্ভিস চার্জ ছাড়াই ব্যাংকিং সেবা প্রদান করেছে। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে দেশের সকল জেলা ও উপজেলায় ত্রৈমাসিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড সারা দেশে মুদ্রা সরবরাহ ব্যবস্থা সচল রেখেছে। বিদেশে কর্মরত বাংলাদেশীদের কন্সার্নিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে দেশে আনয়ন ছাড়াও অবসর প্রাপ্ত সামরিক, বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের অবসর ভাতা, সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতন ও সরকারি অনুদান, ছাত্র/ছাত্রীর উপবৃত্তি, ব্যাঙ্ক, দুগ্ধ ও বিধবা ভাতা, অসহায় মুক্তিযোদ্ধা কল্যাণ ভাতা প্রভৃতি সারা দেশে বিস্তৃত সোনালী ব্যাংক লিমিটেডের শাখাগুলোর মাধ্যমে প্রদান করা হচ্ছে। এছাড়া এয়োজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড ও সঞ্চয়পত্র ক্রয় বিক্রয়, সরকারি খাদ্য শস্য ক্রয় বিল প্রদান, বিদ্যুৎ ও টেলিফোন বিল, ওয়াসা বিল, পাসপোর্ট ফিস ও বিদেশ ভ্রমণ কর, আবগারী চক্ক, উৎসে কর এবং হজ্জ, যাকাত ও রাষ্ট্রীয় তহবিলের অর্থ গ্রহণসহ নানাবিধ রাষ্ট্রীয় কার্য ও জনস্বার্থ সংশ্লিষ্ট সেবামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড গুরুত্বপূর্ণ অবদান রেখে

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			সারণি-৩ (মিলিয়ন টাকায়)
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে			
প্রকল্প সংখ্যা	৮০৬	২২৭৪৪	২৩৫৫০
পরিমাণ	৩৯৭৪৪	১৭৯১৮	৫৭৬৬২
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৮	২৩	৫১
পরিমাণ	২৫৩১	৭৯০	৩৩২১
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮ * তারিখে			
প্রকল্প সংখ্যা	৮১৬	২২৭৫২	২৩৫৬৮
পরিমাণ	৪০৪৮২	১৮১৫৫	৫৮৬৩৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮ * পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১০	৮	১৮
পরিমাণ	৭৩৮	২৩৭	৯৭৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮ ** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৭	১৯	৩৬
পরিমাণ	১২৮৮	৫১৩	১৮০১

\* সাময়িক ; \*\* প্রাক্কিত।

**বিশেষ সঞ্চয় কর্মসূচি**

সমাজের সকল স্তরের মানুষকে সঞ্চয় সুবিধা প্রদান, সন্তানদের ভবিষ্যত শিক্ষা ব্যয় সঞ্চিতির সুবিধার্থে এবং সন্ধ্যা চিকিৎসা ব্যয় নির্বাহের লক্ষ্যে বর্তমানে সোনালী ব্যাংক লিমিটেড-এ নিম্ন বর্ণিত ৪টি সঞ্চয় স্কিম চালু করা হয়েছে।

ক্রমিক নং	স্কিমের নাম	মেয়াদ	সুদের হার
১.	সোনালী সঞ্চয় স্কিম (Sonali Deposit Scheme)	৫ বছর	৮.৫%
২.	শিক্ষা সঞ্চয় স্কিম (Education Deposit Scheme)	১০ বছর	৮.০%
৩.	চিকিৎসা সঞ্চয় স্কিম (Medicare Deposit Scheme)	১০ বছর	৮.০%
৪.	পল্লী সঞ্চয় স্কিম (Rural Deposit Scheme)	৭ বছর	৯.০%

২০০৮ সালের ফেব্রুয়ারি থেকে সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন-এর কর্মকর্তা/কর্মচারী ও সরকারি/বেসরকারি (এমপিওভুক্ত কলেজ, মাদ্রাসা ও স্কুল) শিক্ষক/শিক্ষিকাদের জন্য বিশেষ ক্ষুদ্র ঋণ স্কিম অনুমোদন করা হয়েছে।

**এসএমই খাতে ঋণ কর্মসূচি**

সোনালী ব্যাংক লিমিটেড স্বাধীনতার পর থেকে আইডিএ, নোয়াড, এগ্রিম ব্যাংক ক্রেডিটের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে অর্থায়ন করলেও আশির দশকে সরকারি শিল্প নীতির সাথে সঙ্গতি রেখে দেশে ব্যাপক শিল্পায়নের লক্ষ্যে নিজস্ব অর্থায়নে শিল্পে বিনিয়োগ কর্মসূচি চালু করে। উক্ত কর্মসূচির আওতায় বিগত দু' দশকেরও বেশি সময় ধরে

ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্প খাতে অর্থায়ন করে বাংলাদেশের বর্তমান অগ্রসরমান শিল্প প্রবৃদ্ধি অর্জনে পথিকৃৎ-এর ভূমিকা পালন করে আসছে। সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র ও শিল্পনীতি ২০০৫-এর আওতায় নিবিড় শ্রমঘন ও কর্মসংস্থানমুখী অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র

**অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি**

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	২১২৮৬	২০৯৯০	২১০৪৪	২১০৭০
	(ক) শস্য	২০২৮৭	২০০৭৬	২০১২৫	২০১৩০
	(খ) শস্য বাতীত অন্যান্য	৫১৪	৩৯৭	৩৯৫	৪০৭
	(গ) মৎস্য	৪০২	৫০৭	৫১০	৫১৫
	(ঘ) বনায়ন	৮৩	১০	১৪	১৮
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৩২৪৪৫	৩৪০১৯	৩৪৫৬৫	৩৫০৮৭
	(ক) বৃহৎ ও মাঝারি	২৮২৩৬	২৯৪৭৮	২৯৯৩৯	৩০৩৩১
	(খ) ক্ষুদ্র ও কৃটির	৪২০৯	৪৫৪১	৪৬২৬	৪৭৫৬
৩।	চলতি মূলধন অর্থায়ন	৪৮৩৩৩	৩৯৫৩৬	৪০৩০৫	৪০৯৭৭
৪।	নির্মাণ	২২৮৫	২০১৮	২০৫৮	২০৭৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৩৯৭	১৩৯৮	১৪৬৮	১৫০৫
৬।	পরিবহন ও যোগাযোগ	১০৭	১০৭	১০৭	১০৭
৭।	বাসসা-বাণিজ্য	১০১৩১৭	৭৮০১৬	৭৯৫০৩	৮০৮৮১
	ক) পাইকারি ও খুচরা	২১৮৩৫	১৮২১৮	১৯১২৮	২০০৮৪
	খ) রপ্তানি	৩০৩৩৬	৩৫৬৬১	৩৬১৭৮	৩৬৫৪৫
	গ) আমদানি	৪৮৬৭৫	২৩২৭৯	২৩৩৩৫	২৩৩৮৫
	ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৪৭১	৮৫৮	৮৬২	৮৬৭
৮।	দারিদ্র্য-হ্রাসকরণ	৪৬৭৮	৩১১৭	৩৮১৭	৪০৩৯
৯।	অন্যান্য	২৯১৮১	২৭১৪৭	২৪৪৮১	২৩৬০৪
	সর্বমোট	২৪১০২৯	২০৬৩৪৮	২০৭৩৪৮	২০৯৩৪৮

ও মাঝারি শিল্প/ব্যবসা প্রতিষ্ঠানগুলোও এসএমই ক্ষুদ্র প্রসারের মাধ্যমে মাঝারি আয়ের দেশে উন্নীত করার একটি প্রকল্প গ্রহণ করেছে। দেশে ভারসাম্যপূর্ণ দীর্ঘমেয়াদি শিল্পোন্নয়নের স্বার্থে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগকে একটি মূলশক্তি হিসেবে গ্রহণ করা হয়েছে, যাতে বাজারভিত্তিক উন্নয়ন ও বিশ্বায়নের চ্যালেঞ্জগুলোকে সুষ্ঠুভাবে মোকাবেলা করা সম্ভব হয়। সোনালী ব্যাংক লিমিটেড সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে অতীতের মতো বর্তমানেও অগ্রণী ভূমিকা পালন করে চলেছে।

সোনালী ব্যাংক লিমিটেড-এর ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়ন স্বীকৃতির মূল বৈশিষ্ট্য হবে প্রোডাক্ট প্রোগ্রাম গাইডলাইনের মাধ্যমে উদ্যোক্তা বিকাশ, মেধাবী ও প্রতিদ্বন্দ্বিতামূলক উদ্যোক্তাদেরকে একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বিত করে উন্নয়নের মূলধারার সাথে সংযোগ স্থাপন করা। এ লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড-এর পক্ষ থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগে অর্থায়নে সরকারের শিল্পনীতি ও বাংলাদেশ ব্যাংকের Prudential Regulatory Guideline-এর আলোকে একটি পূর্ণাঙ্গ স্বীকৃতি প্রণয়ন করা হয়েছে। এ স্বীকৃতির মাধ্যমে সরকারের দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টিতে Millennium Development Goals (MDGs) অর্জনে সহায়ক হবে এবং ব্যাংকের ব্যবসার পরিধি বৃদ্ধি পাবে আশা করা যায়। এসএমই উদ্যোক্তাকে প্রচলিত ব্যাংকিং বাস্তবিক অর্থায়নের পরিবর্তে ব্যাংকিং প্রোডাক্টভিত্তিক অর্থায়নের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড ইতোমধ্যে কতিপয় প্রোডাক্ট প্রোগ্রাম গাইডলাইন প্রণয়ন করেছে।

### কৃষি/পল্লী ঋণ কর্মসূচি

দেশের অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সোনালী ব্যাংক লিমিটেড ১৯৭৩-৭৪ সাল থেকে পল্লী এলাকায় কৃষি/পল্লী ঋণ প্রদান করে আসছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণের বর্তমান বকেয়ার পরিমাণ ১৯০৪৫ মিলিয়ন টাকা, যার উল্লেখযোগ্য অংশ শস্য, কৃষিজাত পণ্য উৎপাদন এবং গ্রামীণ ক্ষুদ্র চাষীদের আয় উৎসাহী কাজে ব্যবহৃত হচ্ছে। ব্যাংকের মোট ১১৮১টি শাখার (২টি বৈদেশিক শাখা বাদে) মধ্যে ৭০৭টি শাখার মাধ্যমে সারা দেশে ১৬০৯টি ইউনিয়নে কৃষি/পল্লী ঋণ কার্যক্রম চালু রয়েছে। ব্যাংকের কৃষি/পল্লী ঋণ গ্রহীতার সংখ্যা ১.১ মিলিয়ন। এ ঋণ কর্মসূচি/প্রকল্পের আওতায় মূলতঃ ক্ষুদ্র আয় উৎসাহী কর্মকাণ্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থায়ন করা হয়ে থাকে। এছাড়া ১৯৭৭ সালে কৃষি ব্যাংকের পাশাপাশি রটায়ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ১০০০ মিলিয়ন টাকা বিশেষ কৃষি ঋণ কর্মসূচির আওতায় বিভিন্ন প্রকার শস্য উৎপাদনের জন্য ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। এ খাতে সোনালী ব্যাংক লিমিটেড এ পর্যন্ত ২৭৭৪৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে, যার মধ্যে বর্তমানে ১৫৪৫২ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। অধিকতর, ১৯৭৫ সালে সুগার মিল এলাকায় নির্ধারিত আর্থ চাষীদের মাঝে ঋণ বিতরণের জন্য ১১টি সুগার মিল-এ ঋণ প্রদান চালু করা হয়। বর্তমানে উক্ত খাতে ২৩৩৫ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে।

### বিশেষ বিনিয়োগ কর্মসূচি

নব্বই দশকের পূর্ব পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেড-এর কৃষি/পল্লী ঋণ কর্মসূচি মূলতঃ শস্য উৎপাদনের মতোই সীমাবদ্ধ ছিল। যেকোনো

১৯৯৩ থেকে মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদি পশু-পালন, জামদানী তাঁত শিল্পসহ বিভিন্ন কৃষি/অ-কৃষি উপ-খাতে পুঁজি বিনিয়োগে অক্ষম অথচ সম্ভাবনাময় গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে ঋণ প্রদানের লক্ষ্যে নিবিড় তদারকিমূলক ব্যবস্থাপনায় বিশেষ বিনিয়োগ কর্মসূচি প্রবর্তন করেছে। ব্যাংকের নির্ধারিত ২৩৬টি শাখার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ের সহায়ক জামানতবিহীন সর্বোচ্চ ০.০৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছিল। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত এ কর্মসূচিতে ৩৯৮৫০ জন উদ্যোক্তার মাঝে ১৬২৩ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে, যার বিপরীতে আদায়ের হার প্রায় শতকরা ৭৮ ভাগ। প্রদত্ত ঋণের প্রায় শতকরা ৫৮ ভাগ জামানতবিহীন ঋণ দেয়া হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় সম্পূর্ণ ঋণ মঞ্জুরীর ক্ষমতা মাঠ পর্যায়ের ন্যস্ত আছে।

### কৃষি খামার ঋণ কর্মসূচি

ক্ষুদ্র ও কৃটির শিল্প এবং মাঝারি ও বৃহদায়তনের দুগ্ধ উৎপাদন, গরু মোটাতাজাকরণ, মহিষ পালন, ছাগল পালন, হাঁস-মুরগী, মৎস্য খামার (সনাতনী, উন্নত ও আধা নিবিড়) চিংড়ি (গলদা ও বাগদা) চাষ, মৎস্য হ্যাচারি, চিংড়ি হ্যাচারি ও পোলট্রি হ্যাচারি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৯৩ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেড তদারকিমূলক কৃষিজ শিল্প ঋণ কর্মসূচি প্রবর্তন করেছে। কৃষিজ শিল্প খাতে আমিন জাতীয় খাদ্য ঘাটতি পূরণের লক্ষ্যে সম্ভাবনাময় উদ্যোক্তাদের মাঝে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন ও জাতীয় আয় বৃদ্ধিকরণই আলোচ্য কর্মসূচির মূল লক্ষ্য। উক্ত কর্মসূচির আওতায় ব্যাংক এ পর্যন্ত ১২৮টি প্রকল্পের অনুকূলে ৮০৩ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুরী দিয়েছে।

### পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি

গ্রাম অঞ্চলে হাজা-মজা জলাশয় ও পুকুর সংস্কার করে মৎস্য চাষের আওতাভুক্ত করার জন্য সহজ শর্তে ঋণ প্রদানের লক্ষ্যে পুকুরে মৎস্য চাষ ঋণ কর্মসূচি চালু রয়েছে। ক্ষুদ্র পুকুর মালিক/অংশীদারদের ঋণ সুবিধা প্রদানের জন্য বর্তমানে সারা দেশে বিশেষ গুরুত্বপূর্ণ ২০০টি শাখাকে মনোনীত করা হয়েছে। এ খাতে সর্বোচ্চ ০.০৫ মিলিয়ন টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।

### দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি

ক) দারিদ্র্য বিমোচন, প্রোটিন ঘাটতি পূরণ, বেকারত্ব দূরীকরণ, নারী সমাজের আত্মনির্ভরশীলতা অর্জন, সর্বোপরি আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে সোনালী ব্যাংক ৭ মে ২০০২ থেকে ছাগল পালন ঋণ কর্মসূচি প্রবর্তন করে। উক্ত কর্মসূচির আওতায় সোনালী ব্যাংক লিমিটেড ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ৪৬৪ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এছাড়া ১৯৯৪ সাল থেকে গ্রামীণ এলাকায় হাঁস-মুরগী পালন, দুগ্ধ খামার স্থাপন, মৎস্য চাষ, নার্সারি, গরু মোটাতাজাকরণ, ফলদ, বনজ ও লবণ চাষ ইত্যাদি বিভিন্ন প্রকল্পে দারিদ্র্য বিমোচন/আয়বর্ধক কর্মসূচিতে ঋণপ্রদান চালু করা হয়। বর্তমানে এ খাতে ৪৮৯৯ জন ঋণগ্রহীতার নিকট ব্যাংকের ৩১৬.৯ মিলিয়ন টাকা অনাদায়ী রয়েছে। অধিকতর, গ্রীন হাউস স্যাফেটি প্রতিরোধের নিমিত্তে

১৯৯৪ সালে বনায়ন খাতে ঋণদান কর্মসূচি চালু করা হয়। উক্ত খাতে এ পর্যন্ত ৭.৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে ৭৭ জন ঋণগ্রহীতার নিকট ব্যাংকের পাওনা ৭.৮ মিলিয়ন টাকা।

### খ) মাইক্রো ক্রেডিট

দারিদ্র্য বিমোচন, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ কার্যক্রমকে আরো গতিশীল ও কার্যকরভাবে পরিচালনা করার লক্ষ্যে ২০০৩ সালে মাইক্রো ক্রেডিট ডিভিশন নামে সোনালী ব্যাংক লিমিটেড-এর প্রধান কার্যালয়ে একটি পূর্ণাঙ্গ ডিভিশনের গোড়াপত্তন করা হয়। বর্তমানে মাইক্রো ক্রেডিট ডিভিশন থেকে দারিদ্র্য বিমোচনে জাতীয় পর্যায়ে বিভিন্ন ঋণ কর্মসূচিসহ সর্বমোট ৩২টি প্রকল্প/কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। উক্ত প্রকল্প/কর্মসূচিগুলোর মধ্যে ১) ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে এনজিওদের ভূমিকা অনস্বীকার্য বিবেচিত হওয়ায় এনজিও-লিংকেজ ঋণ কর্মসূচির আওতায় ক্ষুদ্র ঋণ কার্যক্রম অত্যন্ত সফলতার সাথে সারা দেশে পরিচালিত হয়ে আসছে। ইতোমধ্যে ৬৮টি এনজিওকে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ১৭৯০ মিলিয়ন টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং এ খাতে আদায়ের হার প্রায় শতকরা ১০০ ভাগ; ২) শহরাঞ্চলের মহিলাদের জন্য মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ক্রেডিট (CUMED); ৩) দেশের প্রতিবন্ধী লোকদের পুনর্বাসনের লক্ষ্যে গৃহীত প্রতিবন্ধী ঋণ কর্মসূচিও একটি স্বতন্ত্র কর্মসূচি হিসেবে পরিচালিত হয়ে আসছে; ৪) স্বনির্ভর বাংলাদেশ ও বিআরডিবি-এর মাধ্যমে পরিচালিত নানাবিধ ঋণ কর্মসূচি; ৫) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে সারা দেশে ১৫২টি উপজেলার মাধ্যমে পরিচালিত পল্লী জীবিকায়ন প্রকল্প (আরএলপি) ঋণ কর্মসূচি; ৬) মৌলভীবাজার জেলায় বাস্তবায়িত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচি-উন্মেষ; ৭) মঙ্গলকবদিত কুড়িগ্রাম জেলার জন্য এমএসএফএসসিআইপি দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে; ৮) ডিসেম্বর ২০০৭ সালে সিডার আক্রান্ত ১২টি এলাকার জন্য ২০,০০০/- টাকা পর্যন্ত জামানতবিহীন এক বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয়েছে; এবং ৯) গ্রামীণ জনগণসহ সারা দেশের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০০৪ সালে 'গ্রামীণ ক্ষুদ্র বামার ঋণ' ও 'গ্রামীণ ক্ষুদ্র ব্যবসা ঋণ' কর্মসূচি নামে ২টি ঋণ কর্মসূচি চালু করা হয়েছে। উক্ত কর্মসূচি ২টি ৫০,০০০/- টাকা পর্যন্ত সহায়ক জামানতবিহীন।

২০০৭ সাল পর্যন্ত বিভিন্ন প্রকল্প/কর্মসূচির মাধ্যমে মোট ৩২৯৯৪ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৬ সাল পর্যন্ত এর পরিমাণ ছিল ৩০৫৬৬ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৭ শেষে ক্ষুদ্র ঋণের বকেয়ার পরিমাণ ৯১৮০ মিলিয়ন টাকা।

### শ্রেণীকৃত ঋণ আদায়

৩১ ডিসেম্বর ২০০৬-এ সোনালী ব্যাংক লিমিটেডের শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল ৫৮৯০০ মিলিয়ন টাকা, যা শ্রেণীকৃত ঋণের শতকরা ২৪ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত শ্রেণীকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৬৮৬৭৭ মিলিয়ন টাকা, যা শ্রেণীকৃত ঋণের শতকরা ৩৩ ভাগ। ডিসেম্বর ২০০৭ শেষে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায়

১০০৭৫ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৪৩ ভাগ। ডিসেম্বর ২০০৮ শেষে শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২৭৪৭০ মিলিয়ন টাকা।

### শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ

১) খেলাপী ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে সুনির্দিষ্ট করে দায়িত্ব অর্পণ ও আদায়তবা অঙ্ক নির্দিষ্ট করে মাঠ পর্যায়ে দপ্তরাসেশনের মাধ্যমে নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া, প্রধান কার্যালয় হতে নির্বাহীদের মাঠ পর্যায়ে ঋণ আদায় কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা হয়েছে এবং এ ধারা অব্যাহত আছে।

২) বিধি মোতাবেক সুল মওকুফ/পুনঃ তহবিলিকরণের সুবিধা প্রদানের মাধ্যমে খেলাপী ঋণ আদায় বৃদ্ধি/নিয়মিতকরণের লক্ষ্যে সময় সময় ব্যাংক হতে বিভিন্ন নির্দেশনা জারীসহ জাতীয় দৈনিকে প্রচারের ব্যবস্থা অব্যাহত আছে।

৩) শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে অবলোপন কার্যক্রম অব্যাহত আছে। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ২৮০৩টি ঋণ হিসাবে ১১০২৪ মিলিয়ন টাকা অবলোপন করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত অবলোপনকৃত ঋণ হতে ৬১০ মিলিয়ন টাকা আদায় হয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণের লক্ষ্যে ৪টি রিকভারি এজেন্ট কর্তৃক ২৬ মিলিয়ন টাকা আদায় হয়েছে।

৪) স্বাভাবিক উপায়ে ঋণ আদায়ে বার্ষিক অর্থঋণ আদালতে খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে মামলা দায়ের করার কার্যক্রম অব্যাহত আছে। হাইকোর্টে দায়েরকৃত রিট ভ্যাকেট করার জন্য বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে।

৫) শ্রেণীকৃত ঋণের আধিক্য বিবেচনা করে ৫০টি নির্বাচিত শাখায় শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে অতিরিক্ত গুরুত্ব প্রদান করে বিশেষ পরিকল্পনা নেয়া হয়েছে। এছাড়া ২০ শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতার নিকট থেকে ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য সকল নির্বাহীকে সরাসরি সম্পৃক্ত করা হয়েছে এবং পল্লী ঋণ বিভাগে একটি পৃথক শাখা গঠন করা হয়েছে।

৬) শ্রেণীকৃত ঋণ আদায়ের অন্যান্য কৌশলের মধ্যে Meet the Borrower Programme, ঋণমেলার আয়োজন, স্টাফ কলেজে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ঋণ আদায় ও ঋণ আদায় সংক্রান্ত আইন বিষয়ক ন্যূনতম দুটি ক্লাস গ্রহণের ব্যবস্থা নেয়া হয়েছে। উপগ্রন্থ, শাখার কর্মকর্তা/কর্মচারীপণ ঋণ আদায়ের বিষয়াদি যাতে দৈনন্দিন কাজের অংশ বিবেচনা করে সে বিষয়ে উদ্বুদ্ধকরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ২০০৮ সালেও এ কার্যক্রম অব্যাহত আছে।

৭) সকল নিয়ন্ত্রণকারী কার্যালয় ও শাখায় শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে টাঙ্কফোর্স গঠন করা হয়েছে। প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন শাখাগুলোর মধ্যে যে ৩টি (তিন) শাখায় শ্রেণীকৃত ঋণের পরিমাণ বেশি সে ৩টি শাখার শ্রেণীকৃত ঋণ আদায়ের জন্য পিও/আরও প্রধানদেরকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রতি মাসে ঋণ আদায়ের সার্বিক অবস্থা পর্যালোচনা করে দিক নির্দেশনাসহ প্রত্যেক কর্পোরেট শাখা/আঞ্চলিক কার্যালয়/প্রিন্সিপাল

অফিস প্রধানদেরকে নিয়মিত ফলোআপ/মূল্যায়নপত্র দেয়া হচ্ছে।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৭ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৪ ডাণ্ড্রাস পেয়ে ২০৬৩৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৭ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য, চলতি মূলধন অর্থায়ন, নির্মাণ, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ২০৯৯০ মিলিয়ন, ৩৪০১৯ মিলিয়ন, ৭৮০১৬ মিলিয়ন, ৩৯৫৩৬ মিলিয়ন, ২০১৮ মিলিয়ন, ১৩৯৮ মিলিয়ন এবং ১০৭ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৩১১৭ মিলিয়ন টাকা। সোনালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

### সোনালী ব্যাংকের কম্পিউটারায়ন কার্যক্রম

আধুনিক এবং প্রতিযোগিতামূলক ব্যাংকিং প্রেক্ষাপটের সাথে সঙ্গতি

রেখে চলার জন্য কম্পিউটার প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। ১৯৮৯ সাল হতে সোনালী ব্যাংক লিমিটেডের কম্পিউটারায়ন কার্যক্রম শুরু হয়। ব্যাংকের নিজস্ব প্রোগ্রামার দ্বারা প্রধান কার্যালয় পর্যায়ে আন্তঃশাখা লেনদেনের সমন্বয়, ঋণ শ্রেণীকরণ কার্যক্রম, NRAI হিসাবগুলোর মাসিক বিবরণী প্রণয়ন, কর্মকর্তা/কর্মচারীর মাসিক বেতন/ভাতাদি, সরকারি হিসাব শাখার উপাত্ত প্রক্রিয়াকরণ, সকল কর্মকর্তা/কর্মচারীর প্রতিভেন্ট ফান্ড হিসাব সংরক্ষণ, পার্সোনেল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম, CIB-এর তথ্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ, স্পেশাল রিকভারি সেল-এর উপাত্ত প্রক্রিয়াকরণ, বৈদেশিক মুদ্রা লেনদেন বিবরণী, বৈদেশিক মুদ্রা বিনিময় হার, নিকাশ ঘরের কার্যক্রম এবং NOSTRO & VOSTRO Accounts, সফরপত্র সংক্রান্ত কার্যক্রম প্রভৃতি কম্পিউটারায়নের ব্যবস্থা করা হয়েছে।

ব্যাংকের কেন্দ্রীয় MIS, লিগ্যাল ম্যাটার্স ডিভিশনের কার্যক্রম, যানবাহন বিভাগের কার্যক্রম, কমন সার্ভিস ডিভিশনের ইনভেন্টরি সফটওয়্যার, শাখা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রদান, পল্টী ঋণ বিভাগের মাসিক প্রতিবেদন, রমনা শাখায় বেনাভোলেন্ট ফান্ড, কেন্দ্রীয় হিসাব বিভাগের বার্ষিক সমাপনী প্রতিবেদন এবং পেনশন

সূদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খসড়া মেয়াদি	স্থির মেয়াদি (DPS-15%, SDPS-8%-10%)	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৪.০০-৬.০০	২.৫০ - ৩.৫০	৫.২৫-৮.০০	৫.৪২	২.০০ - ১৬.০০	১১-১৩	১৪.০০	১০.৬২
২০০৭	৫.০০-৬.৫০	৩.৫০	৭.০০-৮.৫০	৫.৯৯	২.০০ -১২.৫০	১১-১৩	১৪.০০	১০.৬৩
৩১ মার্চ ২০০৮(সাময়িক)	৫.০০-৬.৫০	৩.৫০	৭.৫০- ৮.৫০	৬.২৪	২.০০ -১২.৫০	১১-১৩	১৪.০০	১০.৫৯
৩০ জুন ২০০৮(প্রাক্কলিত)	৫.০০ -৬.৫০	৩.৫০	৭.৫০- ৮.৫০	৬.২৪	২.০০-১২.৫০	১১-১৩	১৪.০০	১০.৫৯

পেমেন্ট সিস্টেম-এর সফটওয়্যার আইটি বিভাগীয় প্রোগ্রামারগণ দ্বারা প্রণয়ন করে সংশ্লিষ্ট বিভাগীয়/শাখার কম্পিউটারে ইনস্টল করা হয়েছে এবং পরীক্ষামূলকভাবে পরিচালনা/ব্যবহৃত হচ্ছে।

শাখা কম্পিউটারায়ন কার্যক্রমের আওতায় ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেডের ১৩৫টি শাখার ব্যাংকিং কার্যক্রম কম্পিউটারায়ন করা হয়েছে। বর্তমানে আরও ২০০টি ছোট ও মাঝারি আকারের শাখা কম্পিউটারায়নের লক্ষ্যে প্রথম পর্যায়ে ১০০টি শাখা কম্পিউটারায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে, যার মধ্যে ১১টি শাখায় operation শুরু হয়েছে এবং বাকি শাখায় কম্পিউটারায়ন প্রক্রিয়াধীন রয়েছে। ব্যাংকে ৪৫টি গুরুত্বপূর্ণ শাখায় অনলাইন রিয়েল টাইম ব্যাংকিং সিস্টেম বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া অর্থ মন্ত্রণালয়ের অধীন আইডিএ ক্রেডিট নং-৩৯১৭ বিডি-এর আওতায় ১২৫টি শাখায় কম্পিউটারায়নের প্রক্রিয়া চলছে।

এ পর্যন্ত প্রধান কার্যালয়সহ ব্যাংকের ২১টি শাখাকে SWIFT নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ব্যাংকের আইটি বিভাগ কর্তৃক SWIFT ব্যবস্থায় প্রাপ্ত রেমিট্যান্স সরাসরি প্রেরণ সংক্রান্ত সফটওয়্যার প্রণয়ন করে তা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ, নিয়ন্ত্রক কার্যালয় (GMO/PO/RO), কর্পোরেট শাখা এবং অন্যান্য শাখাসহ কম-বেশি ১৫০টি বিভাগ/শাখা/কার্যালয়ে ইন্টারনেট সংযোগ নেয়া হয়েছে।

ইলেকট্রনিক পদ্ধতিতে আন্তর্জাতিকীয় বিভিন্ন প্রকার রেমিট্যান্স যেমন- টিটি, ডিডি, টিআরএ ইত্যাদি ইস্যু/পেমেন্ট/সংশ্লিষ্ট লেনদেন ও তা সমন্বয়ের লক্ষ্যে ব্যাংকের ৩০০টি গুরুত্বপূর্ণ শাখায় ইনস্ট্যান্ট ফিন্যান্সিয়াল রিকনসিলিয়েশন অ্যান্ড ম্যাসেজিং সিস্টেম (IFRMS) চালু করা হয়েছে। সরকারি লেনদেনের উপাত্ত সম্পর্কিত রিপোর্ট প্রিন্টিং অফিস ও আঞ্চলিক কার্যালয় থেকে WAN এবং ই-মেইলের মাধ্যমে যথাক্রমে প্রধান কার্যালয়ের সরকারি হিসাব ও সার্ভিসেস ডিভিশন এবং সমন্বয় বিভাগে প্রেরণের সিস্টেম চালু করা হয়েছে।

জুন ২০০৬ মাস হতে সোনালী ব্যাংক লিমিটেডের স্থানীয় কার্যালয়ে দু'টি ক্যাশ ডিসপেনসার/ATM কার্যক্রম চালু রয়েছে। এছাড়া রমনা কর্পোরেট শাখায় পরীক্ষামূলকভাবে ATM কার্যক্রম জানুয়ারি ২০০৮ থেকে চালু করা হয়েছে।

### সংস্কার কর্মসূচি

সোনালী ব্যাংক লিমিটেড-এ উত্তম ব্যাংকিং ব্যবস্থার প্রবর্তন (Sound Banking Practice), ব্যাংকটিকে অধিকতর লাভজনক (Profitable) প্রতিষ্ঠানে উন্নীতকরণ ও ব্যাংকিং কার্যক্রমকে যুগোপযোগী করার জন্য Enterprise Growth and Bank Modernization Project (EGBMP)-এর আওতায় পরামর্শকদের সুপারিশ মোতাবেক ব্যাংকিং কর্মকাণ্ড নিম্নোক্ত ৮টি মডিউলে বিভক্ত করা হয়েছে।

১) Credit Management (ঋণ ব্যবস্থাপনা), ২) Risk Management (ঝুঁকি ব্যবস্থাপনা), ৩) Human Resource Management & Training (মানব সম্পদ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ), ৪) MIS & Information Technology (তথ্য ব্যবস্থাপনা ও তথ্য প্রযুক্তি), ৫) Accounting (হিসাব), ৬) Internal Audit (অভ্যন্তরীণ নিরীক্ষা), ৭) Treasury (ট্রেজারি) এবং ৮) Branch Management (শাখা ব্যবস্থাপনা)।

প্রতিটি মডিউল-এর জন্য একটি ফোকাস গ্রুপ গঠন করা হয়েছে। ফোকাস গ্রুপ-এর সুপারিশমালা সিয়ারিং কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা বাস্তবায়ন করা হয়।

বাংলাদেশ ব্যাংক-এর Core Risk Management সংক্রান্ত গাইড লাইনের আলোকে মূল ঝুঁকি বিবেচনা করে প্রধান কার্যালয়ের বিভাগগুলোর নাম পরিবর্তনসহ কার্যপ্রক্রিয়া পুনর্বিব্যাঙ্গের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সোনালী ব্যাংক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হওয়ার প্রেক্ষিতে ব্যাংকের সার্বিক সংস্কার কর্মকাণ্ড গতিশীল করার লক্ষ্যে ব্যাংকের প্রশাসনিক ও ব্যবস্থাপনার যুগোপযোগী পুনর্বিব্যাঙ্গকরণের পন্থা উদ্ভাবনের জন্য বিভিন্ন কমিটি, টাস্কফোর্স, টিম কাজ করে চলেছে।

সোনালী ব্যাংক লিমিটেড-এর বিগত দিনের অর্জিত সাফল্যের স্বীকৃতি স্বরূপ জাতীয় পর্যায়ের পাশাপাশি আন্তর্জাতিক পরিমণ্ডলেও সোনালী ব্যাংক লিমিটেডের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে, যার স্বীকৃতি স্বরূপ ১২ জুন ২০০৭ তারিখে সিঙ্গাপুর ভিত্তিক Assian Financial Journal "THE ASSIAN BANKER" সোনালী ব্যাংক লিমিটেড-কে The Best Retail Bank in Bangladesh 2006 হিসেবে পুরস্কৃত করেছে। বর্তমান ব্যাংক ব্যবস্থাপনার দক্ষতা এবং প্রতিটি কর্মকর্তা/কর্মচারীর নিরলস শ্রম ও একনিষ্ঠভাবে দায়িত্ব পালনের ফলেই এ অর্জন ও ক্রমাগত সফলতা অব্যাহত রাখা সম্ভব হয়েছে এবং এ প্রচেষ্টা সামনের দিনগুলোতে আরও জোরদার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### সুদের হার

২০০৭ সালে সরকার ঘোষিত সুদনীতির সাথে সামঞ্জস্য রেখে সোনালী ব্যাংক লিমিটেড ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসঙ্গত পর্যায়ে আনয়ন এবং আমানতের সুদের হার সুসমকরণ করেছে। ৩১ মার্চ ২০০৮ সালে কৃষিভিত্তিক ঋণকে উৎসাহিত করার লক্ষ্যে সুদের হার শতকরা ২.০-১২.৫ ভাগ এবং শিল্প ও সেবা ঋণে উৎসাহিত বৃদ্ধির লক্ষ্যে এ ঋণে সুদের হার যথাক্রমে শতকরা ১১.০-১৩.০ ভাগ এবং শতকরা ১৪.০ ভাগ করা হয়েছে। সোনালী ব্যাংক লিমিটেড-এর আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

## জনতা ব্যাংক লিমিটেড

জনতা ব্যাংক লিমিটেড দেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ অধ্যাদেশ (রাষ্ট্রপতির আদেশ-২৬) অনুযায়ী তৎকালীন ইউনাইটেড ব্যাংক লিমিটেড ও ইউনিয়ন ব্যাংক লিমিটেড-এর সমন্বয়ে জনতা ব্যাংক গঠিত হয়। রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকগুলোর সংস্কারের লক্ষ্যে সরকার ২০০৪-'০৫ সালে Enterprise Growth and Bank Modernization Project হাতে নেয়। উক্ত সংস্কার কর্মসূচির আওতায় এবং বিদ্যমান কোম্পানি আইন মোতাবেক 'জনতা ব্যাংক লিমিটেড' কোম্পানি গঠন করে জনতা ব্যাংকের বাবস্থাপনা উক্ত কোম্পানির নিকট হস্তান্তর করা হয়। ১৫ নভেম্বর ২০০৭ তারিখ হতে জনতা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রম শুরু হয়েছে। ২০০৭ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৫৯৪ মিলিয়ন টাকা এবং ২১০ মিলিয়ন টাকা। ২০০৭ সাল শেষে ৪টি বৈদেশিক

শাখাসহ বর্তমানে ব্যাংকের মোট শাখার সংখ্যা ৮৪৮টি। এর মধ্যে, শহরায়তলে ৪৩৭টি এবং পল্লী অঞ্চলে ৪০৭টি। বিদেশী শাখাগুলো সংযুক্ত আরব আমীরাতের আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইনে অবস্থিত। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে এ ব্যাংকের বিদেশী প্রতिसংগী (Correspondents) রয়েছে ১১৯৮টি।

২০০৭ সাল শেষে ব্যাংকের মোট জনশক্তি দাঁড়ায় ১৩৮৫৯ জন, যার মধ্যে ৭৩০৩ জন কর্মকর্তা ও ৬৫৫৬ জন কর্মচারী। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০০৭ সালে ১৯০টি কোর্স পরিচালনার মাধ্যমে মোট ৪১৩০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০০৭ সালে দেশে-বিদেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনারে ১৯৩ জন নির্বাহী ও কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। বিগত বছরের সাফল্যের উপর ভিত্তি করে বর্তমান বছরে ব্যাংকটিকে আরও উন্নততর পর্যায়ে এগিয়ে নেয়ার জন্য ইতোমধ্যে ২০০৮ সালের কর্মকৌশল



জনতা ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি বস্ত্র শিল্প কারখানা।

গ্রহণ করা হয়েছে। ২০০৭ সালে ব্যাংকের ওরুন্তুপূর্ণ খাতগুলোর প্রায় সকল ক্ষেত্রেই ব্যবসায়িক অর্জন/সাফল্য বৃদ্ধি পেয়েছে। এ বছর রেকর্ড পরিমাণ প্রায় ৫৪০৯ মিলিয়ন টাকা মুনাফা অর্জিত হয়েছে, যা ব্যাংকের সূচনালব্ধ থেকে সর্বোচ্চ।

### আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

২০০৭ সালে জনতা ব্যাংক লিমিটেডের আমানত ২০০৬ সালের তুলনায় ১৫৩৬৮ মিলিয়ন টাকা বা শতকরা ৮.৫ ভাগ বৃদ্ধি পেয়ে ১৯৬৭৫৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ২০০৬ সাল শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ দাঁড়িয়েছিল ১৩৮৪৯২ মিলিয়ন টাকায়। এমওইউ (MOU)-এর বাধ্যবাধকতা এবং বিপিসি-এর দায় ২৫৫৭০ মিলিয়ন টাকা বড় ইস্যুর মাধ্যমে সমন্বয় করার ফলে ২০০৭ সাল শেষে মোট ঋণ স্থিতি উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়ে ১২১২০৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৭ সাল শেষে মোট বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের ২৪৭৪৯ মিলিয়ন টাকার তুলনায় বৃদ্ধি পেয়ে ৫৫৮২১ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বৃহদাংক ঋণ প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ এবং ব্যাংকের মাধ্যমে বিপিসি-এর আমদানি ৪৪৭৪০ মিলিয়ন

টাকা হ্রাস পাওয়ায় ২০০৭ সালে ব্যাংকের আমদানি ব্যবসা পূর্ববর্তী বছরের তুলনায় ৪৪৮৫৫ মিলিয়ন টাকা হ্রাস পেয়েছে। ২০০৭ সালে রপ্তানি ব্যবসার পরিমাণ দাঁড়ায় ৭১৮৫৫ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৯৫৬ মিলিয়ন টাকা (শতকরা ১ ভাগ) বেশি। রেমিট্যান্সের পরিমাণ ২০০৬ সালের তুলনায় ২০০৭ সালে ৭৫২১ মিলিয়ন টাকা (শতকরা ২৬ ভাগ) বৃদ্ধি পেয়ে ৩৬৭৮৮ মিলিয়ন টাকায় উন্নীত হয়। প্রবাসী বাংলাদেশীদের কস্টার্জিত অর্থ বৈধ পথে ক্রম ও নিরাপদে দেশে তাদের পরিবার ও আত্মীয়-স্বজনদের নিকট প্রেরণের সুবিধার্থে ইতালির রোম ও মিলানে জনতা এক্সচেঞ্জ কোম্পানি এস.আর.এল (SRI.) নামে জনতা ব্যাংক লিমিটেডের ১০০% মালিকানাধীন একটি পূর্ণাঙ্গ সহযোগী প্রতিষ্ঠান অত্যন্ত সূচুভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জনতা ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেখানো হলো।

### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে জনতা ব্যাংক লিমিটেড ৫৭০৯৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ৪৫৯০৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। পূর্ববর্তী বছরে

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৫৯৪	২৫৯৪	২৫৯৪	২৫৯৪
৩।	রিজার্ভ ফান্ড	২১০	২১০	২১০	২১০
৪।	আমানত	১৮১৩৮৭	১৯৬৭৫৫	২০১৬৭৪	২০৬৫৯৩
	ক) তলবি	২১৪৩৯	২৫৫৯১	২৬২৩১	২৬৮৭১
	খ) মেয়াদি	১৫৯৯৪৮	১৭১১৬৪	১৭৫৪৪৩	১৭৯৭২২
৫।	ঋণ ও অগ্রিম	১৩৮৪৯২	১২১২০৪	১২৪২৩৪	১২৭২৬৪
৬।	বিনিয়োগ	২৪৭৪৯	৫৫৮২১	৫৭২১৭	৫৮৬১৩
৭।	মোট পরিসম্পদ	২১২৬৬৩	২৩৪৫৬৭	২৩৮৮০৭	২৪০২৫৮
৮।	মোট আয়	১৬২৭২	১৮৮৭৭	৫১৯২	১০৪৪৪
৯।	মোট ব্যয়	১২০৫৮	১৩৫৬০	৩৫৭৫	৭০৩০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচলনা	২২৯০৭৮	১৯২৭০৮	৫১৫৮৯	১০২২০০
	ক) রপ্তানি	৭০৮৯৪	৭১৮৫৫	১৮৩৮৮	৩৬০০০
	খ) আমদানি	১২৮৯১৭	৮৪০৬৫	২৩৬৩৪	৪৭০০০
	গ) রেমিট্যান্স	২৯২৬৭	৩৬৭৮৮	৯৫৬৭	১৯২০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৫০০১	১৩৮৫৯	১৩৬১৮	১৩২৩৪
	ক) কর্মকর্তা	৭৬৬৯	৭৩০৩	৭১১৯	৬৮৩৮
	খ) কর্মচারী	৭৩৩২	৬৫৫৬	৬৪৯৯	৬৩৯৬
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১১৯৮	১১৯৮	১১৯৮	১১৯৮
১৩।	শাখা (সংখ্যায়)	৮৪৮	৮৪৮	৮৪৮	৮৪৮
	ক) বাংলাদেশে	৮৪৮	৮৪৮	৮৪৮	৮৪৮
	খ) বিদেশে	৪	৪	৪	৪

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬	বিতরণ আদায়	৩৮২৫ ৩৫৮০	১৩০৬ ১৬০৪	১৩৬২ ৭৫০	২৬৬৮ ২৩৫৪	৬৪৭৫১ ৫০৩৬৪	৭১২৪৪ ৫৬২৯৮
২০০৭	বিতরণ আদায়	৩০৫৭ ২৫০৩	৮২৫ ৮১০	১১৮০ ৯১৩	২০০৫ ১৭২৩	৫২০৩১ ৪১৬৭৮	৫৭০৯৩ ৪৫৯০৪
৩১ মার্চ ২০০৮ *	বিতরণ আদায়	১১৭৫ ৮১৬	৩০১ ২০১	৩৪০ ২৩৯	৬৪১ ৪৪০	১৮০১৫ ১৭৫২৩	১৯৮৩১ ১৮৭৭৯
৩০ জুন ২০০৮ **	বিতরণ আদায়	২৭৫০ ১৮০০	৫২০ ৪৬০	৬০৫ ৫১০	১১২৫ ৯৭০	৩১৯৯৩ ৩২৯৮৬	৩৫৮৬৮ ৩৫৭৫৬

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৭১২৪৪ মিলিয়ন টাকা ও ৫৬২৯৮ মিলিয়ন টাকা। অলোচ্য বছরে কৃষি ও শিল্প খাতে যথাক্রমে ৩০৫৭ মিলিয়ন টাকা এবং ২০০৫ মিলিয়ন টাকা বিতরণ করা হয়। পূর্ববর্তী বছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ৩৮২৫ মিলিয়ন টাকা ও ২৬৬৮ মিলিয়ন টাকা। জনতা ব্যাংক লিমিটেডের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২-এ দেখানো হলো।

**শিল্প ঋণ মঞ্জুরী**

দেশের শিল্পায়নে জনতা ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে। ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত জনতা ব্যাংক লিমিটেড ৪৯টি শিল্প প্রকল্পের জন্য মোট ২৯০৫৪ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ব্যাংকটির ক্রমপূর্ণীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ২৫৮০৪ মিলিয়ন টাকা, যার মধ্যে ২৫২৫৪ মিলিয়ন টাকা বা শতকরা ৯৮ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৫৫০ মিলিয়ন টাকা বা শতকরা ২ ভাগ মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। জনতা ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ প্রদত্ত হলো।

**আইসিডি কার্যক্রম**

জনতা ব্যাংক লিমিটেড শিল্প ঋণ বিজ্ঞানের মাধ্যমে যেসব খাতে অর্থায়ন করে থাকে সেগুলো নিম্নরূপ :

১) বস্ত্র (স্থানীয় ও রপ্তানিমুখী), ২) খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ৩) পশু খাদ্য, ৪) অবকাঠামো উন্নয়ন, ৫) পেপার, ৬) চিকিৎসা (হাসপাতাল ও ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি), ৭) ভারী ইঞ্জিনিয়ারিং শিল্প, ৮) তথ্য প্রযুক্তি ও টেলিকমিউনিকেশন, ৯) বিদ্যুৎ উৎপাদন, ১০) সার, ১১) চামড়া ও ১২) সিমেন্ট।

**এসএমই কার্যক্রম**

২০০৭ সালে জনতা ব্যাংক এসএমই কার্যক্রমের আওতায় নিম্নবর্ণিত পদক্ষেপগুলো গ্রহণ করে।

- \* পরিবেশ দূষণ রক্ষার্থে তেল-এর বিকল্প জ্বালানি প্রাকৃতিক গ্যাস নির্ভর সিএনজি স্টেশন স্থাপনে ঋণ সহায়তা প্রদান।
- \* বেকার সমস্যা সমাধানে দেশের শিক্ষিত বেকার যুবকদের কর্মসংস্থানের লক্ষ্যে সঙ্কটনাময় খাত হিসেবে সফটওয়্যার রপ্তানির নিমিত্তে সর্বপ্রথম অর্থায়ন।
- \* কৃষিভিত্তিক, রপ্তানিমুখী ও সহায়ক শিল্পে অগ্রাধিকার ভিত্তিতে অর্থায়নের মাধ্যমে দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে বিশেষ ভূমিকা গ্রহণ। এ বছর ৩ধু কৃষিভিত্তিক শিল্পে ১৪১ মিলিয়ন টাকা অর্থায়ন করা হয়েছে।

**অন্যান্য বিশেষ ঋণ কর্মসূচি****পল্লী ঋণ ও মাইক্রো এন্টারপ্রাইজ অ্যান্ড স্পেশাল প্রোগ্রাম**

জনতা ব্যাংক ৫৫৫টি শাখার মাধ্যমে ১২৯৯টি ইউনিয়নে বিভিন্ন মৌসুমী ফসল উৎপাদন, মৎস্য চাষ, হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, হার্টিকালচার ইত্যাদি কৃষি খাতে সরাসরি ঋণ প্রদান করেছে। পল্লী ঋণের আওতায় সকল স্তরের গ্রামীণ জনগোষ্ঠী খাতে সহজ শর্তে ঋণ সুবিধা পায় সেদিকে লক্ষ্য রেখে ব্যাংকের ঋণ নীতিমালা পুনর্বিদ্যায়ন করা হয়েছে। পল্লী এলাকায় কৃষি ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ২০০৭ সালে ৫৮৭০ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয় এবং এর বিপরীতে ৩৩৭৮ মিলিয়ন টাকার ঋণ বিতরণ করা হয়। এ প্রোগ্রামের আওতায় ব্যাংক নিম্নোক্ত কর্মসূচি চালু রয়েছে।

ক. দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান : ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক

উন্নয়ন প্রকল্প, স্বনির্ভর ঋণ কর্মসূচি, সমবায় ঋণ প্রকল্প, বহুমুখী ঋণ কর্মসূচি, ঘরোয়া/পরিবার ভিত্তিক ক্ষুদ্র ঋণ, শস্য ওদাম ঋণ প্রকল্প, প্রান্তিক ও ক্ষুদ্র খামার ঋণ কর্মসূচি।

খ. বিশেষায়িত ঋণ কর্মসূচি : মূল চাষ ও বাজারজাতকরণ ঋণ, বনজ ও ভেষজ উদ্ভিদের নার্সারী ঋণ, প্রতিবন্ধীদের জন্য ঋণ, নিবিড় পদ্ধতিতে ভূট্টা চাষ ঋণ, চাকরিজীবীদের জন্য ঋণ, উন্নতজাতের গাভী পালন ঋণ, ছাগল ও ভেড়া পালন ঋণ।

গ. উদ্যোক্তা উন্নয়ন ঋণ কর্মসূচি : মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ, সাইবার ক্যাফে ঋণ, ডক্টরস ঋণ, ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন ঋণ।

ঘ. কৃষিভিত্তিক শিল্প ঋণ কর্মসূচি : হাঁস-মুরগী, মৎস্য ও দুগ্ধ খামার এবং হ্যাচারি ঋণ, আধানিবিড় পদ্ধতিতে চিংড়ি চাষ, গবাদি পশু মোটাজাকরণ, পশু খাদ্য তৈরি কারখানা, খাদ্য প্রক্রিয়াকরণ, বিশেষায়িত হিমাগার স্থাপন।

বন্যা ও সিডর পরবর্তী পুনর্বাসন কর্মসূচির অংশ হিসেবে কৃষি ঋণ কার্যক্রম

২০০৭ সালে বন্যাগ্রস্তের ও ভয়াবহ ঘূর্ণিঝড় 'সিডর' কবলিত অঞ্চলে ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঘূর্ণিঝড় পূর্ববর্তী সময়ে প্রদত্ত কৃষি/পল্লী ঋণের অনাদায়ী ও আদায়যোগ্য পাওনা (খেলাপী/শ্রেণীকৃতসহ) ডাউন পেমেন্ট ব্যতিরেকে পরবর্তী দু'বছরের জন্য পুনঃতফসিলিকরণসহ নতুন ঋণ প্রদানের নিমিত্তে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, ক্ষতিগ্রস্ত এলাকার কৃষকদের সহায়তার জন্য বিভিন্ন এনজিও-এর মাধ্যমে কৃষি/পল্লী খাতে ১২৫০ মিলিয়ন টাকা এবং আয়বর্ধনকারী কর্মকাণ্ডে অতিরিক্ত ১৩০০ মিলিয়ন টাকাসহ মোট ২৫৫০ মিলিয়ন টাকা ব্যয় করা হয়েছে।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

জনতা ব্যাংকের উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৭ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), ব্যবসা-বাণিজ্য, চলতি মূলধন অর্থায়ন, নির্মাণ, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ৬২২২ মিলিয়ন টাকা, ১৪৪১৮ মিলিয়ন টাকা, ৪৯৬৫৩ মিলিয়ন টাকা, ২৭৩৫১ মিলিয়ন টাকা, ৮৪৫ মিলিয়ন টাকা, ৮৬৭ মিলিয়ন টাকা এবং ৪০ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ১৯৯৮ মিলিয়ন টাকা। জনতা ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

### কম্পিউটারাইজেশন/তথ্য প্রযুক্তির ব্যবহার

১৯৯০ সাল হতে জনতা ব্যাংকের শাখা কম্পিউটারাইজেশন কার্যক্রম শুরু হয়। ইতোমধ্যে দেশে ব্যাংকের গুরুত্বপূর্ণ শাখাসহ মোট ১৩৫টি শাখার কার্যক্রম লোকাল এরিয়া নেটওয়ার্কের (LAN) মাধ্যমে কম্পিউটারাইজেশনের আওতায় আনা হয়েছে। সংযুক্ত আরব আমিরাতসহ (UAE) আবুধাবী, দুবাই, শারজাহ ও আল-আইন-এ ব্যাংকের ৪ টি (চার) শাখায় গ্রাহকদের সম্পূর্ণ কম্পিউটারাইজড ও অন-লাইন ব্যাংকিং সার্ভিস প্রদান করা হচ্ছে। বর্তমানে ব্যাংকে একটি IT Investment Plan বলবৎ আছে। এ পরিকল্পনায় মোট ২৩৯টি গুরুত্বপূর্ণ শাখাকে পর্যায়ক্রমে On-Line Banking-এর আওতায় আনা হবে। এ ব্যাংকে প্রবর্তিত Ready Cash Card (Debit Card)-এর সাহায্যে ২০০০ সাল থেকে গ্রাহকরা Shopping & Utility Bill

ঋণ মঞ্জুরী		শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে		প্রকল্প সংখ্যা পরিমাণ	৭৯৪ ২৫২৫৪	৩৮৬০ ৫৫০ ৪৬৫৪ ২৫৮০৪
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত		প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৯ ২৯০৫৪	- - ৪৯ ২৯০৫৪
ক্রমপঞ্জীকৃতঃ ৩১ মার্চ ২০০৮ তারিখে		প্রকল্প সংখ্যা পরিমাণ	৪৬৭৩ ২৫৭৬৮	- ৫৫০ ৪৬৭৩ ২৫৭৬৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮ *		প্রকল্প সংখ্যা পরিমাণ	১৬ ৬০৫	- - ১৬ ৬০৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত**		প্রকল্প সংখ্যা পরিমাণ	৩৪ ১৩০৮	- - ৩৪ ১৩০৮

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

Payment-এর সুবিধা ভোগ করে আসছে। বর্তমানে ব্যাংকে Credit Card ও ATM Card দুটোই চালু আছে গ্রাহকরা নিজেদের শাখাসহ দেশের অন্যান্য বাণিজ্যিক ব্যাংকে ক্যশথ্রফ Q-Cash Consortium-এর আওতায় মোট ১৪১টি বুথ ও প্রায় সহস্রাধিক POS (Point Of Sales)-এ ATM ও Credit Card সেবা পাচ্ছে।

ইতালিহু রোম ও মিলানে অবস্থিত এ ব্যাংকের মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠানে জনতা এক্সচেঞ্জ কোম্পানি হতে বাংলাদেশের যে কোনো ব্যাংকের শাখায় প্রাপকের হিসাবে সর্বোচ্চ ৭২ ঘণ্টার মধ্যে অর্থ জমা করার লক্ষ্যে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) ব্যবস্থা চালু রয়েছে। এছাড়াও World Link Money Transfer.S.A- 'Greece'-এর সাথেও

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ক্ষণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৬১৮২ ৪৯৯৮ ১০৪৪ ১৩২ ৮	৬২২২ ৫৩০৮ ৭৮২ ১২৪ ৮	৬২৫৩ ৫৩২৭ ৭৮৫ ১৩৩ ৮	৬২৩১ ৫৩১৯ ৭৭৬ ১২৮ ৮
২।	শিল্প (চলতি মূলধনে অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১৫৭০৮ ১১৩০৬ ৪৪০২	১৪৪৮৮ ১০৭৮৫ ৩৭০৩	১৭৬৮০ ১৩৮৮০ ৩৮০০	১৫০১০ ১১০০০ ৪০১০
৩।	চলতি মূলধনে অর্থাৎ	৩১৩৭১	২৭৩৫১	২৮৫০৮	২৭৯০০
৪।	নির্মাণ	১৮২০	৮৪৫	৮৭০	৯১০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	৮৬৭	৮৮৯	৯০০
৬।	পরিবহন ও যোগাযোগ	১৮	৪০	৭৯	৯৫
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল/রেস্তোরাঁ	৬১৪৩৯ ১১৭৬২ ১৫৩৭৫ ৩৪৩০২ -	৪৯৬৫৩ ১৪১৬০ ১৮৫৩৭ ১৬৯৫৬ -	৪৭৬৩০ ১০৮৩০ ১৯৫৬০ ১৭২৪০ -	৫৬৫০০ ১৮০০০ ২০০০০ ১৮৫০০ -
৮।	দাবিদা হ্রাসকরণ	২০১৬	১৯৯৮	২১৫০	২১০০
৯।	অন্যান্য	১৯৯৩৮	১৯৭৪০	২০১৭৫	১৭৬১৮
	সর্বমোট	১৩৮৪৯২	১২১২০৪	১২৪২৩৪	১২৭২৬৪

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ক্ষণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বন্ধ মেয়াদি হিসাব	ফির মেয়াদি সর্বোচ্চ	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৫-৬	৩.৫০	৭-১৫	৪.৫২	২-১০	১০-১২.৫০	১৩-১৫	৮.৬৭
২০০৭	৫-৬	৩.৫০	৭-১৫	৪.৭১	২-১০	১০-১২.৫০	১৩-১৫	১১.২১
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৫-৬	৩.৫০	৭-১৫	৪.৭৫	২-১০	১০-১২.৫০	১৩-১৫	১১.০৫
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	৬.০০	৩.৫০	৯.৫০	৪.৯০	২-১০	১০-১২.৫০	১৩-১৫	১১.০৯

EFT পদ্ধতি চালু আছে। অন্যান্য এক্সচেঞ্জ কোম্পানির সাথেও EFT পদ্ধতির মাধ্যমে অন্তর্মুখী বৈদেশিক রেমিট্যান্স আনার লক্ষ্যে তৎপরতা চলছে। ইতালিতে অবস্থিত জনতা এক্সচেঞ্জ কোম্পানি ইতোমধ্যে একই Software ব্যবহার করে শ্রীলংকায় রেমিট্যান্সের কার্যক্রম বাস্তবায়ন করেছে। ফরেন রেমিট্যান্সসহ ফরেন এক্সচেঞ্জ ব্যবসা সহজীকরণ ও আধুনিকীকরণের লক্ষ্যে ইতোমধ্যে দেশে-বিদেশে মোট ১৭টি শাখায় SWIFT ব্যবস্থা চালু করা হয়েছে। ২০০০ সাল থেকে

ব্যাংকের নিজস্ব ওয়েবসাইট [www.janatabank-bd.com](http://www.janatabank-bd.com) চালু আছে।

### সুদের হার

জনতা ব্যাংক লিমিটেডের ২০০৮ সালের মার্চ শেষে কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ২-১০ ভাগ, ১০-১২.৫ ভাগ এবং ১৩-১৫ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারসি-৫-এ দেয়া হলো।

## অগ্রণী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ সরকার ও ব্যাংকের মধ্যে সম্পাদিত ভেতর চুক্তির মাধ্যমে অগ্রণী ব্যাংক লিমিটেড ১৫ নভেম্বর ২০০৭ থেকে দেশের অন্যতম বৃহত্তম পাবলিক লিমিটেড কোম্পানি রূপে নতুন অভিযাত্রা শুরু করেছে। পরিবর্তিত পরিস্থিতিতে নতুন উৎসাহ ও অঙ্গীকার নিয়ে দেশের শিল্প-কারখানা, ব্যবসা-বাণিজ্য ও গ্রামীণ অর্থনীতিকে টেকসই ভিতের ওপর দাঁড় করানোর জন্য অগ্রণী ব্যাংক লিমিটেড সকল উদ্যোগ অব্যাহত রেখেছে। অগ্রণী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে ৮০০০ মিলিয়ন টাকা, ২৪৮৪ মিলিয়ন টাকা এবং ৮৪ মিলিয়ন টাকা। সাত জন পরিচালকের সমন্বয়ে গঠিত পরিচালনা পর্ষদ ব্যাংকের সামগ্রিক নীতি নির্ধারণ করে থাকেন। ডিসেম্বর ২০০৭ পর্যন্ত সমগ্র দেশব্যাপী ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ৮৬৬টি। এর মধ্যে ৪৬১টি শাখা শহরকেন্দ্রিক ও অবশিষ্ট ৪০৫টি শাখা গ্রামাঞ্চলিক। বিদেশী প্রতিসংগী

ব্যাংকের সংখ্যা ৪১৬টি। ব্যাংকের সর্বমোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১১৩৪৫ জন, এর মধ্যে ৬৩৫৮ জন কর্মকর্তা এবং ৪৯৮৭ জন কর্মচারী। এছাড়া World Bank Enterprise Growth and Bank Modernization Project-এর আওতায় প্রধান কার্যালয়ের স্বপ্ন, নিরীক্ষা, তথ্য প্রযুক্তি এবং কেন্দ্রীয় হিসাব বিভাগগুলোতে জনকরি ভিত্তিতে মহাব্যবস্থাপকের পদ-মর্যাদায় কনসালট্যান্ট এবং একজন সার্বক্ষণিক আইন কর্মকর্তা নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

অগ্রণী ব্যাংক লিমিটেড মানব সম্পদকে সর্বশ্রেষ্ঠ সম্পদ হিসেবে গণ্য করে। মানব সম্পদের সার্বিক উন্নয়ন ও পূর্ণাঙ্গ ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা ও কাজের গুণগত মান উৎকর্ষের লক্ষ্যে ২৪ ডিসেম্বর ১৯৭৬ সালে অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) প্রতিষ্ঠিত হয়। এখানে ৮ মে ২০০৪ সালে ৩০টি আধুনিক কম্পিউটারসজ্জিত একটি কম্পিউটার ল্যাব স্থাপিত হয়। এ ল্যাব-এ এক সংগে ৩০ জন



অগ্রণী ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত উন্নত মানের ইট তৈরির প্রকল্প।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৮০০০	৮০০০	৮০০০	৮০০০
২।	পরিশোধিত মূলধন	২৪৮৪	২৪৮৪	২৪৮৪	২৪৮৪
৩।	রিজার্ভ ফান্ড	২৯২	৮৪	৮৪	৮৪
৪।	আমানত	১২৬৬০২	১৩২৮৫৫	১৩৪৪১৮	১৩৫৯৮১
	ক) তলবি আমানত	৭০৪৫১	৭৬৪০৪	৭৭৮৯২	৭৯৩৮০
	খ) মেয়াদি আমানত	৫৬১৫১	৫৬৪৫১	৫৬৫২৬	৫৬৬০১
৫।	ঋণ ও অগ্রিম	১০৫৮৬৯	১১৮৫০০	১২১৬৫৮	১২৪৮১৫
৬।	বিনিয়োগ	২২৩০৬	২২১৯৯	২২১৭২	২২১৪৫
৭।	মোট পরিসম্পদ	১৫৪০৮০	১৮৫৭৩৯	১৯৩৬৫৩	২০১৫৬৮
৮।	মোট আয়	১২৩৩১	১৩৬৮১	১৪০১৮	১৪৩৫৫
৯।	মোট ব্যয়	৮৭৫০	৮৪২০	৮৩৩৭	৮২৫৫
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২০৬৯৩৩	২০৪৮৬৪	৫৫৮০৭	১০৮২৯০
	ক) রপ্তানি	৫১৭১৩	৪৮৯১৯	১২০৫৪	২৪২৫০
	খ) আমদানি	১১৫৯২৪	১১৩৪৩১	৩০৬৮৭	৬৩০০০
	গ) রেমিট্যান্স	৩৯২৯৬	৪২৫১৪	১৩০৬৬	২১০৪০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১১৭৯৩	১১৩৪৫	১১১৮০	১১১০৫
	ক) কর্মকর্তা	৬৪৯০	৬৩৫৮	৬২১৮	৬১৪৮
	খ) কর্মচারী	৫৩০৩	৪৯৮৭	৪৯৬২	৪৯৫৭
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৪১০	৪১৬	৪১৬	৪১৮
১৩।	শাখা (সংখ্যায়)	৮৬৪	৮৬৬	৮৬৬	৮৬৯
	ক) বাংলাদেশে	৮৬৪	৮৬৬	৮৬৬	৮৬৯
	খ) বিদেশে	-	-	-	-

প্রশিক্ষণার্থী তাত্ত্বিক জ্ঞান অন্বেষণের পাশাপাশি কম্পিউটার পরিচালনার খুঁটিনাটি বিষয়ে হাতে-কলমে শিক্ষালাভ করতে পারেন। ১৯৭৭ থেকে ২০০৭ সাল পর্যন্ত মোট ১৪৬০টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালায় মাধ্যমে সর্বমোট ৪৬৮৮০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০০৭ সালে ৬৭টি কোর্স ও কর্মশালায় মাধ্যমে মোট ২০৬৯ জন কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ লাভ করেন ও ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত ১৮টি কোর্সে ৫৮৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

ব্যাংকের স্বাভাবিক কর্মপ্রবাহে গতি সঞ্চারণের লক্ষ্যে এবিটিআই ২০০৭ সালে কিছু নতুন নতুন কোর্সসহ বিভিন্ন চাহিদাভিত্তিক প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার আয়োজন করে। এবিটিআই কর্তৃক আয়োজিত কোর্সগুলো ছাড়াও ব্যাংক ২৯৮ জন নির্বাহী/কর্মকর্তাকে দেশের বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিভিন্ন কোর্সে অংশ নেয়ার জন্য প্রেরণ করেন। এছাড়াও আলোচ্য বছরে বিভিন্ন বিদেশী আর্থিক প্রতিষ্ঠানের আমন্ত্রণের প্রেক্ষিতে আধুনিক ব্যাংকিং সম্বন্ধে জ্ঞান অর্জনের লক্ষ্যে ব্যাংকের ১৬ জন নির্বাহী/কর্মকর্তা বিদেশিক প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

২০০৭ সালের ডিসেম্বর শেষে অগ্রণী ব্যাংক লিমিটেডের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ১৩২৮৫৫ মিলিয়ন টাকা। এর মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ৭৬৪০৪ এবং ৫৬৪৫১ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৭ শেষে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১১৮৫০০ মিলিয়ন টাকা এবং ১০২৩৭ মিলিয়ন টাকা ঋণ আদায় করে। ডিসেম্বর ২০০৭ শেষে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ ছিল ২২১৯৯ মিলিয়ন টাকা। ডিসেম্বর ২০০৭ শেষে ব্যাংকের মোট বৈদেশিক ব্যবসার পরিমাণ ২০০৬ সালের ২০৬৯৩৩ মিলিয়ন টাকার তুলনায় হ্রাস পেয়ে দাঁড়ায় ২০৪৮৬৪ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ৪৮৯১৯ মিলিয়ন টাকা, ১১৩৪৩১ মিলিয়ন টাকা ও ৪২৫১৪ মিলিয়ন টাকা।

বিদেশে কর্মরত বাংলাদেশীদের আত্মীয়-স্বজন বা তাদের মনোনীত প্রতিনিধি দেশে প্রেরিত রেমিট্যান্স-এর অর্থ যাতে স্বল্পতম সময়ে এবং সহজে পেতে পারেন সে লক্ষ্যে অগ্রণী ব্যাংক লিমিটেড মধ্যপ্রাচ্যে এবং

উপসাপরীয় অঞ্চলের ৬টি ব্যাংক ও ২৪টি এক্সচেঞ্জ হাউসের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে দেশে সরাসরি টাকা পাঠানোর ব্যবস্থা গ্রহণ করেছে। ৩১ জানুয়ারি ২০০২ তারিখে সিঙ্গাপুরে অগ্রণী এক্সচেঞ্জ হাউস প্রাঃ লিমিটেড নামে একটি এক্সচেঞ্জ হাউস খোলা হয়, যার মাধ্যমে ২০০৭ সালে প্রায় ৩৯৮১ মিলিয়ন টাকা বাংলাদেশে রেমিট্যান্স হিসেবে প্রেরিত হয়। এছাড়া ২১ জানুয়ারি ২০০৪ তারিখে ভূমিপুত্র কমার্স ব্যাংক, বারহাদ, কুয়ালালামপুর, মালয়েশিয়ার সাথে মালয়েশিয়া হতে রেমিট্যান্স আহরণের নিমিত্তে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে এবং ১৫ মার্চ ২০০৪ তারিখ হতে অদ্যাবধি ভূমিপুত্র কমার্স ব্যাংকের মাধ্যমে মালয়েশিয়া হতে রেমিট্যান্স প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। সম্প্রতি মালয়েশিয়ার কুয়ালালামপুরে কর্মরত বাংলাদেশীদের অর্থ দ্রুত প্রেরণের লক্ষ্যে অগ্রণী রেমিট্যান্স হাউস-এ এসডিএম, বিএইচডি চালু করা হয়েছে। এর মাধ্যমে ২০০৭ সালে প্রায় ৭৬০ মিলিয়ন টাকার রেমিট্যান্স প্রেরিত হয়েছে। উল্লেখ্য, সরকার ঘোষিত নীতিমালার সাথে সঙ্গতি রেখে রেমিট্যান্সের অন্তর্ভুক্তি প্রবাহ বৃদ্ধিসহ নিরাপদে ও দ্রুততম সময়ে গ্রাহক বা বেনিফিশিয়ারীদের হিসাবে টাকা জমাকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

#### খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ঋণের মোট বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৪১২৫৭ মিলিয়ন টাকা ও ১০২৩৭ মিলিয়ন টাকা। বিতরণকৃত ঋণের মধ্যে কৃষি ঋণ ছিল ৯৬৯ মিলিয়ন টাকা, শিল্প ঋণ ছিল ১৩৪২ মিলিয়ন টাকা ও অন্যান্য ঋণ ছিল ৩৮৯৪৬ মিলিয়ন টাকা। এর বিপরীতে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১২০৩ মিলিয়ন টাকা, ১৪৮৯ মিলিয়ন টাকা ও ৭৫৪৫

মিলিয়ন টাকা। ব্যাংকের খাতভিত্তিক ঋণের বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

#### শিল্প ঋণ মঞ্জুরী

দেশের শিল্পায়নে অগ্রণী ব্যাংক লিমিটেড অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকারভিত্তিক খাতসমূহের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ৩১ ডিসেম্বর ২০০৭ সাল পর্যন্ত অগ্রণী ব্যাংক লিমিটেড-এর ৩৫১৫টি প্রকল্পের জন্য ক্রমপুঞ্জীভূত ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ৩০২৭৮ মিলিয়ন টাকা। এর মধ্যে কেবল ২০০৭ সালে ২৭৭টি প্রকল্পের অনুকূলে ২১৩৭ মিলিয়ন টাকা মঞ্জুর হয়েছে। মোট শিল্প ঋণের মধ্যে ব্যাংকের নিজস্ব তহবিল হতে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ ছিল ২৯১৬৬ মিলিয়ন টাকা এবং বৈদেশিক ঋণ কর্মসূচির আওতায় মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ ছিল ১১১২ মিলিয়ন টাকা। শিল্প খাতে ব্যাংক প্রদত্ত ঋণের মধ্যে শতকরা ৪৭ ভাগ দেয়া হয়েছে বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৫৩ ভাগ দেয়া হয়েছে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। সরকার ঘোষিত অগ্রাধিকার খাতসহ শিল্পের গুরুত্বপূর্ণ ৪৪টি উপ-খাতে ব্যাংক অর্থায়ন করেছে। ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩-এ দেয়া হলো।

#### অন্যান্য কর্মসূচি

##### দারিদ্র্য বিমোচন কর্মসূচি

অগ্রণী ব্যাংক ১৯৭৭ সাল থেকে সরকারের নীতিমালার আলোকে পল্লী এলাকার বিপুল জনগোষ্ঠীকে দেশের অর্থনীতির মূল শ্রোতধারার সাথে সম্পৃক্তকরণপূর্বক গ্রামীণ অর্থনীতিকে গতিশীল ও উজ্জীবিতকরণসহ দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ৩৬টি কর্মসূচি/প্রকল্পের মাধ্যমে ৭টি এনজিওসহ মোট ৩৫৭৫০৪৩ জন উদ্যোক্তাকে মোট ২৭৯৮৬

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিষয়	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য ঋণ	সর্বমোট ঋণ	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬							
বিতরণ	৮৯০	১৭৩২	৬৩৪	২৩৬৬	৩৭০০৬	৪০২৬২	
আদায়	৮৭৭	১৩৩২	২৬৬	১৫৯৮	৮৪৯৯	১০৯৭৪	
২০০৭							
বিতরণ	৯৬৯	৯০৪	৪৩৮	১৩৪২	৩৮৯৪৬	৪১২৫৭	
আদায়	১২০৩	১২৬৮	২২১	১৪৮৯	৭৫৪৫	১০২৩৭	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	৮৩০	১৪৬	১৭৯	৩২৫	২০৫৪৩	২১৬৯৮	
আদায়	৭৩১	১৮২	১০৬	২৮৮	৯৮০৬	১০৮২৫	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	১১০৭	৫২৮	৩২৭	৮৫৫	২৭৬৩৪	২৯৫৯৬	
আদায়	৯৭৫	৪২২	১৮০	৬০২	১২৪২৬	১৪০০৩	

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট	
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮৬ ১৪১৯৯	৩৪২৯ ১৬০৭৯	৩৫১৫ ৩০২৭৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৯ ১২৯৮	২৬৮ ৮৩৯	২৭৭ ২১৩৭
ক্রমপঞ্জীভূতঃ ৩১ মার্চ ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮৭ ১৪৩০১	৩৪৪১ ১৬৪১১	৩৫২৮ ৩০৭১২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১ ১০২	১২ ৩৩২	১৩ ৪৩৪
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৪ ৬২০	২৫ ৫৩১	২৯ ১১৫১

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং এ সকল খাতে আদায়ের হার সন্তোষজনক ।

এছাড়াও অগ্রণী ব্যাংক লিমিটেড মাইক্রো এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট (মেডু) অনুবিভাগকে এসএমই ও মাইক্রো ক্রেডিট বিভাগ নামে একটি পূর্ণাঙ্গ বিভাগে রূপান্তর করে দারিদ্র্য বিমোচনে জোরালো পদক্ষেপ গ্রহণ করেছে, এর মাধ্যমে ১৯৯৫ সাল থেকে অগ্রণী ব্যাংক লিমিটেড ও ইফান-এর যৌথ উদ্যোগে এমপ্রয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি) প্রকল্পটি দক্ষতার সাথে পরিচালিত হয়ে আসছে । পরবর্তীতে জুলাই ২০০০ থেকে বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে অন্যান্য ৩টি সরকারি বাণিজ্যিক ব্যাংকের সাথে প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি চালু করেছে । বর্তমানে এ বিভাগের আওতাধীনে দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্র ব্যবসা সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এনজিওদের ঋণদানসহ ১৪টি ক্ষুদ্র ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে । এর মধ্যে উল্লেখযোগ্য ৩টি কর্মসূচি নিম্নরূপঃ

**এমপ্রয়মেন্ট জেনারেশন প্রজেক্ট ফর দি রুরাল পুওর (ইজিপিআরপি)**

ইফান ও অগ্রণী ব্যাংকের অর্থায়নে ১৯৯৫-৯৬ সাল থেকে জুন ২০০০ সাল পর্যন্ত ইজিপিআরপি প্রকল্পটি বাস্তবায়িত হয় । প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় তা বর্তমানে ব্যাংকের নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে । মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিই হলো এই কর্মসূচির উদ্দেশ্য । প্রকল্পের আওতায় জামানতবিহীন ৭৫০০০ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০০০০০ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয় ।

এছাড়া এর আওতায় এনজিওদেরও ঋণ দেয়া হয়ে থাকে । ডিসেম্বর ২০০৭ পর্যন্ত এ প্রকল্পের মাধ্যমে ৫৩৫৯২ জন উদ্যোক্তাকে মোট ৪০৫৯ মিলিয়ন টাকা ঋণ দেয়া হয়েছে । বিতরণকৃত ঋণের বিপরীতে এ পর্যন্ত আদায় হয়েছে ৩৩৮১ মিলিয়ন টাকা । পঞ্জীভূত ঋণ আদায়ের হার শতকরা ৯৭ ভাগ ।

**প্রতিবন্ধীদের উন্নয়নে বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচি**

বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে ২০০৩ সালে বিশেষ ঋণ কর্মসূচি চালু করা হয় । প্রতিবন্ধীদের স্বাক্ষরী এবং সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মূল শ্রোতব্যরায় সম্পৃক্ত করার লক্ষ্যে সরকার প্রণীত এ ঋণ কর্মসূচিটি অগ্রণী ব্যাংক লিমিটেডের উদ্যোগে বাস্তবায়ন করা হচ্ছে । শারীরিকভাবে পশু কিন্তু বুদ্ধিমান ও ব্যবসায় ক্ষেত্রে পারদর্শী প্রতিবন্ধীরা এককভাবে বা পরিবারের কোনো যোগ্য সদস্যের সাথে যৌক্তভাবে এ ঋণ গ্রহণ করতে পারেন । ডিসেম্বর ২০০৭ পর্যন্ত এ খাতে মোট ঋণ বিতরণ করা হয়েছে ২১ মিলিয়ন টাকা এবং আদায় করা হয়েছে ১৫ মিলিয়ন টাকা । পঞ্জীভূত আদায়ের হার শতকরা ৭৬ ভাগ ।

**মহিলাদের ঋণদান কর্মসূচি**

মহিলাদেরকে সমাজে আর্থিকভাবে প্রতিষ্ঠিত করা এবং তাদের স্বনির্ভর করার লক্ষ্যে ১৯৯৭ সালে ব্যাংকের নিজস্ব অর্থায়নে এ কর্মসূচি শুরু করা হয় । একজন মহিলা সর্বোচ্চ ৫০০০০ টাকা ঋণ পেয়ে থাকেন । ডিসেম্বর ২০০৭ পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয় ১৯ মিলিয়ন টাকা এবং আদায় করা হয় ১৪ মিলিয়ন । পঞ্জীভূত আদায়ের হার শতকরা ৮৮ ভাগ ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক খণ্ডের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৬০০৪ ৪৫৫৭ ৭৭০ ৬৭৫ ২	৫৮৮৩ ৪৫৯৫ ৮১৪ ৪৭২ ২	৬৩০৮ ৪৯৯০ ৮৪৭ ৪৬৮ ২	৬৩৭৮ ৪৯৯৮ ৮৯৫ ৪৮৩ ২
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও ক্ষুদ্র	২৩৩০৫ ১১৩৭৯ ১১৯২৬	২৩০৭৯ ১১১৫১ ১১৯২৮	২৩৫৪৪ ১১৩১৮ ১২২২৬	২৩৮০৪ ১১৪৮৮ ১২৩১৬
৩।	চলতি মূলধন অর্থাৎ	২১৯১৫	২২৪২০	২২৬৩৫	২২৭৭৮
৪।	নির্মাণ	৫৯৬৫	৭২০৯	৭৬৮৮	৭৮৭০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	০	০	০
৬।	পরিবহন ও যোগাযোগ	৭২৪	৭৯৪	৮০১	৮৪৮
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি/খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	১২১৬৭ ৫১৭২ ২৭৩৬ ৩৮৫৩ ৪০৬	১৩১০৭ ৫৫৫৬ ২৪৫৮ ৪৬৫৮ ৪৩৫	১৩৬৪১ ৫৯৩৯ ২৫৪৬ ৪৭০২ ৪৫৪	১৪০৪৬ ৬০৩০ ২৬৫৪ ৪৮৯৮ ৪৬৪
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	৩৩২১	৩৩৯৫	৩৬৬৬	৩৭১০
৯।	অন্যান্য	৩২৪৬৮	৪২৬১৩	৪৩৩৭৬	৪৫৩৮১
	সর্বমোট	১০৫৮৬৯	১১৮৫০০	১২১৬৫৮	১২৪৮১৫

ফিমেল সেকেন্ডারি স্কুল অ্যাসিসট্যান্ট প্রজেক্ট  
(এফএসএসএপি)-II

বিশ্ব ব্যাংকের তত্ত্বাবধানে ও আঞ্চলিক উন্নয়ন সংস্থার অর্থায়নে নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ১৯৯৪ সাল থেকে পরিচালিত ফিমেল সেকেন্ডারি স্কুল অ্যাসিসট্যান্ট প্রজেক্ট নামের এ প্রকল্পের আওতায় ১১৯টি ধান্যধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ করা হচ্ছে। ২০০৭ সালে ৬.৭৩ লাখ ছাত্রীর মধ্যে প্রায় ৫২০ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট (এফএসএসপি)

নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সরকারের অর্থায়নে পরিচালিত ফিমেল সেকেন্ডারি স্টাইপেন্ড প্রজেক্ট-এর আওতায় ঢাকা বিভাগের ৬২টি উপজেলাধীন ৬৪ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ২.৮৭ লাখ ছাত্রীর মধ্যে অগ্রণী ব্যাংকের ৯০টি শাখার মাধ্যমে নির্ধারিত হারে উপ-বৃত্তি ও টিউশন ফি বিতরণ করা হচ্ছে। ২০০৭ সালে বিতরণকৃত অর্থের পরিমাণ প্রায় ২১৮ মিলিয়ন টাকা।

ফিমেল এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (এফইএসপি)

নারী শিক্ষার হার বৃদ্ধির জন্য নোরাড-এর অর্থায়নে পরিচালিত ফিমেল এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট নামে আরও একটি প্রকল্পের আওতায় ২০০৬ সালে ১৯টি উপজেলার ০.৭৩ লাখ ছাত্রীর উপ-বৃত্তি ও টিউশন ফি বাবদ ২৭ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে। ২০০৭ সালে বরাদ্দকৃত অর্থও এ প্রকল্পের মাধ্যমে বিতরণ করা হয়।

গ্রাইমারি এডুকেশন স্টাইপেন্ড প্রজেক্ট (পিইএসপি)

প্রাথমিক স্তর থেকে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিক শিক্ষার জন্য উপ-বৃত্তি প্রকল্পের আওতায় ২০০৭ সালে ৪৫৯ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়, এর মধ্যে ৫৩টি উপজেলায় অবস্থিত ৫২টি শাখার মাধ্যমে ৫.০৩ লাখ ছাত্রীর মধ্যে ৪৪৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)

উচ্চ মাধ্যমিক পর্যায়ে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে হায়ার সেকেন্ডারি ফিমেল স্টাইপেন্ড প্রজেক্ট (এইচএসএফএসপি)-এর আওতায় ২০০৭ সালে ১৪৯৮ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়, এর মধ্যে ১৩৭টি

উপজেলার ১১৩টি শাখার মাধ্যমে ০.৮৮ লাখ ছাত্রীর মধ্যে ১৪০৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

### সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি)

উচ্চ মাধ্যমিক পর্যায়ে নারী শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি)-এর আওতায় ২০০৭ সালে ২৪৫ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয়, এর মধ্যে ৫৩টি উপজেলার ৪৪টি শাখার মাধ্যমে ২২৯ মিলিয়ন টাকা বিতরণ করা হয়।

### বিবিধ কর্মসূচি

২০০৭ সালে বয়স্ক ভাতা কার্যক্রমের আওতায় প্রায় ৭১৩ মিলিয়ন টাকা বরাদ্দ দেয়া হয়, যা অত্র ব্যাংকের প্রায় ৫০০ শাখার মাধ্যমে বিতরণ কার্যক্রম সম্পাদনের পদক্ষেপ নেয়া হয়। ঢাকা বিভাগের আওতাধীন বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতাদিও এ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। এছাড়া মুক্তিযোদ্ধা সন্মানী ভাতা, অবসরপ্রাপ্ত সামরিক ও সরকারি কর্মকর্তাদের পেনশন প্রদান ও সরকারের অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহ বাবদ মূল্য পরিশোধ কার্যক্রমও এ ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয়।

এছাড়া ব্যাংকের নিয়মিত কর্মচারীদের চাঁদার ভিত্তিতে অগ্রণী ব্যাংক লিমিটেড কর্মচারী কল্যাণ তহবিল ট্রাস্ট গঠন করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ব্যাংকে চাকরিরত অবস্থায় মারা যাওয়া কর্মচারীর পোষাদের আর্থিক সহায়তা ও অন্যান্য কল্যাণমূলক কার্যক্রমে সাহায্য প্রদানের উদ্দেশ্যে এ তহবিল গঠিত হলেও বর্তমানে এ ট্রাস্টের কার্যক্রমকে আরও সম্প্রসারিত করে অবসরকালীন অনুদান, চাকরিরত অবস্থায় অসুস্থতাজনিত অগ্রিম প্রদান এবং কর্মচারীদের সন্তানদের স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য মেধা বৃত্তি প্রদান করা হয়। এ তহবিল হতে ২০০৭ সালে চিকিৎসা বাবদ ২.০৬ মিলিয়ন টাকা অগ্রিম প্রদান করা হয়েছে এবং ৩৭৭ জন কর্মকর্তা/কর্মচারীর পোষাদের এসএসসি/এইচএসসিতে বিশেষ ফলাফলের জন্যে কল্যাণ তহবিল হতে ১.৬৬ মিলিয়ন টাকা মেধা বৃত্তি প্রদানের বিষয়টি বর্তমানে প্রতিবাহীন আছে।

### শ্রেণীকৃত ও মেয়াদোত্তীর্ণ ঋণ (অবলোপনসহ)

২০০৭ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড শ্রেণীকৃত ঋণ বাবদ ৬১১৭ মিলিয়ন টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঋণ বাবদ ৪১২০ মিলিয়ন টাকা আদায়/নিয়মিতকরণ করেছে, যা লক্ষ্যমাত্রার তুলনায় যথাক্রমে শতকরা ৬১ ভাগ ও শতকরা ৯৪ ভাগ।

সুদের হার (শতকরা হার)									সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান				
	সঞ্চয়ী হিসাব	বয়স মেয়াদি	স্থির মেয়াদি	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)	
২০০৬	৪.০০	৩.২৫	৭.০০-৮.৫০	৪.৩৮	৮.০০	১২.০০-১৪.০০	১৪.০০	৯.৫৩	
২০০৭	৪.০০	৩.২৫	৭.০০-৮.৫০	৪.২৮	৮.০০	১২.০০-১৪.০০	১৪.০০	৯.১৮	
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৪.০০	৩.২৫	৭.০০-৮.৫০	৪.১৪	৮.০০	১২.০০-১৪.০০	১৪.০০	৯.৪৮	
৩০ জুন ২০০৮ (প্রাক্কিত)	৪.০০	৩.২৫	৭.০০-৮.৫০	৪.১৪	৮.০০	১২.০০-১৪.০০	১৪.০০	৯.৪৮	

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

অগ্রণী ব্যাংক লিমিটেডের ২০০৭ সালের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি দাঁড়ায়: কৃষি, মৎস্য ও বনায়ন খাতে ৫৮৮৩ মিলিয়ন টাকা; শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) খাতে ২৩০৭৯ মিলিয়ন টাকা; চলতি মূলধন অর্থায়ন খাতে ২২৪২০ মিলিয়ন টাকা; নির্মাণ খাতে ৭২০৯ মিলিয়ন টাকা; পরিবহন ও যোগাযোগ খাতে ৭৯৪ মিলিয়ন টাকা এবং ব্যবসা-বাণিজ্য খাতে ১৩১০৭ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন খাতে ঋণের স্থিতি ছিল ৩৩৯৫ মিলিয়ন টাকা। ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

### গ্রাহক সেবা উন্নয়নে কম্পিউটার প্রযুক্তির ভূমিকা

অগ্রণী ব্যাংক লিমিটেড-এর যাবতীয় কার্যাবলী দক্ষতা ও দ্রুততার সাথে কম্পিউটারের মাধ্যমে সম্পাদন করার অভিপ্রায়ে তথ্য প্রযুক্তি বিভাগ দীর্ঘদিন ধরে নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে আসছে। কম্পিউটারাইজেশন যেহেতু একটি চলমান প্রক্রিয়া, সেহেতু অসীম লক্ষ্য অর্জনের জন্য তথ্য প্রযুক্তি বিভাগ নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে দেশব্যাপী ৫২টি আঞ্চলিক কার্যালয় ও ২৪১টি শাখায় কম্পিউটারায়নকৃত ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে। এর মধ্যে

ঢাকা শহরে ৮টি ও চট্টগ্রামে ১টিসহ মোট ৯টি শাখায় তথ্য ও প্রযুক্তি বিভাগ উদ্ভাবিত মিডরেঞ্জ কম্পিউটারভিত্তিক পূর্ণাঙ্গ ব্যাংকিং সফটওয়্যার অগ্রণী সলিউশন চালু রয়েছে। ২০০২ সালের শেষ ভাগে ব্যাংক কর্তৃক এর [www.agranibank.org](http://www.agranibank.org) নামে একটি ওয়েবসাইট খোলা হয়, যাতে ব্যাংকিং সংক্রান্ত হাল-নাগাদ তথ্যাদি তাৎক্ষণিকভাবে জেনে নেয়া যায়। ২০০২ সালে E-Cash নামে এটিএম ব্যবস্থা চালু করা হয়, যা গ্রাহক সেবার ক্ষেত্রে একটি নতুন মাত্রা যোগ করে। এর মাধ্যমে ২৪ ঘণ্টা নগদ টাকা তোলা ও বিভিন্ন সেবা সংস্থার সব ধরনের পরিসেবা বিল পরিশোধ করার সুযোগ পাচ্ছেন গ্রাহকবৃন্দ। এটি একটি Shared ব্যবস্থা, যার সাথে সম্পৃক্ত রয়েছে ৮টি সদস্য ব্যাংক। এ সমন্বিত ব্যবস্থাদ্বীনে সদস্য ব্যাংকের একজন কার্ড হোল্ডার E-Cash Brand-এর যে কোনো একটি এটিএম বুথ থেকে উন্মুক্ত পরিসেবা গ্রহণ করতে পারেন, দিনরাতের যে-কোনও সময়ে।

### সুদের হার

সরকার ঘোষিত সুদনীতির সাথে সামঞ্জস্য রেখে অগ্রণী ব্যাংক লিমিটেড ঋণ প্রদানে সুদের হারকে যুক্তিসঙ্গত পর্যায়ে রেখেছে এবং আমানতের সুদের হার সুসমকরণ করেছে। বিভিন্ন প্রকার সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

## রূপালী ব্যাংক লিমিটেড\*

১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৬ নম্বর আদেশ বলে পাকিস্তান আমলের মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এবং অস্ট্রেলেশিয়া ব্যাংক লিঃ-কে জাতীয়করণের মাধ্যমে রূপালী ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। অতঃপর ১৯৮৬ সালের ১৪ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আদেশ নং-অম/অবি/বিকে-৩/৩৩/৮৬/৩৬১ অনুসারে ব্যাংকটি রূপালী ব্যাংক লিঃ হিসেবে কার্যক্রম পরিচালনা করছে এবং এতে সরকারি ও বেসরকারি শেয়ারের অনুপাত নির্ধারণ করা হয় ৫১ : ৪৯। ২০০৭ সালের ডিসেম্বর শেষে রূপালী ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৭০০০ মিলিয়ন টাকা ও ১২৫০ মিলিয়ন টাকা এবং ১০৬৬ মিলিয়ন টাকা। পরিশোধিত

মূলধনে সরকারি ও বেসরকারি শেয়ারের পরিমাণ যথাক্রমে শতকরা ৯৩ ভাগ এবং শতকরা ৭ ভাগ। ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে দেশের অভ্যন্তরে ব্যাংকের মোট শাখার সংখ্যা ছিল ৪৯২টি, যার মধ্যে ২৭২ টি শাখা শহর অঞ্চলে এবং বাকি ২২০টি পল্লী অঞ্চলে অবস্থিত। পাকিস্তানের করাচীস্থ একমাত্র বৈদেশিক শাখাটি ২০০৬ সালে পাকিস্তানের একটি সিকিউরিটি কোম্পানি মেসার্স আরিফ হাবিব সিকিউরিটিজ লিঃ-এর সাথে জয়েন্ট ভেঞ্চার ব্যাংক হিসেবে ইতোমধ্যে ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। ব্যাংকটির নাম হয়েছে “আরিফ হাবিব রূপালী ব্যাংক লিঃ” এবং এ ব্যাংকে রূপালী ব্যাংক লিঃ-এর শতকরা ২২ ভাগ শেয়ার রয়েছে। এছাড়া বিদেশী প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ১৬২টি। ২০০৭



রূপালী ব্যাংক লিমিটেড-এর আর্থিক সহযোগিতায় প্রতিষ্ঠিত একটি কোল্ড-রোল্ড স্টীল মিল।

\* রূপালী ব্যাংক লিমিটেড-এর সরকারি শেয়ার ও বেসরকারি শেয়ার যথাক্রমে শতকরা ৫১ ভাগ ও শতকরা ৪৯ ভাগ হওয়া সত্ত্বেও একে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (SOCBs) হিসেবে অভিহিত করা হয়।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৭০০০	৭০০০	৭০০০	৭০০০
২।	পরিশোধিত মূলধন	১২৫০	১২৫০	১২৫০	১২৫০
৩।	রিজার্ভ	৯৯৪	১০৬৬	১০৬৬	১০৬৬
৪।	আমানত	৬৭৮৩২	৭২৮০৯	৬৮৭২৫	৭৬৩০৯
	ক) তলবি অমানত	১২০১৪	১৪৮৮২	১২১১৫	১৫২৬২
	খ) মেয়াদি অমানত	৫৫৮১৮	৫৭৯২৭	৫৬৬১০	৬১০৪৭
৫।	ঋণ ও অগ্রিম	৪৫৭১০	৪৭০৮০	৪৭০০৪	৪৮২৫৭
৬।	বিনিয়োগ	১২০৬৮	১৪০৯১	১৪০৯১	১৫৩৫০
৭।	মোট পরিসম্পদ	৭৬২৪১	৮১৯২৩	৮২১১০	৮২২০৯
৮।	মোট আয়	৪৮৩৮	১০৭৩২	২২৯৯	৫৫৯৮
৯।	মোট ব্যয়	৪৫৮৩	১০৩৬৯	২৭০৯	৫২২৩
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩৯৮৪৯	৪৫১৫১	১১২৯৭	২২৫৬৪
	ক) রপ্তানি	৬৯৫৯	৬৩৯৯	১৬১০	৩১৮৯
	খ) আমদানি	১৪৮৪০	১৯৮৫৭	৪৯৬৪	৯৯২৮
	গ) রেমিট্যান্স	১৮০৫০	১৮৮৯৫	৪৭২৩	৯৪৪৭
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৭৫৩	৪৪৩০	৪৩৩৫	৪২৮৫
	ক) কর্মকর্তা	৩০০৬	২৭৪৯	২৬৬৮	২৬২৫
	খ) কর্মচারী	১৭৪৭	১৬৮১	১৬৬৭	১৬৬০
১২।	বৈদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	১৬০	১৬২	১৬২	১৬২
১৩।	শাখা (সংখ্যায়)	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	ক) বাংলাদেশে	৪৯২	৪৯২	৪৯২	৪৯২
	খ) বিদেশে	০	০	০	০

\* মূল্যতকি হিসাবে রক্ষিত সুদ বাদে।

সাল শেষে ব্যাংকটির মোট জনসম্পদের সংখ্যা দাঁড়ায় ৪৪৩০ জন, যার মধ্যে কর্মকর্তার সংখ্যা ২৭৪৯ জন এবং কর্মচারীর সংখ্যা ১৬৮১ জন।

## আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক মুদ্রা ব্যবসা

৩১ ডিসেম্বর ২০০৭-এ রূপালী ব্যাংকের মোট আমানতের পরিমাণ (মূল্যতকি হিসাবে রক্ষিত সুদ বাদে) দাঁড়ায় ৭২৮০৯ মিলিয়ন টাকা, যা ২০০৬ সালের তুলনায় ৪৯৭৭ মিলিয়ন টাকা বা শতকরা ৭ ভাগ বেশি। ৩১ ডিসেম্বর ২০০৭-এ রূপালী ব্যাংক লিঃ-এর ঋণের স্থিতি দাঁড়ায় ৪৭০৮০ মিলিয়ন টাকায়, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩ ভাগ বৃদ্ধি পেয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭-এ ব্যাংকের বিনিয়োগের পরিমাণ পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৭ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৪০৯১ মিলিয়ন টাকায়। ২০০৭ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসায়ের পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪৫১৫১ মিলিয়ন টাকায়, যার মধ্যে আমদানি, রপ্তানি ও রেমিট্যান্সের পরিমাণ ছিল যথাক্রমে ১৯৮৫৭ মিলিয়ন টাকা, ৬৩৯৯ মিলিয়ন টাকা ও ১৮৮৯৫ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকের রপ্তানির পরিমাণ কমলেও

আমদানি ও রেমিট্যান্সের প্রবৃদ্ধি ছিল যথাক্রমে শতকরা ৩৪ ভাগ ও শতকরা ৫ ভাগ। ২০০৭ সালে ব্যাংকটি ৩৭৪ মিলিয়ন টাকা পরিচালনগত মুনাফা অর্জন করেছে।

২০০৬ সালে ব্যাংকটির কম্পিউটারাইজড শাখা ও ওয়ানস্টপ শাখার সংখ্যা ছিল যথাক্রমে ৬০টি ও ২৭টি; যা ২০০৭ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ৭০টি ও ৫৩টিতে। ২০০৯ সালের মধ্যে আরও ৬৫টি শাখা কম্পিউটারাইজড করার পরিকল্পনা রয়েছে। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণবিত্তিক ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে রূপালী ব্যাংক লিমিটেড সর্বমোট ৭১০১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ এবং ১৮১৪ মিলিয়ন টাকা ঋণ আদায় করেছে। ২০০৬ সালে রূপালী ব্যাংকের মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৩০২ মিলিয়ন টাকা ও ৩২৩০ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ঋণবিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, বিতরণকৃত ঋণের মধ্যে ছিল ১৯৫ মিলিয়ন টাকা কৃষি

সারণি-২						
খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬						
বিতরণ	১৮৬	৭১	৫১১	৫৮২	৫৩৪	১৩০২
আদায়	১৮৭	৭৭২	২১০৭	২৮৭৯	১৬৪	৩২৩০
২০০৭						
বিতরণ	১৯৫	০	৫৭৬১	৫৭৬১	১১৪৫	৭১০১
আদায়	২১৩	৪৭০	৪৬৯	৯৩৯	৬৬২	১৮১৪
৩১ মার্চ ২০০৮*						
বিতরণ	৬৫	৫১	১২৮৯	১৩৪০	২৪৭	১৬৫২
আদায়	৩৪	১৪২	৫৩০	৬৭২	৬৬	৭৭২
৩০ জুন ২০০৮**						
বিতরণ	১০৬	৮১	২৮৯৫	২৯৭৬	৩৩৮	৩৪২০
আদায়	৪৬	২৫৪	১৬৬	৪২০	১৩৮	৬০৩

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

সারণি-৩				
শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				
(মিলিয়ন টাকায়)				
ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে	প্রকল্প সংখ্যা	১৪০	৩৮০	৫২০
	পরিমাণ	৩৪১০৭	৯১৩	৩৫০২০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	২০	৫	২৫
	পরিমাণ	৫২১৯	৩২	৫২৫১
ক্রমপঞ্জীভূতঃ ৩১ মার্চ ২০০৮ তারিখে	প্রকল্প সংখ্যা	১৪০	৩৮০	৫২০
	পরিমাণ	৩৪২৬৬	৯২১	৩৫১৮৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত	প্রকল্প সংখ্যা	৪	১	৫
	পরিমাণ	৮২০	৬	৮২৬
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা	১৩	৩	১৬
	পরিমাণ	৩৫০৭	১১	৩৫১৮

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত গ) মৎস্য ঘ) বনায়ন	১৫২ ১৩ ৭৫ ৫৭ ৭	১৪৮ ১৩ ৭৩ ৫৪ ৮	১৫১ ১৩ ৭৩ ৫৭ ৮	১৫৪ ১২ ৭৪ ৫৯ ৯
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৯৯১৬ ৯৫৪০ ৩৭৬	১০৩২৮ ৯৯৩১ ৩৯৭	১০৩৪১ ৯৯৫০ ৩৯১	১০৩৮০ ৯৯৮০ ৪০০
৩।	চলতি মূলধন অর্থায়ন	১৩৪৫০	১৩৩০৮	১৩০৭৩	১৩৩৭৫
৪।	নির্মাণ	০	০	০	০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	০	০	০	০
৬।	পরিবহন ও যোগাযোগ	১১৭৭	৯১৬	৯১৮	৯২১
৭।	বাসসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল/রেস্তোরাঁ	১৮৭২৩ ১০২৪২ ১৩৫৮ ৭০৯৫ ২৮	১৯১০৬ ১০৮৬৪ ১০৩০ ৭১৮৫ ২৭	১৮৯৫৯ ১০৮৫৫ ১০৪৬ ৭০৩২ ২৬	১৯৬০২ ১১২৬০ ১০৬৬ ৭২৫০ ২৬
৮।	দারিদ্র্য-হ্রাসকরণ	২৯৯	৩৩২	৩৪০	৩৬৫
৯।	অন্যান্য	১৯৯৩	২৯৪২	৩২২২	৩৪৬০
	সর্বমোট	৪৫৭১০	৪৭০৮০	৪৭০০৪	৪৮২৫৭

ঋণ, ৫৬৭১ মিলিয়ন টাকা শিল্প ঋণ ও ১১৪৫ মিলিয়ন টাকা অন্যান্য ঋণ। এর বিপরীতে উক্ত খাতগুলো থেকে ঋণ আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২১৩ মিলিয়ন টাকা, ৯৩৯ মিলিয়ন টাকা ও ৬৬২ মিলিয়ন টাকা। রূপালী ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়ের তুলনামূলক চিত্র সারণি-২-এ দেয়া হলো।

**শিল্প ঋণ মঞ্জুরী**

দেশের শিল্পায়নে রূপালী ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করে আসছে এবং অগ্রাধিকার ভিত্তিক খাতগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। ১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত রূপালী ব্যাংক লিমিটেড ২৫টি শিল্প প্রকল্পের জন্য মোট ৫২৫১ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করেছে। ২০০৭ সালের ডিসেম্বর পর্যন্ত ব্যাংকটির ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়িয়েছে ৩৫০২০ মিলিয়ন টাকা, যার মধ্যে ৩৪১০৭ মিলিয়ন টাকা বা শতকরা ৯৭ ভাগ মঞ্জুর করা হয় বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং অবশিষ্ট ৯১৩ মিলিয়ন টাকা বা শতকরা ৩ ভাগ মাত্র মঞ্জুর করা হয় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে।

রূপালী ব্যাংকের শিল্প ঋণের আকারভিত্তিক অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

**শ্রেণীবিন্যাসিত ঋণ**

২০০৭ সালে ব্যাংকের শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ২০০৬ সালের ১২১২৪ মিলিয়ন টাকার তুলনায় শতকরা ৫১ ভাগ বৃদ্ধি পেয়ে ১৮২৯৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মোট ঋণের শতকরা ৩৯ ভাগ। পুণঃতফসিলিকৃত বেশ কিছু ঋণ হিসাব পুনঃতফসিলিকরণের শর্তাবলী পরিপালন না করায় এবং সরকারি মালিকানাধীন দিপলস জুট মিলস লিমিটেড এবং ক্রিসেন্ট জুট মিলস লিমিটেড-এর ঋণ শ্রেণীকৃত হওয়ায় শ্রেণীবিন্যাসিত ঋণের হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০০৭ সালে ৬৪২ মিলিয়ন টাকা শ্রেণীবিন্যাসিত ঋণ আদায় হয়েছে এবং শ্রেণীবিন্যাসিত ঋণের হার কমিয়ে আনতে লক্ষ্য আদায় প্রচেষ্টা জোরদার করা হয়েছে। ২০০৭ সালে রূপালী ব্যাংক লিমিটেডের কোনো নতুন লোন প্রডাউ চালু করা হয়নি। ২০০৬ সালে চালুকৃত 'ব্যক্তিগত ঋণ', 'পেশাজীবী ঋণ' এবং 'ক্ষুদ্র প্রতিষ্ঠানে অর্থায়ন'-এর আওতার ঋণ প্রদান অব্যাহত রয়েছে।

**অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি**

রূপালী ব্যাংক লিমিটেড প্রদত্ত ঋণ ও অগ্রিমের স্থিতির পরিমাণ ২০০৭ সালে পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৭০৮০

মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। রূপালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০০৭ সালে কৃষি, মৎস্য ও বনায়ন, শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত), চলতি মূলধন অর্থায়ন, স্বাস্থ্য-বাণিজ্য এবং পরিবহন ও যোগাযোগ খাতে ঋণের স্থিতি দাঁড়ায় যথাক্রমে ১৪৮ মিলিয়ন টাকা, ১০৩২৮ মিলিয়ন টাকা, ১৩৩০৮ মিলিয়ন টাকা, ১৯১০৬ মিলিয়ন টাকা এবং ৯১৬ মিলিয়ন টাকা। এছাড়া দারিদ্র্য বিমোচন প্রকল্পে ঋণের স্থিতি ছিল ৩৩২ মিলিয়ন টাকা।

রূপালী ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

#### সুদের হার

২০০৭ সালে রূপালী ব্যাংক লিঃ-এর কৃষিভিত্তিক খাত, শিল্প খাত ও সেবা খাতে সুদের হার যথাক্রমে শতকরা ৯.৫ ভাগ, ৭.০-১৩.৫ ভাগ এবং ১১.০-১৩.৫ ভাগ করা হয়েছে। ব্যাংকের বিভিন্ন প্রকার আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	দীর্ঘ মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৪.৫০	২.৭৫	৬.৫-৭.৫	৪.৫৮	৯.৫০	৭.০-১৩.৫	১১.০-১৩.৫	৮.০৬
২০০৭	৪.৫০	২.৭৫	৬.৫-৭.৫	৪.৫৬	৯.৫০	৭.০-১৩.৫	১১.০-১৩.৫	৭.১২
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৪.৫০	২.৭৫	৬.৫-৭.৫	-	৯.৫০	৭.০-১৩.৫	১১.০-১৩.৫	-
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)								

# স্থানীয় বেসরকারি ব্যাংক

## পূবালী ব্যাংক লিমিটেড

পূবালী ব্যাংক লিমিটেড স্বাধীনতাপূর্বকালে ইস্টার্ন মার্কেটাইল ব্যাংক লিমিটেড-এর উত্তরাধিকারী হিসেবে স্বাধীনতা উত্তর সময়ে জাতীয়করণকৃত হয়ে ১৯৮৪ সালে ১৬০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৩৬ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৯৮৪ সালে বেসরকারি ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। মার্চ ২০০৮ শেষে

পূবালী ব্যাংক লিমিটেড-এর অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫০০০ মিলিয়ন ও ২১০০ মিলিয়ন টাকা। উক্ত সময়ে ব্যাংকটির রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় ৩৬৬৩ মিলিয়ন টাকা। মার্চ ২০০৮ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা ৩৬১টিতে দাঁড়ায় এবং ৩৮০৯ জন কর্মকর্তা ও ১৬৩৭ জন কর্মচারীসহ মোট জনশক্তি

সারণি-১

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০০	৫০০০	৫০০০	৫০০০
২।	পরিশোধিত মূলধন	১২০০	২১০০	২১০০	২১০০
৩।	রিজার্ভ ফান্ড	৩৩২৮	৩৬৬৩	৩৬৬৩	৩৬৬৩
৪।	মোট আমানত	৪৮৬৭৬	৫৭৯৮৭	৫৭২৪৪	৬০১০৭
	ক) তলবি আমানত	১৫৪০৮	১৭৯৬৬	১৭৭০৬	১৮৬২৩
	খ) মেয়াদি আমানত	৩৩২৬৮	৪০০২১	৩৯৫৩৮	৪১৪৮৩
৫।	ঋণ ও অগ্রিম	৪০৩৮৭	৫০৫৪৯	৫২৭৬২	৫৫৪০০
৬।	বিনিয়োগ	৪৯৮২	৫৫৫৭	৬৪২৭	৬৭৪৮
৭।	মোট পরিসম্পদ	৫৮৪০১	৭১৫৬১	৭৫১৩৯	৭৮৮৯৬
৮।	মোট আয়	৫৪৯৪	৭০৮৮	১৯৬২	৩৯২৪
৯।	মোট ব্যয়	৩৬৮৪	৪৩৩৬	১২০৫	২৪১১
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭০৯৫৭	৯২৩৪২	২৪০২৩	৪৮০৪৫
	ক) রপ্তানি	১৭৭০২	১৯৯০৭	৬০৬৭	১২১৩৪
	খ) আমদানি	৩৭৩১৭	৪৮৩৪৫	১৫৯৯৭	৩১৯৯৪
	গ) রেমিট্যান্স	১৫৯৩৮	২৪০৯০	১৯৫৯	৩৯১৭
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৫১৪১	৫২৭০	৫৪৪৬	৫৪৪৬
	ক) কর্মকর্তা	৩৪৭৪	৩৬৩৩	৩৮০৯	৩৮০৯
	খ) কর্মচারী	১৬৬৭	১৬৩৭	১৬৩৭	১৬৩৭
১২।	বৈদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৬০	৩৬৭	৩৬৭	৩৬৭
১৩।	মোট শাখা (সংখ্যায়)	৩৫৬	৩৬১	৩৬১	৩৬১
	ক) বাংলাদেশে	৩৫৬	৩৬১	৩৬১	৩৬১
	খ) বিদেশে	-	-	-	-

সংখ্যা ৫৪৪৬ অন্তর্ভুক্ত।

২০০৭ সালে পূর্ববর্তী ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৫৭৯৮৭ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় শতকরা ১৯.১৩ ভাগ বেশি। মোট আমানতের মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ ছিল যথাক্রমে ১৭৯৬৬ মিলিয়ন এবং ৪০০২১

মিলিয়ন টাকা। ২০০৬ সালে ব্যাংকটির ঋণ ও অধিমেদের পরিমাণ ছিল ৪০৩৮৭ মিলিয়ন টাকা, যা বৃদ্ধি পেয়ে ২০০৭ শেষে ৫০৫৪৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ৫৫৫৭ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকটি মোট ৯২৩৪২ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, যার মধ্যে

ঋণভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬							
বিতরণ	-	৫৬৩৫	৫৫৩৯	১১১৭৪	৪০৬৬২	৫১৮৩৬	
আদায়	৮	২১০৭	৬০২৯	৮১৩৬	৩৪৯৭০	৪৩১১৪	
২০০৭							
বিতরণ	-	২৩৬৪	৬৭২৫	৯১৫৯	৪৪৬৫৮	৫৩৮১৭	
আদায়	৮	৯৬৫	২৫০৬	৩৪৭১	৩৪৭৮৩	৩৮২৬২	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	-	২২৬	৩৮৪	৬১০	৮৩৯৫	৯০০৫	
আদায়	৩	২১৪	৩৭৫	৫৮৯	৮২৬৭	৮৮৫৯	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	-	৯৬৭	৬১৪	১৫৮১	১৫৩৬২	১৬৯৪৩	
আদায়	৪	৮৮৪	৭৮৬	১৬৭০	১৫২৬৭	১৬৯৪১	

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী					সারণি-৩
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য	মোট	
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির			
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	২৮৫	২০২	-	৪৮৭	
পরিমাণ	১৩৬৩৩	৯৯	-	১৩৭৩২	
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	৫৬	২৭	-	৮৩	
পরিমাণ	৬৪৮৭	৩০	-	৬৫১৭	
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮* তারিখে					
প্রকল্প সংখ্যা	২৯৬	২১০	-	৫০৬	
পরিমাণ	১৪০৩৯	১১০	-	১৪১৪৯	
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	১১	৮	-	১৯	
পরিমাণ	৪০৬	১১	-	৪১৭	
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত					
প্রকল্প সংখ্যা	২৩	১৭	-	৪০	
পরিমাণ	৬৮৫	২৩	-	৭০৮	

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ১৯৯০৭ মিলিয়ন, ৪৮৩৪৫ মিলিয়ন এবং ২৪০৯০ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৭ সালে পূর্বালী ব্যাংক লিমিটেড ৮৩টি শিল্প প্রকল্পে মোট ৬৫১৭ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে, এর মধ্যে ৫৬টি বৃহৎ ও মাঝারি শিল্পে ৬৪৮৭ মিলিয়ন টাকা এবং ২৭টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ৩০ মিলিয়ন টাকা। মার্চ ২০০৮ পর্যন্ত মোট ৫০৬টি প্রকল্পে ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১৪১৪৯ মিলিয়ন টাকা, এর মধ্যে ২৯৬টি বৃহৎ

ও মাঝারি শিল্পে ১৪০৩৯ মিলিয়ন টাকা এবং ২১০টি ক্ষুদ্র ও কুটির শিল্পে ১১০ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

ডিসেম্বর ২০০৭ শেষে পূর্বালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৫০৫৩০ মিলিয়ন টাকা। মার্চ ২০০৮ শেষে এ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৫০৭৬৬ মিলিয়ন টাকা। পূর্বালী ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের অবস্থা সারণি-৪-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	২৪৬	২২১	২৮০	২৮২
	ক) শস্য	১	১	১	১
	খ) শস্য ব্যতীত অন্যান্য	২৪৫	২১৯	২৭৯	২৮১
	গ) মৎস্য	-	১	-	-
	ঘ) বনায়ন	-	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৬৬৪০	৭৩৩৬	৭৩৯৯	৭৪২৪
	ক) বৃহৎ ও মাঝারি	৬৫৪৩	৭২৩৭	৭২৯৪	৭৩০৮
	খ) ক্ষুদ্র ও কুটির	৯৭	৯৯	১০৫	১১৬
৩।	চলতি মূলধন অর্থায়ন	৩৯৩২	৬৩৯৬	৬৩৯৯	৬৪১২
৪।	নির্মাণ	২৩৭৯	১৭৬৮	১৭৮৩	১৭৯৮
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	২৫৭	২৫৯	২৬২
৬।	পরিবহন ও যোগাযোগ	৭৭৯	৭১৬	৭১২	৭১৪
৭।	ব্যবসা-বাণিজ্য	১৯৫৩২	২৬০২৯	২৬০৯৩	২৬৩২৬
	ক) পাইকারি ও খুচরা	১৪৬৪১	২০০৭৬	২০০৯৮	২০২৮৪
	খ) রপ্তানি	১২২৩	১৬৮৭	১৬৯৭	১৭২৪
	গ) আমদানি	৩৬৬৮	৪২৬৬	৪২৯৮	৪৩১৮
	ঘ) হোটেল ও রেস্টোরাঁ	-	-	-	-
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	৫১	১২৬	১২৮	১৩০
৯।	অন্যান্য	৬৮২৮	৭৬৮১	৭৭০৯	৭৭৩০
	সর্বমোট	৪০৩৮৭	৫০৫৩০	৫০৭৬২	৫১০৭৮

পূবানী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন ধরনের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বয়স মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৫.২৫	৪.০০-৫.০০	৭.৫০-৯.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
২০০৭	৫.২৫	৪.০০-৫.০০	৭.৫০-৯.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
৩১ মার্চ ২০০৮*	৫.২৫	৪.০০-৫.০০	৯.০০-১১.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-
৩০ জুন ২০০৮**	৫.২৫	৪.০০-৫.০০	৯.০০-১১.০০	-	১০.০০	১৪.০০	১৪.০০	-

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## উত্তরা ব্যাংক লিমিটেড

উত্তরা ব্যাংক লিমিটেড ১৯৬৫ সালের ২৮ জানুয়ারি বেসরকারি উদ্যোগে ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন নামে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে জাতীয়করণের পর এটি উত্তরা ব্যাংক নাম ধারণ করে। সরকারের বিরোধীকরণ নীতির আওতায় পুঁজি প্রত্যাহারপূর্বক এ ব্যাংক উত্তরা ব্যাংক লিমিটেড নামে ১৯৮৩ সালের সেপ্টেম্বর হতে বেসরকারি স্বাভাবিক পরিচালনার অনুমোদন লাভ করে। ১৯৮৪ সালে শেয়ার বিক্রয়ের মাধ্যমে এই ব্যাংক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর তালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয়। ২০০৪

সালে এই ব্যাংক চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এ তালিকাভুক্ত হয়।

২০০৭ সালে ব্যাংকের অনুমোদিত মূলধন ১০০০ মিলিয়ন টাকায় অপরিবর্তিত রয়েছে। তবে ২০০৬ সালের শতকরা ১০০ ভাগ বোনাস শেয়ার প্রদান করার ফলে ২০০৭ সালে ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ ৪০০ মিলিয়ন টাকায় উন্নীত হয়, যা ২০০৬ সালে ছিল ২০০ মিলিয়ন টাকা। ২০০৭ সালে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট (Gross) মুনাফা গত বছরের চেয়ে ১৪.৩৮ শতাংশ বৃদ্ধি

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১৬০০
২।	পরিশোধিত মূলধন	২০০	৪০০	৪০০	৪০০
৩।	রিজার্ভ ফান্ড	১৮৮৬	২০৫৪	২২২৯	২০০০
৪।	মোট আমানত	৩৯৩৬০	৪৩৫৮৬	৪৩৪৯৪	৪৮২৬৫
	ক) তলবি আমানত	৯৯১৮	১১৯৭৮	১১২৫২	১২৪৮১
	খ) মেয়াদি আমানত	২৯৪৪২	৩১৬০৮	৩২২৪২	৩৫৭৮৪
৫।	স্বণ ও অগ্রিম	২৫১৬৪	২৮৪৭৭	৩০৬৯৫	৩৩৫০০
৬।	বিনিয়োগ	৯৫৬৫	১৪৪৫৬	১৫৮৫৩	১৭০০০
৭।	মোট পরিসম্পদ	৪৫২১৭	৫২৮৬০	৫৬০৪২	৫৭০০০
৮।	মোট আয়	৪৪৩৫	৫০২০	২০৯৩	৪৩৯৮
৯।	মোট ব্যয়	৩১৫৩	৩৫৫৪	১৫৭১	৩১৪২
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৬৯৪৯৩	৬৯৭৬৮	২২০৬৪	২৮০২১
	ক) রপ্তানি	১৮১৩৪	১৪৭৮৫	৩৭১৭	৪৭২১
	খ) আমদানি	২২৬৩১	২৫৪০৮	৯৮২০	১২৪৭১
	গ) রেমিট্যান্স	২৮৭২৮	২৯৫৭৫	৮৫২৭	১০৮২৯
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৫০৫	৩৪৭৬	৩৪৭৬	৩৬৭৬
	ক) কর্মকর্তা	২২৭২	২৩৭২	২৩৭২	২৩৭২
	খ) কর্মচারী	১২৩৩	১১০৪	১১০৪	১৩০৪
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৬৪৮	৬৮৬	৬৯১	৬৯৬
১৩।	শাখা (সংখ্যায়)	২০১	২০৭	২০৭	২০৭
	ক) বাংলাদেশে	২০১	২০৭	২০৭	২০৭
	খ) বিদেশে	-	-	-	-

পেয়েছে। ২০০৭ সালে ব্যাংকের মোট আয়ের পরিমাণ ৫০২০ মিলিয়ন টাকা এবং মোট ব্যয়ের পরিমাণ ৩৫৫৪ মিলিয়ন টাকা। ২০০৬ সালে মোট আয় ও ব্যয়ের পরিমাণ ছিল যথাক্রমে ৪৪৩৫ মিলিয়ন ও ৩১৫৩ মিলিয়ন টাকা। বাংলাদেশ ব্যাংকের সংশোধিত নির্দেশনা মোতাবেক ডিসেম্বর ২০০৭-এর হিসাব অনুযায়ী শ্রেণীবিন্যাসিত ও অশ্রেণীকৃত ঋণ এবং অগ্রিমের জন্য আবশ্যিকীয় মোট ৭২৭ মিলিয়ন টাকা সংরক্ষণের বিপরীতে আলোচ্য বছরে ব্যাংক ৮২৬ মিলিয়ন টাকা সংরক্ষণ করেছে। শ্রেণীবিন্যাসিত ঋণের বিপরীতে সংরক্ষণ এবং অন্যান্য খাতে সংরক্ষণের পর আলোচ্য বছরে করপূর্ব মুনাফা দাঁড়িয়েছে ১১৪৪ কোটি টাকা। বর্তমানে মূলধন, শ্রেণীবিন্যাসিত ও অশ্রেণীকৃত ঋণ ও অগ্রিম এবং অফ ব্যালেন্সিট এক্সপোজার-এর বিপরীতে ব্যাংকের আবশ্যিকীয় সংরক্ষণের কোনো ঘাটতি নেই। ২০০৭ সালের ডিসেম্বরে উত্তরা ব্যাংক লিমিটেড-এর মোট আমানত দাঁড়ায় ৪৩৫৮৬ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালের মার্চ শেষে হ্রাস পেয়ে দাঁড়ায় ৪৩৪৯৪ মিলিয়ন টাকা। ২০০৭ সালের ডিসেম্বর শেষে ব্যাংক-এর মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৮৪৭৭ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৮ শেষে বৃদ্ধি পেয়ে ৩০৬৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৭ সালে ব্যাংক-এর মোট বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১৪৪৫৬ মিলিয়ন টাকা, যা ২০০৮ সালের মার্চ শেষে বৃদ্ধি পেয়ে ১৫৮৫৩ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালে উত্তরা ব্যাংক লিমিটেড মোট ৬৯৭৬৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রপ্তানি ১৪৭৮৫ মিলিয়ন, আমদানি ২৫৪০৮ মিলিয়ন এবং রেমিট্যান্স ২৯৫৭৫ মিলিয়ন টাকা। অন্যদিকে, ২০০৮ সালের মার্চ শেষে ব্যাংকের বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ দাঁড়ায় মোট ২২০৬৪ মিলিয়ন টাকা; এর মধ্যে রপ্তানি ৩৭১৭ মিলিয়ন, আমদানি ৯৮২০ মিলিয়ন এবং রেমিট্যান্স ৮৫২৭ মিলিয়ন টাকা।

২০০৭ সালে উত্তরা ব্যাংক লিমিটেড করেসপন্ডেন্ট ব্যাংক ও এক্সচেঞ্জ হাউসগুলোর মাধ্যমে বৈদেশিক অর্থ প্রেরণ ব্যবসা উল্লেখযোগ্যভাবে বাড়তে সক্ষম হয়েছে। বর্তমানে উত্তরা ব্যাংক লিমিটেডের বৈদেশিক এজেন্ট ও প্রতিনিধির মোট সংখ্যা প্রায় ৬৮৬ এবং ৫৫টি এক্সচেঞ্জ হাউসের মাধ্যমে ব্যাংকের বৈদেশিক বাণিজ্য পরিচালনার ব্যবস্থা রয়েছে। এর মধ্যে কাতারের দোহায় অবস্থিত এরাবিয়ান এক্সচেঞ্জ কোম্পানি, ডব্লিউএলএল নামে একটি এক্সচেঞ্জ হাউস ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে। অপরদিকে, আমেরিকা ভিত্তিক আন্তর্জাতিক অর্থ প্রেরণকারী প্রতিষ্ঠান Money Gram-এর সাথে উত্তরা ব্যাংক লিমিটেড-এর সম্পাদিত চুক্তির আওতায় পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে প্রবাসীরা বাংলাদেশে টাকা পাঠাতে পারেন। প্রেরিত অর্থ স্বল্প সময়ে এবং সর্বোত্তম উপায়ে ব্যাংকের ২০৭টি শাখার মাধ্যমে সংশ্লিষ্ট প্রাপকের কাছে পৌঁছে দেয়া হয়।

উত্তরা ব্যাংক লিমিটেড ২০০৩ সালের নভেম্বর থেকে প্রাইমারি ডিলার হিসেবে সরকারি ট্রেজারি বিল ও সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ইস্যু এবং ইস্যু পরবর্তী সেকেন্ডারি মার্কেটে ক্রয় বিক্রয় পরিচালনা করছে। ২০০৭ সালে ব্যাংকের বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় ১৪৪৫৬ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৫১.১৩ শতাংশ বেশি। প্রবাসী বাংলাদেশীদের কটর্জিত বৈদেশিক মুদ্রা স্বদেশে প্রেরণ এবং তা উাদের পছন্দনীয় খাতে সঞ্চয়/বিনিয়োগে উৎসাহিত করার উদ্দেশ্যে উত্তরা ব্যাংক লিমিটেড অনিবাসী বৈদেশিক মুদ্রা মেয়াদি আমানত (NFCĐ), বৈদেশিক মুদ্রা চলতি আমানত (FCAD/FCAP) ও ওয়েজ আর্নান্স ডেভেলপমেন্ট বন্ড (WEDB) এবং পোর্টফোলিও বিনিয়োগের জন্য অনিবাসী বিনিয়োগ টাকা হিসাব (NRTA) ব্যাপকভাবে চালু করেছে। ইতোমধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড প্রবাসী বাংলাদেশীদের কটর্জিত অর্থ অতি সহজে ও দ্রুততার সাথে দেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে গ্রাহকদের আস্থা অর্জন করতে সক্ষম

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬							
বিতরণ	-	৫২৬৬	৯৭৭	৬২৪৩	৬৪৭০	১২৭১৩	
আদায়	-	৫০১৫	৯০৬	৫৯২১	৪৪৩০	১০৩৫১	
২০০৭							
বিতরণ	৫০	২০২৬	১২২৪	৩২৫০	৯৫১৭	১২৮১৭	
আদায়		৮৪৬	৯৭৭	১৮২৩	৭১৬৪	৮৯৮৭	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	১৫০	১৫৫০	৩৫০	১৯০০	১৮০০	৩৮৫০	
আদায়	৭০	১০৫০	২৮০	১৩৩০	১৫০০	২৯০০	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	২০০	৩০৫০	৬০০	৩৬৫০	৩৫০০	৭৩৫০	
আদায়	১২০	২২০০	৫৫০	২৭৫০	৩২০০	৬০৭০	

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট	
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮৪ ৯৭৮৩	৩৪১৯ ৪১২৭	৩৫০৩ ১৩৯১০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২ ১১৭৫	৮৬৯ ৬১২	৮৮১ ১৭৮৭
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮৭ ১০০৮৩	৩৬৩৯ ৪৩৭৭	৩৭২৬ ১৪৪৬০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৩ ৩০০	২২০ ২৫০	২২৩ ৫৫০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৬ ৬০০	৩৮০ ৪৮০	৩৮৬ ১০৮০

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

হয়েছে। ২০০৭ সালে রেমিট্যান্সের পরিমাণ ছিল ২৯৫৭৫ মিলিয়ন টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ২৮৭২৮ মিলিয়ন টাকা। এক্ষেত্রে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে শতকরা ২.৯৫ ভাগ। যুগের সাথে তাল মিলিয়ে এ ব্যাংক অন্তর্ভুক্ত রেমিট্যান্সের ক্ষেত্রে "এক্সপ্রেস পেমেন্ট স্কিম" নামে একটি প্রকল্প চালু রয়েছে। এর অধীনে গ্রাহকের অ্যাকাউন্ট এ ব্যাংকে পরিচালিত হলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকে প্রেরিত অর্থ প্রাপ্তির দু' ঘণ্টার মধ্যে গ্রাহকের অ্যাকাউন্টে জমা নিশ্চিত করা হয়। যে সকল গ্রাহকের উত্তরা ব্যাংকে কোনো অ্যাকাউন্ট নেই তাঁদেরকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে তাঁদের পরিচিতি হিসেবে পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাংক কর্তৃক প্রদত্ত রেমিট্যান্স কার্ড, ভোটার আইডি কার্ড ও ক্রেডিট কার্ড প্রদর্শনপূর্বক বিদেশে থেকে প্রেরিত অর্থ কাউন্টারে নগদ পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ক্যাশ স্কিম (Instant Cash Scheme) নামে একটি স্কিমও চালু করা হয়েছে। এছাড়াও আলোচ্য বছরে পূর্ব সমঝোতার ভিত্তিতে অর্থ প্রেরণকারী কোম্পানি কর্তৃক প্রেরিত এবং ওয়েবসাইট-এর মাধ্যমে প্রাপ্ত কম্পিউটারে মুদ্রিত ড্রাফট ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ গ্রাহকের ঠিকানায় পৌঁছানোর মাধ্যমে বৈদেশিক মুদ্রার সমপরিমাণ টাকা পরিশোধের জন্য ইনস্ট্যান্ট ড্রাফট (Instant draft) নামে একটি স্কিমও চালু রয়েছে।

উত্তরা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমের প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

২০০৭ সালে ব্যাংক ৬টি নতুন শাখা উদ্বোধন করে তার নেটওয়ার্ক আরও সম্প্রসারিত করেছে। ফলে মোট শাখার সংখ্যা দাঁড়িয়েছে ২০৭। বৈদেশিক বাণিজ্যে দ্রুততম সেবা প্রদানের জন্য প্রধান কার্যালয়

এবং প্রায় সকল শাখায় E-Mail চালু রয়েছে। বর্তমানে ব্যাংকের আন্তর্জাতিক বিভাগসহ ৩৮টি শাখায় SWIFT কার্যক্রম চালু আছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দেশের বিভিন্ন ধরনের দুর্ঘোণ, শিল্প-সংস্কৃতি ও খেলাধুলায় ব্যাংক পৃষ্ঠপোষকতা করে থাকে। সামাজিক দায়বদ্ধতার অনিবার্য তাগিদ থেকে উত্তরা ব্যাংক বরাবরের মতো ২০০৭ সালের ভয়াবহ বন্যার কারণে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে সহায়তার লক্ষ্যে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে ১ কোটি টাকা অনুদান হিসেবে প্রদান করেছে।

২০০৭ সালে ব্যাংকের নিজস্ব ট্রেনিং ইনস্টিটিউটে ১৭টি প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৮০৭ জন কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন। অপরদিকে, বিআইবিএম (BIBM) কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/ সেমিনারে ব্যাংকের ২২৯ জন কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়াও বাংলাদেশ ব্যাংকে ৩০ জন কর্মকর্তা, অন্যান্য ট্রেনিং ইনস্টিটিউটে ৮ জন এবং বিদেশে ১২ জন কর্মকর্তা আলোচ্য বছরে প্রশিক্ষণ গ্রহণ করেন।

**ঋণ বিতরণ ও আদায়**

উত্তরা ব্যাংক যে সকল ক্ষেত্রে তার ব্যবসা সম্প্রসারণ করেছে সেগুলো প্রধানত আমদানি ও রপ্তানি, স্টীল রি-রোলিং কারখানা, তৈরী পোশাক শিল্প, টেক্সটাইল, ভোজ্য তেল, সিমেন্ট কারখানা ইত্যাদি। ঋণ প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের প্রধান্য দিতে ব্যাংক কার্যকর পদক্ষেপ নিয়েছে। আলোচ্য বছরে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৩২৫০ মিলিয়ন ও ১৮২৩ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৬২৪৩ মিলিয়ন ও

৫৯২১ মিলিয়ন টাকা। ২০০৮ সালের প্রথম ৩ মাসে এ ব্যাংক মোট ১৯০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ ও ১৩৩০ মিলিয়ন টাকা ঋণ আদায় করে।

ব্যাংকের গ্রাহকদের সন্তোষজনক ব্যবসায়িক লেনদেন ও সহ-জামানতের উপর গুরুত্বারোপের পাশাপাশি প্রদত্ত ঋণের গুণগতমান উন্নত রাখা এবং ঋণ শ্রেণীকৃত হওয়ার প্রবণতা হ্রাস করার জন্য ঋণ তদারকি বিভাগের কার্যক্রম জোরদার করা হয়েছে, ফলে ব্যাংকের মোট ঋণের তুলনায় শ্রেণীকৃত ঋণের হার পূর্ববর্তী বছরের ১৫.০৪ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০০৭ সালে ১২.৪০ শতাংশে দাঁড়িয়েছে। উত্তরা ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৮ সালের মার্চ শেষে ব্যাংক-এর ক্রমপুঞ্জীভূত শিল্প ঋণ মঞ্জুরীর পরিমাণ দাঁড়ায় ১৪৪৬০ মিলিয়ন টাকা, এর মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে ১০০৮৩ মিলিয়ন টাকা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে ৪৩৭৭ মিলিয়ন টাকা। এছাড়া শিল্প খাতে মেশিনারীজ ক্রয়ে সহায়তাদানের জন্য লীজ ফাইন্যান্সিং (Lease Financing) নামে বিশেষ প্রকল্প চালু রয়েছে, উক্ত খাতে স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৪১৬ মিলিয়ন টাকা। ২০০৭ সাল পর্যন্ত ব্যাংক সিভিকেশন ফাইন্যান্সে ফান্ডেড ও নন-ফান্ডেড সুবিধা হিসেবে ৩১১০ মিলিয়ন টাকা অনুমোদন করেছে এবং উক্ত ঋণ হিসাবে বছর শেষে স্থিতি দাঁড়িয়েছে ১৯০৮ মিলিয়ন টাকা। ব্যাংক সিভিকেশন ফাইন্যান্সে যে সমস্ত প্রকল্পে ঋণ প্রদান করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো- টি এম ইন্টারন্যাশন্যাল বাংলাদেশ লিমিটেড (AKTEL), ব্র্যাক, ঢাকা টেলিফোন কোং লিঃ, স্ন্যাংকস্টেল লিঃ, বিএসআরএস স্টীলস লিমিটেড, গ্রামীণফোন লিমিটেড, ওয়ারিড টেলিকম লিমিটেড, সেবা টেলিকম লিমিটেড ইত্যাদি। উত্তরা ব্যাংক লিমিটেড-এর শিল্পের আকারভিত্তিক ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৭ সালের ডিসেম্বর শেষে উত্তরা ব্যাংক লিমিটেড-এর বিশেষ ঋণ কর্মসূচির আওতায় মোট ঋণের স্থিতির পরিমাণ ছিল ৩০১২ মিলিয়ন টাকা, যা মার্চ শেষে ৩২০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে।

বিতরণ	-	২৩০৯	৪২১৬	৬৫২৫	৬৮২২	১৩৩৪৭
আদায়	-	৬৫৮	৯১২	১৫৭০	৩৫৭৮	৫১৪৮
২০০৭						
বিতরণ	১৭৫৪	১২০০৩	৭০৯৯	১৯১০২	২৯৪১	২৩৭৯৭
আদায়	৬৩	১৪২৩	৮৬০	২২৮৩	৫৬৯	২৯১৫
৩১ মার্চ ২০০৮*						
বিতরণ	৮২১	৪৬৭	১৩৪৪	১৮১১	১৭৫৩	৪৩৮৫
আদায়	৫৫	৩৫৬	৮২৫	১১৮১	৫১৭	১৭৫৩
৩০ জুন ২০০৮**						
বিতরণ	৯১২	৫৮০	১৬৭০	২২৫০	২২০০	৫৩৬২
আদায়	৯৩	৪৬৭	৯৭০	১৪৩৭	৬৫০	২১৮০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মেটি
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৩১৭	২২৬০	-	২৫৭৭
পরিমাণ	২৪৫১১	২৩৩৭	-	২৬৮৪৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	৯৭	২০৮০	-	২১৭৭
পরিমাণ	৫৪৭	১৩১৭	-	১৮৬৪
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখে				
প্রকল্প সংখ্যা	৩২৮	২৪৯৪	-	২৮২২
পরিমাণ	২৭০৯১	২৬৮৮	-	২৯৭৭৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১১	২৩৪	-	২৪৫
পরিমাণ	২৫৮০	৩৫১	-	২৯৩১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১৮	৩৫০	-	৩৬৮
পরিমাণ	৩২০০	৫৫০	-	৩৭৫০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	ঋত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৭০ - ৭০ - -	৫২৯ - ৫২৯ - -	৫৩৫ - ৫৩৫ - -	৫৪২ - ৫৪২ - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৭৬৫৩ ৭৪২১ ২৩২	৮৬২০ ৮৩০০ ৩২০	৮৮২৫ ৮৫০০ ৩২৫	৯১৩০ ৮৮০০ ৩৩০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৭০৩০	৭১০০	৭৩৫০	৭৫৫০
৪।	নির্মাণ	১৪৩২	৩০৮	২৯৮	২৯০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	১৭৬	-	-	০
৬।	পরিবহন ও যোগাযোগ	২৩৭	৩৯২	২৮৪	৩২০
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৮২০৬ ৮২০৬ - - -	১২৩৩০ ৫৬৬৪ ১৩৫১ ৫৩১৫ -	১৩৭২৮ ৫৯২৪ ১৪৫৩ ৬৩৫১ -	১৬২০০ ৬৫০০ ২২০০ ৭৫০০ -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	১২০৩	১৬৮৩	২৯২২	৩৩০৪
	সর্বমোট	২৬০০৭	৩০৯৬২	৩৩৯৪২	৩৭৩৩৬

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	খর মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৬.৬০	৭.০০	১১.৪০	৮.৫০	১১.৫০	১০.৫০	১৪.০০	১০.০০
২০০৭	৫.৫০-৬.০০	৪.০০-৮.৫০	৬.৭৫-১২.০০	৮.০০	১১.৫০	১০.৫০	১৪.০০	১০.০০
৩১ মার্চ ২০০৮*	৫.৫০-৬.০০	৪.০০-৮.৫০	৬.৭৫-১২.৭৫	৮.৫০	১১.৫০	১০.৫০	১৪.০০	১০.০০
৩০ জুন ২০০৮**	৫.৫০-৬.০০	৪.০০-৮.৫০	৬.৭৫-১২.৭৫	৮.৫০	১১.৫০	১০.৫০	১৪.০০	১৪.০০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

## ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড

১৯৯৩ সালের ১৭ মে ৭৫০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১৯৫ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে এনসিসি ব্যাংক ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ২০০৭ সালে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ যথাক্রমে ২৫০০ মিলিয়ন, ১৭৫৮ মিলিয়ন ও ১৯৯৫ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৭ সাল শেষে ব্যাংকের মোট আমানত পূর্ববর্তী বছরের তুলনায় ৬৭৫৫ মিলিয়ন টাকা বা শতকরা ২৪.০০ ভাগ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩৪৯০২ মিলিয়ন টাকা, যার মধ্যে তলবি আমানত ৫৩২৭ মিলিয়ন এবং মেয়াদি আমানত ২৯৫৭৫ মিলিয়ন টাকা। একই সময়ে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ৮০০৯ মিলিয়ন টাকা বা শতকরা ৩২.৪৫ ভাগ বৃদ্ধি পেয়ে ৩২৬৮৭ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। আগোচ্য বছর শেষে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ২৭১৫

মিলিয়ন বা শতকরা ৭৬.৪৩ ভাগ বৃদ্ধি পেয়ে ৬২৬৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা ১৫৭৪০ মিলিয়ন টাকা বা শতকরা ৫২.৩৬ ভাগ বৃদ্ধি পেয়ে ৪৫৮০১ মিলিয়ন টাকায় দাঁড়ায়, এর মধ্যে, রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ যথাক্রমে ৯৫৭৯ মিলিয়ন, ২৮৭৭৯ মিলিয়ন ও ৭৪৪৩ মিলিয়ন টাকা। ব্যাংকটি ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর সদস্য হওয়ার সুবাদে Brokerage House-এর মাধ্যমে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে শাখা সম্প্রসারণ করে পুঁজি বিনিয়োগকারীদেরকে ঋণ প্রদানসহ ব্যাপকভাবে সহযোগিতা প্রদান করে আসছে। বর্তমানে Brokerage House-এর উত্তরা, বনানী, ধানমন্ডি, খুলনা, মিরপুর ও রাজশাহীতে অবস্থিত ৬টি শাখা পুরোদমে বিনিয়োগকারীদেরকে সেবা প্রদান করছে। চলতি বছরে ফেনী, কুমিল্লা, চট্টগ্রামে আরও শাখা সম্প্রসারণের পরিকল্পনা



এনসিসি ব্যাংকের আর্থিক সহযোগিতায় গড়ে ওঠা একটি গুরুত্বপূর্ণ কারখানা।

রয়েছে।

আলোচ্য বছরে এনসিসি ব্যাংকের আন্তর্জাতিকভাবে ব্যবহার উপযোগী VISA brand-এর Dual Currency Credit Card বাজারজাতকরণ প্রক্রিয়া অব্যাহত আছে।

ক্রমবর্ধমান রেমিট্যান্স প্রবাহকে ত্বরান্বিত করতে ব্যাংক বিভিন্ন এক্সচেঞ্জ হাউস ও মানি ট্রান্সফার কোম্পানির সাথে চুক্তি করেছে। সম্প্রতি TMSS নামে একটি এনজিও-এর সংগে প্রত্যন্ত এলাকায় অবস্থিত তাদের ২৫০টি শাখার মাধ্যমে পল্টী এলাকায় বসবাসরত প্রাপকদের কাছে রেমিট্যান্সের অর্থ পৌঁছে দেয়ার লক্ষ্যে DFID ও বাংলাদেশ ব্যাংকের যৌথ উদ্যোগে গৃহীত RPCF প্রকল্পের অধীনে চুক্তিবদ্ধ হয়েছে। রেমিট্যান্সের অর্থ যাতে স্বল্পতম সময়ে প্রাপকের হাতে পৌঁছে এবং তারা ইচ্ছামতো বিনিয়োগ করতে পারে সে জন্য ব্যাংক বিভিন্ন আকর্ষণীয় প্রকল্প চালু করেছে।

জনসাধারণকে সড়কে আকৃষ্ট করার লক্ষ্যে ব্যাংকের চলমান সঞ্চয় প্রকল্পের আওতায় অতি মুনাফা ভিত্তিক মেয়াদি আমানত, তাৎক্ষণিক মুনাফা প্রদান ও মেয়াদি আমানতসহ ২০০৭ সালে 'মানি ডাবল

প্রোগ্রাম' নামে একটি নতুন প্রডাক্ট প্রবর্তন করেছে। এছাড়া, মধ্যবিত্ত চাকরিজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে কনজুমার ফাইন্যান্সিং, গৃহ নির্মাণ ও মেয়ামতের লক্ষ্যে লীজ ফাইন্যান্সিং এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের ঈদ ও পূজার উৎসবে 'উৎসব ঋণ' সুবিধা গ্রাহকদের কাছে পৌঁছে দিচ্ছে। উপরন্তু, এসএমই কৃষি ও মৎস্য উন্নয়ন প্রকল্পে ব্যাংক ঋণ ও অর্থ সংস্থান করে যাচ্ছে।

এনসিসি ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নানা ধরনের বই বিতরণ করা হয়েছে। দরিদ্র সাধারণের চিকিৎসায় সাহায্য প্রদানের লক্ষ্যে ফাউন্ডেশন স্থানীয় একটি হাসপাতালকে আর্থিক সহায়তা দান করেছে।

২০০৭ সালের প্রায়শ্চরী বন্যা ও সিডর আক্রমণের সহায়তাদানের লক্ষ্যে ব্যাংক যথাক্রমে প্রধান উপদেষ্টা ও সেনা প্রধানের ত্রাণ তহবিলে সর্বমোট ১.১০ কোটি টাকা দান করেছে। এছাড়া চট্টগ্রামে বাংলাদেশ নৌ বাহিনীর মাধ্যমে সিডর উপদ্রুত এলাকায়ও কফল বিতরণ করা হয়েছে। ২০০৭ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ অর্জনকারী ব্যাংকের কার্যকর্তা/কর্মচারীদের সন্তানদের উৎসাহিত করার

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	২৫০০	২৫০০	২৫০০	২৫০০
২।	পরিশোধিত মূলধন	১৩৫২	১৭৫৮	১৭৫৮	১৭৫৮
৩।	রিজার্ভ ফান্ড	১০৬৫	১৯৯৫	২০৩৮	৩০০০
৪।	মোট আমানত	২৮১৪৭	৩৪৯০২	৩৮৭০২	৪১৫০০
	ক) তলবি আমানত	৪২৩২	৫৩২৭	৫১৩৭	৬১৫০
	খ) মেয়াদি আমানত	২৩৯১৫	২৯৫৭৫	৩৩৫৬৫	৩৫৩৫০
৫।	ঋণ ও অগ্রিম	২৪৬৭৮	৩২৬৮৭	৩৫৪৩৬	৩৮২৬৭
৬।	বিনিয়োগ	৩৫৫২	৬২৬৭	৮৩০৬	৯০০০
৭।	মোট পরিসম্পদ	৩২৬১৫	৪২৫২৩	৪৪২২৪	৪৬০০০
৮।	মোট আয়	৩৯১৩	৫২৬৯	১৫৪৪	৩৪২২
৯।	মোট ব্যয়	২৬৪৫	৩৪৮৯	১১১২	২২৭৭
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩০০৬১	৪৫৮০১	১৬৭৯৯	৩২৬০০
	ক) রজ্জানি	৮৫৫৭	৯৫৭৯	২৪২০	৫১০০
	খ) আমদানি	১৭৬৪৭	২৮৭৭৯	১১৩০০	২১০০০
	গ) রেমিট্যান্স	৩৮৫৭	৭৪৪৩	৩০৭৯	৬৫০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১১১৮	১২৩৯	১৩১৪	১৩৫০
	ক) কর্মকর্তা	৮৪৭	৯৬৫	১০২৫	১০৫০
	খ) কর্মচারী	২৭১	২৭৪	২৮৯	৩০০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৩৩৫	৩৯৮	৪০৫	৪২০
১৩।	শাখা (সংখ্যায়)	৪৮	৫৩	৫৩	৫৪
	ক) বাংলাদেশে	৪৮	৫৩	৫৩	৫৪
	খ) বিদেশে	-	-	-	-

লক্ষ্যে ব্যাংক তাদেরকে আর্থিক সহায়তা প্রদান করেছে।

ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

#### ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড মোট ৪১৪১১ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৭৬৯৮ মিলিয়ন টাকা আদায় করে। ২০০৮ সালের জানুয়ারি-মার্চ সময়ে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৩৩৮৮ মিলিয়ন ও ৬০২৮ মিলিয়ন টাকা। ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ দেয়া হলো।

#### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৭ সালে ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড ১৪৫টি প্রকল্পের জন্য ৮৩১৯ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করে। ২০০৮ সালের মার্চ শেষে ব্যাংকটির মোট ৩৯৩টি শিল্প প্রকল্পে ক্রমপূর্ণীভূত ঋণ মঞ্জু-

রীর পরিমাণ দাঁড়ায় ২৯৬২৬ মিলিয়ন টাকা।

ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর প্রকল্প সংখ্যা ও ঋণের অবস্থা সারণি-৩-এ দেয়া হলো।

#### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৭ সালের ডিসেম্বর শেষে ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক মোট ঋণের স্থিতির পরিমাণ দাঁড়ায় ৩২৬৮৭ মিলিয়ন টাকা। মার্চ ২০০৮ শেষে মোট ঋণের স্থিতি বৃদ্ধি পেয়ে ৩৫৪৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হল।

#### সুদের হার

২০০৭ সালে ব্যাংকটি বাজার অর্থনীতির সাথে সঙ্গতি রেখে আমানত ও ঋণের উপর সুদের হার নির্ধারণ করেছে, যা সারণি-৫-এ দেয়া হলো।

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬							
বিতরণ	৩২৫	২১৪৯	৬৪৭৫	৮৬২৪	১৭৮৯৯	২৬৮৪৮	
আদায়	১৬৯	১১৩১	৪৫৪৬	৫৬৭৭	১৮৩৭২	২৪২১৮	
২০০৭							
বিতরণ	৪৪৮	৩১৯৮	৭৯৮৪	১১১৮২	২৯৭৮১	৪১৪১১	
আদায়	১৯৮	১৬০৯	৫৮৯১	৭৫০০		৭৬৯৮	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	১৯৫	৪৯০	৫৩১২	৫৮০২	৭৩৯৯	১৩৩৮৮	
আদায়	১১৩	১৬৭	২৬০০	২৭৬৭	৩১৪৮	৬০২৮	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	৪৫০	১৬০০	১০০০০	১১৬০০	১১০০০	২৩০৫০	
আদায়	২২৫	৪৭০	৫৬০০	৬০৭০	৭০০০	১৩২৯৫	

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৪৭	২০৯	৩৫৬
পরিমাণ	২৬৭৮১	২০১৬	২৮৭৯৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৫৭	৮৮	১৪৫
পরিমাণ	৭৩৬৫	৯৫৪	৮৩১৯
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখে			
প্রকল্প সংখ্যা	১৫৫	২৩৮	৩৯৩
পরিমাণ	২৭৪৪৬	২১৮০	২৯৬২৬
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৮	২৯	৩৭
পরিমাণ	৬৬৫	১৬৪	৮২৯
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২১	৭০	৯১
পরিমাণ	১৫০০	১৫০	১৬৫০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	ঋত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	২৮৯ ৯৭ ১৯২ - -	২৯০ ৯২ ৩৬ ১৬২ -	৩১১ ৯৯ ৪৫ ১৬৭ -	৩৭০ ১১০ ৬০ ২০০ -
২।	শিল্প (চলতি মূলধন অর্ধায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৩৮৭২ ৩৬১২ ২৬০	৫৭১৯ ৫২০৮ ৫১১	৫৯০৯ ৫৩৮৭ ৫২২	৬৬২০ ৬০০০ ৬২০
৩।	চলতি মূলধন অর্ধায়ন	৫০৬৬	৫৯৩১	৬০৮৭	৬৭৫০
৪।	নির্মাণ	২০৮০	৩২৩৫	৩৩৫৪	৩৬০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	২০৮০	৭৩৭	৭০৮	৮০০
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৯১৫৫ ৪০৬৯ ৪০৬৯ ১০১৭ -	১১৫৯২ ৪৭৯৪ ২০৭০ ৪৭২৮ -	১২২৮৩ ৫০৮৭ ২১০৯ ৫০৮৭ -	১৩২০০ ৫৫০০ ২২০০ ৫৫০০ -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	২১৩৬	৫১৮৩	৬৭৮৪	৬৯২৭
	সর্বমোট	২৪৬৭৮	৩২৬৮৭	৩৫৪৩৬	৩৮২৬৭

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সফটী হিসাব	বল মেয়াদি হিসাব	হির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৫.০০	৭.০০	৬.০০	১০.৮০	১১.৫০	১৪.০০	১৪.৫০	১৪.২৯
২০০৭	৬.০০-৭.০০	৬.০০	১১.৩১	১০.৫৬	১১.৫০	১৪.০০	১৪.৫০	১৪.৩০
৩১ মার্চ ২০০৮*	৬.০০-৭.০০	৬.০০	১০.৮১	১০.২০	১১.৫০	১৪.০০	১৪.৫০	১৪.৩০
৩০ জুন ২০০৮**	৬.০০-৭.০০	৬.০০	১০.৮১	১০.২০	১১.৫০	১৪.০০	১৪.৫০	১৪.৩০

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## প্রাইম ব্যাংক লিমিটেড

প্রাইম ব্যাংক লিমিটেড ১০০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন ও ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে ১৭ এপ্রিল ১৯৯৫ সালে বেসরকারি ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ২০০৭ সাল শেষে ব্যাংকটির অনুমোদিত ও পরিশোধিত মূলধন বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৪০০০ মিলিয়ন ও ২২৭৫ মিলিয়ন টাকায় দাঁড়ায় এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ ১৮৭৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সাল শেষে পরিশোধিত মূলধন ২২৭৫ মিলিয়ন টাকায় বৃদ্ধি পেলেও শেয়ার প্রতি আয় (EPS) ছিল ৬১.৫৭ টাকা। একই সাথে ব্যাংকের রিটার্ন অন ইকুইটি (ROE) ৩০.৬৮ শতাংশে দাঁড়িয়েছে। ২০০৭ সালে ব্যাংকের মূলধন তহবিল ১৯৭৩ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ৬৩৮২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। মোট মূলধন তহবিল বৃদ্ধি সমন্বয়কৃত সম্পদের হার নির্ধারিত (Required) ১০.০০ শতাংশ-এর বিপরীতে

রয়েছে ১১.৫০ শতাংশ, যা ২০০৬ সালে ছিল ৯.৯৫ শতাংশ। মার্চ ২০০৮ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা ৬১টিতে দাঁড়ায় এবং মোট জনশক্তির সংখ্যা ১৪৫২ জনে দাঁড়ায়। মোট জনশক্তির মধ্যে ১৪৩১ জন কর্মকর্তা এবং ২১ জন কর্মচারী।

২০০৭ সাল শেষে প্রাইম ব্যাংক লিমিটেড-এর মোট আমানত ৭০৫১২ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যার মধ্যে তলবি ও মেয়াদি আমানতের পরিমাণ যথাক্রমে ১৭৭৬২ মিলিয়ন ও ৫২৭৫০ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ বিগত বছরের তুলনায় ১২৬৭৩ মিলিয়ন টাকা বা ২৮.১৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৫৭৬৬৪ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে, যা মার্চ ২০০৮ শেষে ৬০০৩৩ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণী-১ -এ দেয়া হলো।



প্রাইম ব্যাংক লিমিটেড-এর আর্থিক সহযোগিতায় গড়ে ওঠা একটি এ্যান্টিলিক ইয়ার্ন ও কটন ইয়ার্ন প্রকল্প।

প্রাইম ব্যাংক লিমিটেড ব্যাংকিং স্বীকৃতি হিসেবে তৃতীয়বারের মতো SAFA (South Asian Federation of Accountants) Merit Award 2006 লাভ করেছে। এছাড়াও প্রাইম ব্যাংক লিমিটেড ২০০৬ সালের হিসাব প্রকাশের জন্য ICAB জাতীয় পুরস্কার ২০০৬-এর অধীনে ব্যাংকিং উপ-খাতে (আর্থিক খাতের আওতাধীন) পরপর তৃতীয়বারের মতো ১ম পুরস্কার (1st Prize under ICAB National Award-2006) লাভ করে। প্রাইম ব্যাংক ২০০৭ সালে ICMAB Best Corporate Award-2007ও লাভ করে। Credit Rating and Information Services Limited (CRISL) প্রাইম ব্যাংকের দীর্ঘমেয়াদি AA (Double A) এবং স্বল্পমেয়াদে ST-2 রেটিং করেছে। জনসাধারণকে সঙ্কয়ে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রাইম ব্যাংক চালু করেছে নানারকম আকর্ষণীয় Deposit স্কিম, যার মধ্যে প্রাইম মিলিয়নিয়ার স্কিম, ডাবল বেনিফিট স্কিম, লাঞ্চপতি স্কিম, হাউস বিল্ডিং ডিপোজিট স্কিম ও শিক্ষা সঙ্কয় প্রকল্প উল্লেখযোগ্য। ব্যবসায় অর্থায়নের পাশাপাশি প্রাইম ব্যাংক লিমিটেড চলতি মূলধন অর্থায়ন, প্রকল্প অর্থায়ন এবং কর্পোরেট গ্রাহকের জন্য সংঘ ঋণ (Syndication) সংগ্রহও আয়োজন করেছে। ইতোমধ্যে Lead

Arranger এবং Agent ব্যাংক হিসেবে ১৫টি সিভিকেশন চুক্তির মাধ্যমে ব্যাংক প্রায় ৯০০০ মিলিয়ন টাকা অর্থায়ন সম্পন্ন করেছে। ২০০৭ সালে প্রাইম ব্যাংক লিমিটেড দেশের অবকাঠামোগত উন্নয়নেও উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। এ ব্যাংক বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প বাস্তবায়নে অর্থায়ন করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বরিশালের কীর্তনখোলা নদীতে দপদপিয়া সেতু, দ্বিতীয় শীতলক্ষ্যা সেতু, তিস্তা সেতু এবং তৃতীয় কর্ণফুলী সেতু। দেশের অনগ্রসর জনগণের সাহায্যার্থে বিভিন্ন জনসেবামূলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২০০২ সালে প্রাইম ব্যাংক ফাউন্ডেশন গঠন করা হয়। প্রতিবছর সামাজিক উন্নয়ন ও সমাজসেবামূলক কর্মকাণ্ড, যেমন- শিক্ষা, স্বাস্থ্যসেবা, মানব সম্পদ উন্নয়ন, বিপন্ন মানুষের পুনর্বাসনে অবদান রাখার লক্ষ্যে লভ্যাংশের একটি অংশ প্রাইম ব্যাংক ফাউন্ডেশনে প্রদান করে থাকে। প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের মাধ্যমে প্রাইম ব্যাংক লিমিটেড ২০০৭ সালে ১৭০ জন গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীকে উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে শিক্ষা বৃত্তি প্রদান করেছে। স্বাস্থ্যসেবার অধীনে "দৃষ্টি দান প্রকল্পের" মাধ্যমে দেশের বিভিন্ন এলাকায় ১২০০ চোখের ছানি অপারেশন ও ১২ জন দুঃস্থ এবং মুমূর্ষু

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	১৭৫০	২২৭৫	২২৭৫	২৮৪৪
৩।	রিজার্ভ ফান্ড	১৪০৪	১৮৭৪	১৮৭৪	১৮৭৪
৪।	মোট আমানত ক) তলবি আমানত খ) মেয়াদি আমানত	৫৪৭২৪ ১৩৩২০ ৪১৪০৪	৭০৫১২ ১৭৭৬২ ৫২৭৫০	৭৫০১৪ ১৮০৭৭ ৫৬৯৩৭	৮০৪৩৭ ১৯৩৮৩ ৬১০৫৪
৫।	ঋণ ও অগ্রিম	৪৫০১১	৫৭৬৮৪	৬০০৩৩	৬৬৬২৩
৬।	বিনিয়োগ	৭৮৮৮	১২৬৯৮	১৬৪১৪	১৭৬০১
৭।	মোট পরিসম্পদ	৬০৮৯৯	৭৯৫৮৮	৮৬৫৯৬	৯৩৫২৩
৮।	মোট আয়	৬৯৩৪	১০০৮২	৪১৫৫	৮৩১০
৯।	মোট ব্যয়	৪৮০৮	৬৮২৬	৩৭২১	৬২১৩
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা ক) রপ্তানি খ) আমদানি গ) রেমিট্যান্স	১০৯৪৯০ ৪১৮০১ ৫২৬৩৯ ১৫০৫০	১৩৭৮৩৮ ৫১৩১৬ ৭০৬১৭ ১৫৯০৫	৪৫৪১২ ১৬৬২৫ ২২৪৭১ ৬৩১৬	৭৯৭৮৯ ২৯২৬৯ ৪২১০৬ ৮৪১৪
১১।	মোট জনশক্তি (সংখ্যায়) ক) কর্মকর্তা খ) কর্মচারী	১১৭২ ১১৫০ ২২	১৪০০ ১৩৭৯ ২১	১৪৫২ ১৪৩১ ২১	১৫৬৫ ১৫৪৪ ২১
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৫২৮	৫৫৩	৫৫৩	৫৫৫
১৩।	শাখা (সংখ্যায়) ক) বাংলাদেশে খ) বিদেশে	৫০ ৫০ -	৬১ ৬১ -	৬১ -৬১ -	৬৫ ৬৫ -

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬	বিতরণ আদায়	৩৭৮৭ ৩৫৩২	৯১০৬ ৬২৬৯	১৪৫৪৮ ১৯৫৭১	২৩৬৫৪ ২৫৮৪০	২০৪৫০ ১১০১৩	৪৭৮৯১ ৪০৩৮৫
২০০৭	বিতরণ আদায়	১৬০৩ ২০০৭	৭৭৯৫ ৬২৭১	১৭৭৪৮ ২০৪১০	২৫৫৪৩ ২৬৬৮১	৩১৯০২ ১৫৯৬৯	৫৯০৪৮ ৪৪৬৫৭
৩১ মার্চ ২০০৮*	বিতরণ আদায়	১৮৮৯ ১২৫৪	১২৭২ ১৫৯০	৫৯১৩ ৩৬৩৬	৭১৮৫ ৫২২৬	৭৭৫১ ৭২৬৩	১৬৮২৫ ১৩৭৪৩
৩০ জুন ২০০৮**	বিতরণ আদায়	২৮৪৩ ২৫৩৮	৭৭৪৬ ৬৪৭৮	৯৯৮৩ ১১১৬৮	১৭৭২৯ ১৭৬৪৬	২৫২৮৮ ১৪৯৮৯	৪৫৮৬০ ৩৫১৭৩

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

রোগীর ওপেন হার্ট সার্জারিতে আর্থিক সহায়তা প্রদান করেছে।  
প্রাইম ব্যাংক লিমিটেড ২০০৭ সালে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় অসহায় মানুষের মাঝে সহায়তার হাত সম্প্রসারিত করেছে, যেমন- চট্টগ্রামের ভূমি/পাহাড় ধসের সময় ক্ষতিগ্রস্তদের জন্য অর্থ সহায়তা, বন্যা কবলিত বিভিন্ন এলাকায় জ্বাল সামগ্রী ও ঔষধ বিতরণ এবং সর্বশেষ দেশের দক্ষিণাঞ্চলে ভয়াবহ ঘূর্ণিঝড় SIDR-এ ক্ষতিগ্রস্তদের জন্য বিভিন্ন রকম জ্বাল সামগ্রী বিতরণ ও পুনর্বাসনে সহায়তা প্রদান।

## বৈদেশিক বাণিজ্য কার্যক্রম

২০০৭ সালে ব্যাংকটি মোট ১৩৭৮৩৮ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে যার মধ্যে রপ্তানি, আমদানি ও রেমিট্যান্স-এর পরিমাণ ছিল যথাক্রমে ৫১৩১৬ মিলিয়ন, ৭০৬১৭ মিলিয়ন ও ১৫৯০৫ মিলিয়ন টাকা।

ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানকারী অনিবাসী বাংলাদেশীদের দ্রুত ও নির্ভরযোগ্য রেমিট্যান্স সুবিধা প্রদানের উদ্দেশ্যে প্রাইম ব্যাংক ২০০৭ সালে বিশ্বের সর্ববৃহৎ Money Transfer Company যুক্তরাষ্ট্রের Western Union-এর সাথে চুক্তিবদ্ধ হয়ে রেমিট্যান্স সুবিধা দিয়ে আসছে। এছাড়াও যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইতালি, সংযুক্ত আরব-আমীরাত, সৌদি আরব, ওমান ও ইউরোপে অবস্থিত ২৪টি শীর্ষস্থানীয় এক্সচেঞ্জ কোম্পানির সাথে ব্যাপকভিত্তিক Remittance Arrangement করেছে। ফলে পৃথিবীর যেকোনো প্রান্ত হতে গ্রাহকগণ সরাসরি অভ্যন্তরীণ রেমিট্যান্স পেতে পারেন। বিশ্বের বিভিন্ন অঞ্চলে Exchange House-এর নেটওয়ার্ক বর্ধিত করার প্রয়াস হিসেবে প্রাইম ব্যাংক সিঙ্গাপুরে Prime Exchange Company নামে স্বয়ংসম্পূর্ণ একটি Exchange House-এর কার্যক্রম ২০০৬ সালের জুলাই থেকে শুরু করেছে, যার মাধ্যমে সিঙ্গাপুরে অবস্থিত প্রবাসীদের অর্জিত বৈদেশিক মুদ্রা দেশে প্রেরণের পথ সুগম হয়েছে। ২০০৭ সালে

সিঙ্গাপুরে অবস্থানরত বাংলাদেশীরা শুধু Prime Exchange Company-এর মাধ্যমে প্রায় ১০.৮৭ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ টাকা সিঙ্গাপুর থেকে বাংলাদেশে প্রেরণ করেছেন। প্রাইম ব্যাংক ডাকার রপ্তানি প্রক্রিয়াজাতকরণ-এলাকায় (DEPZ) সর্বপ্রথম Off-shore ব্যাংকিং ইউনিট চালু করেছে, যার মাধ্যমে দেশের মধ্যেই শুধু বৈদেশিক মুদ্রায় লেনদেন করার সুযোগ সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রামের রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায়ও (CEPZ) একটি Off-shore ব্যাংকিং ইউনিট খোলা হয়েছে।

## রিটেইল ব্যাংকিং/কনজুমার ক্রেডিট

ঋণ ঝুঁকি বহুমুখীকরণের অংশ হিসেবে প্রাইম ব্যাংক রিটেইল ব্যাংকিং/কনজুমার ক্রেডিট খাতে ঋণ কার্যক্রম আরো সম্প্রসারণ করেছে। রিটেইল ব্যাংকিং ব্যবসায় ১১টি প্রডাক্ট চালু করা হয়েছে, যেমন- গৃহ নির্মাণ ঋণ, জোজা ঋণ, গাড়ি ক্রয় ঋণ, ডিটরস লোন, বেতনের বিপরীতে ঋণ, শিক্ষা ঋণ, বিবাহ ঋণ, CNG রপ্তানির ঋণ, চিকিৎসা ঋণ, অ্যানি পারপাস ঋণ ইত্যাদি।

## ক্রেডিট কার্ড

প্রাইম ব্যাংক লিমিটেড ১৯৯৯ সাল থেকে ক্রেডিট কার্ড কার্যক্রম শুরু করেছে। ইতোমধ্যে VISA কার্ডও চালু হয়েছে। প্রাইম ব্যাংক দেশীয় প্রথম ব্যাংক হিসেবে বিশ্বব্যাপী প্রচলিত প্রাস্টিক মানি অর্থাৎ Master Card ও VISA Card-এর মুখ্য মেম্বারশীপ (Principal Membership) লাভ করেছে।

## এসএমই ঋণ কার্যক্রম

ক্ষুদ্র এবং মাঝারি শিল্প (SME)-এর উপযোগী ঋণ ও সেবা প্রদানের লক্ষ্যে প্রাইম ব্যাংক লিমিটেড ২০০৭ সালে SME Financing এর ওপর একটি Comprehensive policy তৈরি করে। প্রাইম ব্যাংক-এর

নতুন SME কাঠামোতে মহিলা উদ্যোক্তা উন্নয়নে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে।

### ইসলামি ব্যাংকিং কার্যক্রম

ইসলামি পদ্ধতিতে সুদমুক্ত আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে প্রাইম ব্যাংক লিমিটেড দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৫টি ইসলামি শাখা বুলে সম্পূর্ণরূপে ইসলামি শরীয়ত মোতাবেক ব্যাংকিং কার্যক্রম ও লেনদেন পরিচালনা করে আসছে। এ ব্যাংকের ইসলামিক ব্যাংকিং শাখাগুলো তার আমানতকারীদের অন্যান্য ইসলামি ব্যাংকগুলোর তুলনায় বেশি মুনাফা প্রদান করছে।

### মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম

প্রাইম ব্যাংক লিমিটেড Secondary মার্কেটে ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য "Prime Investment Portfolio Management Services" নামে একটি নতুন স্কিম চালু করেছে।

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সম্প্রসারিত আধুনিক ডেলিভারি চ্যানেল, যথা- ATM বুথ, টেলিফোন, SMS Banking, ইন্টারনেট ব্যাংকিং প্রভৃতির মাধ্যমে ব্যাংক প্রযুক্তি নির্ভর সেবা সরবরাহের লক্ষ্যে NV Netherlands Antilles-এর Temenos Holdings থেকে Temenos T24 কোর ব্যাংকিং Software

হিসেবে বেছে নিয়েছে। বর্তমানে ব্যাংকের প্রধান কার্যালয়সহ মোট ২৪টি শাখা এ নতুন Software-এর আওতায় এসেছে। ইতোমধ্যে উল্লিখিত ২৪টি শাখার মধ্যে আধুনিক Online Banking সেবা (Fund Transfer, SMS Banking, ATM Service etc.) প্রদান করা সম্ভব হচ্ছে। প্রাইম ব্যাংক এককভাবে বর্তমানে (মার্চ ২০০৮ পর্যন্ত) ১১টি ATM বুথ স্থাপনের মাধ্যমে ATM Service চালু করেছে এবং চলতি বছরের মধ্যে ঢাকা ও চট্টগ্রামে কমপক্ষে আরো ৫০টি নতুন ATM বুথ স্থাপনের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।

### ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সাল শেষে প্রাইম ব্যাংক লিমিটেড কর্তৃক মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ৫৯০৪৮ মিলিয়ন ও ৪৪৬৫৭ মিলিয়ন টাকা। এর মধ্যে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ২৫৫৪৩ মিলিয়ন ও ২৬৬৮১ মিলিয়ন টাকা। পূর্ববর্তী বছরে মোট ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৪৭৮৯১ মিলিয়ন ও ৪০৩৮৫ মিলিয়ন টাকা। ব্যাংকটির ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২ এ-দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

২০০৭ সালে প্রাইম ব্যাংক ২৪৮টি প্রকল্পের আওতায় মোট ১৩৩৭৫ মিলিয়ন টাকা শিল্প ঋণ মঞ্জুর করে, যার মধ্যে ১৩০৬২

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী			সারণি-৩ (মিলিয়ন টাকায়)	
বিবরণ	শিল্পের আকার		মোট	
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১৭৯ ৫৯৭১৩	৭৬২ ১৮০২	১৯৪১ ৬১৫১৫
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১৫৪ ১৩০৬২	৯৪ ৩১৩	২৪৮ ১৩৩৭৫
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	১২৫০ ৬৩৫৯৪	৮০৮ ১৯১৯	২০৫৮ ৬৫৫১৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৭১ ৩৮৮১	৪৬ ১১৭	১১৭ ৩৯৯৮
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৮৬ ৪৯৬৮	৫৬ ১৫০	১৪২ ৫১১৮

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

মিলিয়ন টাকা বৃহৎ ও মাঝারি শিল্প খাতে এবং ৩১৩ মিলিয়ন টাকা ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে। ব্যাংকটির শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

#### অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণ কর্মসূচি

২০০৭ সাল শেষে প্রাইম ব্যাংক লিমিটেড-এর মোট ঋণের স্থিতি দাঁড়ায় ৫৭৬৮৪ মিলিয়ন টাকা। এর মধ্যে কৃষি খাতে ২৭২

মিলিয়ন, শিল্প খাতে ৯৫৪৬ মিলিয়ন, চলতি মূলধন খাতে ৮৭২১ মিলিয়ন, নির্মাণ খাতে ৩৮৩২ মিলিয়ন, পরিবহন ও যোগাযোগ খাতে ১৬৫৫ মিলিয়ন, ব্যবসা-বাণিজ্য খাতে ১৬৪১৭ মিলিয়ন, দারিদ্র্য হ্রাসকরণ খাতে ৫৭০ মিলিয়ন এবং অন্যান্য খাতে ১৬৬৭১ মিলিয়ন টাকা।

ব্যাংকটির অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন	২৪৪	২৭২	৩১৪	৩৪০
	ক) শস্য	২৬	১	১	১
	খ) শস্য ব্যতীত অন্যান্য	১৫৫	১২৬	১৪৫	১৫৮
	গ) মৎস্য	-	১৪৫	১৬৮	১৮১
	ঘ) বনায়ন	৬৩	-	-	-
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত)	৯৬১৪	৯৫৪৬	১০২৬০	১১১৬৭
	ক) বৃহৎ ও মাঝারি	৯০৮৩	৯৩৫৮	১০০৫৯	১০৯৪৮
	খ) ক্ষুদ্র ও কুটির	৫৩১	১৮৮	২০১	২১৯
৩।	চলতি মূলধন অর্থায়ন	৮৪৬২	৮৭২১	৯৪১৯	১০১১৭
৪।	নির্মাণ	৩৫৯৯	৩৮৩২	৪১৩৯	৪৩৬৯
৫।	বিন্দু, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	১৪৯৩	১৬৫৫	১৮০৪	১৮৫৩
৭।	ব্যবসা-বাণিজ্য	১৩৯৯৩	১৬৪১৭	১৭৬৪৮	১৯১৭৫
	ক) পাইকারি ও খুচরা	৩৫৫১	৪১৯৫	৪৪৮৮	৪৯০৮
	খ) রপ্তানি	১৬৫০	৪১২৮	৪৪৫৮	৪৭৮৮
	গ) আমদানি	৮৪১০	৭৪৩৬	৮০৩১	৮৭৭৫
	ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৩৮২	৬৫৮	৬৭১	৭০৪
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	১৭৫	৫৭০	৫৯৮	৬৭২
৯।	অন্যান্য	৭৪৩১	১৬৬৭১	১৫৮৫১	১৮৯৩০
	সর্বমোট	৪৫০১১	৫৭৬৮৪	৬০০৩৩	৬৬৬২৩

বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিমের সুদের হার সারণি-৫-এ বিধৃত হলো।

সুদের হার (শতকরা হার)								সারণি-৫
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বহু মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৬.০০	৬.৫৮	১১.৬৫	৮.১৫	১১.০০	১৪.৫০	১৬.০০	১৫.৬৫
২০০৭	৬.০০	৬.৫৮	১১.০০	৮.৭২	১১.০০	১৪.৫০	১৬.০০	১৪.১৬
৩১ মার্চ ২০০৮*	৬.০০	৬.৫৮	১০.৭৫	৮.৫১	১১.০০	১৪.৫০	১৬.০০	১৫.৪৮
৩০ জুন ২০০৮**	৬.০০	৬.৫৮	১০.৭৫	৮.৫১	১১.০০	১৪.৫০	১৬.০০	১৫.৩৩

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

## সাউথইস্ট ব্যাংক লিমিটেড

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ১৯৯৫ সালের ১২ মার্চ পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয় এবং একই বছরের ২৫ মে ৫০০ মিলিয়ন টাকার অনুমোদিত মূলধন এবং ১০০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন নিয়ে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। মার্চ ২০০৮ শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ৩৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ২২৮২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। মার্চ ২০০৮ শেষে ব্যাংকটির মোট জনশক্তির সংখ্যা ১১৪৩ জনে দাঁড়ায়; এর মধ্যে কর্মকর্তা ৯৯১ জন এবং কর্মচারী ১৫২ জন। এ সময়ে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ৪১টিতে দাঁড়ায়।

২০০৭ সালে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর মোট আমানতের পরিমাণ ৫৫৪৭৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়; এর মধ্যে তলবি আমানত ৪৯৩৭ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৫০৫৩৭ মিলিয়ন টাকা। মার্চ

২০০৮ শেষে ব্যাংকটির মোট আমানতের পরিমাণ ৬৩৪৭৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়; এর মধ্যে তলবি আমানত ৫৬৪৯ মিলিয়ন এবং মেয়াদি আমানত ৫৭৮২৮ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৪৮১৬৪ মিলিয়ন টাকায়, যা মার্চ ২০০৮ শেষে ৪৮৭১৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালে ব্যাংকটির মোট বিনিয়োগের পরিমাণ ছিল ৮৪৬৩ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৮ শেষে ১৪৩৭৯ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালে ব্যাংকটি মোট ৭৮২৮১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে, এর মধ্যে রপ্তানি খাতে ২৮৭৭১ মিলিয়ন টাকা, আমদানি খাতে ৩৮৪৭০ মিলিয়ন টাকা এবং রেমিট্যান্স বাবদ ১১০৪০ মিলিয়ন টাকা। ২০০৮ সালে ব্যাংকটির বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা উল্লেখযোগ্য হারে বাড়তে শুরু করেছে; প্রথম তিন মাসে যার পরিমাণ দাঁড়িয়েছে



সাউথইস্ট ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি কেমিক্যাল কারখানা।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৩৫০০	৩৫০০	৩৫০০	৩৫০০
২।	পরিশোধিত মূলধন	২১১৩	২২৮২	২২৮২	২৮৫২
৩।	রিজার্ভ ফান্ড	২৮২৮	৪১৮৭	৪১৮৭	৪৪৮৫
৪।	মোট আমানত	৪৬০৫৬	৫৫৪৭৪	৬৩৪৭৭	৬১৬৬০
	ক) তদবি আমানত	৪৫১৪	৪৯৩৭	৫৬৪৯	৫৪৮৮
	খ) মেয়াদি আমানত	৪১৫৪২	৫০৫৩৭	৫৭৮২৮	৫৬১৭২
৫।	ঋণ ও অগ্রিম	৪১১৪৬	৪৮১৬৪	৪৮৭১৯	৫২৯২০
৬।	বিনিয়োগ	৬২৬৬	৮৪৬৩	১৪৩৭৯	১৪৫০০
৭।	মোট পরিসম্পদ	৫৪৮২৫	৬৪৩৭১	৭২৩৬৮	৭২২২০
৮।	মোট আয়	৬৭৬৬	৮৬৭০	২২৭৫	৫৯১৩
৯।	মোট ব্যয়	৪৭০৩	৫৭৫৪	১৬৩২	৪২৪৩
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭৪৪৮০	৭৮২৮১	২৬৮৫৭	৫২৮৯০
	ক) রপ্তানি	২৫৮৭৫	২৮৭৭১	৯৫৪৫	১৯৭০০
	খ) আমদানি	৩৫১২৫	৩৮৪৭০	১৩৯৬৭	২৭৪৪০
	গ) রেমিট্যান্স	১৩৪৮০	১১০৪০	৩৩৪৫	৫৭৫০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৯৯৮	১১১৬	১১৪৩	১১৯৩
	ক) কর্মকর্তা	৮৪৫	৯৬৪	৯৯১	১০৪১
	খ) কর্মচারী	১৫৩	১৫২	১৫২	১৫২
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	শাখা (সংখ্যায়)	৩১	৩৮	৪১	৪৩
	ক) বাংলাদেশে	৩১	৩৮	৪১	৪৩
	খ) বিদেশে	-	-	-	-

২৬৮৫৭ মিলিয়ন টাকা। এর মধ্যে রপ্তানি খাতে ৯৫৪৫ মিলিয়ন, আমদানি খাতে ১৩৯৬৭ মিলিয়ন এবং রেমিট্যান্স বাবদ ৩৩৪৫ মিলিয়ন টাকা। সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

**ঋণ বিতরণ ও আদায়**

সাউথইস্ট ব্যাংক লিমিটেড ২০০৭ সালে মোট ৬৭৪২০ মিলিয়ন টাকা

ঋণ বিতরণ করে এবং ৬০১০১ মিলিয়ন টাকা আদায় করে। এর মধ্যে শিল্প খাতে ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ১৬০৬৯ মিলিয়ন ও ১০৬৫৪ মিলিয়ন টাকা।

সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এর ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫-এ দেয়া হলো।

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬						
বিতরণ	১	৫২৭৪	৫৫২৭	১০৮০১	৫৩৫৪৬	৬৪৩৪৮
আদায়	-	২১২০	৩৩৯৪	৫৫১৪	৫০২৩৯	৫৫৭৫৩
২০০৭						
বিতরণ	১৫৫	৭৮৮৩	৮১৮৬	১৬০৬৯	৫১১৯৬	৬৭৪২০
আদায়	১	৩৬৮৩	৬৯৭১	১০৬৫৪	৪৯৪৪৬	৬০১০১
৩১ মার্চ ২০০৮*						
বিতরণ	-	৮৮৯	২০০৯	২৮৯৮	১৭৭৬১	২০৬৫৯
আদায়	-	৮৪৫	১৬৬৯	২৫১৪	১৪৩৩৯	১৬৮৫৩
৩০ জুন ২০০৮**						
বিতরণ	৩০	১৮৪৮	৩৭০৪	৫৫৫২	৩২১৬৮	৩৭৭৫০
আদায়	২৫	১৫২৩	২৯৯২	৪৫১৫	২৭২৭৪	৩১৮১৪

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	শিল্পের আকার		মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৯৪	৩৩	২২৭
পরিমাণ	৩৩৯৯৫	৩৩২	৩৪৩২৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪৬	২	৪৮
পরিমাণ	১৪৯৮৬	৫৩	১৫০৩৯
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখে			
প্রকল্প সংখ্যা	২০৭	৩৩	২৪০
পরিমাণ	৩৫৬৪৮	৩৩২	৩৫৯৮০
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	১৩	-	১৩
পরিমাণ	১৬৫৩	-	১৬৫৩
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	২৫	১	২৬
পরিমাণ	৩০০০	৫	৩০০৫

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	১১ - ৫ ৬ -	১৭৪ - ১৫৩ ২১ -	১৮০ - ১৫৭ ২৩ -	২০০ ১৫ ১৬০ ২৫ -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কৃষির	৮৮১১ ৮৭৭৫ ৩৬	১৩৯০৬ ১৩৮৯১ ১৫	১৪০৯৯ ১৪০৮৮ ১১	১৪৫০০ ১৪৪৮৫ ১৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	৬৪৬১	৬৯০৬	৭১৫০	৭৫৮০
৪।	নির্মাণ	২৫৩৮	২১৯২	২৩২৪	২৫০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	২০৬	২৩৭	২৪২
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৬২	৬১৩	৭০৩	৯৯০
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	২১৮৩২ ১১২০৬ ৩৬০১ ৬৭১৩ ৩১২	২০৩৬০ ১০৯৩৯ ২৫৮৭ ৬৩৮৪ ৪৫০	২১১৬১ ১১০৩১ ২৫৩৫ ৭০৮৮ ৫০৭	২৩৪০০ ১২৪০০ ২৯০৩ ৭৫৮০ ৫১৭
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	১১৩১	৩৮০৭	২৮৬৫	৩৫০৮
	সর্বমোট	৪১১৪৬	৪৮১৬৪	৪৮৭১৯	৫২৯২০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি	দ্বি- মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৫.৫০	৪.৫০-৫.০০	১২.০০-১২.৫০	৯.৪০	১০.০০	১৪.০০-১৫.৫০	১৪.০০-১৫.৫০	১৫.৯২
২০০৭	৬.০০	৪.৫০-৬.০০	১১.৫০-১২.৫০	৯.৪৪	১০.০০	১৪-১৫.৫০	১৪.০০-১৫.৫০	১৪.৪৭
৩১ মার্চ ২০০৮*	৬.০০	৪.৫০-৬.০০	১১.০০-১২.০০	৯.৬০	১০.০০	১৪-১৫.৫০	১৪.০০-১৫.৫০	১৫.৩৮
৩০ জুন ২০০৮**	৬.০০	৪.৫০-৬.০০	১১.৫০-১২.৫০	৯.৬৫	১১.০৭	১৫-১৫.২৫	১৫.৫০-১৫.৫০	১৫.৯০

\* সাময়িক; \*\* প্রাকলিত।

## ঢাকা ব্যাংক লিমিটেড

১৯৯৫ সালের ৫ জুলাই দেশের অন্যতম বেসরকারি ব্যাংক, ঢাকা ব্যাংক লিমিটেড ব্যাংকিং কার্যক্রম শুরু করে। ২০০৭ সাল শেষে ব্যাংকের কর্মী সংখ্যা ৮৪১ জনে দাঁড়িয়েছে। তাদের মধ্যে ৭৪৫ জন কর্মকর্তা/নির্বাহী ও ৯৬ জন কর্মচারী। দেশজুড়ে ব্যাংকের ৪২টি শাখা রয়েছে। তার মধ্যে দুটি ইসলামি শরীয়াহ ভিত্তিক। ঢাকা ও চট্টগ্রাম ইপিজেডে ব্যাংকের দুটি অফশোর ব্যাংকিং আউটলেটও রয়েছে। ডিসেম্বর ২০০৭ শেষে ঢাকা ব্যাংকের অনুমোদিত মূলধন ৬০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধন ১৫৪৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এ সময়ে ব্যাংকের মোট আমানত ৪৮৭৩১ মিলিয়ন টাকায় দাঁড়ায়, যা ডিসেম্বর ২০০৬ শেষের ৪১৫৫৪ মিলিয়ন টাকা থেকে ১৭ শতাংশ বেশি। ঋণ ও অগ্রিম এবং বিনিয়োগ ২০০৬ সালের তুলনায় যথাক্রমে ১৭ ও ১১ শতাংশ বৃদ্ধি পেয়ে এ বছরে ৩৯৯৭১ মিলিয়ন ও ৫৯৭২ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৭ সালে ব্যাংকটি ৯২২৬৫ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা

পরিচালনা করেছে, যার মধ্যে রপ্তানি ৩১০৮১ মিলিয়ন, আমদানি ৪৯৪৯৬ মিলিয়ন ও রেমিট্যান্স ১১৬৮৮ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ৫২০৮ মিলিয়ন টাকা ব্যয় করে ব্যাংক আয় করেছে ৭২১৮ মিলিয়ন টাকা।

উন্নত ও ব্যাপকভিত্তিক গ্রাহক সেবার লক্ষ্যে ঢাকা ব্যাংক তথ্য প্রযুক্তি, রিটেইল, গ্লোবাল ট্রানজ্যাকশন সার্ভিস, পুঁজিবাজার সেবা, কাস্টোমাইজড সার্ভিস ও এসএমই (ছোট ও মাঝারি উদ্যোগ) ইত্যাদি উদ্যোগ নিয়েছে।

ঢাকা ব্যাংক ইতিপূর্বে চালুকৃত পার্সোনাল লোন, কার লোন, ভ্যাকেশন লোন, অ্যানিপারপাস লোন, ডিপিএস, ডাবল ডিপোজিট স্কিম, স্পেশাল ডিপোজিট-ইনকাম আনলিমিটেড, স্মার্ট প্রোস্ট, ডিবিএল/ডিসা ক্রেডিট/ডেবিট কার্ড ইত্যাদি গ্রাহক সাধারণ্যে প্রশংসা পেয়েছে। ঢাকা ও চট্টগ্রাম - দু'টো স্টক এক্সচেঞ্জের সদস্য হিসেবে এ ব্যাংক গ্রাহকদেরকে শেয়ার ব্যবসায়ের ব্যবস্থা করে দিয়েছে। এটিএম



ঢাকা ব্যাংক লিমিটেড-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি গ্রেড তৈরির কারখানা।

কার্ড, এসএমএস ব্যাংকিং ও অন্তর্জাল ব্যাংকিংও (Internet Banking) ঢাকা ব্যাংকের সেবায় অন্তর্ভুক্ত হয়েছে।  
ঢাকা ব্যাংক লিমিটেডের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋাতভিত্তিক ঋণ

বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি ও সুদের হার যথাক্রমে সারণি ১, ২, ৩, ৪ ও ৫-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	২৬৫০	৬০০০	৬০০০	৬০০০
২।	পরিশোধিত মূলধন	১২৮৯	১৫৪৭	১৫৪৭	১৯৩৪
৩।	রিজার্ভ ফান্ড	১২৬২	১১৮১	১১৮১	১১৮১
৪।	মোট আমানত	৪১৫৫৪	৪৮৭৩১	৫৩৮৬৮	৫৫৮৫০
	ক) তলবি আমানত	৫৫৬৮	৬৭৭৯	৮১৮৬	৮৩৫০
	খ) মেয়াদি আমানত	৩৫৯৮৬	৪১৯৫২	৪৫৬৮২	৪৭৫০০
৫।	ঋণ ও অগ্রিম	৩৪০৪৯	৩৯৯৭১	৪১৩৯৪	৪৬৮৫৮
৬।	বিনিয়োগ	৫৩৭৮	৫৯৭২	৬৩৩৯	৬৭১২
৭।	মোট পরিসম্পদ	৪৭৮৯৪	৫৭৪৪৩	৬৫০১৬	৬২২১৫
৮।	মোট আয়	৫৪৫৭	৭২১৮	২৫২৭	৫২৫০
৯।	মোট ব্যয়	৪২৬৪	৫২০৮	১৯৩৯	৩৯১১
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৮৭০৬৮	৯২২৬৫	২৮৪৯০	৭২৯৯২
	ক) রপ্তানি	২৩২৬৮	৩১০৮১	৮৫৯০	২১৪২৬
	খ) আমদানি	৪৬২৭৭	৪৯৪৯৬	১৬৩৩৮	৩২৯৮৯
	গ) রেমিট্যান্স	১৭৫২৩	১১৬৮৮	৩৫৬২	১৮৫৭৭
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৭৮১	৮৪১	৮৪৬	৯২৫
	ক) কর্মকর্তা	৬৮৫	৭৪৫	৭৫১	৮৩০
	খ) কর্মচারী	৯৬	৯৬	৯৫	৯৫
১২।	বিদেশী প্রতিষ্ঠান ব্যাংক (সংখ্যায়)	৩৫০	৩৫০	৩৫০	৩৫০
১৩।	শাখা (সংখ্যায়)	৩৭	৪২	৪২	৪৪
	ক) বাংলাদেশে	৩৭	৪২	৪২	৪৪
	খ) বিদেশে	-	-	-	-

খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মেটি			
২০০৬							
বিতরণ	-	৫৭৪	১৪৮২	২০৫৬	৯১০	২৯৬৬	
আদায়	-	১৬২	৭৫৮	৯২০	৫৭১	১৪৯১	
২০০৭							
বিতরণ	-	৩২৬২	৯৬০৭	১২৮৬৯	১৬০৫৮	২৮৯২৭	
আদায়	-	১৭৩৬	৪২৯৮	৬০৩৪	৭৯২৫	১৩৯৫৯	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	৩৮৮	২৭৪৮	৬৫৬৪	৯৩১২	১৩৮৮১	২৩৫৮১	
আদায়	১৫২	১৪২৯	১৮৭৮	৩৩০৭	৪১৮০	৭৬৩৯	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	৪৭০	৩৫৯৩	৮১৮৪	১১৭৭৭	১৬০৪৪	২৮২৯১	
আদায়	১৮৫	২০২৭	৪১৫০	৬১৭৭	৮২১৯	১৪৫৮১	

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				সারণি-৩
				(মিলিয়ন টাকায়)
বিবরণ	প্রকল্প সংখ্যা পরিমাণ	শিল্পের আকার		মেটি
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত				
		৩৩১	২২২	৫৫৩
		৩৪৪৪৭	৩৪৩	৩৪৭৯০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত				
		১৯০	৭৭	২৬৭
		৭৩২৪	১৮২	৭৫০৬
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮* তারিখে				
		৪২৭	২৭১	৬৯৮
		৪২১০৪	৫৯৩	৪২৬৯৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত				
		৯৬	৪৯	১৪৫
		৭৬৫৭	২৫০	৭৯০৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত				
		২০৭	১৩৯	৩৪৬
		১৫১২৬	৫৮৯	১৫৭১৫

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক খণ্ডের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	৩৪ - ৩৪ -	৩৮১ - ৩৮১ -	৪৩৭ - ৪৩৭ -
২।	শিল্প (চলতি মূলধন অর্ধায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২১৫৪ ৮৫১ ১৩০৩	১১৯৪৮ ১১৮১৫ ১৩৩	১০২৩৪ ১০০৯৫ ১৩৯	১১৯১০ ১১৭৩৫ ১৭৫
৩।	চলতি মূলধন অর্ধায়ন	৯৬২৩	১০৪০১	৯১৫০	১০৪৮৫
৪।	নির্মাণ	২৯৯	৪০৯৩	৩৬২৯	৪১৯৭
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	২০৪৩	৬৭৭	৮৬	৯৩
৬।	পরিবহন ও যোগাযোগ	৮০৯৫	১০৭২	১১৩৭	১৩২৩
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৭৪৭৪ ১১০ ১১৯০ ৪২৩৪ ১৯৪০	৭৭৫৭ ১৮২৩ ১০০৩ ৪৯১৬ ১৫	৭৯৫৮ ২৪৯২ ৯৬৮ ৪১৩২ ৩৬৬	৯৩০৮ ২৮৪০ ১২০২ ৪৮৬৭ ৩৯৯
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	৯	৭	৮
৯।	অন্যান্য	৪৩৬১	৩৯৮০	৮৮১২	৯০৯৭
	সর্বমোট	৩৪০৪৯	৩৯৯৭১	৪১৩৯৪	৪৬৮৫৮

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৬.৫০	৬.০০	১১.২৫	৯.১৫	৭.০০	১৩.৫০	১৫.০০	১৩.১৯
২০০৭	৭.০০	৬.০০	১১.২৫	৮.৯৭	৭.০০	১৪.৫০	১৬.০০	১৩.৮৪
৩১ মার্চ ২০০৮*	৬.৫০	৬.৫০	১১.২৫	৯.২০	৭.০০	১৪.৫০	১৬.০০	১৩.৮২
৩০ জুন ২০০৮**	৭.০০	৬.৫০	১১.৫০	৯.২৫	৭.০০	১৪.৫০	১৬.০০	১৪.০০

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ২৭ সেপ্টেম্বর ১৯৯৫ সালে ইসলামী ব্যাংক হিসেবে কার্যক্রম শুরু করে। ব্যাংকটি ইসলামী শরীয়াহ্ মোতাবেক পরিচালিত সম্পূর্ণ দেশীয় উদ্যোগে প্রতিষ্ঠিত বেসরকারি ব্যাংক। ২০০৭ সালে ব্যাংকটির অনুমোদিত মূলধন, পরিশোধিত মূলধন এবং রিজার্ভ ফান্ডের পরিমাণ দাঁড়ায় যথাক্রমে ২৫০০ মিলিয়ন, ১১৫৩ মিলিয়ন এবং ৮৮৪ মিলিয়ন টাকা। ডিসেম্বর

২০০৭ শেষে ব্যাংকটির শাখার সংখ্যা ৪৬টিতে দাঁড়ায়। উল্লিখিত সময়ে ব্যাংকের মোট জনশক্তি ছিল ১০৩৬ জন; এর মধ্যে ৯৫৭ জন কর্মকর্তা এবং ৭৯ জন কর্মচারী। ২০০৭ সালে ব্যাংকটির মোট আমানত ছিল ২৩০০৯ মিলিয়ন টাকা; যার মধ্যে তলবি ও মেয়াদি আমানত যথাক্রমে ২২৬৬ মিলিয়ন এবং ২০৭৪৩ মিলিয়ন টাকা। ২০০৭ সালের শেষ নাগাদ ব্যাংকটির ঋণ ও অগ্রিমের পরিমাণ

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২৫০০	২৫০০	২৫০০	২৫০০
২।	পরিশোধিত মূলধন	৮৫৪	১১৫৩	১১৫৩	১৩৮৪
৩।	রিজার্ভ ফান্ড	৮৩৬	৮৮৪	১০৮৭	১৪৬১
৪।	মোট আমানত	১৬৭৭৫	২৩০০৯	২৩৯৪৯	২২৫০৫
	ক) তলবি আমানত	২৯৭৯	২২৬৬	২৪২৯	৩২০০
	খ) মেয়াদি আমানত	১৩৭৯৬	২০৭৪৩	২১৫২০	২৮৩০৫
৫।	ঋণ ও অগ্রিম	১৭৪২৩	২২৯১১	২৪৭০৪	২৮৯৫৩
৬।	বিনিয়োগ	-	৮৬৮	৮৬৫	১০০০
৭।	মোট পরিসম্পদ	২১৩৬৮	৩০১৮২	৩৩৯৩৬	৪০০০০
৮।	মোট আয়	২১৭২	২৯৫৫	৯৬২	২৪৪১
৯।	মোট ব্যয়	১২০৩	২১৯৯	৫৯০	১৩৪১
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৮৮৬৫	৪১৫৯৯	১৪৯৩২	৩৬৪০০
	ক) রপ্তানি	৯১৪৩	১২৭১৪	৪০৩১	১২৫০০
	খ) আমদানি	১৮৮২১	২৭০৪২	১০২৯৯	২২৫০০
	গ) রেমিট্যান্স	৯০১	১৮৪৩	৬০২	১৪০০
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৯১২	১০৩৬	১০২৮	১০৯৪
	ক) কর্মকর্তা	৮৬৬	৯৫৭	৯৪৪	১০০৪
	খ) কর্মচারী	৪৬	৭৯	৮৪	৯০
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	১৫	১৭	১৭	২০
১৩।	শাখা (সংখ্যায়)	৪৬	৪৬	৪৬	৫০
	ক) বাংলাদেশে	৪৬	৪৬	৪৬	৫০
	খ) বিদেশে	-	-	-	-

২২৯১১ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

২০০৭ সালে ব্যাংকটি মোট ৪১৫৯৯ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; যার মধ্যে রজ্জানি, আমদানি ও রেমিট্যান্সের পরিমাণ যথাক্রমে ১২৭১৪ মিলিয়ন, ২৭০৪২ মিলিয়ন এবং ১৮৪৩

মিলিয়ন টাকা।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড-এর খাতভিত্তিক বিনিয়োগ

সারণি-২

খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬						
বিতরণ	১৫	৯১০	১২৭০	২১৮০	২৭০২৩	২৯২১৮
আদায়	১৪	৩৩৭	৯০৫	১২৪২	১৮৪৪২	১৯৬৯৮
২০০৭						
বিতরণ	১৯	১০৫৯	১১১২	২১৭১	৩১১৬০	৩৩৩৫০
আদায়	১৮	২০৬	১০২৭	১২৩৩	২৩১৯৯	২৪৪৫০
৩১ মার্চ ২০০৮*						
বিতরণ	১২	৪২০	৭২০	১১৪০	৮১৬৮	৯৩২০
আদায়	৯	২৩৫	৫৩০	৭৬৫	৬৫৪৬	৭৩২০
৩০ জুন ২০০৮**						
বিতরণ	২৫	২৫০০	৩০০০	৫৫০০	১৪৮৫৩	২০৩৭৮
আদায়	১৯	২৩৬০	২৫০০	৪৮৬০	১১২৪৩	১৬১২২

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

সারণি-৩

শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	প্রকল্প সংখ্যা পরিমাণ	শিল্পের আকার		মোট
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত				
		৩৮	৮০	১১৮
		৫২৭০	২৮	৫২৯৮
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত				
		১৫	১২	২৭
		৫৩২৫	২৩	৫৩৪৮
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮* তারিখে				
		৫০	১১০	১৬০
		৬৫২০	৩৮	৬৫৫৮
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত				
		১২	৩০	৪২
		১২৫০	১০	১২৬০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত				
		৫০	৬০	১১০
		৩০০০	৩০	৩০৩০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

(ঋণ) বিতরণ ও আদায় পরিস্থিতি, শিল্পের আকাবিত্তিক বিনিয়োগ  
(ঋণ) মজুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি এবং  
মুনাফার হার যথাক্রমে সারণি-২, সারণি-৩, সারণি-৪ এবং সারণি-৫  
-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের (ঋণ) স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	২ - ২ - -	১৬ - ১৬ - -	১৭ - ১৭ - -	২৫ - ২৫ - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৭৮৫ ৭৫৩ ৩২	২০০০ ১৯৪০ ৬০	২২২৫ ২১৪০ ৮৫	২৭০০ ২৫৫০ ১৫০
৩।	চলতি মূলধন অর্থাৎ	৬৯৩	২৯১৮	৩১৪৫	৩৫০০
৪।	নির্মাণ	১০০৪	৯৮২	৭১৬	৯০০
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৪৯৮	৮৮৭	৯১৩	১০০০
৭।	বায়সা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	১০১২৫ ৩৪৫৫ ২৫৩৬ ৪১৩৩ ১	১২৩২০ ৩৯৪০ ৩২৫০ ৫১২৫ ৫	১৪৫১৭ ৫৬২৫ ৩৩২৫ ৫৫৬০ ৭	১৬৭৬০ ৬৬৫০ ৪১০০ ৬০০০ ১০
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	২৩	৫৪	৫৬	৭৫
৯।	অন্যান্য	৪২৯৩	৩৭৩৪	৩১১৫	৩৯৯৩
	সর্বমোট	১৭৪২৩	২২৯১১	২৪৭০৪	২৮৯৫৩

মুনাফার হার (শতকরা হার)								
সারণি-৫								
সময়	আমানত				বিনিয়োগ (ঋণ প্রদান)			
	সঞ্চয়ী হিসাব	বর মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৬.০০	৪.০০	১০.৩২	৭.৯৭	১০.০০-১৩.০০	১৩.০০-১৪.০০	১১.৫০-১৪.৫০	১৩.১১
২০০৭	৫.০০	৪.০০	১০.৫০	৮.০৮	১২.০০-১৪.০০	১৩.০০-১৬.০০	১৩.০০-১৬.০০	১৪.২৭
৩১ মার্চ ২০০৮*	৫.০০	৪.০০	১১.৫০	৮.৯৪	১২.০০-১৪.০০	১৩.০০-১৬.০০	১৩.০০-১৬.০০	১২.৭৮
৩০ জুন ২০০৮**	৫.০০	৪.০০	১১.৫০	৯.০০	১২.০০-১৪.০০	১৩.০০-১৬.০০	১৩.০০-১৬.০০	১৩.০০

\* সাময়িক ; \*\* প্রাকলিত।

## সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড (এসআইবিএল) ইসলামি ব্যাংক হিসেবে ১৯৯৫ সালে ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এ ব্যাংক লাভ লোকসানের অংশীদারিত্বের ভিত্তিতে গ্রাহকদেরকে সুদমুক্ত সর্বাধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করে আসছে। এসআইবিএল সারা দেশে ২৪টি শাখার মাধ্যমে গ্রাম ও শহরের সকল গ্রাহকের জন্য আকর্ষণীয় আমানত ও বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে। দেশ-বিদেশের বেশ ক'জন স্বনামধন্য ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান এই

ব্যাংকের উদ্যোক্তা এবং পরিচালক। ওআইসি'র সাবেক মহাসচিব ড. হামিদ আল পাবীন, সৌদি আরবের ডেপুটি স্পীকার ও রাবেতার সাবেক মহাসচিব ড. আবদুল্লাহ ওমর নাসীফ, সৌদি আরবের সাবেক বাণিজ্য মন্ত্রী সালেহ জামজুম প্রমুখ এই ব্যাংকের প্রতিষ্ঠাতা উদ্যোক্তা। এছাড়া ইসলামী আন্তর্জাতিক তহবিল (আইআইএফ) ও আন্তর্জাতিক ইসলামী জ্ঞান সংস্থার (আইআইআরও) মতো কয়েকটি প্রতিষ্ঠানও এর উদ্যোক্তা।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০০	৪০০০	৪০০০	৪০০০
২।	পরিশোধিত মূলধন	৫৮৫	১১১৯	১১১৯	১১১৯
৩।	রিজার্ভ ফান্ড	৩৯৬	৫৪৬	৬৩৬	৭৩৬
৪।	মোট আমানত	১৬১৭১	১৯৭৫৪	২০৭৯৫	২২০০০
	ক) তলবি আমানত	২০৭৭	৩৩৫৯	৪৩৮৫	৪৫০০
	খ) মেয়াদি আমানত	১৪০৯৪	১৬৩৯৫	১৬৪১০	১৭৫০০
৫।	বিনিয়োগ	১৫৩১৩	১৭৩৭৫	১৭৮৩৫	১৯০০২
৬।	বিনিয়োগ (শেয়ার ও সিকিউরিটিজ)	৫০১	৫৫৮	৫৪২	৬০০
৭।	মোট পরিসম্পদ	১৯৬৯২	২৪৫৪৬	২৬৩৩৮	২৭৫০০
৮।	মোট আয়	২২২৯	২৬০৮	৭৪৪	১৬২০
৯।	মোট ব্যয়	১৯৩৩	২১০৯	৫৬৪	১২০০
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	২৩২৮০	২৩৯০৪	৮৭৫৪	১৭৫০৮
	ক) রপ্তানি	১০৭১৪	৯৯৬২	৩১০১	৬২০২
	খ) আমদানি	১১৭৯১	১৩৪৮২	৫৪২১	১০৮৪২
	গ) রেমিট্যান্স	৭৭৫	৪৬০	২৩২	৪৬৪
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৭৪	৬৭৪	৬৭৪	৬৮০
	ক) কর্মকর্তা	৬০২	৬০৩	৬০২	৬০৪
	খ) কর্মচারী	৭২	৭১	৭২	৭৬
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২৩৬৬	২৪৮০	২৪৮০	২৪৮০
১৩।	শাখা (সংখ্যায়)	২৪	২৪	২৪	২৪
	ক) বাংলাদেশে	২৪	২৪	২৪	২৪
	খ) বিদেশে	-	-	-	-

সোশ্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড শুরু থেকেই আনুষ্ঠানিক (Formal) অর্থাৎ জেনারেল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা, আনুষ্ঠানিক (Non-Formal) অর্থাৎ দারিদ্র বিমোচনের জন্য মাইক্রো-ক্রেডিট এবং এসএমই ফিন্যান্স ও খেজামূলক (Voluntary) এ তিন খাতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

এসআইবিএল আনুষ্ঠানিক খাতের মাধ্যমে গ্রাহকদেরকে প্রচলিত ব্যাংকিং (Conventional Banking) সুবিধা প্রদান করে আসছে। এ ব্যাংক ইসলামি শরীয়াহ মোতাবেক আমানত সংগ্রহ, বিনিয়োগ প্রদান এবং বৈদেশিক বিনিময় ও বাণিজ্যসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

আধুনিক ব্যাংক ব্যবস্থার অংশ হিসেবে এ ব্যাংক ইসলামি ব্যাংকগুলোর মধ্যে প্রথম স্যাটেলাইট প্রযুক্তির মাধ্যমে গ্রাহকগণকে অনলাইন ব্যাংকিং সেবা প্রদান করছে। এছাড়া SWIFT ও ATM কার্ডের মাধ্যমে দ্রুত গ্রাহক সেবা প্রদানসহ ইসলামি ক্রেডিট কার্ড, টেলি-ব্যাংকিংসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তি ও ইসলামি ব্যাংকিং-এর নতুন প্রচার সংযোজনের মাধ্যমে অধিকতর উন্নত ব্যাংকিং সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### আনুষ্ঠানিক ব্যাংকিং খাত (Non-formal Banking Sector)

এসআইবিএল আনুষ্ঠানিক খাতের মাধ্যমে ক্ষুদ্র ঋণ (Micro Credit) এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগীদের (SMEs) সহজ শর্তে বিনিয়োগ সুবিধা প্রদান করে আসছে। শুধু সামাজিক অঙ্গীকার পালনই নয়, এ কর্মসূচিসমূহ সরকারের দারিদ্র বিমোচন কৌশলপর (PRSP) এবং জাতিসংঘের Millennium Development Goals (MDGs) অর্জনের লক্ষ্যে বিশেষ ভূমিকা পালন করছে।

আইএলও (ILO) প্রকল্পের আওতায় ব্যাংক ইতালি ও নরওয়ে সরকারের সহযোগিতায় ২০০১ সাল থেকে দুটি এবং ইউনেসফ (UNICEF) এর সাথে যৌথ উদ্যোগে ২০০৩ সাল থেকে চাইল্ড লেবার উন্নয়নের জন্য ক্ষুদ্র বিনিয়োগ কর্মসূচি পরিচালনা করে আসছে। ইউএসএআইডি-জবস (USAID-JOBS)-এর সহযোগিতায় এই ব্যাংক মধুপুরে আনারস চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে আনারস উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্পে বিনিয়োগ সহযোগিতা প্রদান করছে।

### খেজামূলক ব্যাংকিং খাত (Voluntary Banking Sector)

খেজামূলক খাতে সামাজিক পুঁজি গঠনের প্রক্রিয়া হিসেবে সোশ্যাল

খাতভিত্তিক বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬:	বিতরণ	-	২২৩	১৩৩৪	১৫৫৭	১৩৭৫৬	১৫৩১৩
	আদায়	-	১৮১	১১৭৭	১৩৫৮	১০৯৭৪	১২৩৩২
২০০৭	বিতরণ	২৭৩	৮৮	১০৪৪	১১৩২	১৫০৩৬	১৬৪৪১
	আদায়	৯৯	১৭০	৭৩৬	৯০৬	১২০৯৯	১৩১০৪
৩১ মার্চ ২০০৮*	বিতরণ	৩৭৬	২৪৬৬	২৫৩৩	৪৯৯৯	১২৪৫৮	১৭৮৩৩
	আদায়	১৩৫	৪৯৯	১৩৯৫	১৮৯৪	১৩৬৯০	১৫৭১৯
৩০ জুন ২০০৮**	বিতরণ	৪০১	২৫৫৩	২৫৯৮	৫১৫১	১০৪৪৯	১৯০০১
	আদায়	১৫৬	৬১৯	১৫২৪	২১৪৩	১০৩৩৩	১৭৩৩২

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

ইনভেস্টমেন্ট ব্যাংক সর্বপ্রথম "ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট" স্কীম চালু করেছে। ক্যাশ ওয়াক্ফের মূল অর্থ ব্যাংকের কাছে চিরস্থায়ী আমানত হিসেবে জমা থাকে। শুধু লভ্যাংশ ইসলামি শরীয়াহ মোতাবেক সার্বিক সামাজিক কল্যাণে অর্থাৎ পরিবার পুনর্বাসন, শিক্ষা, স্বাস্থ্য সেবা, সামাজিক উপযোগিতা ইত্যাদি খাতে অথবা সার্টিফিকেট ত্রনয়কারীর ইচ্ছানুযায়ী ব্যয় করা হয়। ইতোমধ্যে বেসরকারি খাতে আরও দুটি ব্যাংকও ক্যাশ ওয়াক্ফ সার্টিফিকেট স্কীম চালু করেছে।

এসআইবিএল জেনারেল ক্যাশ ওয়াক্ফ-এর মুনাফা থেকে বহু ব্যক্তি, প্রতিষ্ঠান, মসজিদ, মদ্রাসা ও এতিমখানায় আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। এছাড়াও গরীব ও অসহায় রোগীদের ক্যাম্পার, হার্ট এবং অন্যান্য জটিল রোগে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। সাতারহু সিআরপি (CRP)-এর মাধ্যমে পক্ষাঘাতগ্রস্ত রোগীদের পারিবারিক

পুনর্বাসন, সাইট সেভারস-এর মাধ্যমে গরীব রোগীদের চোখের ছানি ও চশমা প্রদান, কুমিল্লাহ বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি হাসপাতালে শিশু বাচ্চব ওয়ার্ড প্রতিষ্ঠা, ক্যান্সার আই হাসপাতাল-এর মাধ্যমে গরীব রোগীদের চক্ষু রোগের সেবাসহ বিভিন্ন কুলের গরীব ছাত্র-ছাত্রীদের বৃত্তিসহ বই, জুতা ও স্কুল ব্যাগ প্রদান করা হয়েছে। কিডনি ফাউন্ডেশন, বাংলাদেশ ক্যাম্পার ফাউন্ডেশন হাসপাতাল ও প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠানসহ বহু সামাজিক ও স্বচ্ছাসেবী প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, বিনিয়োগ (ঋণ) বিতরণ ও আদায়ের অবস্থা, শিল্পের আকারভিত্তিক বিনিয়োগ (ঋণ) মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগ (ঋণ) স্থিতি এবং মুনাফার হার যথাক্রমে সারপি-১, সারপি-২, সারপি-৩, সারপি-৪ এবং সারপি-৫-এ দেখানো হলো।

বিবরণ	শিল্পের আকার		অন্যান্য	মোট
	শিল্পের আকার			
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	২১৬ ৪৫৫৮	৬১১ ৬০৮৪	৮১৩ ৪২৪৭	১৬৪০ ১৪৮৮৯
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	৬৩ ৯৬০	১১৯ ১৭২	৫৫২ ১৫৭৩০	৭৩৪ ১৬৮৬২
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮* তারিখে প্রকল্প সংখ্যা পরিমাণ	২২৮ ৪৬৭৬	৬৬৬ ৬১৭৮	৯০৯ ৬৯৮০	১৮০৩ ১৭৮৩৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	১২ ১১৮	৫৫ ৯৪	৯৬ ২৭৩৩	১৬৩ ২৯৪৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত প্রকল্প সংখ্যা পরিমাণ	১০ ৯৩	৪৫ ৭৬	৫৮ ৫১	১১৩ ২২০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক বিনিয়োগের ঋণ

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	ধাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৩৬৬ - - ১০৮ ২৫৮	৪৭২ - - ১৫৬ ৩১৬	৪৭৭ - - ১০৬ ৩৭১	৫০১ - - ১৮৯ ৩১২
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১৫৯১ ৫২০ ১০০১	৩৭৯৩ ৩২৫৬ ৫৩৭	২৪৬৭ ৮১৩ ১৬৫৪	২৫৫২ ৮৯৭ ১৬৫৫
৩।	চলতি মূলধন অর্থায়ন	১১৯৮	১৭৯৪	২৫৩৩	২৫৯৮
৪।	নির্মাণ	১৭৮২	১০৯০	১১০৪	১১৩৬
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৬০	৭৯	৬৩	৬৪
৬।	পরিবহন ও যোগাযোগ	৬২৪	৪৪৫	৪৪৪	৫৯৫
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	৭৯৪৫ ৪৭৫০ ৫৪৯ ২৫৫৮ ৮৮	৬৭৭৮ ৪৫১০ ৩৭৯ ১৩৭৭ ৫১২	৮৪৬১ ৫১৮০ ১১৩৭ ২০৬১ ৮৩	৯১৯৪ ৫৩১৫ ১২৮৭ ২৫০০ ৯২
৮।	পারিতোষ প্রদান	২৯৪	২৪৭	২৮৭	২৯৬
৯।	অন্যান্য	১৪৫৩	২৬৭৭	১৯৯৯	২০৬৬
	সর্বমোট	১৫৩১৩	১৭৩৭৫	১৭৮৩৫	১৯০০২

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বয় মেয়াদি হিসাব	ফ্লি মেয়াদি হিসাব	জারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	জারীত গড় (Weighted Average)
২০০৬	৬.১০	৫.৫০	১২.০০-১২.৭৫	১১.২৮	-	১৫.০০-১৬.০০	১৫.০০-১৬.০০	১৫.৭৫
২০০৭	৬.১২	৫.৬২	৭.০০-১১.৭৫	১০.৫৮	-	১৫.০০-১৬.০০	১৫.০০-১৬.০০	১৪.০৫
৩১ মার্চ ২০০৮*	৬.০০	৫.৭০	৭.০০-১১.৭৫	১০.৫১	১০.০০	১৫.০০-১৬.০০	১৫.০০-১৬.০০	১৪.০০
৩০ জুন ২০০৮**	৬.০০	৫.৭০	৭.০০-১১.৭৫	১০.৫১	১০.০০	১৫.০০-১৬.০০	১৫.০০-১৬.০০	১৪.০০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত

## ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড

নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানি (এফএমও) এবং বাংলাদেশী উদ্যোক্তাপণের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড (ডিবিবিএল) ৩ জুন ১৯৯৬ হতে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসা শুরু করে। ২০০৭ সাল শেষে ব্যাংকটির অনুমোদিত মূলধন ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ৪০০ মিলিয়ন ও ২০২ মিলিয়ন টাকা। ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে ব্যাংকের বিধিবদ্ধ মূলধনের পরিমাণ দাঁড়ায় ৩৩৯৯ মিলিয়ন টাকা। বর্তমানে একজন

বিদেশী পরিচালকসহ মোট ৬ জন পরিচালকের সমন্বয়ে গঠিত একটি পর্যদ ব্যাংকটি পরিচালনা করছে। ২০০৭ সাল শেষে ব্যাংকে কর্মরত মোট জনশক্তির সংখ্যা ছিল ৭৮৯ জন। ২০০৭ সালে ব্যাংকে ১০টি নতুন শাখা উদ্বোধন করে এবং বছর শেষে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ৪৯টিতে দাঁড়ায়।

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড নতুন নতুন ব্যবসায়িক উদ্যোগ উদ্ভাবন করার পাশাপাশি সৃজনশীল ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	৪০০	৪০০	৪০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	২০২	২০২	২০২	১০০০
৩।	বিজ্ঞান ফান্ড	৬৩৮	৮৪২	৯২১	১১৩০
৪।	মোট আমানত	৪০১১১	৪২১১০	৪১৯৮৮	৫০০৭০
	ক) তলবি আমানত	৬৫২৯	৮২৩২	৯১৫৭	৯৮৮৪
	খ) মেয়াদি আমানত	৩৩৫৮২	৩৩৮৭৮	৩২৮৩১	৪০১৮৬
৫।	স্বণ ও অগ্রিম	৩০৪৫৬	২৯৪০৩	৩৫১৫৬	৪০০১৩
৬।	বিনিয়োগ	৫৮৭৭	৫৯০৯	৬০৫৮	৬৭৬০
৭।	মোট পরিসম্পদ	৪৫৪৯৩	৪৯৩৭১	৫০৩৫৭	৫৯৭১৫
৮।	মোট আয়	৫১৮১	৬৩৬৭	২৪৮৮	৩৮৫৭
৯।	মোট ব্যয়	৪১০১	৪৯২৯	১৯৯৫	২১১৫
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৬৬৯৬৯	৭৪৬১১	২৩২১০	৫৭৯৫৬
	ক) রপ্তানি	৩৩৩৪৫	৩৪০৬০	৯৪০৬	২৭০০০
	খ) আমদানি	৩২০৬৮	৩৫৬৬৭	১২০৭৮	২৮০০০
	গ) রেমিট্যান্স	১৫৫৬	৪৮৮৪	১৭২৬	২৯৫৬
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৮৪	৭৮৯	৭৯৮	৮৯৮
	ক) কর্মকর্তা	৬৮৪	৭৮৯	৭৯৮	৮৯৮
	খ) কর্মচারী	-	-	-	-
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	৮২	৮২	৮২	৮২
১৩।	শাখা (সংখ্যায়)	৩৯	৪৯	৪৯	৪৯
	ক) বাংলাদেশে	৩৯	৪৯	৪৯	৪৯
	খ) বিদেশে	-	-	-	-

## খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মোয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬	বিতরণ আদায়	১১৬ ১৯৯	২৮১২ ১৮৮৩	১৭২৫০ ১৬৭৩৪	২০০৬২ ১৮৬১৭	৪২২৬৭ ৩৪৬৯২	
২০০৭	বিতরণ আদায়	৩৯১ ২৮২	৩৩৮৭ ৪২০৬	১১৯৪১ ১১২৩১	১৫৩২৮ ১৫৪৩৭	৯৪১৭ ৭২৯৫	২৫১৩৬ ২৩০১৪
৩১ মার্চ ২০০৮*	বিতরণ আদায়	২৭৫ ২৯৪	২৫৫৪ ১৮০৭	২৮৯৯ ৩৯৯৭	৫৪৫৩ ৫৮০৪	২৭৬৬ ১১২৫	৮৪৯৪ ৭২২৩
৩০ জুন ২০০৮**	বিতরণ আদায়	৩২৬ ৩৩০	২৮৪৫ ১৯৫৩	৫৯৫৮ ২৯৭৭	৮৮০৩ ৪৯৩০	৩৮৭১ ১৫৫৬	১৩০০০ ৬৮১৬

\* সাময়িক ; \*\* প্রাক্কপিত।

সহায়তা করে। কতিপয় সেবার ক্ষেত্রে ডাচ-বাংলা ব্যাংক অন্যান্য ব্যাংকের তুলনায় সবচেয়ে কম খরচে এবং এটিএম-এর কতিপয় সুবিধা বিনামূল্যে প্রদান করেছে। ২০০৭ সালে দেশের বিভিন্ন স্থানে ৭৭টি এটিএম বুথ স্থাপন করা হয়েছে, যার ফলে বছর শেষে এটিএম বুথের সংখ্যা ২০৭টিতে পৌঁছায়। এছাড়া বিশ্বের যে কোনো জায়গা থেকে ইন্টারনেট ব্যাংকিং সুবিধা এবং মোবাইল ফোনের মাধ্যমে এসএমএস (SMS) এবং Alert Banking সুবিধা প্রবর্তন করা হয়েছে। মাস্টার, মেস্ট্রো এবং সাইরাস ডেবিট কার্ড, ক্লাসিক ও সিলভার এবং গোল্ড কার্ডে ঋণ সুবিধা প্রদানের সাথে সাথে ভিসা ইলেক্ট্রন ও ভিসা প্রাস নামে দু'ধরনের কার্ড প্রবর্তন করা হয়েছে। ডিবিবিএল EMV (ইউরো পে, মাস্টার কার্ড এবং ভিসা) কার্ড (ডেবিট এবং ক্রেডিট উভয় প্রকার) প্রবর্তন এবং কার্ডের জন্য উপযুক্ত ATM ও POS টার্মিনাল স্থাপনের মাধ্যমে এ অঞ্চলে প্রথম প্রতিষ্ঠান হিসেবে গ্রাহকদের একটি সম্পূর্ণ EMV সলিউশন অফার করতে পারে।

২০০৭ সালে পর পর দুটি বন্যা এবং ঋণসাহায্য ঘূর্ণিঝড় সাধারণ জনজীবন, কৃষি উৎপাদন, সর্বোপরি অর্থনৈতিক কার্যক্রম এবং ব্যবসা বাণিজ্য পরিচালনায় বিরূপ প্রভাব সত্ত্বেও ডিবিবিএল রাজ্যের তুলনামূলক বিচারে পরিচালনালব্ধ এবং কর পরবর্তী নীট মুনাফার ক্ষেত্রে অধিকতর প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে। অর্থনীতিতে ধীরগতি ও নিয়ন্ত্রণমূলক বিধিগুলো পরিপালনের কারণে সীমাবদ্ধতা সত্ত্বেও সমন্বিত ব্যবসায়িক কার্যক্রমের মাধ্যমে ব্যাংকের আমানত, ঋণ, আমদানি ও রপ্তানি প্রবৃদ্ধি কাল্পনিক পর্যায়ে উন্নীত হয়। ব্যয় নির্বাহে সতর্কতা, সঠিক ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরন্তর ব্যবসায়িক উন্নয়ন ব্যাংকটিকে উৎকর্ষতার শীর্ষে স্থান করে দিয়েছে।

২০০৭ সালে ব্যাংকের আমানত ১৯৯৯ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে

৪০১১১ মিলিয়ন টাকা থেকে ৪২১১০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ৩১ ডিসেম্বর ২০০৭ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ২৯৪০৩ মিলিয়ন টাকা। ২০০৭ সালে ব্যাংকটি ৭৪৬১১ মিলিয়ন টাকার বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা করে; এর মধ্যে রপ্তানি ৩৪০৬০ মিলিয়ন ও আমদানি ৩৫৬৬৭ মিলিয়ন টাকা।

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড বর্তমানে ১১২টিরও বেশি দেশের ৮২টি বিদেশী ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করে গ্রাহকদেরকে সেবা প্রদান করছে। ডিবিবিএল আকর্ষণীয় সেবার সাথে সাথে যুক্তরাষ্ট্র, কানাডা, কুয়েত, ইতালি, সংযুক্ত আরব আমীরাতে সহ প্রবাসী বাংলাদেশীদের কষ্টার্জিত অর্থ ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে আনয়নের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের ওয়েস্টার্ন ইউনিয়ন, আমীরাতে ইউএই এক্সচেঞ্জ সেন্টার ও আল-আহলিয়া এক্সচেঞ্জ, কুয়েতের ডলারকো এক্সচেঞ্জ ও কুয়েত এশিয়ান এক্সচেঞ্জ, কানাডার ইস্টবেঙ্গল এক্সচেঞ্জ, ইতালির ইউনিফ্রেডিটো ইতালিয়ানো ব্যাংকসহ বেশ কয়েকটি এক্সচেঞ্জ হাউসের সাথে যৌথ ব্যবস্থা গ্রহণ করেছে। ফলে পৃথিবীর যে কোনো প্রান্ত হতে লোকজন সরাসরি অভ্যন্তরীণ রেমিট্যান্স পেতে পারে।

৬।	পরিবহন ও যোগাযোগ	২২১	২১৪	২০৯	২১০
৭।	ব্যবসা-বাণিজ্য (ক) পাইকারি/বুচরা (খ) রপ্তানি (গ) আমদানি (ঘ) হোটেল ও রেস্টোরাঁ	২৫৪৯ ১৯১৩ ৬৩৬ - -	২৭৫৩ ১৭৫৭ ৯৯৬ - -	২৮২৬ ১৮৭৫ ৯৫১ - -	২৯২৮ ১৯৫০ ৯৭৮ - -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	২২০৭	২৪১০	২৫৪৬	২৬৫০
৯।	অন্যান্য	২৭৫১	৪৫৮৮	৪০৮৪	৪৪১৯
	সর্বমোট	৭০০৫৬	৭৩২৮৬	৭৬০৭০	৭৯১৮৬

সূদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-'০৬	৬.০০	৩.৫০	৮.৫০	৫.৪১	৮.০০	১২.০০	১২.০০	৮.৫০
২০০৬-'০৭	৬.০০	৩.৫০	৮.৫০	৬.২০	৮.০০	১২.০০	১২.০০	৮.৬০
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৬.০০	৩.৫০	৮.৫০	৬.৫৩	৮.০০	১২.০০	১২.০০	৮.৮০
৩০ জুন ২০০৮ (প্রাকলিত)	৬.০০	৩.৫০	৮.৫০	৬.৭৪	৮.০০	১২.০০	১২.০০	৮.৮০

১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা	১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা	১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা
১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা	১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা	১৯৯৬ সালের কাজসম্পন্নতা	১৯৯৫ সালের কাজসম্পন্নতা

## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) দেশের উত্তর-পশ্চিমাঞ্চল তথা রাজশাহী বিভাগের সর্ববৃহৎ উন্নয়ন অংশীদার ও কৃষি ঋণ সরবরাহকারী বৃহত্তম বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান। রাজশাহী বিভাগে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও অন্যান্য বিভাগীয় আঞ্চলিক কার্যালয় এর সমস্ত দায় ও সম্পদ গ্রহণ করে মহামান্য রাষ্ট্রপতির ১৯৮৬ সালের ৫৮ নম্বর অধ্যাদেশ বলে ১৫ মার্চ ১৯৮৭ সালে ব্যাংকটি কার্যক্রম শুরু করে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি সম্ভাবনার পরিপূর্ণ সম্ভাবনার এবং এ অঞ্চলের কৃষির সকল বাস্তব ও উপ-বাস্তব সার্বিক উন্নতির লক্ষ্যে শস্য উৎপাদনে কৃষিক্ষণ সরবরাহ, কৃষিভিত্তিক শিল্প স্থাপন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, বিপণন, আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক কর্মকাণ্ডের জন্য ঋণ বিতরণ ছাড়াও সকল প্রকার বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান করে থাকে।

ব্যাংকের প্রচলিত ঋণ বিতরণের পাশাপাশি অভ্যন্তরীণ ও বৈদেশিক চাহিদার সাথে সঙ্গতি রেখে উচ্চ মান ও মূল্যের শস্য উৎপাদন, বাণিজ্যিকভাবে পশু ও হাঁস-মুরগীর খামার স্থাপন ও কৃষি শিল্প ব্যবসায় অর্থায়নে ব্যাংকে গুরুত্ব দিয়ে আসছে।

৩১ মার্চ ২০০৮-এ ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত উভয় মূলধন ২২০০ মিলিয়ন টাকা। ৩০ জুন ২০০৭ তারিখে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ছিল ১৮০০ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের অনুমোদিত মূলধন ২২০০ মিলিয়ন টাকা হতে ৩০০০ মিলিয়ন টাকায় উন্নীত করার প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ের সক্রিয় বিবেচনাধীন আছে। ৩০ জুন ২০০৭ তারিখে ব্যাংকের সঞ্চিতির পরিমাণ ছিল ২০৮.৫ মিলিয়ন টাকা। বর্তমানে ঢাকার একটি শাখাসহ ৩৬৪টি শাখা নিয়ে ব্যাংকের কার্যক্রম পরিচালিত হচ্ছে, এর মধ্যে গ্রামীণ শাখার সংখ্যা ৩০৪টি। ব্যাংকের প্রধান কার্যালয় রাজশাহী বিভাগীয় শহরে অবস্থিত। রংপুরে



ফল চাষে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর অর্থায়ন।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৫-০৬	২০০৬-০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১৮০০	১৮০০	২২০০	২২০০
২।	পরিশোধিত মূলধন	১৮০০	১৮০০	২২০০	২২০০
৩।	রিজার্ভ ফান্ড	২০৮	২০৮	২০৮	২০৮
৪।	আমানত	১২৯৬৫	১৩৯৫৮	১৪০৬৯	১৪৩৪০
	ক) তলবি আমানত	১৩৫০	১৫০৫	১৩১৩	১৫৫০
	খ) হেয়ারি আমানত	১১৬১৫	১২৪৫৩	১২৭৫৬	১২৭৯০
৫।	ঋণ ও অগ্রিম	২৪৭১৩	২৫৯০৬	২৫৬৩০	২৫৬৫০
৬।	বিনিয়োগ	৪২	৪২	৪২	৪২
৭।	মোট পরিসম্পদ	৩৩৯১৫	৩৪৬১০	৩৫৪৩৯	৩৫৭৩৯
৮।	মোট আয়	১৭৩৬	১৯৩৯	১৫৫০	২১৫০
৯।	মোট ব্যয়	২১৫৭	২৩৫৬	১৭১০	২৩৫০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৭৪	৭৩	৬৮	৭৭
	ক) রপ্তানি	০	০	০	০
	খ) আমদানি	০	০	০	০
	গ) রেমিট্যান্স	৭৪	৭৩	৬৮	৭৭
১১।	মোট জনশক্তি(সংখ্যায়)	৩৪৪৬	৩৪৪১	৩৪৭০	৩৭৬২
	ক) কর্মকর্তা	১৫১৪	১৫০৬	১৪৪০	১৫১১
	খ) কর্মচারী	১৯৩২	১৯৩৫	২০৩০	২২৫১
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক(সংখ্যায়)	০	০	০	০
১৩।	শাখা (সংখ্যায়)	৩৫৭	৩৬৪	৩৬৪	৩৬৪
	ক) বাংলাদেশে	৩৫৭	৩৬৪	৩৬৪	৩৬৪
	খ) বিদেশে	০	০	০	০

১টি বিভাগীয় কার্যালয় ও একটি বিভাগীয় নিরীক্ষা কার্যালয় আছে। জেলা পর্যায়ে ১৮টি জোনাল কার্যালয় ও ১৮টি স্বতন্ত্র জোনাল নিরীক্ষা কার্যালয় দ্বারা শাখা ও জোনাল কার্যালয়সমূহের কর্মকাণ্ড নিয়ন্ত্রিত হচ্ছে। ব্যাংকের একমাত্র প্রশিক্ষণ ইনস্টিটিউটটি রাজশাহী শহরে অবস্থিত। ৩১ মার্চ ২০০৭ তারিখে অর্থ মন্ত্রণালয় অনুমোদিত ৪২৩৬ জনকল বিশিষ্ট সাংগঠনিক কাঠামোর বিপরীতে ১৪৪০ জন কর্মকর্তা ও ২০৩০ জন কর্মচারীসহ ব্যাংকের মোট জনবল ছিল ৩৪৭০ জন। সারণি-১-এ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো দেখানো হলো। কৃষি খাতে প্রবৃদ্ধি অর্জন তথা দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্যপূর্ণ নীতি নির্ধারণী সংক্রান্ত দায়িত্ব পালনের জন্য ব্যাংকের রয়েছে ৭ (সাত) সদস্য বিশিষ্ট পরিচালক পর্ষদ। পরিচালক পর্ষদের সকল সদস্য সরকার দ্বারা নিয়োগ প্রাপ্ত। এছাড়া জরুরি নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণের জন্য রয়েছে পরিচালক পর্ষদের তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি। ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা।

প্রতিষ্ঠার পর হতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষি ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ ব্যাংক ঋণ কার্যক্রম পরিচালনায় মোট ঋণ বিতরণ

লক্ষ্যমাত্রার শতকরা ৬০ ভাগ শস্য উৎপাদন খাতে বরাদ্দ রেখে বাকি ঋণ অন্যান্য খাতে বিতরণ করে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের শস্য উৎপাদনে তথা দেশের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ব্যাংকটি সহায়ক ভূমিকা রেখে চলেছে। এছাড়া ঋণ বিতরণের ক্ষেত্রে এলাকান্তিত্তিক এবং খাতান্তিত্তিক কৃষি ও কৃষির সাথে সম্পৃক্ত বিভিন্ন সত্তাবনাময় ক্ষেত্র হিসেবে ৭টি খাত ও কৃষিভিত্তিক প্রকল্প খাতকে ১০১টি উপ-খাত চিহ্নিত করে প্রতিটি খাতের উন্নয়নের লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নতুন প্রকল্প স্থাপন/পুরাতন প্রকল্প সংস্কার ও উন্নয়নে অগ্রহী উদ্যোক্তাগণকে সর্বাত্মক সহযোগিতা ও পরামর্শ প্রদান করার লক্ষ্যে প্রধান কার্যালয়ে একটি "উদ্যোক্তা উন্নয়ন সেল" গঠন করা হয়েছে। অগ্রহী উদ্যোক্তাগণের প্রস্তাবিত প্রকল্পসমূহের বিষয়ে সর্বাত্মক সহযোগিতা, পরামর্শ প্রদান ও ত্বরিত মূল্যায়নসহ প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের প্রতিটি জোনাল কার্যালয়েও "প্রকল্প মূল্যায়ন কমিটি" গঠন করা হয়েছে।

একই খাতে ঋণের প্রবাহ কেন্দ্রীভূত হওয়া রোধকল্পে ঋণ খাতের বহুমুখীতা সৃষ্টি ও ঋণের বহুমুখীকরণ, আমদানি বিকল্প কৃষি পণ্য উৎপাদন বৃদ্ধি, কৃষিভিত্তিক শিল্পের বিকাশ, দীর্ঘমেয়াদি ও বৃহদাঙ্গ ঋণের তুলনায় ক্ষুদ্র ও মাঝারি আকারের ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে

নতুনভাবে “ঋণ নীতিমালা-২০০৫” জারী করা হয়েছে। এ অঞ্চলের ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠী এবং শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুব সমাজের জন্য কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে ব্যাংক উল্লেখযোগ্য সংখ্যক দারিদ্র্য বিমোচন ঋণ কর্মসূচি পরিচালনা করেছে। এসব কর্মসূচির আওতায় দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়নে দল ও ব্যক্তি পর্যায়ে ঋণ বিতরণ করা হয়। প্রচলিত জামানত নির্ভর ঋণ নীতির পরিবর্তে নিবন্ধিত তত্ত্বাবধানের মাধ্যমে জামানতবিহীন ঋণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। কর্মসূচিগুলোর মধ্যে ছাগল পালন কর্মসূচি, প্রান্তিক ও ক্ষুদ্র খামার পদ্ধতিতে শস্য নিবিড়করণ প্রকল্প, বাকাব আস্থান নির্ভর ঋণ কর্মসূচি, স্ব-নির্ভর ঋণ কর্মসূচি, মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রকল্প, প্রতিবন্ধীদের জন্য ঋণ কর্মসূচি, ভেজাজ বাগান/নার্সারি স্থাপন ঋণ কর্মসূচি, শস্য গুদাম ঋণ প্রকল্প ও দারিদ্র্য শূন্য বিশেষ ঋণ কর্মসূচি অন্যতম। সম্প্রতি দেশের সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের ভোগ্যপণ্যের চাহিদা পূরণ ও জীবনযাত্রার মানোন্নয়নের জন্য “ভোজ্য ঋণ প্রকল্প” ও “চাকরিজীবীদের জন্য বিশেষ ঋণ” কর্মসূচি চালু করা হয়েছে।

১৯ নভেম্বর ২০০৭ তারিখে অর্থ মন্ত্রণালয়ে অর্থ উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে ব্যাংকসমূহের সার্বিক অর্থায়ন, ঋণ বিতরণ, ঋণ আদায় এবং বন্যা ও সাইক্লোন পরবর্তী কৃষি পুনর্বাসন কর্মসূচি বিষয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যাংকের মূলধন ঘাটতি পূরণের লক্ষ্যে ৩ (তিন) বছর মেয়াদি একটি অস্তবর্তীকালীন পরিকল্পনা (Transitional Plan) প্রণয়ন করা হয়।

বৈদেশিক সাহায্যপুষ্ট দু’টি নতুন ঋণ বিতরণ কর্মসূচি যথাক্রমে ১) SECP (Small Enterprises Development Credit Project) এবং ২) NCDP (Northwest Crop Diversification Project)-এর কার্যক্রমের আওতায় বিভিন্ন জেলায় উৎসাহী কৃষকগণকে প্রয়োজনীয়

প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উচ্চমূল্যের ফসল উৎপাদন, কৃষি প্রকল্প স্থাপন ও কৃষি পণ্যের ব্যবসা উন্নয়নে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম শুরু করা হয়েছে। সরকারি নীতিমালা মোতাবেক কৃষি ঋণের সুদের হার শতকরা ৮ থেকে ১০ ভাগ-এর মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে।

ব্যাংকের প্রচলিত ঋণ খাতে ঋণ বিতরণের পাশাপাশি আমদানি বিকল্প কৃষি পণ্য যেমন- বিভিন্ন ধরনের ডাল, তেলবীজ, মসলাজাতীয় ফসল, জুটাসহ ১৯টি আমদানি নির্ভর অপ্রচলিত অর্থকরী ফসল উৎপাদনের প্রতি অধিক তরুণ প্রদান করে এ সকল খাতে উৎপাদন বৃদ্ধিতে কৃষকগণকে উৎসাহিত করার লক্ষ্যে ঋণের সুদের হার মাত্র শতকরা ২ ভাগ ধার্য করা হয়েছে।

১৯৯১-’৯২ সাল হতে এফএসআরপি চালুর পর ঋণ শ্রেণীকরণের ফলে ব্যাংকটি ক্রমান্বয়ে লোকসান দিতে থাকে, সর্বশেষ ২০০৬-’০৭ অর্থবছর পর্যন্ত ক্রমপুঞ্জীভূত লোকসানের পরিমাণ দাঁড়ায় ২৬৪৫ মিলিয়ন টাকা।

ব্যাংকটি লাভজনকভাবে পরিচালনার উদ্দেশ্যে পাঁচ বছর মেয়াদি (০১-১১-১৯৯৯ হতে ০১-১০-২০০৪) একটি সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করেছে। ‘মিরাকল’ উক্ত কর্মসূচির একটি উল্লেখযোগ্য অংশ। উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নের ফলে ব্যাংক ১৯৯৯-২০০০ অর্থবছরে ২১ মিলিয়ন টাকা এবং ২০০০-’০১ অর্থবছরে ২৪ মিলিয়ন টাকা মুনাফা অর্জন করে। পরবর্তীতে উক্ত কর্মসূচির উপর মধ্যবর্তী মূল্যায়ন ও পর্যবেক্ষণালব্ধ বিষয়াদির ভিত্তিতে ২০১০ সালের মধ্যে ব্যাংকের পুঞ্জীভূত লোকসান কাটিয়ে উঠে স্বনির্ভরতা ও প্রকৃত মুনাফা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ২০০১-’১০ পর্যন্ত একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা (Rakub Perspective Plan 2001-10) প্রণয়ন করে তা বাস্তবায়ন শুরু করা হয়েছে। উক্ত পরিকল্পনায় ব্যাংকিং কার্যক্রমে বাস্তবধর্মী সফলতা অর্জনের লক্ষ্যে প্রধান কার্যালয়, নিয়ন্ত্রণকারী কার্যালয় ও মাঠ পর্যায়ে কর্মচাঞ্চল্য ও তৎপরতা বৃদ্ধির জন্য অধিক গতিশীল ও বেগবান

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মেটি			
২০০৫-’০৬							
বিতরণ	৪৪৬২	৫৭৮	১১৪৬	১৭২৪	২৬৯৩	৮৮৭৯	
আদায়	৪১৫৩	১৪৯	৮৪৮	৯৯৭	২০২১	৭৪৭১	
২০০৬-’০৭							
বিতরণ	৩৯৫৪	৩৩৩	১৭৯৬	২১২৯	১২৮৮	৭৩৭১	
আদায়	৪৬৪৪	৩৫৮	২২৪৬	২৫০৪	১৩৬৫	৮৫১৩	
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	২৮৮২	০	৮৮৯	৮৮৯	১৪৬৫	৫২৩৬	
আদায়	২৮২৩	৫৬	১১৭৮	১২৩৪	১৩৯৯	৫৪৫৬	
৩০ জুন ২০০৮**							
বিতরণ	৪১০৫	৩০০	১১৯০	১৪৯০	২৩৯০	৭৯৮৫	
আদায়	৪২০৫	২৫০	১৪২০	১৬৭০	২৩৯৫	৮২৭০	

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে			
প্রকল্প সংখ্যা	০	৪২৬৭৪	৪২৬৭৪
পরিমাণ	০	৩৪৫০	৩৪৫০
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	০	৪৭৮	৪৭৮
পরিমাণ	০	২৫৯	২৫৯
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮ তারিখে			
প্রকল্প সংখ্যা	০	৪৩১৫২	৪৩১৫২
পরিমাণ	০	৩৭০৯	৩৭০৯
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত*			
প্রকল্প সংখ্যা	০	১১৮	১১৮
পরিমাণ	০	৪৫	৪৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত**			
প্রকল্প সংখ্যা	০	২৪০	২৪০
পরিমাণ	০	৯৮	৯৮

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

কর্মপদ্ধতি প্রবর্তনসহ ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা হতে শুরু করে মার্চ পর্যায়ের পরিদর্শক পর্যন্ত সকলকে ব্যাংকের পরিচালনগত কর্মকাণ্ডে সম্পৃক্ত করা হয়েছে। ব্যাংকের কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে MBO (Management by Objective), PARL (Participation of All in Recovery of Total Loans), BUP (Bottom up Planning) এবং Participatory Management ব্যবস্থা চালু করা হয়েছে। চলতি ২০০৭-'০৮ অর্থবছরে শ্রেণীবিন্যাসিত ঋণ আদায় জোরদারকরণসহ ব্যাংকের পারফরমিং অ্যাসেস্ট বুদ্ধির মাধ্যমে এ ক্ষতি অচিরেই কাটিয়ে উঠার লক্ষ্যে ব্যাংক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আশা করা যাচ্ছে, বিগত বছরগুলোর অভিজ্ঞতার আলোকে সাফল্য অর্জন করা সম্ভব হবে।

**আমানত সংগ্রহ**

ব্যাংকের স্থিতিশীল বিনিয়োগযোগ্য তহবিল সৃষ্টির উদ্দেশ্যে আমানত সংগ্রহকে দ্বিতীয় গুরুত্বপূর্ণ তহবিলের উৎস হিসেবে চিহ্নিত করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ভুক্ত ৩০৪টি (শতকরা ৮৪ ভাগ) শাখা আমানত সংগ্রহে অবদান রাখছে। প্রতিবছর আমানতের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে ও আমানতের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। চলতি বছরেও এ ধারা অব্যাহত রয়েছে। আমানত সংগ্রহে ব্যাংক "রাকাব হজ্ব সঞ্চয়ী হিসাব", "রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প", "রাকাব গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প", "রাকাব সন্তান-সম্বলিত বিবাহ সঞ্চয় প্রকল্প" নামে কয়েকটি নতুন আকর্ষণীয় আমানত স্কিম চালু করেছে। আশা করা যায়, আমানত স্কিমগুলো ক্ষুদ্র ক্ষুদ্র আমানত সংগ্রহে ব্যাপক সাড়া জাগাবে এবং আমানত লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখবে। ২০০৭-'০৮ অর্থবছরে ২৫০০ মিলিয়ন টাকা আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৮ তারিখ পর্যন্ত সংগ্রহকৃত আমানতের পরিমাণ দাঁড়ায় ১১১ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৪ ভাগ।

**ঋণ বিতরণ ও আদায়**

২০০৭-'০৮ অর্থবছরে ৮০০০ মিলিয়ন টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৮ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৫২৩৬ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬৫ ভাগ। ২০০৪-'০৫ অর্থবছরে PARL (Participation of All for Recovery of Total Loans), BUP (Bottom up Planning)-এর আওতায় সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বস্ত্রনিষ্ঠ কর্মপরিকল্পনা ও মুনামা অর্জনের অংশীকার পূরণে একনিষ্ঠতার কারণে ৬৮২৯ মিলিয়ন টাকা ঋণ আদায় সম্ভব হয়। যার মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ১১০৭ মিলিয়ন টাকা। ২০০৫-'০৬ অর্থবছরের জন্য নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৭৫০০ মিলিয়ন টাকার বিপরীতে আদায় হয়েছে ৭৪৭০ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৯৯ ভাগ। যার মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ছিল ১১৭১ মিলিয়ন টাকা। ২০০৬-'০৭ অর্থবছরের জন্য নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৮০০০ মিলিয়ন টাকার বিপরীতে আদায় হয়েছে ৮৫১৩ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ১০৬ ভাগ। এর মধ্যে শ্রেণীকৃত ঋণ আদায়ের পরিমাণ ১৭৮০ মিলিয়ন টাকা। ২০০৭-'০৮ অর্থবছরে ৮২৭০ মিলিয়ন টাকা ঋণ আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১ মার্চ ২০০৮ তারিখ পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমাণ ৫৪৫৬ মিলিয়ন টাকা, যা লক্ষ্যমাত্রার শতকরা ৬৬ ভাগ। খাতভিত্তিক ঋণ বিতরণ ও ঋণ আদায় অবস্থা সারণি-২-এ দেখানো হলো।

**তথ্য প্রযুক্তির উন্নয়ন ও গ্রাহক সেবা**

তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার ঘটানোর লক্ষ্যে অনুমোদিত সাংগঠনিক কাঠামোর আওতায় ব্যাংকের পৃথক কম্পিউটার বিভাগ খোলা হয়েছে। আগামী ২০১০-'১১ অর্থবছরের মধ্যে ব্যাংকের ৩৬৪টি শাখাতে

কম্পিউটার-এর মাধ্যমে লেনদেন চালু ও গ্রাহকসেবা প্রদানের পরিকল্পনা গ্রহণ করে ইতোমধ্যে “পারস্পেকটিভ আইসিটি প্র্যান, ২০০৬ হতে ২০১১” প্রণয়ন করা হয়েছে, যা অর্থ মন্ত্রণালয় অনুমোদন করেছে। কম্পিউটার জ্ঞানসমৃদ্ধ লোকবল তৈরির উদ্দেশ্যে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে এবং ইতোমধ্যে ৭৮ জন ব্যাংক কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এ পর্যন্ত ব্যাংক ৭৮টি কম্পিউটার ও তার সাথে সম্পৃক্ত অন্যান্য যন্ত্রপাতি ক্রয় করেছে। প্রধান কার্যালয়ের সকল বিভাগ, রংপুরস্থ বিভাগীয় কার্যালয় ও ১৮টি জোনাল কার্যালয়ে কম্পিউটার সরবরাহ করা হয়েছে এবং e-mail-এর মাধ্যমে উক্ত মাঠ পর্যায়ের কার্যালয়ের সাথে তথ্য আদান-প্রদান ব্যবস্থা চালু করা হয়েছে। ব্যাংকের প্রধান কার্যালয়ে LAN (Local Area Network) চালু করা হয়েছে এবং ব্যাংকের বিভিন্ন তথ্যাদি ইলেকট্রনিক্যালি আদান-প্রদান ও প্রসেস করার ব্যবস্থা করা হয়েছে। টাকা শাখা ও এলপিও-তে কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে গ্রাহক লেনদেন ব্যবস্থা চালু করা হয়েছে, জেলা শাখাসমূহে টাকা গণনার মেশিন (Bank note counting machine), জেলা শাখাসহ মুক্তিপূর্ণ উপজেলা ও ইউনিয়ন

শাখাসমূহেও জালনোট শনাক্তকরণ মেশিন (Fake note detector machine) সরবরাহ করা হয়েছে। ইতোমধ্যেই ৫টি বৃহৎ জেলা শাখায় (রাজশাহী, বগুড়া, পাবনা, রংপুর, দিনাজপুর) কম্পিউটারায়নের কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে উক্ত শাখাসমূহে ডাটা এন্ট্রির কাজ চলছে।

ব্যাংকের অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী ইতোমধ্যে ১৬ জন কম্পিউটার অপারেটর ও ১২৬ জন ডাটা এন্ট্রি অপারেটর নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ২২১ জন ডাটা এন্ট্রি অপারেটর এবং বিআরসি’র মাধ্যমে আরও ৮ জন কর্মকর্তা (ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার হতে সিস্টেম অ্যানালিস্ট পর্যন্ত) নিয়োগের প্রক্রিয়া চলছে। দেশের অভ্যন্তরে ও দেশের বাইরে আর ব্যাংকের কার্যক্রম সম্পর্কে প্রচারণার জন্য ওয়েবসাইট খোলা হয়েছে। ওয়েব সাইটটির ঠিকানা [www.rakub-bd.org](http://www.rakub-bd.org)।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং ঋণ ও আমানতের সুদের হার যথাক্রমে সারণি-৩, সারণি-৪ ও সারণি-৫-এ দেখানো হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৪					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	খাত	২০০৫-০৬	২০০৬-০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য	১৫৩৭৮ ১০৮০৬ ৪৫৭২	১৫৯১১ ১১৬৪৫ ৪২৬৬	১৬২৪৮ ১১৭৫৩ ৪৪৯৫	১৬৩৪০ ১১৭৫০ ৪৫৯০
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	২৭৭৩ ০ ২৭৭৩	১০৪০ ৭৮৭ ২৫৩	৫৯৫৮ ৩৭৪১ ২২১৭	৩৭৫০ ৩৭৫০
৩।	পাইকারি/খুচরা ব্যবসা এবং রেস্টোরাঁ/হোটেল	২৭৯১	১৩৬০	১২৯৪	১৩৫০
৪।	বীমা, রিয়েল এস্টেট, ব্যবসা ও সেবা	০	০	০	০
৫।	পরিবহন ও যোগাযোগ	২৫	৩৬	৩২	৩৫
৬।	বিশেষ ঋণ কর্মসূচি ক) দারিদ্র্য হ্রাসকরণ খ) অন্যান্য	৭০৭ ১৮৩৫	৭৯১ ৭৩০	৭৭৭ ৭৩২	৭৯০ ৭৫০
৭।	অন্যান্য	১২০৪	৩২৩২	২৮০৬	২৬৩৫
	<b>সর্বমোট</b>	<b>২৪৭১৩</b>	<b>২৫৯০৬</b>	<b>২৫৬৩০</b>	<b>২৫৬৫০</b>

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বন্ধ মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-'০৬	৪.০০	২.৫০	৬.৫০	৫.০৯	৮.০০	১০.০০	১১.০০	৮.৫৬
২০০৬-'০৭	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৪	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৯
৩১ মার্চ ২০০৮(সাময়িক)	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭৬	৮.০০	১২.০০	১৩.০০	৯.১০
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	৪.০০	২.৫০	৭.৫০	৬.৭০	৮.০০	১২.০০	১৩.০০	৯.০৪

## বাংলাদেশ শিল্প ব্যাংক

১৯৭২ সালের রক্তপিতির আদেশ নং-১২৯-এর বলে ৩১ অক্টোবর ১৯৭২-এ প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্প ব্যাংক স্বাধীনতা পূর্ববর্তীকালে ১৯৬১ সাল থেকে Industrial Development Bank of Pakistan (IDBP) নামে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালাগ্নে বাংলাদেশ শিল্প ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ৫০ মিলিয়ন টাকা। বর্তমানে ব্যাংকের অনুমোদিত ও পরিশোধিত উভয় মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশ অনুযায়ী ব্যাংকের অনুমোদিত মূলধনের অন্ত্যন ৫১ শতাংশ সরকার এবং অবশিষ্টাংশ বাংলাদেশী নাগরিক কিংবা দেশী বা বিদেশী আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে পরিশোধযোগ্য। তবে বর্তমান পরিশোধিত মূলধনের সম্পূর্ণ অংশই সরকার দ্বারা প্রদত্ত হয়েছে। বর্তমানে প্রধান কার্যালয় ও তিনটি আঞ্চলিক কার্যালয় ছাড়াও এ ব্যাংকের ১৫টি শাখা কার্যালয় রয়েছে। এ ব্যাংকের

কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা জুন ২০০৭-এর ৭৪৫ জন থেকে ত্রাস পেয়ে মার্চ ২০০৮-এ ৭২৫ জনে দাঁড়িয়েছে। ব্যাংকের পরিচালনা বোর্ড চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকসহ মোট ৯ (নয়) জন পরিচালক সমন্বয়ে গঠিত এবং বর্তমানে ব্যাংকের পরিচালনা বোর্ডে মোট ৯ (নয়) জন পরিচালকই বিদ্যমান আছে। বাংলাদেশ শিল্প ব্যাংক সরকার সূচিত এবং গৃহীত অর্থনৈতিক সংস্কার কর্মসূচি ও শিল্প নীতির সাথে সঙ্গতি রেখে দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নোক্ত কার্যাবলী পরিচালনা করে আসছে। গৃহীত কার্যাবলী-

- নতুন শিল্প প্রতিষ্ঠা, চালু শিল্পের সুযমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের জন্য দীর্ঘমেয়াদি ঋণ প্রদান;
- শিল্প প্রকল্পের অনুকূলে চলতি মূলধন ঋণ প্রদান;
- পাবলিক লিমিটেড কোম্পানির শিল্প প্রকল্পসমূহকে সেতু ঋণ ও শেয়ার অবলিখন সহায়তা প্রদান;



বাংলাদেশ শিল্প ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি বেসরকারি হাসপাতাল।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৫-০৬	২০০৬-০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
৩।	রিজার্ভ ফান্ড	৮২৩	৮৯২	৮৯২	৮৯২
৪।	আমানত	৬৩৪	৬৪৪	৭০৮	৭২০
	ক) তলবি আমানত	১৮০	১৮৪	১৭৫	১৭০
	খ) মেয়াদি আমানত	৪৫৪	৪৬০	৫৩৩	৫৫০
৫।	ঋণ ও অগ্রিম	৭৮৯২	৮১৬৫	৮২০৩	৮২১০
৬।	বিনিয়োগ	২৭৮৫	২৫০৮	২৫৩৮	২৭০০
৭।	মোট পরিসম্পদ	১২৭০৭	১২৪৪৩	১২১৯৭	১২৪০০
৮।	মোট আয়	৭১৪	৮৯৪	৪৪৬	৭০৪
৯।	মোট ব্যয়	৩৭৮	৩৯৬	২৫৬	৫৩৪
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	১৭৬	৪৬	১৫০	১৫০
	গ) রেমিট্যান্স	২	৩	২	২
১১।	জনশক্তি (সংখ্যায়)	৭৩১	৭৪৫	৭২৫	৭২৪
	ক) কর্মকর্তা	৪৫৭	৪৮০	৪৭৫	৪৭৫
	খ) কর্মচারী	২৭৪	২৬৫	২৫০	২৪৯
১২।	বিদেশী প্রতिसংগী ব্যাংক (সংখ্যায়)	৩৩	৩৩	৩৩	৩৩
১৩।	শাখা (সংখ্যায়)	১৫	১৫	১৫	১৫
	ক) বাংলাদেশে	১৫	১৫	১৫	১৫
	খ) বিদেশে	-	-	-	-

- ঋণগ্রহীতাদের পক্ষে ঋণ পরিশোধের গ্যারান্টি প্রদান;
- আমানত সংগ্রহসহ বাণিজ্যিক ব্যাংকিং সেবা প্রদান; এবং
- পূঁজি বাজারের উন্নয়নকল্পে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ-এর সদস্য হিসেবে ব্যাংকের জন্য ও গ্রাহকদের পক্ষে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার/সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়।

এছাড়া লাভজনক প্রকল্প চিহ্নিতকরণসহ ব্যাংক লাগসই প্রযুক্তি ও সম্ভাবনাময় বাজারসম্পন্ন শিল্প প্রকল্প নির্বাচনে অগ্রহী উদ্যোক্তাগণকে বিভিন্ন তথ্য/উপাত্ত সরবরাহ এবং পরামর্শমূলক সেবা প্রদান করে আসছে।

**আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য**

বাংলাদেশ শিল্প ব্যাংকের মোট আমানতের পরিমাণ মার্চ ২০০৮ শেষে ৭০৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এ ব্যাংকের প্রদত্ত ঋণ ও অগ্রিমের পরিমাণ জুন ২০০৭ শেষে ৮১৬৫ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে মার্চ ২০০৮ শেষে ৮২০৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। এছাড়া নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের ফলে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি জুন ২০০৭ -

এর তুলনায় বৃদ্ধি পেয়ে ৩০ জুন ২০০৮-এ ৮২১০ মিলিয়ন টাকায় দাঁড়াতে বলে আশা করা যায়। বাংলাদেশ শিল্প ব্যাংকের কার্যক্রম ও অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

**খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়**

২০০৬-'০৭ অর্থবছরে শিল্প ব্যাংকের মোট ঋণ বিতরণের পরিমাণ ছিল ৮৬২ মিলিয়ন টাকা। ২০০৭-'০৮ অর্থবছরের জুলাই-মার্চ সময়ে ঋণ বিতরণের পরিমাণ দাঁড়ায় ৩৮৫ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের প্রধান ঋণ হলো মেয়াদি ঋণ। মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ২০০৫-'০৬ অর্থবছরের ৪৮৫ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৬-'০৭ অর্থবছরে ৫৩৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭-'০৮ অর্থবছরের প্রথম নয় মাসে শিল্প ব্যাংক ৫৮০ মিলিয়ন টাকা মেয়াদি ঋণসহ মোট ৬৬২ মিলিয়ন টাকা আদায় করেছে। ২০০৬-'০৭ অর্থবছরে মোট ঋণ আদায়ের পরিমাণ ছিল ১০৬৫ মিলিয়ন টাকা। শিল্প ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি ২, ৩, ৪ এবং ৫-এ দেয়া হলো।

সারণি-২						
খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য***	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৫-'০৬						
বিতরণ	-	৪৮৫	৩২	৫১৭	১১০	৬২৭
আদায়	-	১০৫৪	৩০	১০৮৪	৭৫	১১৫৯
২০০৬-'০৭						
বিতরণ	-	৫৩৪	১৯৬	৭৩০	১৩২	৮৬২
আদায়	-	৯৫৮	৪৫	১০০৩	৬২	১০৬৫
৩১ মার্চ ২০০৮ *						
বিতরণ	-	২৪১	২০	২৬১	১২৪	৩৮৫
আদায়	-	৫৮০	৪৯	৬২৯	৩৩	৬৬২
৩০ জুন ২০০৮ **						
বিতরণ	-	৭৫০	১২০	৮৭০	১৩২	১০০২
আদায়	-	৭৪০	৫৮	৭৯৮	১০২	৯০০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত ; \*\*\* কর্মচারী অগ্রিমসহ ।

সারণি-৩				
শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				
(মিলিয়ন টাকায়)				
ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		অন্যান্য***	মোট
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপঞ্জীকৃত : ৩০ জুন ২০০৭ তারিখে				
প্রকল্প সংখ্যা	৩১০	১৪৪৬	২৯৭	২০৫৩
পরিমাণ	২৭৬০১	৬১১৯	১৪৬২	৩৫১৮২
১ জুলাই ২০০৬ হতে ৩০ জুন ২০০৭ পর্যন্ত				
প্রকল্প সংখ্যা	১২	২৫	১৫	৫২
পরিমাণ	৮১৯	১৮৭	১০৫	১১১১
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮ তারিখে*				
প্রকল্প সংখ্যা	৩১২	১৪৫২	৩০০	২০৬৪
পরিমাণ	২৭৯৪১	৬১৪৮	১৪৮৪	৩৫৫৭৩
১ জুলাই ২০০৭ হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত*				
প্রকল্প সংখ্যা	২	৬	৩	১১
পরিমাণ	৩৪০	২৯	২২	৩৯১
১ জুলাই ২০০৭ হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত **				
প্রকল্প সংখ্যা	৪	১৬	৭	২৭
পরিমাণ	৬০০	১৫০	১৭০	৯২

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত \*\*\* চলতি মূলধন ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৫-'০৬	২০০৬-'০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	- - - -	- - - -	- - - -	- - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কৃটির	৬২৬০ ৫১৭৭ ১০৮৩	৬২৩০ ৫৪২৪ ৮০৬	৫৭২২ ৪৬৬৫ ১০৫৭	৫৭৪৫ ৪৬৭৫ ১০৭০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৫০২	৭১৯	৪২৫	৪৪০
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	-	-	-	-
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্তোরাঁ	- - - -	- - - -	- - - -	- - - -
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য *	১১৩০	১২১৬	২০৫৬	২০২৫
	সর্বমোট	৭৮৯২	৫৬৫৮	৩০২৮	৮২১৭

\* ওডি, ফোর্সড লোন, ব্রীজ লোন ও স্টাক লোন।

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-২০০৬	৪.০০	২.৫০	৫.৭৫-৬.৭৫	৪.২৫	-	১০-১২	১৩	১২.০০
২০০৬-২০০৭	৪.০০	২.৫০	৫.৭৫-৬.৭৫	৪.২৫	-	১০-১২	১৩	১২.০০
৩১ মার্চ ২০০৮	৫.০০	৩.০০	৭.০০-৮.৫০	৫.২৫	-	১০-১২.৫০	১৩	১২.১২৫
৩০ জুন ২০০৮*	৫.০০	৩.০০	৭.০০-৮.৫০	৫.২৫	-	১০-১২.৫০	১৩	১২.১২৫

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

## বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা

১৯৭২ সালের রাষ্ট্রপতির ১২৮ নং আদেশ বলে শিল্প প্রকল্পে ঋণ সুবিধাসহ অন্যান্য সহায়তা প্রদান, বাংলাদেশে পুঁজি বিনিয়োগকে উৎসাহিত করা ও বিনিয়োগ কর্মকাণ্ডের ভিত্তিকে সম্প্রসারিত করার লক্ষ্যে ৩১ অক্টোবর ১৯৭২ সালে বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে ১ মার্চ ১৯৮৫ পর্যন্ত সংস্থা স্বীয় চাটারে প্রদত্ত ক্ষমতা বলে শিল্প প্রকল্প স্থাপনে দীর্ঘ মেয়াদি ঋণ, সেতু ঋণ, ভিবেঞ্চার ঋণ ইত্যাদি প্রদান করে আসছে। কিন্তু বাংলাদেশ সরকার ও কয়েকটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে ২ মার্চ ১৯৮৫ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে সংস্থার সার্বিক কর্মকাণ্ড মে ১৯৯৫ পর্যন্ত এর পোর্টফলিওভুক্ত প্রকল্পগুলোর সুশ্রমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণের (বিএমআরই) জন্য আর্থিক সহায়তা প্রদান ও ঋণ আদায়ের মধ্যে সীমাবদ্ধ ছিল। ১৯৮৫ সালে সম্পাদিত এ সমঝোতা স্মারকের আলোকে সংস্থার সার্বিক

পরিচালনা ও প্রশাসনিক ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধিত হয় এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ সংশোধন করাসহ ঋণ আদায় প্রক্রিয়া আরো জোরদার করা হয়। দেশের আর্থিক খাতে বিরাজমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এবং শিল্পায়নে সংস্থার ইতিবাচক ভূমিকার কথা বিবেচনা করে সরকার ১৯৯৫ সালের জুন মাসে সংস্থাকে সরকারের নিয়ন্ত্রণাধীন একটি পূর্ণাঙ্গ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে এবং সে অনুসারে সংস্থাকে পুনর্গঠন করে। পুনর্গঠনের আওতায় সরকার সংস্থাকে নতুন শিল্প প্রকল্পে ঋণ প্রদানসহ বাণিজ্যিক ব্যাংকিং ও মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্যও অনুমতি প্রদান করে। এ প্রেক্ষিতে ৪ মে ১৯৯৭ তারিখে সংস্থা মতিঝিল শাখা খোলার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এছাড়া পুঁজিবাজারকে সক্রিয় করার নিমিত্তে এবং স্টক এক্সচেঞ্জে সরাসরি সিকিউরিটিজ ত্রয়-বিক্রয়ে



বিএসআরএস-এর অর্থায়নে প্রতিষ্ঠিত একটি ছুতা তৈরির কারখানা।

অংশগ্রহণ করার জন্য সংস্থা ৩০ আগস্ট ১৯৯৭-এ ঢাকা স্টক এক্সচেঞ্জের সদস্যপদ গ্রহণ করে এবং নিয়মিত শেয়ার ও ডিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ে অংশ নিচ্ছে। অধিকন্তু, সংস্থা প্রথম বিএসআরএস মিউচুয়াল ফান্ড সাফল্যজনকভাবে ১৯৯৬-৯৭ অর্থবছরে বাজারজাত করেছে এবং এ মিউচুয়াল ফান্ডের উপর নিয়মিত লভ্যাংশ প্রদান করেছে। ২৯ অক্টোবর ২০০০-এ সংস্থা বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রমকে আরও সম্প্রসারণের লক্ষ্যে ঢাকার কাওরান বাজারস্থ এর নিজস্ব ভবনে দ্বিতীয় বাণিজ্যিক ব্যাংকিং শাখার কার্যক্রম শুরু করে। সংস্থার বিদেশী প্রতিসংগী ব্যাংকের সংখ্যা ২টি। বর্তমানে সংস্থার অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ২০০০ মিলিয়ন টাকা এবং ৭০০ মিলিয়ন টাকা। ৩০ জুন ২০০৭-এ সংস্থার কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ছিল ১৭০ জন, যার মধ্যে ৯৬ জন কর্মকর্তা ও ৭৪ জন কর্মচারী। মার্চ ২০০৮ শেষে কর্মকর্তা ও কর্মচারীর মোট সংখ্যা দাঁড়িয়েছে ১৭৩ জনে, যার মধ্যে ৯৩ জন কর্মকর্তা ও ৮০ জন কর্মচারী। শিল্প ঋণ সংস্থার অর্থনৈতিক অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

### ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায়

১৯৯৫ সালে পুনরায় নতুন শিল্প প্রকল্পে অর্থায়নের অনুমতি পাওয়ার পর থেকে সংস্থা (কনসোলিডেটেড ব্যবস্থার আওতায় ১১টি প্রকল্পসহ)

মোট ৩১টি নতুন শিল্প প্রকল্পে ১৫৭৯ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর করেছে। আলোচ্য সময়ে সেতু ঋণ খাতে সংস্থা ৪টি প্রকল্পে ৫১ মিলিয়ন টাকা এবং ডিবেঞ্চার খাতে ১টি প্রকল্পে ৪৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। এ সময়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর কার্যক্রম অটোমেশন করার নিমিত্তে সরকারের নিকট থেকে ৮৪ মিলিয়ন টাকা মহগপূর্বক তা উক্ত প্রতিষ্ঠানকে ঋণ হিসেবে প্রদান করেছে। সংস্থা এর জন্মলগ্নে পূর্বসূরী পিকিক-এর মাধ্যমে মঞ্জুরকৃত ৯৮টি প্রকল্প প্রাপ্ত হয়, যার বিপরীতে ৩৮৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছিল। পরবর্তীতে ১৯৭২ সাল হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত সংস্থা মোট ৩৩৭টি প্রকল্পে ৫৮১৭ মিলিয়ন টাকা ঋণ অনুমোদন করেছে এবং অবলিখন অগ্রিম ও ডিবেঞ্চার ঋণ বাবদ ১২৩ মিলিয়ন টাকাসহ মোট ৫২৫২ মিলিয়ন টাকা বিতরণ করেছে। এ সময়ে সংস্থা নিজস্ব অর্থায়িত প্রকল্প থেকে প্রায় ৯৪৪৫ মিলিয়ন টাকা ঋণ বাবদ আদায় করেছে। ১৯৭২ সাল হতে ৩০ জুন ২০০৭ পর্যন্ত সংস্থা ২৪৯৭ মিলিয়ন টাকা করপূর্ব মুদ-ফা অর্জন করেছে, কর বাবদ ১৮১৮ মিলিয়ন টাকা সরকারকে প্রদান করেছে এবং লভ্যাংশ বাবদ সরকারি কোষাগারে ২০৮ মিলিয়ন টাকা প্রদান করেছে। সংস্থার একটি বড় সাফল্য হলো এ পর্যন্ত সংস্থা কখনও লোকসান-এর সম্মুখীন হয়নি। জন্মলগ্ন হতে এ পর্যন্ত সরকারের নিকট থেকে অথবা সরকারের মাধ্যমে গৃহীত ঋণের বিপরীতে সংস্থা সরকারকে নির্ধারিত সুদসহ ৬০১৬ মিলিয়ন টাকা এবং দাতা

### অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কিত)
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০
২।	পরিশোধিত মূলধন	৭০০	৭০০	৭০০	৭০০
৩।	সংরক্ষিত তহবিল	১৬৮৩	১৮০৫	১৮০৫	১৯০৫
৪।	আমানত	৩১৮	২৭৯	২৮৪	২৯২
	ক) তলবি আমানত	১৪৬	৩০	৩০	৩১
	খ) মেয়াদি আমানত	১৭২	২৪৯	২৫৪	২৬১
৫।	ঋণ ও অগ্রিম	২৩২৪	২১০৯	২০০০	২২০০
৬।	বিনিয়োগ	৬৪১	৬৮৫	৭০০	৭৫০
৭।	মোট পরিসম্পদ	৪৪৯৩	৪৫২৮	৪৫৮০	৪৬০০
৮।	মোট আয়	৩০২	৩০৫	২১০	৩১০০
৯।	মোট ব্যয়	১৯৬	১৩৯	১০০	২১০০
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	-	-	-	-
	গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৭৪	১৭০	১৭৩	১৮২
	ক) কর্মকর্তা	৯৬	৯৬	৯৩	৯৬
	খ) কর্মচারী	৭৮	৭৪	৮০	৮৬
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২	২	২	২
১৩।	শাখা (সংখ্যায়)	২	২	২	২

সংস্থাসমূহকে নির্ধারিত সুদসহ ৩৫০ মিলিয়ন টাকা পরিশোধ করেছে।  
বিএসআরএস ইতোমধ্যে সরকার ও অন্যান্য ঋণ দাতা প্রতিষ্ঠানের  
সকল পাওনা পরিশোধ করে একটি সম্পূর্ণ দায়মুক্ত প্রতিষ্ঠানে পরিণত  
হয়েছে।

২০০৬-'০৭ অর্থবছরে সংস্থা দু'টি বাণিজ্যিক ব্যাংকিং শাখার মাধ্যমে  
SOD এবং Consumer Credit Scheme-এর আওতায় প্রায় ৫  
মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ ২১৩ মিলিয়ন  
টাকা আদায় করেছে। ২০০৭-'০৮ অর্থবছরের ৩১ মার্চ পর্যন্ত সময়ে  
SOD এবং Consumer Credit Scheme-সহ মোট ৬১ মিলিয়ন টাকা  
ঋণ বিতরণ করেছে এবং মেয়াদি ঋণসহ মোট ৮৫ মিলিয়ন টাকা ঋণ  
আদায় করেছে। ৩১ মার্চ ২০০৮ তারিখের সাময়িক হিসাবে সংস্থার  
মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়িয়েছে ২০০০ মিলিয়ন টাকা।

#### সংস্থার সাম্প্রতিক কার্যাবলী

- ১) সংস্থাটি দীর্ঘ বিরতির পর ৬টি প্রকল্পে ৩১০ মিলিয়ন টাকা ঋণ মঞ্জুর  
করেছে।
- ২) সার্বিক কর্মকাণ্ডের ফলে শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২০০৫-'০৬  
সালের শতকরা ৫৪ ভাগ থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে

শতকরা ৪৮ ভাগে দাঁড়িয়েছে।

- ৩) অবলোপনকৃত ঋণের পরিমাণ ২০০৫-'০৬ সালের ১৩০১৭  
মিলিয়ন টাকা থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে ১২৭৫০ মিলিয়ন  
টাকায় দাঁড়িয়েছে।
- ৪) সংস্থাটি সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের মাধ্যমে পুঁজিবাজারে বণিষ্ঠ  
ভূমিকা রাখার জন্য ২৭ ফেব্রুয়ারি ২০০৮ থেকে ব্লোকরেজ হাউস  
চালু করেছে।
- ৫) ঋণপর খোলার মধ্য দিয়ে সংস্থাটি বৈদেশিক মুদ্রা ব্যবসা শুরু  
করেছে।
- ৬) সরকার ঘোষিত নীতিমালার আলোকে Thrust Sector-এ  
বিনিয়োগকল্পে নতুন উদ্যোক্তাদেরকে ঋণ গ্রহণে উত্থুদ্ধ করা হচ্ছে।
- ৭) অবলোপনকৃত ও শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে গ্রাহকদের সাথে  
আলোচনার মাধ্যমে ঋণ পরিশোধে উত্থুদ্ধ করায় বেশ কিছু গ্রাহক  
সংস্থার সাথে সমঝোতায় উপনীত হয়েছে।

বিএসআরএস-এর বাস্তবিত্তিক ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-  
২-এ দেয়া হলো। বিএসআরএস-এর শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী  
সারণি-৩, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের  
শতকরা হার সারণি-৫-এ দেয়া হলো।

সারণি-২						
বাস্তবিত্তিক ঋণ বিতরণ ও আদায়						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৫-০৬						
বিতরণ	-	৭৪	-	৭৪	৮	৮২
আদায়	১৬	২১০	-	২১০	৭৯	৩০৫
২০০৬-০৭						
বিতরণ	-	-	-	-	৫	৫
আদায়	-	২০৫	-	২০৫	৮	২১৩
৩১ মার্চ ২০০৮* পর্যন্ত						
বিতরণ	-	৫৮	-	৫৮	৩	৬১
আদায়	-	৮০	-	৮০	৫	৮৫
৩০ জুন ২০০৮** পর্যন্ত						
বিতরণ	-	২৮৯	-	২৮৯	৬	২৯৫
আদায়	-	৬১৭	-	৬১৭	৫	৬২২

\* সাময়িক, \*\* প্রাক্কলিত।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	প্রকল্প সংখ্যা পরিমাণ	শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপূর্ণীভূত : ৩০ জুন ২০০৭ তারিখে		৩৩১ ৫৫০৭	- -	৩৩১ ৫৫০৭
১ জুলাই ২০০৬ হতে ৩০ জুন ২০০৭ পর্যন্ত		১ ৫০	- -	১ ৫০
ক্রমপূর্ণীভূত : ৩১ মার্চ ২০০৭ তারিখে		৩৩৭ ৫৮১৭	- -	৩৩৭ ৫৮১৭
১ জুলাই ২০০৬ হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত		৬ ৩১০	- -	৬ ৩১০
১ জুলাই ২০০৭ হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত		১৫ ৭৯০	- -	১৫ ৭৯০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৫-'০৬	২০০৬-'০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য বাতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৭২৫ - ৭২৫ - -	৭০০ - ৬৮২ ১৮ -	৬৫৪ - ৬৩৬ ১৮ -	৬৫৪ - ৬৩৬ ১৮ -
২।	শিল্প ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১২৭৭ ১২৭৭ -	১২৩১ ১২৩১ -	১২৪২ ১২৪২ -	১৪৬১ ১৪৬১ -
৩।	চলতি মূলধন অর্পায়ন	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	-	-	-	-
৬।	পরিবহন ও যোগাযোগ	৩৬	২৯	২৭	২৭
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	- - - - ২	- - - - ২	- - - - ২	- - - - ২
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	-	-	-	-
৯।	অন্যান্য	২৮৪	৭	৫	৬
	সর্বমোট	২৩২৪	১৯৬৯	১৯৩০	২১৫০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-'০৬	৪.৫০	৪.০০	৭.০০	৫.১৬	-	১২.০০	১২.৫০	১২.২৫
২০০৬-'০৭	৫.০০	৪.০০	৮.০০	৫.৬৭	-	১২.০০	১৩.০০	১২.৫০
৩১ মার্চ ২০০৮*	৫.০০	৪.০০	৮.০০	৫.৬৭	-	১২.০০	১৩.০০	১২.৫০
৩০ জুন ২০০৮**	৫.০০	৪.০০	৮.০০	৫.৬৭	-	১২.০০	১৩.০০	১২.৫০

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

## বেসিক ব্যাংক লিমিটেড

বেসিক ব্যাংক লিমিটেড ১৯৮৯ সালের ২১ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে মোট ৮০ মিলিয়ন টাকার পরিশোধিত মূলধন (বিসিসিআই ফাউন্ডেশনের ৭০% শেয়ার এবং বাংলাদেশ সরকারের ৩০% শেয়ার) নিয়ে কার্যক্রম শুরু করে। ৬ জুন ১৯৯১-এ বিশ্বব্যাপী বিসিসিআই ফাউন্ডেশন অকার্যকর হয়ে গেলে উল্লুত অচলাবস্থা রোধ করতে বাংলাদেশ সরকার ৪ জুন ১৯৯২-এ ফাউন্ডেশনের ৭০% শেয়ার ও ব্যাংকটি অধিগ্রহণ করে। ২০০৭ সালে ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০০০ মিলিয়ন টাকা। ২০০৬ সাল শেষে ব্যাংকটির পরিশোধিত মূলধনের পরিমাণ ছিল ১২৪৭ মিলিয়ন টাকা, যা ৩০ জুন ২০০৮ সালে প্রস্তাবিত বোনাস শেয়ারসহ ১৩০৯ মিলিয়ন টাকায় পরিণত হবে বলে আশা করা যাচ্ছে। এছাড়াও ২০০৭ সাল শেষে ব্যাংকের রিজার্ভ ফান্ড ছিল ১৩৪৯ মিলিয়ন টাকা। ২০০৮ সালের মার্চ

শেষে ব্যাংকটির শাখার সংখ্যা দাঁড়ায় ৩০টিতে এবং মোট জনশক্তি ৭২৪ জন, যার মধ্যে ৫৫৪ জন কর্মকর্তা এবং ১৭০ জন কর্মচারী। বেসিক ব্যাংক লিমিটেড বিশেষায়িত উন্নয়ন এবং বাণিজ্যিক ব্যাংকের এক সংমিশ্রণ। ব্যাংকটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পে অগ্রাধিকার দিয়ে শিল্প খাত প্রসারের জন্য মধ্য ও দীর্ঘ মেয়াদি ঋণ সরবরাহ এবং অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের দায়িত্বে নিয়োজিত। সংঘ স্মারক ও সংঘ বিধি অনুযায়ী ব্যাংকটির মোট ঋণদানযোগ্য তহবিলের অন্ততঃ শতকরা ৫০ ভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অর্থায়নে ব্যবহৃত হয়।

### আমানত, ঋণ, বিনিয়োগ ও বৈদেশিক বাণিজ্য

ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০০৬ সালের ডিসেম্বর শেষে ২৪০৮৫ মিলিয়ন টাকা থেকে শতকরা ৩৩ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৭



বেসিক ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি গামড়া শিল্প প্রতিষ্ঠান।

সালের ডিসেম্বর শেষে ৩১৯৪৮ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০৭ সালের ডিসেম্বর শেষে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শতকরা ১৭ ভাগ বৃদ্ধি পেয়ে ২২২৬৩ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ব্যাংকের মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনার পরিমাণ ২০০৬ সালের তুলনায় ৪৮৭২ মিলিয়ন টাকা বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ৩৯০৬৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। এর মধ্যে আমদানির পরিমাণ ২০০৬ সালের ১৭৮০৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ২০ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ২১২৬৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়। রপ্তানির পরিমাণ ২০০৬ সালের ১৫৪৬৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ৯ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ১৬৭৯৫ মিলিয়ন টাকায় উন্নীত হয়েছে। রেমিট্যান্স ২০০৬ সালের ৯২৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ৮ ভাগ বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ১০০২ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ঋণ ঋক্তি ব্যবস্থাপনা সুদৃঢ় করার জন্য ২০০৬ সালে ক্রেডিট রেটিং কোম্পানি CRISL-এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে এবং ২০০৭ সালে উক্ত রেটিং কোম্পানির মূল্যায়ন অনুসারে বেসিক ব্যাংক দীর্ঘ মেয়াদে A+ এবং স্বল্প মেয়াদে ST-2 মান-এ অবস্থান করছে।

এশীয় উন্নয়ন ব্যাংক-এর অর্থায়নে কৃষিভিত্তিক ব্যবসা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্র্যাক, আশা এবং টিএমএসএস বরাবর ক্ষুদ্র ঋণ পরিচালনার জন্য ২০০৬ সালে ৯০০ মিলিয়ন টাকার ঋণ মঞ্জুর করা হয়েছে, এর মধ্যে ২০০৭ সালে ৩২৬ মিলিয়ন টাকা বিতরণ করা হয়েছে।

২০০৭ সালের মার্চ থেকে ব্যাংকিং লেনদেন তথা সামগ্রিক কার্যক্রমকে কেন্দ্রীয় নিয়ন্ত্রণে আনার জন্য 'অন-লাইন ব্যাংকিং কার্যক্রম' শুরু হয়েছে। ২০০৭ সালে ATM কার্ড প্রবর্তনের মাধ্যমে গ্রাহকদের নিকট ব্যাংক সেবা সহজলভ্য করার উদ্যোগ নেয়া হয়। শিল্প ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে পরিবেশের ওপর শিল্প প্রকল্পের প্রভাব বিবেচনায় নিয়ে পরিবেশ বান্ধব প্রকল্পে ঋণ মঞ্জুরী দেয়াকে গুরুত্ব দেয়া হচ্ছে। বেসিক ব্যাংক লিমিটেড-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।

### শিল্প ঋণ বিতরণ ও আদায়

বেসিক ব্যাংক লিমিটেডের মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ২০০৭ সালে যথাক্রমে ১৮৯৯ মিলিয়ন এবং ১৬৭৬ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। ২০০৬ সালে মেয়াদি ঋণ বিতরণ এবং আদায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১০০৩ মিলিয়ন এবং ১০৮৮ মিলিয়ন টাকা।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারণি-১ (মিলিয়ন টাকায়)	
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কিত)	
১।	অনুমোদিত মূলধন	২০০০	২০০০	২০০০	২০০০	
২।	পরিশোধিত মূলধন	৯৪৫	১২৪৭	১২৪৭	১৩০৯	
৩।	রিজার্ভ ফান্ড	১২৭০	১৩৪৯	১৫৫৩	১৬৯২	
৪।	আমানত	২৪০৮৫	৩১৯৪৮	৩১৫০১	৩২৫০০	
	ক) তলবি আমানত	৬১২৮	৩২৩৮	৬৬৯৭	৭৫০০	
	খ) মেয়াদি আমানত	১৭৯৫৭	২৮৭১০	২৪৮০৪	২৫০০০	
৫।	ঋণ ও অগ্রিম	১৯০০০	২২২৬৩	২৩৬২৯	২৫১০০	
৬।	বিনিয়োগ	৩২৭৯	৫৩০৩	৪৯৮৩	৫০০০	
৭।	মোট পরিসম্পদ	২৯৩৮৮	৩৮৭৭৪	৪০২৫১	৪২০০০	
৮।	মোট আয়	২৮৭০	৩৫৫০	১০৫১	২৩৮০	
৯।	মোট ব্যয়	১৭০০	২৪৫৯	৭০৯	১৬০০	
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	৩৪১৯২	৩৯০৬৪	১৩৫৪১	২২৭৫৯	
	ক) রপ্তানি	১৫৪৬৪	১৬৭৯৫	৪৮৫০	৯৭৫০	
	খ) আমদানি	১৭৮০৪	২১২৬৭	৮৪২৭	১২৪৫০	
	গ) রেমিট্যান্স	৯২৪	১০০২	২৬৪	৫৫৯	
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৫১	৭২৪	৭২৪	৭৪৫	
	ক) কর্মকর্তা	৫২৩	৫৫৪	৫৫৪	৫৭২	
	খ) কর্মচারী	১২৮	১৭০	১৭০	১৭৩	
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	২২	২২	২২	২২	
১৩।	মোট শাখা (সংখ্যায়)	২৮	৩০	৩০	৩১	
	ক) বাংলাদেশে	২৮	৩০	৩০	৩১	
	খ) বিদেশে	০	০	০	০	

**খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায়**

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬						
বিতরণ		১০০৩	৮৩৪৬*	৯৩৪৯	৬৭৫৬	১৬১০৫
আদায়		১০৮৮	১১৯৯	২২৮৭	-	২২৮৭
২০০৭						
বিতরণ	৩৯৩*	১৮৯৯	৯৫২৬*	১১৮১৮	৭৬৮২	১৯৫০০
আদায়	৪৭**	১৬০৬	৬০৭৭	৭৭৩০	-	৭৭৩০
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)						
বিতরণ	৩১	৫৫১	১০০০০*	১০৫৫১	৮৩৩১	১৮৮৮২
আদায়	২০	৪৬৬	১৭৬২	২২৪৮	-	২২৪৮
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)						
বিতরণ	৫০	১১১০	১১০০০*	১২১৬০	৮৪৫৮	২০৬১৮
আদায়	৪০	৯৩০	৩৫০০	৪৪৭০	-	৪৪৭০

# স্থিতি পরিমাণ। \* দায়িত্ব বিমোচন কর্মসূচি/ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায়। \*\* জুলাই ২০০৭ থেকে ডিসেম্বর ২০০৭ পর্যন্ত।

ব্যাংকের খাতভিত্তিক ঋণ বিতরণ ও আদায় সারণি-২ এ দেয়া হলো।

### শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

ব্যাংকটি শুরু থেকে ২০০৭ সালের ডিসেম্বর পর্যন্ত ৭১৪টি প্রকল্পের আওতায় মোট ৮৮১৩ মিলিয়ন টাকা মেয়াদি ঋণ অনুমোদন করে, যার মধ্যে ৭৯০৪ মিলিয়ন টাকা (৯০%) মাঝারি এবং ক্ষুদ্র ও কৃষ্টির শিল্পে এবং বাকি ৯০৯ মিলিয়ন টাকা (১০%) বৃহৎ শিল্পে। প্রকল্পের ধরন হচ্ছে গার্মেন্টস এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ, ইঞ্জিনিয়ারিং, পটিল্প, চন্দ্রা, কেমিক্যাল, সিনথেটিক লেদার, এমব্রয়ডারি, প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং, হার্ডবোর্ড, মৎস্য ও চিংড়ি, ফিশিং নেট, খাদ্য প্রক্রিয়াকরণ, বিস্কুট ও ব্রেড, ময়দা মিল, ব্রেড, লুব্রিকেটিং, সিএনজি ইত্যাদি। ২০০৭ সালে ব্যাংক ৬৯ টি নতুন প্রকল্পের আওতায় মোট ৬৮৯ মিলিয়ন টাকা অনুমোদন দিয়েছে। শিল্পের আকারভিত্তিক ঋণ পরিস্থিতি সারণি-৩-এ দেয়া হলো।

### বিশেষ ঋণ কর্মসূচি ও অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

শহুরে দরিদ্র জনগোষ্ঠীর জন্য বেসিক ব্যাংক ক্ষুদ্র ঋণ কর্মসূচি (Micro Credit Scheme) নামে একটি কর্মসূচি চালু রেখেছে। এ কর্মসূচির আওতায় দরিদ্র ঋণগ্রহীতাদের সরাসরি বা এনজিও-এর মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা রয়েছে। ২০০৭ সালের ডিসেম্বর মাস নাগাদ ব্যাংক ২৯৮৯১৭ জন দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে মোট ১৫২৩ মিলিয়ন টাকা বিতরণ করে। ঋণ আদায়ের হার শতকরা ১০০ ভাগ। ২০০৭ সালের ডিসেম্বর শেষে ব্যাংকের মোট ঋণের স্থিতি দাঁড়ায় ২২২৬৩ মিলিয়ন টাকা।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪-এ দেয়া হলো। এছাড়াও আমানত ও ঋণের সুদের হার সারণি-৫-এ দেয়া হলো।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩  
(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		মোট	
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির		
ক্রমপুঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২১৫ ৩৫১৪	৪৯৯ ৫২৯৯	৭১৪ ৮৮১৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা** পরিমাণ	৮৮ ১৬২৭	৯৯ ৪৪২	১৮৭ ২০৬৯
ক্রমপুঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮* তারিখ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২৪২ ৩৯৫৪	৫২৯ ৫৪১০	৭৭১ ৯৩৬৪
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২৭ ৪৪০	৩০ ১১১	৫৭ ৫৫১
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৫০ ৮৬০	৬৫ ২৫০	১১৫ ১১১০

\* সাময়িক ; \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাকলিত)
১।	কৃষি ও মৎস্য ক) শস্য খ) শস্য ব্যতীত অন্যান্য গ) মৎস্য ঘ) বনায়ন	৮৬			
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	৩৫৪৩ ২৪১৭ ১১২৬	৪৩৭৫ ৩৬৬৩ ৭১২	৪৭৫০ ৩৯৭৫ ৭৭৫	৪৯০০ ৪১০০ ৮০০
৩।	চলতি মূলধন অর্থায়ন	৮৩৪৬	৯৫২৬	১০০০০	১১০০০
৪।	নির্মাণ	২৬৯			
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ				
৬।	পরিবহন ও যোগাযোগ	৭৯			
৭।	ব্যবসা-বাণিজ্য ক) পাইকারি ও খুচরা খ) রপ্তানি গ) আমদানি ঘ) হোটেল ও রেস্টোরাঁ	৫৪১৩ ৪৭১৫ ৬১ ৬৩৪ ৩	৭৩৫২ ৫৯১৮ ৪১২ ১০২২ ৩	৭৬৯৮ ৬১৭৭ ৪৩৭ ১০৮৪ ৩	৭৯৫০ ৬৪০০ ৪৫০ ১১০০ ৩
৮।	দারিদ্র্য হ্রাসকরণ	৩৫৯	৬৮০	৭১১	৭৩০
৯।	অন্যান্য	৯০৫	৩৩০	৪৭০	৫২০
	সর্বমোট	১৯০০০	২২২৬৩	২৩৬২৯	২৫১০০

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	৫	৩	৬-৭	৫	৯	৯.৫-১২	১২	১০.৫
২০০৭	৬	৪	৭-৮	৬	৯	১১.৫-১৩.৫	১৫	১২.৫
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৭	৪.৫	৭.২৫-৮.২৫	৬.৫ (প্রায়)	৯	১১.৫-১৩.৫	১৪.৭৫	১২.৪০ (প্রায়)
৩০ জুন ২০০৮ (প্রাকলিত)	৭	৪.৫	৭.২৫-৮.২৫	৬.৫ (প্রায়)	৯	১১.৫-১৩.৫	১৪.৭৫	১২.৪০ (প্রায়)

# আর্থিক প্রতিষ্ঠান

## আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন ১৯৯৫-এর অধীনে স্থাপিত সরকার নিয়ন্ত্রিত একটি বিশেষায়িত ব্যাংক ও সংবিধিবদ্ধ সংস্থা। নভেম্বর ১৯৯৬ সালে ঢাকাস্থ লোকাল অফিস খোলার মাধ্যমে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়। মার্চ ২০০৮ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ২৩২ মিলিয়ন টাকায় দাঁড়ায় (ব্যাংকটির পরিশোধিত মূলধনের ১০.৮ শতাংশ শেয়ার সরকারের এবং অবশিষ্ট শেয়ার আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা ও কর্মকর্তা/কর্মচারী এবং আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের)। মার্চ ২০০৮ শেষে ব্যাংকের শাখার সংখ্যা ৮১টিতে দাঁড়ায়। ১৭ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ ও ৫ সদস্য বিশিষ্ট পর্ষদের

নির্বাহী কমিটির সার্বিক তত্ত্বাবধানে পল্লী ঋণ কার্যক্রমে দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন পেশাভিত্তিক ব্যাংক কর্মকর্তাদের মাধ্যমে এ ব্যাংক পরিচালিত হচ্ছে।

সার্বদেশে ৪৫.৫ লাখে আনসার ও ভিডিপি সদস্য/সদস্যার আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পুঁজি সরবরাহ ও তাদের দারিদ্র্য বিমোচনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এ ব্যাংক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে। একই গ্রামের পাঁচ জন সদস্য নিয়ে একটি গ্রুপ এবং সর্বোচ্চ ১০টি গ্রুপ নিয়ে একটি সেন্টার গঠনের মাধ্যমে এ কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। গ্রামীণ অর্থনীতি নির্ভর আয়বর্ধক ৬০টি খাতে গ্রুপভুক্ত প্রত্যেক সদস্যকে জামানতবিহীন সর্বোচ্চ ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত ঋণ প্রদান করছে। ক্ষুদ্র ঋণের



একটি ছাগল পালন গ্রুপের আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অর্থায়ন।

আওতায় বিতরণকৃত ঋণ ৫০টি সমান সাপ্তাহিক কিস্তিতে সুদসহ আদায় করা হয়ে থাকে। ইতোমধ্যে ২৫টি শাখায় মাসিক ভিত্তিতে ঋণ আদায় কার্যক্রম চালু করা হয়েছে। গ্রুপ সঞ্চয় ব্যবস্থা প্রত্যেক সদস্যের নিকট হতে ঋণের পরিমাণের উপর ভিত্তি করে সাপ্তাহিক ন্যূনতম ২০/- টাকা থেকে ১০০/- টাকা জমা নেয়া হচ্ছে। ব্যাংকের সকল শাখায় আনসার-ভিডিপি সদস্য এবং আনসার ভিডিপি সংগঠনের জন্য ডিপোজিট ব্যাংকিং চালু করা হয়েছে। এছাড়া সকল শাখায় Special Deposit Pension Scheme (SDPS)ও চালু করা হয়েছে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক শুরু থেকে মার্চ ২০০৮ পর্যন্ত মোট ৭২৬৪ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করেছে, যার মধ্যে সুদসহ মোট ৭২৫৯ মিলিয়ন টাকা আদায় করা হয়েছে। গ্রুপ সঞ্চয় হিসাবে মার্চ ২০০৮ পর্যন্ত স্থিতির পরিমাণ ২২৮ মিলিয়ন টাকা। এছাড়া মার্চ ২০০৮ পর্যন্ত বিভিন্ন সঞ্চয় আমানতের মোট স্থিতির পরিমাণ ৮৫ মিলিয়ন টাকা, যার মধ্যে SDPS খাতে ৬৩ মিলিয়ন টাকা, সঞ্চয়ী আমানত খাতে ৮ মিলিয়ন টাকা ও স্থায়ী আমানত খাতে ১৪ মিলিয়ন টাকা। ২০০৭-২০০৮ অর্থ বছরের প্রথম নয় মাসে (মার্চ ২০০৮ পর্যন্ত) ঋণ বিতরণ করা হয়েছে ৬৩৫ মিলিয়ন টাকা এবং ঋণ আদায় করা হয়েছে ৭৩৬ মিলিয়ন টাকা। ২০০৭-২০০৮ অর্থবছরের মার্চ পর্যন্ত ব্যাংকের অপারেটিং মুনাফার পরিমাণ দাঁড়ায় ২৫<sup>০০</sup> মিলিয়ন টাকা।

ব্যাংকের দৈনন্দিন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে

সা=সাময়িক

প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল স্তরে MBO (Management by Objective) প্রথা চালু করা হয়েছে। ব্যাংকের ঋণ ম্যানুয়াল, হিসাব ম্যানুয়াল, অডিট ম্যানুয়াল ও ক্রয় ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। অধিক সংখ্যক আনসার-ভিডিপি সদস্যকে ব্যাংকের কার্যক্রমের আওতাভুক্ত করে তাদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে ২০০৪ থেকে ২০১০ মেয়াদের একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা ও তদনুযায়ী যুগোপযোগী একটি জনবল কাঠামো ২০০৫ (perspective plan & organogram) প্রণয়ন করা হয়েছে। উক্ত পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য জনবল কাঠামো ব্যাংকের পর্ষদ কর্তৃক অনুমোদন লাভের পর পুনর্নির্নয়ন করা হয়েছে।

### ঋণবীমা তহবিল গঠন

ব্যাংকের ঋণগ্রহীতাদের জন্য ০১ জুলাই ২০০৩ তারিখ হতে ঋণবীমা তহবিল গঠন করা হয়েছে। ঋণগ্রহীতার ঋণ গ্রহণের সময় নামে মাত্র ঋণ গ্রহণের ক্রমানুসারে চাঁদা প্রদান করে থাকে। চাঁদা প্রদান করার পর কোনো ঋণ গ্রহীতা মৃত্যুবরণ করলে তার ওয়ারিশগণ ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণবীমা তহবিল থেকে অপরিশোধিত ঋণ সমন্বয় করা হয়ে থাকে।

### ব্যাংকে SME ঋণ চালুকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার “কৃষিভিত্তিক শিল্প” খাতে ১০০০ মিলিয়ন টাকার মধ্যে অত্র ব্যাংকের জন্য ৫০ (পঞ্চাশ) মিলিয়ন টাকা

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					
সারণি-১					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	১৯৯	২০০	২৩২	২৫০
৩।	রিজার্ভ ফান্ড	৪৫	৪৫	৪৫	৬০
৪।	আমানত	২০৩	২৬৪	৩১৩	৩৭০
	ক) তলবি আমানত	১৯৩	২৫০	২৯৯	৩৫৫
	খ) মেয়াদি আমানত	১০	১৪	১৪	১৫
৫।	ঋণ ও অগ্রিম	৯৩০	৯৪০	৯৪১	১৩৭৪
৬।	বিনিয়োগ	১১৮	১২২	১২২	১২৫
৭।	মোট পরিসম্পদ	১১৪৭	১২৪০	১২৮০	১৩০০
৮।	মোট আয়	২০২	২৭৭	১৬৫	২২০
৯।	মোট ব্যয়	১১৩	১৯৮	১৪০	১৮৭
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪৫৩	৪৫১	৪৪৭	৫০৪
	ক) কর্মকর্তা	১৪৫	১৪৭	১৪৬	১৪৬
	খ) কর্মচারী	৩০৮	৩০৪	৩০১	৩৫৮
১১।	শাখা (সংখ্যায়)	৮১	৮১	৮১	১০০
	ক) বাংলাদেশে	৮১	৮১	৮১	১০০
	খ) বিদেশে	-	-	-	-

অনুমোদন করেছে। অত্র ব্যাংকের prudential area basis-এ নির্ধারিত কিছু শাখায় জামানতমুক্ত SME ঋণ প্রদান করা হবে।  
 আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্যগুলো সারণি-১-এ দেয়া হলো।  
 আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক শুধু ক্ষুদ্রঋণ (Microcredit) প্রদান করে থাকে। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেখানো হলো।  
 আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩-এ দেখানো হলো।  
 আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

সারণি-৩	
অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি	
(মিলিয়ন টাকায়)	
সময়	পরিমাণ
২০০৫-২০০৬	৯৩০
২০০৬-২০০৭	৯৪০
৩১ মার্চ ২০০৮*	৯৪১
৩০ জুন ২০০৮**	১৩৭৪

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

সারণি-২					
ঋণ বিতরণ ও আদায়					
(মিলিয়ন টাকায়)					
বিবরণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
	মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৫-২০০৬	বিতরণ	-	-	১৩৩০	১৩৩০
	আদায়	-	-	১২৪৯	১২৪৯
২০০৬-২০০৭	বিতরণ	-	-	১০৮৪	১০৮৪
	আদায়	-	-	১২৪৯	১২৪৯
৩১ মার্চ ২০০৮*	বিতরণ	-	-	৬৩৫	৬৩৫
	আদায়	-	-	৭৩৬	৭৩৬
৩০ জুন ২০০৮**	বিতরণ	১৩	৩৭	১৩৮২	১৪৩২
	আদায়	১	২	১৩৬৭	১৩৭০

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

সারণি-৪										
সুদের হার (শতকরা হার)										
সময়	সঞ্চয়ী হিসাব	আমানত					ঋণ প্রদান			ভারীত গড় (Weighted Average)
		বছর মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	এসডিপিএস	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প		সেবা	
							বিকল্প ঋণ	চলতি মূলধন		
২০০৫-২০০৬	৭	-	৭.৫০	-	৭.০০	-	-	-	-	-
২০০৬-২০০৭	৭	-	৭.৫০	৮.৫০	৭.১০	-	-	-	-	-
৩১ মার্চ ২০০৮*	৭	-	৭.৫০	৮.৫০	৭.৩০	-	-	-	-	-
৩০ জুন ২০০৮**	৭	-	৭.৫০	৮.৫০	৭.৩৫	-	৮	৯	-	৮.৭৫

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড

কৃষি খাতে অর্থায়নের মৌলিক উদ্দেশ্যে ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লিমিটেড ১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড (বিএসবিএল) নামে আত্মপ্রকাশ করে। মূলত কৃষি ও অন্যান্য সমবায় ঋণ সম্পর্কিত প্রতিষ্ঠানসহ সকল শ্রেণীর সমবায় প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য পদ লাভ করতে পারে। ৩০ জুন ২০০৭ পর্যন্ত মোট ৫০০টি প্রতিষ্ঠান এ ব্যাংকের সদস্য হয়েছে। এসব সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা প্রায় ৩.৫ মিলিয়ন। মার্চ ২০০৮ শেষে এ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩৫ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বর্তমানে ১২ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ব্যাংকের ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত আছে।

জুন ২০০৭ শেষে এ ব্যাংকের আমানতের পরিমাণ ছিল ৩৩ মিলিয়ন টাকা; যা মার্চ ২০০৮ শেষে হ্রাস পেয়ে ৩২ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৬-'০৭ অর্থবছর শেষে ব্যাংকটির মোট ঋণ ও অগ্রিমের পরিমাণ দাঁড়ায় ৩১৮২ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৮ শেষে ৩১৮৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। বিনিয়োগের পরিমাণ ২০০৬-'০৭ অর্থবছরে ছিল ৩৯৫ মিলিয়ন টাকা, যা মার্চ ২০০৮ শেষে ৪১৭ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

ব্যাংকটির অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ লেখানো হলো।

### ঋণ বিতরণ ও আদায়

সমবায় ব্যাংক মূলত সদস্যভুক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিসমূহের মাধ্যমে সমবায়ী কৃষকদের মধ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কৃষি ঋণ বিতরণ করে থাকে। কৃষি ঋণ ছাড়াও ব্যাংক প্রকল্প ও অ-কৃষি খাতে ঋণ প্রদান করছে। ২০০৬-'০৭ অর্থবছরে এ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ যথাক্রমে ২৬১ মিলিয়ন টাকা ও ২০০ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। পূর্ববর্তী অর্থবছরে যার পরিমাণ ছিল যথাক্রমে ১৮০ মিলিয়ন এবং ১৫০ মিলিয়ন টাকা।

১৯৯১ সালে সরকার কর্তৃক ৫০০০ টাকা পর্যন্ত কৃষি ঋণ সুদসহ মওকুফ ঘোষণা করার অন্যান্য ব্যাংকের ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে তা প্রযোজ্য হলেও সমবায়ী কৃষকেরা এ সুবিধা থেকে বঞ্চিত হয়। ফলে সমবায়ী কৃষকদের মধ্যে অসন্তোষ বিরাজ করায় তারা পুরনো ঋণ পরিশোধ করছে না। ফলে ব্যাংকের ঋণ আদায়ে হ্রাসবিরতা দেখা দেয়। পরবর্তীতে পুনঃতফসিলের আওতায় ঋণ আদায়ের জন্য নতুন করে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারণি-১ (মিলিয়ন টাকায়)	
ক্রমিক নং	বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)	
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০	
২।	পরিশোধিত মূলধন	৩৩	৩৪	৩৫	৩৭	
৩।	রিজার্ভ ফান্ড	১২১২	১২৪৪	১২৩৫	১২৭৪	
৪।	আমানত	৩৬	৩৩	৩২	৩৪	
	ক) ভলবি আমানত	২৮	২৪	২৩	২৫	
	খ) মেয়াদি আমানত	৮	৯	৯	৯	
৫।	ঋণ ও অগ্রিম	৩০১৪	৩১৮২	৩১৮৪	৩২৩৫	
৬।	বিনিয়োগ	৪৩৪	৩৯৫	৪১৭	৪৩৫	
৭।	মোট পরিসম্পদ	৩৫৭০	৩৬২০	৩৬৭৬	৩৭৩১	
৮।	মোট আয়	৮০	১১৯	৬৫	১২০	
৯।	মোট ব্যয়	৪১	৪৪	২৮	৪০	
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	১১৮	১৪৪	১১৮	১৩৩	
	ক) কর্মকর্তা	৭৫	৯৪	৭৫	৯০	
	খ) কর্মচারী	৪৩	৫০	৪৩	৪৩	

ঋণ বিতরণ ও আদায়				সারণি-২
				(মিলিয়ন টাকায়)
বিবরণ		কৃষি ঋণ	অন্যান্য	সর্বমোট
২০০৫-২০০৬	বিতরণ	২৫	১৫৫	১৮০
	আদায়	৪৩	১০৭	১৫০
২০০৬-২০০৭	বিতরণ	২৩	২৩৮	২৬১
	আদায়	৫৮	১৪২	২০০
৩১ মার্চ ২০০৮*	বিতরণ	২৫	১৪৬	১৭১
	আদায়	৪৯	১৩০	১৭৯
৩০ জুন ২০০৮**	বিতরণ	৬০	২৩৫	২৯৫
	আদায়	৬৮	১৮৫	২৫৩

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

ব্যাংকটির ঋণাত্মিক ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ সারণি-২ এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৩ ও সুদের হার সারণি-৪-এ দেয়া হলো।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি						সারণি-৩
						(মিলিয়ন টাকায়)
ক্রমিক নং	ঋণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)	
১।	কৃষি ও মৎস্য	২৮৭৫	২৮০৫	২৭৮৯	২৮১৭	
	(ক) শস্য	২০৫০	১৯৮১	১৯৭৫	১৯৮৮	
	(খ) শস্য ব্যতীত অন্যান্য	৮২৫	৮২৪	৮১৪	৮২৯	
২।	অন্যান্য	১৩৯	৩৭৭	৩৯৫	৪১৮	
	সর্বমোট	৩০১৪	৩১৮২	৩১৮৪	৩২৩৫	

সুদের হার (শতকরা হার)

সারণি-৪

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-২০০৬	৪.০০	-	৬.২৫	-	১০.০০	-	-	-
২০০৬-২০০৭	৪.০০	-	৮.০০	-	১০.০০	-	-	-
৩১ মার্চ ২০০৮*	৪.০০	-	৮.০০	-	১০.০০	-	-	-
৩০ জুন ২০০৮**	৪.০০	-	৮.০০	-	১০.০০	-	-	-

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

## গ্রামীণ ব্যাংক

১৯৭৬ সালে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে পরীক্ষামূলকভাবে চালুকৃত একটি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ ব্যাংকের সূচনা। প্রকল্পটির আশাব্যঞ্জক সাফল্যের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে বাংলাদেশ কৃষি ব্যাংকসহ রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক এ প্রকল্পকে ১৯৭৯ সালে আনুষ্ঠানিকভাবে তাদের নিজস্ব প্রকল্প হিসেবে গ্রহণ করে। ১৯৮১ সালে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এ প্রকল্পে ঋণ দানের জন্যে এগিয়ে আসে। ১৯৮৩ সালে রাষ্ট্রপতির এক অধ্যাদেশ বলে প্রকল্পের অবয়ব ছেড়ে গ্রামীণ ব্যাংক একটি বিশেষ ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করে। ক্ষুদ্র ঋণের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন প্রাচেষ্টায় অবদান রাখার জন্য ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংককে যৌথভাবে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কারে ভূষিত করা হয়। ২০০৭ সালের ৩১ মার্চ শেষে গ্রামীণ ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৩১৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংক তার সদস্যদের গৃহ নির্মাণ ঋণ,

উচ্চ শিক্ষা ঋণ ও ডিফুকদের জন্য "সংগ্রামী সদস্য কর্মসূচি"সহ বিভিন্ন ঋণ প্রদান কার্যক্রমের পাশাপাশি ঋণবীমা সঞ্চয় তহবিল সুবিধা প্রদান করছে।

### গ্রামীণ ব্যাংকের প্রধান উদ্দেশ্য

- বিত্তহীন পুরুষ ও মহিলাদের জন্য জামানতবিহীন ব্যাংকিং সুবিধা প্রদান করা;
- গ্রামীণ মহাজনদের ঋণদান সংক্রান্ত শোষণ হতে দরিদ্র মানুষকে অবমুক্ত করা;
- বেকার জনশক্তির জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে এমন একটি প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় সংঘবদ্ধ করা, যা তারা বুঝতে এবং নিজেরা পরিচালনা করতে পারেন; এবং
- স্বল্প আয়, স্বল্প সঞ্চয়, স্বল্প বিনিয়োগভিত্তিক বহু পুনরো



গ্রামীণ ব্যাংকের অর্থায়নে গড়ে ওঠা একটি সবজি চাষ প্রকল্প।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
২।	পরিশোধিত মূলধন	৩১৮	৩১৮	৩১৮	৩১৮
৩।	রিজার্ভ ফান্ড	৫৭৯৩	৫৫৫০	৫৫৫০	৫৫৫০
৪।	আমানত	৪৪৩৪২	৫২০৭৮	৫৫৪৩৩	৫৮৭৮৯
	ক) তলবি আমানত	২০০৭০	২০১৬৯	২১৪৭৮	২২৭৮৭
	খ) মেয়াদি আমানত	২৪২৭২	৩১৯০৯	৩৩৯৫৫	৩৬০০২
৫।	ঋণ ও অগ্রিম	৩৩২৩৫	৩৬৩৩৬	৩৭৭৫২	৩৯১৬৮
৬।	বিনিয়োগ	১৯৭৪৪	১৯৭৪৪	২৪৩১৯	২৪৫০৯
৭।	মোট পরিসম্পদ	৫৯৩৮৪	৬৮৯৩৬	৭৪১৪৭	৭৬২২৭
৮।	মোট আয়	৯৪৩১	১০৬৩৯	২৬৮৩	৫৪৮৩
৯।	মোট ব্যয়	৮০৩৩	১০৫৩৩	২৬১৪	৫২৬৪
১০।	মোট জনশক্তি (সংখ্যায়)	২০৮৮৫	২৫১৫৭	২৫৮৮৭	২৬২৬২
	ক) কর্মকর্তা	৬৬৯৬	৬৯২১	৬৯৮১	৭০১৬
	খ) কর্মচারী	১৪১৮৯	১৮২৩৬	১৮৯০৬	১৯২৪৬
১১।	শাখা (সংখ্যায়)	২৩১৯	২৪৮১	২৫১০	২৫৩০

দুইচক্রকে ভেঙে দিয়ে বিনিয়োগের মাধ্যমে নতুন ঋণ, নতুন বিনিয়োগ ও অধিক আয়ভিত্তিক একটি বিকাশমান অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া শুরু করা।

ডিসেম্বর ২০০৭ পর্যন্ত গ্রামীণ ব্যাংকের মোট শাখার সংখ্যা দাঁড়ায় ২৪৮১টিতে। ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ৮০৬৭৮টি গ্রাম গ্রামীণ ব্যাংকের কার্যক্রমের আওতায় আনা হয়েছে। গ্রামীণ ব্যাংকের মোট সদস্য সংখ্যা ডিসেম্বর ২০০৭ পর্যন্ত দাঁড়ায় ৭.৪ মিলিয়ন; এদের মধ্যে শতকরা ৯৭ ভাগ মহিলা। তবে সদস্যদের মধ্যে শতকরা ৬৫ ভাগ দারিদ্র্য বিমোচনের গ্রামীণ ব্যাংকের দশটি নির্দিষ্ট মাপকাঠির ভিত্তিতে ইতোমধ্যে দারিদ্র্য সীমা অতিক্রম করেছেন।

২০০৭ সালে গ্রামীণ ব্যাংক ৫০৪২৯ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে। ২০০৭ সালে গ্রামীণ ব্যাংকের আদায়কৃত ঋণের পরিমাণ দাঁড়ায় ৪৭৩২৮ মিলিয়ন টাকা। গ্রামীণ ব্যাংকের মোট আমানত ২০০৬

সালের ৪৪৩৪২ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ৫২০৭৮ মিলিয়ন টাকায় দাঁড়ায়। ২০০৭ সালে গ্রামীণ ব্যাংকের মোট বিনিয়োগ পূর্ববর্তী বছরের সমপরিমাণ ১৯৭৪৪ মিলিয়ন টাকায় অপরিবর্তিত থাকে। গ্রামীণ ব্যাংকের ঋণ ও অগ্রিমের পরিমাণ ২০০৬ সালের ৩৩২৩৫ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ৩৬৩৩৬ মিলিয়ন টাকায় দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের মোট জনশক্তি ২০০৬ সালের তুলনায় ৪২৭২ জন বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে মোট ২৫১৫৭ জনে দাঁড়ায়। গ্রামীণ ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

গ্রামীণ ব্যাংকের ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো।

গ্রামীণ ব্যাংকের অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সারণি-৩ ও ৪-এ দেয়া হলো।

ঋণ বিতরণ ও আদায়						
সারণি-২						
(মিলিয়ন টাকায়)						
বিবরণ		সহজ ঋণ	চুক্তি ঋণ	অন্যান্য ঋণ	গৃহ নির্মাণ ঋণ	সর্বমোট
২০০৬	বিতরণ	৪৭৮৯০	১৩৪১	৫০৩	১৩৮	৪৯৮৭২
	আদায়	৪২৮৮০	১০৪৪	২২৪	৪৫৭	৪৪৬০৫
২০০৭	বিতরণ	৪৮৪৬৮	১৪৪৪	৪২১	৯৬	৫০৪২৯
	আদায়	৪৬২১৫	৭৭৬	১৬০	১৭৭	৪৭৩২৮
৩১ মার্চ ২০০৮*	বিতরণ	১৪৪৩২	৩৩২	১১০	২৫	১৪৮৯৯
(জানুয়ারি-মার্চ '০৮)	আদায়	১৩১৩৬	২৪০	৮৯	১৯	১৩৪৮৪
৩০ জুন ২০০৮**	বিতরণ	২৮৭৮১	৬৬৯	৪৮৬	৪৫	২৯৯৮১
(এপ্রিল-জুন '০৮)	আদায়	২৭৫১৩	৫৭৫	৪৪০	৩৭	২৮৫৬৫

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি					
সারণি-৩					
(মিলিয়ন টাকায়)					
ক্রমিক নং	ঋণ	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	সহজ ঋণ	৩০৬৮৮	৩২৯৪১	৩৪২৩৭	৩৫৫০৬
২।	চুক্তি ঋণ	১৭২৮	২৩৯৬	২৪৮৮	২৫৮১
৩।	অন্যান্য ঋণ	৫২৫	৭৮৭	৮০৮	৮৫৪
৪।	গৃহ নির্মাণ ঋণ	২৯৪	২১৩	২১৯	২২৭
	সর্বমোট	৩৩২৩৫	৩৬৩৩৭	৩৭৭৫২	৩৯১৬৮

সুদের হার (শতকরা হার)									
সারণি-৪									
সময়	আমানত				ঋণ প্রদান *				
	সঞ্চয়ী হিসাব	খসড়া মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	জরীত গড় (Weighted Average)	ক্ষুদ্র ঋণ (Income generating loan)	গৃহনির্মাণ ঋণ	শিক্ষা ঋণ	সংগ্ৰামী সদস্য ঋণ	জরীত গড় (Weighted Average)
২০০৬	৮.৫০	৩	৮.৭৫-১২	১০.৫০	২০	৮	৫	০	১৯.৫৫
২০০৭	৮.৫০	৩	৮.৭৫-১২	১০.৪৩	২০	৮	৫	০	১৯.৫৭
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৮.৫০	৩	৮.৭৫-১২	১০.৪৮	২০	৮	৫	০	১৯.৬২
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	৮.৫০	৩	৮.৭৫-১২	১০.৫৩	২০	৮	৫	০	১৯.৬৮

\* ঋণ প্রদান :

১. সকল সুদের হার declining balance-এর উপর করা হয়। ২. শিক্ষা ঋণের হার শিক্ষাকালে শূন্য। শিক্ষা সমাপ্তির পর থেকে ৫%।

## কর্মসংস্থান ব্যাংক

দেশের ক্রমবর্ধমান বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদানের জন্য ১৯৯৮ সালে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। এটি সরকার নিয়ন্ত্রিত একটি আর্থিক প্রতিষ্ঠান। ৩০০ কোটি টাকা অনুমোদিত মূলধন ও ১০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে এ ব্যাংকের কার্যক্রম শুরু হয়েছিল। উৎপাদনমুখী এবং আয়বর্ধক কর্মকাণ্ডে বেকারদেরকে সরল সুদে এবং সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করে দারিদ্র্য বিমোচনই এ ব্যাংকের মূল লক্ষ্য। সামাজিক দায়বদ্ধতার বিষয়টি বিবেচনায় এনে ব্যাংক তার কার্যক্রম পরিচালনা করে থাকে। মুনাফা অর্জন এ ব্যাংকের উদ্দেশ্য নয়। এ কারণে ব্যাংক বেকারদের সরল সুদে ও সহজ শর্তে ঋণ প্রদান করে থাকে। বর্তমানে ব্যাংকটি প্রতিটি জেলা সদরে ১টি করে ৬৪টি এবং উপজেলা পর্যায়ে ৩৯টি সহ মোট ১০৩টি শাখার মাধ্যমে দেশব্যাপী ব্যাংক ঋণ

কার্যক্রম পরিচালনা করছে। কর্মসংস্থান ব্যাংক নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় ২০০৭-০৮ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত ১২৮৬৩ জন বেকারের মধ্যে ৬১ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। এ সময়ে আদায়যোগ্য ৬৬ কোটি টাকা ঋণের বিপরীতে ৫২ কোটি টাকা আদায় হয়েছে। আদায়ের হার ৭৯%।

ব্যাংকের নিজস্ব তহবিল বহির্ভূত সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচি ও বিশেষ তহবিলের আওতায় ব্যাংক বর্তমানে নিম্নোক্ত কর্মসূচিগুলো বাস্তবায়ন করছে—

**শিল্প কারখানা/প্রতিষ্ঠানের স্বেচ্ছা অবসর প্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীদের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ সহায়তা কর্মসূচি**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক কর্মসংস্থান ব্যাংক এ কর্মসূচি বাস্তবায়ন করছে। শিল্প



কর্মসংস্থান ব্যাংকের আর্থিক সহযোগিতায় গড়ে ওঠা একটি মৎস্য চাষ প্রকল্প।

কারখানা/প্রতিষ্ঠানের স্বচ্ছ অবসর প্রাপ্ত/ চাকুরীচ্যুত শ্রমিক/ কর্মচারীদের আস্থাকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুনঃ কর্মসংস্থানের জন্য ২০০৪-'০৫ ও ২০০৫-'০৬ অর্থবছরে যথাক্রমে ১৭.৪৫ ও ২৩.৬০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছিল। বরাদ্দকৃত উক্ত অর্থ আর্থিক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ কর্মসূচির আওতায় ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত সর্বমোট ১০৩৬৩ জন স্বচ্ছ অবসরপ্রাপ্ত/কর্মচ্যুত শ্রমিক/কর্মচারীর অনুকূলে ৫৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায়যোগ্য ৪৩ কোটি টাকার মধ্যে ২৫ কোটি টাকা আদায় হয়েছে। আদায়ের হার ৫৮%।

কোটি টাকা এবং ২০০৬-'০৭ অর্থবছরে ছাড়কৃত ২০ কোটি টাকা (মোট ৩০ কোটি টাকা, যা আর্থিক তহবিল হিসেবে ব্যবহৃত হচ্ছে) হতে ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত ৯৭০ জন উদ্যোক্তার অনুকূলে ১৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ ঋণের আদায়যোগ্য ১১.১ কোটি টাকার মধ্যে ৯.৩ কোটি টাকা আদায় হয়েছে। আদায়ের হার ৮৪%। কর্মসংস্থান ব্যাংকের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ, ঋণ বিতরণ ও আদায় সারণি-২-এ, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী সারণি-৩, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি সারণি-৪ এবং সুদের হার সম্পর্কিত তথ্য সারণি ৫-এ দেখানো হলো।

### কৃষিভিত্তিক শিল্পে ঋণ সহায়তা কর্মসূচি

কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ২০০৪-'০৫ অর্থবছরে ছাড়কৃত ১০

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারণি-১ (মিলিয়ন টাকায়)	
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)	
১।	অনুমোদিত মূলধন	৩০০০	৩০০০	৩০০০	৩০০০	
২।	পরিশোধিত মূলধন	১০৮৫	১০৮৫	১০৮৫	১৪০০	
৩।	রিজার্ভ ফান্ড	১৫৯	১৯২	১৯২	২১৯	
৪।	ঋণ ও অগ্রিম	১৫০৬	১৬৪১	১৯৩৩	২১৬১	
৫।	বিনিয়োগ	-	-	-	-	
৬।	মোট পরিসম্পদ	২১৪১	২৪২৩	২৫৬৮	২৭০৫	
৭।	মোট আয়	১৪২	১৬৩	১৪৪	১৯২	
৮।	মোট ব্যয়	৯৪	১০৮	৮৭	১১৬	
৯।	মোট জনশক্তি (সংখ্যায়)	৬৯০	৬৭৮	৬৯৯	৭৬৪	
	(ক) কর্মকর্তা	১৮৮	২১৯	২২০	২২০	
	(খ) কর্মচারী*	৫০২	৪৫৯	৪৭৯	৫৪৪	
১০।	শাখা (সংখ্যায়)	৯২	১০৩	১০৩	১০৪	
	(ক) বাংলাদেশে	৯২	১০৩	১০৩	১০৪	
	(খ) বিদেশে	-	-	-	-	

\* বেসরকারি সংস্থার মাধ্যমে এমএলএসএস, গার্ড ও ড্রাইভার পদে চুক্তিভিত্তিক নিয়োগসহ।

ঋণ বিতরণ ও আদায়							সারণি-২
							(মিলিয়ন টাকায়)
বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট	
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট			
২০০৬	বিতরণ	৩২১	৯২	-	৯২	৪৪৫	৮৫৮
	আদায়	১৬৯	৮৬	-	৮৬	৩১০	৫৬৫
২০০৭	বিতরণ	২৩১	১০৭	-	১০৭	৪২৫	৭৬৩
	আদায়	১৮১	১৩৭	-	১৩৭	৪৫৪	৭৭২
৩১ মার্চ ২০০৮*	বিতরণ	২০৩	১২২	-	১২২	৩০৫	৬৩০
	আদায়	১৬২	১০০	-	১০০	৩০৮	৫৭০
৩০ জুন ২০০৮**	বিতরণ	৩২৪	১৯৬	-	১৯৬	৪৯০	১০১০
	আদায়	২৫৫	১৫৬	-	১৫৬	৪৮২	৮৯৩

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী				সারণি-৩
				(মিলিয়ন টাকায়)
বিবরণ	প্রকল্প সংখ্যা পরিমাণ	শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূতঃ ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে				
		-	১৯৫৫৭	১৯৫৫৭
		-	৭৮৭	৭৮৭
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত				
		-	২১৯৪	২১৯৪
		-	১৩০	১৩০
ক্রমপঞ্জীভূতঃ মার্চ ৩১ ২০০৮ তারিখে				
		-	২০১৫২	২০১৫২
		-	৮৩২	৮৩২
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত*				
		-	৫৯৫	৫৯৫
		-	৪৫	৪৫
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮ পর্যন্ত**				
		-	১৩৭৬	১৩৭৬
		-	১১০	১১০

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৩৬৯ ৬ ৮০ ২৭৬ ৭	৪৬৬ ৭ ১৩১ ৩২০ ৮	৫৬০ ৮ ১৫৭ ৩৮৪ ১১	৬৩৫ ৯ ১৭৭ ৪৩৭ ১২
২।	শিল্প (চলতি মূলধন অর্থায়ন ব্যতীত) (ক) বৃহৎ ও মাঝারি (খ) ক্ষুদ্র ও কুটির	১৭৪ - ১৭৪	২৩০ - ২৩০	২৮৮ - ২৮৮	৩১৪ - ৩১৪
৩।	পরিবহন ও যোগাযোগ	৭	৭	৯	১০
৪।	পাইকারি ও খুচরা ব্যবসা	৩৪২	৪৩৪	৫১৮	৫৯২
৫।	দারিদ্র্য হ্রাসকরণ (বিশেষ কর্মসূচি)	১৬	৩৩৫	৪২৭	৪৫৭
৬।	অন্যান্য	৫৯৮	১৬৯	১৩১	১৫৩
	সর্বমোট	১৫০৬	১৬৪১	১৯৩৩	২১৬১

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	ব্লক মেয়াদি হিসাব	ফ্লুইড মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	-	-	-	-	১০	১০	১০	১০
২০০৭	-	-	-	-	১০	১০	১০	১০
৩১ মার্চ ২০০৮*	-	-	-	-	১০	১০	১০	১০
৩০ জুন ২০০৮**	-	-	-	-	১০	১০	১০	১০

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

নোট : সরল হার পদ্ধতিতে সুদ ধার্য করা হয় ।

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ১৯৭৬ সালে “দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অর্ডিন্যান্স, ১৯৭৬” (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ)-এর বলে প্রতিষ্ঠিত হয়। দেশে দ্রুত শিল্পায়ন এবং সুসংহত ও সক্রিয় পুঁজিবাজার, বিশেষ করে সিকিউরিটিজ বাজার উন্নয়নে আইসিবির প্রতিষ্ঠা সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে একটি অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। কোম্পানিগুলোর মূলধন স্বল্পতা পূরণে আইসিবি প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। সঞ্চয় ও বিনিয়োগের হার বৃদ্ধির জাতীয় নীতিমালার আলোকে স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে আইসিবির ভূমিকা অপরিহার্য ও অতীব গুরুত্বপূর্ণ। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবি তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার এনেছে। বর্তমানে আইসিবি-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০০০ মিলিয়ন টাকা এবং পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০০ মিলিয়ন টাকা।

### উদ্দেশ্যগুলো

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান;
- পুঁজিবাজার উন্নয়ন;
- সঞ্চয় সংগ্রহ;
- ব্যবসা বিস্তারের জন্য সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও উন্নয়ন; এবং

- প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদান।

### ব্যবসা সংক্রান্ত নীতি

- শিল্প, বাণিজ্য, আমানতকারী, বিনিয়োগকারী এবং সাধারণ জনগণের স্বার্থ বিবেচনাপূর্বক বাণিজ্যিক ভিত্তিতে কার্যক্রম পরিচালনা;
- অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্ভাব্যতা যাচাই করে আর্থিক সহায়তা প্রদান;
- এককভাবে অথবা ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানের সমন্বয়ে কনসোর্টিয়ামের মাধ্যমে প্রকল্পে ইকুইটি ও ঋণ সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- উদ্যোক্তা সৃষ্টি এবং তাঁদের উৎসাহ প্রদান;
- বিনিয়োগ বৈচিত্র্যকরণ;
- সিকিউরিটিজে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ও মাঝারি সঞ্চয়কারীদের উদ্বুদ্ধকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; এবং
- কৃষিভিত্তিক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে বিনিয়োগে উদ্বুদ্ধ করা।

### কার্যক্রম

- প্রেসমেন্ট ও ইকুইটি পার্টসিপেশনসহ সরাসরি শেয়ার ও ডিবেঞ্চার ক্রয়;
- যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত কোম্পানির অর্থায়নে অংশগ্রহণ;

### ইনভেস্টরস্ স্কীম কার্যক্রমের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাক্কলিত)	২০০৭-২০০৮ (প্রাক্কলিত)
১। নীট চালু হিসাবের সংখ্যা	৪৮০৬৫	৪৭৫১৬	৪৭১৬২	-	-
২। আমানত গ্রহণের পরিমাণ	১৬৮	১৮২	২৪৫	১৮৯	৪০৪
৩। ঋণ অনুমোদন	৯৪৮	৮৩২	৬৭৩	১৯৫	৮৬৮
৪। বিনিয়োগ	৭৩০	১৭৬১	১৪৭৭	৪৭৫	১৩০১
৫। মার্জিন ঋণ আদায়	১১৬৩	২৫৭৬	১৯৮৮	৬৫০	৬৭২

ইস্যুকৃত মিউচুয়াল ফান্ডসমূহের বিবরণ

(মিলিয়ন টাকায়)

ফান্ডসমূহ	ফান্ডের পরিমাণ	৩১ মার্চ ২০০৮ তারিখে ফান্ডের মোট বাজার মূল্য	৩১ মার্চ ২০০৮ তারিখে ১০০ টাকা মূল্যের প্রতিটি সার্টিফিকেটের বাজার মূল্য (টাকায়)	২০০৬-২০০৭ অর্থ বছরে সার্টিফিকেট প্রতি প্রদত্ত লভ্যাংশ (টাকায়)
প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ড	৭.৫	৩৩৮	৭১১৮	২৪০ (১৪:২,১৯০)
দ্বিতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	৫	৬৯	৩৪৩৮	৬২
তৃতীয় আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	৯৬	১৯৬৮	৫৬
চতুর্থ আইসিবি মিউচুয়াল ফান্ড	১০	১১৫	১৯৭৪	৫২
পঞ্চম আইসিবি মিউচুয়াল ফান্ড	১৫	১৮৪	২২৩৬	৩৩
ষষ্ঠ আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	১৭৭	৯২৮	২৩
সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড	৩০	১৯৩	১৬৩৮	২২
অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ড	৫০	২১৭	৮৮৬	১৮
মোট	১৭৭.৫	১৩৮৯	২০১৮৬	

- স্টক এক্সচেঞ্জ কার্যক্রমে পরোক্ষভাবে অংশগ্রহণ;
- বিদ্যমান মিউচুয়াল ফান্ড ও ইউনিট ফান্ড ব্যবস্থাপনা;
- এককভাবে অথবা সিন্ডিকেট গঠনের মাধ্যমে লীজ অর্জন;
- বিদ্যমান বিনিয়োগ হিসাব ব্যবস্থাপনা;
- বিদ্যমান ব্যবসায়িক পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন;
- ভোগ্য পণ্যে স্বর্ণ প্রদান;
- আইসিবি ইউনিট ফান্ড ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেট এবং আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান;
- কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা;
- বাজার চাহিদার সাথে সঙ্গতি রেখে নতুন ব্যবসার উদ্ভাবন;
- পুঁজিবাজার সংক্রান্ত অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদন;
- স্বাংক গ্যারান্টি প্রদান;
- বিনিয়োগকারীদের বিনিয়োগ সম্পর্কিত পরামর্শ প্রদান;
- সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম তত্ত্বাবধান; এবং
- সরকারের পুঁজি প্রত্যাহার কার্যক্রমে অংশগ্রহণ।

Corporation of Bangladesh (amendment) Act 2000 (২০০০ সালের ৪০ নং আইন)-এর ক্ষমতা বলে আইসিবি'র অধীনে তিনটি সাবসিডিয়ারি কোম্পানি যথা আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড যথাক্রমে মার্চেন্ট ব্যাংকিং, মিউচুয়াল ফান্ড পরিচালনা এবং সিকিউরিটিজ লেনদেন কার্যক্রমের জন্য গঠিত হয়েছে। আলোচ্য তিনটি সাবসিডিয়ারি কোম্পানি ইতোমধ্যে তাদের স্ব-স্ব কার্যক্রম শুরু করেছে। ফলে, সাবসিডিয়ারি কোম্পানিগুলোর কার্যক্রম শুরুর তারিখ হতে আইসিবি সংশ্লিষ্ট খাতে নতুন ব্যবসা পরিচালনা বন্ধ রেখেছে।

প্রকল্পে আর্থিক সহায়তা কার্যক্রম

প্রতিষ্ঠার পর হতে ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত আইসিবি ৪৫৬টি প্রকল্পে মোট ৭৮৫১ মিলিয়ন টাকার আর্থিক সহায়তা প্রদানের অঙ্গীকার করেছে। ৩০ জুন ২০০৭ তারিখ পর্যন্ত আইসিবি ১৭টি কোম্পানির ১৮৪২ মিলিয়ন টাকার ডিবেঞ্জার ইস্যুর ট্রাস্টি, ৫টি কোম্পানির ১৩৪৯ মিলিয়ন টাকার বন্ড ইস্যুর ট্রাস্টি এবং ৪১টি কোম্পানির ১০৫০ মিলিয়ন টাকার পাবলিক ইস্যুর ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করে। এছাড়া আইসিবি মোট ১৫০০ মিলিয়ন টাকা মূলধন বিশিষ্ট ৫টি মেয়াদি মিউচুয়াল ফান্ড এবং প্রতিটি ১০০ মিলিয়ন টাকার প্রাথমিক মূলধন বিশিষ্ট (যা ৩০ জুন ২০০৭ তারিখ পর্যন্ত মোট ৬০০ মিলিয়ন টাকায় উন্নীত) ২টি বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড এর ট্রাস্টি ও হেফাজতকারীর দায়িত্ব পালন করে। ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত আইসিবি

আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি প্রতিষ্ঠা

এশীয় উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ সরকারের উদ্যোগে সৃচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (CMDP)-এর আওতায় এবং আইসিবি অধ্যাদেশ, ১৯৭৬ সংশোধনকল্পে The Investment

## ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদানের বিবরণী

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাক্কলিত)	২০০৭-২০০৮ (প্রাক্কলিত)
১। বিতরণ	৪৭	৪১	২৭	১৮	৪৫
২। সুদ খাতে আয়	৫	৭	৫	১	৬
৩। আদায়	৪২	৪৬	১৯	১৫	৩৫
৪। নীট স্থিতি	৫০	৫১	৬৪	৪	৬৮

১৮টি কোম্পানির ৩০৪২ মিলিয়ন টাকার ডিবেঞ্চার ইস্যুর ট্রাস্টি ও ৪১টি কোম্পানির ১০৫০ মিলিয়ন টাকার সিকিউরিটিজ ইস্যুর ম্যানেজার হিসেবে কাজ করেছে। ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত ৩০৮টি প্রকল্পে ডিবেঞ্চার ও ট্রিজিং পোন বাবদ ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ করেছে ১১৪৫ মিলিয়ন টাকা।

### লীজ ফাইন্যান্সিং

দেশের দ্রুত শিল্পায়ন এবং ব্যবসায়িক কার্যক্রম আরো গতিশীল ও বহুমুখীকরণের পদক্ষেপ হিসেবে আইসিবি ১৯৯৯ সাল থেকে লীজ ফাইন্যান্সিং কার্যক্রম অব্যাহত রেখেছে। ৩১ মার্চ ২০০৮ তারিখ পর্যন্ত ৩৭টি প্রকল্পে মোট ক্রমপুঞ্জীভূত লীজ অর্থায়নের পরিমাণ দাঁড়িয়েছে ৯২৩ মিলিয়ন টাকা।

### আইসিবি'র পোর্টফোলিও বিনিয়োগ

আইসিবি'র একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে পত্রকোষ ব্যবস্থাপনা (Portfolio Management)-এর মাধ্যমে আইসিবি দেশের পুঁজিবাজার উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে আসছে। ২০০৬-'০৭ অর্থ বছরে আইসিবি'র নিজস্ব পোর্টফোলিও বিনিয়োগের পরিমাণ ১০৫৭ মিলিয়ন টাকা এবং ৩০ জুন ২০০৭ তারিখে নীট বিনিয়োগের পরিমাণ ৪৭৯৯ মিলিয়ন টাকা। ৩১ মার্চ ২০০৮ তারিখে কর্পোরেশনের নীট বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে ৪৮৬০ মিলিয়ন টাকা।

### মার্চেন্টাইজিং কার্যক্রম

ইনভেস্টরস স্কীমঃ দেশের ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সঞ্চয় সঞ্চারপূর্বক মূলধন বাজারে বিনিয়োগের মাধ্যমে দেশের দ্রুত শিল্পায়নের লক্ষ্যে ১৯৭৭ সালে ইনভেস্টরস স্কীম চালু করা হয়। এ স্কীমের আওতায় আইসিবি'র প্রধান কার্যালয়সহ শাখা অফিসগুলোতে (ঢাকা লোকাল অফিস এবং চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও বগুড়া শাখা) ৪৭৮১৫টি বিনিয়োগ হিসাব পরিচালিত হচ্ছে। ইনভেস্টরস স্কীমের অধীনে উন্নত ও ত্বরিত সেবা প্রদানের লক্ষ্যে সম্প্রতি বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার মধ্যে নিম্নোক্ত পদক্ষেপগুলো অন্যতমঃ

- সকল কার্যক্রম কম্পিউটার-এর আওতায় আনয়ন;
- বিনিয়োগ হিসাব পরিচালনা ম্যানুয়াল প্রবর্তন; এবং
- মার্চেন্টাইজিং অপারেশন ম্যানেজমেন্ট সফটওয়্যার স্থাপন।

এ সকল কার্যক্রম গ্রহণের ফলে হিসাবের বিবরণী, পত্রকোষ এবং বিনিয়োগ হিসাবের স্থিতির বিবরণ তাৎক্ষণিকভাবে বিনিয়োগকারীদের সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে প্রাথমিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ইনভেস্টরস স্কীমে সাধারণত ১ : ১ অনুপাতে এবং ডিমাট্রিক বাজার হতে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে ১ : ২ অনুপাতে সর্বোচ্চ ৫ লাখ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হচ্ছে। বিনিয়োগ হিসাবধারীদের বিনিয়োগ ত্রুটি ট্রাস ও সর্বোচ্চ আয় নিশ্চিত করার লক্ষ্যে এবং আইসিবি'র মার্জিন ঋণের নিরাপত্তা ও আদায় নিশ্চিতকরণকল্পে শুধু মৌল ভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা হচ্ছে। মার্জিন ঋণ প্রদানের জন্য কোনো সহজামানত গ্রহণ করা হয় না। ঋণের প্রাপ্যতা কর্পোরেশনের প্রচলিত নীতিমালা অনুযায়ী নির্ধারিত হয়। মার্জিন ঋণের উপর সুদের হার ১২.৫০%, যা ত্রৈমাসিক ভিত্তিতে (Quarterly) ধার্য করা হয়। ১৯৯৬-'৯৭ এবং তৎপরবর্তী অস্বাভাবিক বাজার পরিস্থিতিতে সিকিউরিটিজ ক্রয়ের ফলশ্রুতিতে ক্ষতিগ্রস্ত বিনিয়োগ হিসাবগুলো পুনর্বাসনের জন্য বর্তমানে শর্ত সাপেক্ষে সুদ রিবেট প্রদান করা হচ্ছে। আইসিবি'র মার্জিন ঋণ পুনর্বাসন কর্মসূচির আওতায় ৩০ জুন ২০০৭ পর্যন্ত সর্বমোট ১৭২৯৯টি বিনিয়োগ হিসাবধারী ৭৫৬ মিলিয়ন টাকার রিবেট সুবিধা গ্রহণ করেছে এবং ২০০৬-'০৭ অর্থ বছরে ১০৩১টি বিনিয়োগ হিসাবধারী ৬২ মিলিয়ন টাকার রিবেট সুবিধার জন্য আবেদন করেছে। উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি)-এর ইনভেস্টরস স্কীমের আওতায় নতুন করে হিসাব খোলা বন্ধ রয়েছে। তবে বিন্যাস বিনিয়োগ হিসাবগুলো পূর্বনিয়মে যথাযথ পরিচালিত হচ্ছে। বর্তমানে নতুন বিনিয়োগকারীগণ আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ কর্তৃক পরিচালিত "ইনভেস্টরস স্কীম"-এর আওতায় বিনিয়োগ হিসাব খুলতে পারবেন।

### মিউচুয়াল ফান্ড

বর্তমানে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ১৩টি মিউচুয়াল ফান্ডের মধ্যে আইসিবি ১৭৫ মিলিয়ন টাকা মূলধন সম্বলিত ৮টি মিউচুয়াল ফান্ড বাজারজাত করেছে। আইসিবি পরিচালিত মিউচুয়াল ফান্ডগুলো নিয়মিতভাবে আকর্ষণীয় হারে লভ্যাংশ প্রদান করে আসছে। ২০০৬-'০৭ অর্থ বছরে আইসিবি পরিচালিত মিউচুয়াল ফান্ডগুলোতে ১৮%

## গ্রহণতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	৫০০	৫০০	৫০০	৫০০
৩।	রিজার্ভ ফান্ড	১০০৬	১২২৬	১২২৬	১৪৭৬
৪।	আমানত	৯৪৯০	১৫৭৯৯	১৩৫২০	১৫০০০
৫।	ঋণ ও অগ্রিম*	৬৪০৫	৪৩৮৩	৬১৪৮	৬০৮২
৬।	লীজ অর্থায়ন**	৭৪৭	৭৫১	৯২৩	৯৪৭
৭।	বিনিয়োগ	৪৪৬৭	৪৭৯৯	৪৮২০	৫২৯৯
৮।	মোট পরিসম্পদ	১৭২৪২	২৩২৫১	২৫২০৫	২৫৮৫৬
৯।	মোট আয়	১৬৬৪	২৪৫৯	২৪৭৮	২৯৭৩
১০।	মোট ব্যয়	১৪৩২	২১৫৬	২১১৮	২৬০৬
১১।	মুনাফা	২৩২	৩০৩	৩৬০	৩৬৭
১২।	মোট জনশক্তি (সংখ্যায়)	৪১১	৪২০	৪৫৬	৪৭৩
	ক) কর্মকর্তা	২৬১	২৬৬	২৮৬	৩১৫
	খ) কর্মচারী	১৫০	১৫৪	১৭০	১৫৮
১৩।	শাখা (সংখ্যায়)	৭	৭	৭	৭
১৪।	সাবসিডিয়ারি কোম্পানী	৩	৩	৩	৩

\* বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক সার্কুলার নং-০২ তারিখ ১৩-১-২০০৩-এর ভিত্তিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সঞ্চিত হতে সম্ভাব্য অংক অবলোপন করার পর। \*\* অর্থবছরান্তে ক্রমপুঞ্জীভূত

হতে ২৪০% পর্যন্ত লভ্যাংশ প্রদান করা হয়েছে। সর্বাধিক ২৪০ শতাংশ ১৯০(১৪ : ২) লভ্যাংশ প্রদান করা হয়েছে প্রথম আইসিবি মিউচুয়াল ফান্ডে, যার পরেই রয়েছে ৬২ শতাংশ নিয়ে দ্বিতীয় এবং সর্বনিম্ন ১৮ শতাংশ লভ্যাংশ প্রদান করা হয়েছে অষ্টম আইসিবি মিউচুয়াল ফান্ডে। আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ডের প্রতিটি অভিজিত মূল্যের চেয়ে অধিক মূল্যে স্টক এক্সচেঞ্জগুলোতে লেনদেন হচ্ছে। নিয়মিত আয়ের উৎস এবং মূলধনী মুনাফা অর্জনের সুযোগ থাকায় আইসিবি পরিচালিত মিউচুয়াল ফান্ডগুলো বিনিয়োগকারীদের নিকট জনপ্রিয় বিনিয়োগ মাধ্যম হিসেবে সমাদৃত হয়েছে। ৩০ জুন ২০০৭ তারিখ পর্যন্ত আইসিবি কর্তৃক পরিচালিত মিউচুয়াল ফান্ডগুলোতে প্রায় ২৯৬৮৬ বিনিয়োগকারী রয়েছেন, যা মালিকানা বিস্তৃত করণে আইসিবি'র উদ্দেশ্যের সাফল্যের পরিচায়ক।

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের

কার্যক্রম শুরু করায় আইসিবি (হোল্ডিং কোম্পানি) নতুন কোনো মিউচুয়াল ফান্ড বাজারজাত করবে না। তবে আইসিবি পরিচালিত ৮টি মিউচুয়াল ফান্ড যথারীতি পূর্বের নিয়মে পরিচালিত হচ্ছে।

## আইসিবি ইউনিট ফান্ড

সুপ্র ও মাঝারি বিনিয়োগকারীদের সঞ্চয়কে সংগ্রহ করে তা পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে ১০ এপ্রিল ১৯৮১ তারিখে আইসিবি দেশের প্রথম এবং একমাত্র বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড (Open-end Mutual Fund) আইসিবি ইউনিট ফান্ড স্কীম চালু করে। এ স্কীম শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর মূলধন এবং ঋণের সম্ভাব্য উৎস হিসেবে দেশের শিল্পোন্নয়নে সহায়তা করে থাকে। এ ফান্ড একটি সুসংহত ও বহুমুখী পত্রকোষে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করে। ইউনিট ফান্ড একটি নিরাপদ বিনিয়োগ মাধ্যম, যা থেকে প্রতি বছর একটি গ্রহণযোগ্য মুনাফা অর্জন করার সুযোগ রয়েছে।

## ঋণ বিতরণ/লীজ অর্থায়ন

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাক্কলিত)	২০০৭-২০০৮ (প্রাক্কলিত)
ক) লীজ অর্থায়ন	১১	২০৯	১৭৩	২৩	১৯৬
খ) মার্জিন ঋণ	৯৪৮	৮৩২	৬৭৩	১৯৫	৮৬৮
গ) ইউনিটের বিপরীতে অগ্রিম	৪৬	৪১	২৩	২২	৪৫
মোট	১০০৫	১০৮২	৮৬৯	২৪০	১১০৯

উল্লেখ্য, আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ ১ জুলাই ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) কর্তৃক ইউনিট সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ইউনিট সার্টিফিকেট পুনঃক্রয়সহ আইসিবি ইউনিট ফান্ড পূর্বের নিয়মে যথাযথ পরিচালিত হচ্ছে।

## অন্যান্য কার্যাবলী

## ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম

আইসিবি ১৯৯৮ সাল হতে ইউনিটের বিপরীতে অগ্রিম প্রদান স্কীম শুরু করে। এ স্কীমের আওতায় ইউনিট হোল্ডারগণ স্বল্পকালীন প্রয়োজনে সহজ শর্তে ইউনিট সার্টিফিকেট লিয়েন রেখে অগ্রিম গ্রহণ করতে পারে। বর্তমানে আইসিবি মিউচুয়াল ফান্ড এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ (এএমসিএল)-এর ইউনিট ফান্ড সার্টিফিকেট-এর বিপরীতে অগ্রিম প্রদান স্কীম চালু করা হয়েছে।

## স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবি'র লেনদেন

পুঁজিবাজারের উন্নয়নের জন্য আইসিবি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। ২০০৬-'০৭ অর্থ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর শীর্ষ সক্রিয় সদস্য হিসেবে আইসিবি সিকিউরিটিজ লেনদেন কার্যক্রমে অংশগ্রহণ করেছে।

২০০৬-'০৭ অর্থ বছরে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ-এ মোট লেনদেনের পরিমাণ ছিল ১৬৪৬৭১ মিলিয়ন টাকা, যার মধ্যে আইসিবি'র লেনদেনের পরিমাণ ১০২০৮ মিলিয়ন টাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর মোট লেনদেনকৃত ৩৫৬৩৩ মিলিয়ন টাকার মধ্যে আইসিবি'র লেনদেনের পরিমাণ ছিল ২৮৬২ মিলিয়ন টাকা। ২০০৭-'০৮ অর্থ বছরের মার্চ ২০০৮ পর্যন্ত উভয় স্টক এক্সচেঞ্জে আইসিবি'র মোট লেনদেনের পরিমাণ ছিল ৪০৪৮৫ মিলিয়ন টাকা। আইসিবি'র সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে তাদের কার্যক্রম শুরু করায় উক্ত তারিখ হতে আইসিবি (হোল্ডিং কোম্পানি) সরাসরি স্টক এক্সচেঞ্জ লেনদেন কার্যক্রমে অংশগ্রহণ করেছে না।

## অন্যান্য বিষয়াদি

## আইসিবি'র তথ্যপ্রযুক্তি ও ব্যবস্থাপনা

আধুনিক এবং সহজ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আইসিবি সংশ্লিষ্ট সকলের প্রশংসা অর্জন করেছে। কর্পোরেশনের পূর্ণাঙ্গ কম্পিউটার সিস্টেমে একটি কার্যকর ও দক্ষ কাঠামোর বৈশিষ্ট্যগুলো অন্তর্ভুক্ত রয়েছে, যা দ্বারা যথাযথ হার্ডওয়্যার ও সফটওয়্যার-এর সদ্যবহার করা সম্ভব। সিস্টেম-এ স্থাপিত যন্ত্রাংশগুলো পরিবর্তনশীল গুণাবলী সম্পন্ন, যাতে প্রয়োজনে দ্রুত পরিবর্তন ও সমন্বয় করা যায়। স্টক এক্সচেঞ্জগুলোর অনেক

## ঋণ আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাক্কলিত)	২০০৭-২০০৮ (প্রাক্কলিত)
ক) প্রকল্প ঋণ	৪৫	৫১	২২	৪১	৬৩
খ) লীজ অর্থায়ন	১৯০	১৮৬	১০৪	৮৬	১৯০
গ) মার্জিন ঋণ	১১৬৩	২৫৭৬	১৯৮৮		৬৭২
ঘ) ইউনিট ও মিউচুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম	৪২	৪৬	১৭	১৭	৩৫
মোট	১৪৩৯	২৮৫৯	২১৩২	১৪৩	৯৫৯

## বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাক্কলিত)	২০০৭-২০০৮ (প্রাক্কলিত)
ক) লভ্যাংশ	৩৩২	৩৭১	১৫৬	৪৯	২০৫
খ) ডিবেঞ্চারের আসল ও সুদ	১২	৫৬	৫৩	২৭	৮০
মোট	৩৪৪	৪২৭	২০৯	৭৬	২৮৫

তালিকাবদ্ধ কোম্পানি সেন্ট্রাল ডিপোজিটরি সিস্টেম (CDS)-এর আওতায় চলে আসার ফলে ক্রীটবিহীন শেয়ার লেনদেন ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। ফলে এ সংক্রান্ত সফটওয়্যারগুলোর যথাযথ পরিবর্তন ও পরিবর্তনের কাজ সম্পন্ন করা হয়েছে।

আইসিবি'র প্রধান কার্যালয় ও সকল শাখাকে ইন্টারনেট সুবিধা প্রদানের লক্ষ্যে ব্রড ব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। ফলে কর্পোরেশনের যে কেউ খুব সহজেই বিভিন্ন তথ্যাদি ইন্টারনেটে অনুসন্ধান ও ডাউনলোড করতে পারছেন। কর্পোরেশনের ওয়েবসাইট এর মাধ্যমে দেশ-বিদেশের অগ্রহী ব্যক্তিগণ আইসিবি সম্পর্কিত সকল তথ্য সংগ্রহ করতে পারেন। ওয়েবসাইটটি নিয়মিতভাবে হালনাগাদ করা হয়ে থাকে। ২০০৬-'০৭ অর্থবছরে কর্পোরেশনের কম্পিউটার সিস্টেম Upgradation-এর কাজ সাফল্যজনকভাবে সম্পন্ন করা হয়েছে।

## সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)-এ আইসিবি'র সম্পৃক্ততা

সার্ক সদস্য দেশগুলোর সমন্বয়ে ১৯৯১ সালে সার্ক ফান্ড ফর রিজিওনাল প্রজেক্টস (SFRP) এবং সার্ক রিজিওনাল ফান্ড (SRF) গঠিত হয়। ১৯৯৬ সালের জুন মাসে ঢাকায় অনুষ্ঠিত সার্কভুক্ত সদস্য দেশগুলোর সভায় SFRP ও SRF বিলুপ্ত করে SADF প্রতিষ্ঠার

আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়। তিন প্রকোষ্ঠ বিশিষ্ট SADF হচ্ছে একটি Umbrella ফান্ড। প্রকোষ্ঠ তিনটি হচ্ছে, প্রকোষ্ঠ-I প্রকল্প শনাক্তকরণ ও উন্নয়নের জন্য; প্রকোষ্ঠ-II-প্রাতিষ্ঠানিক ও মানব সম্পদ উন্নয়নের জন্য; এবং প্রকোষ্ঠ-III সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নের জন্য। Nodal DFI হিসেবে আইসিবি SADF-এর গভর্নিং বোর্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছে। ৩০ জুন ২০০৭ পর্যন্ত SADF-এর গভর্নিং বোর্ডের নয়টি সভা অনুষ্ঠিত হয়েছে। আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক SADF-এর প্রথম চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। SADF-এর প্রকোষ্ঠ- I-এর আওতায় এ পর্যন্ত ১৬টি প্রকল্প শনাক্ত ও সম্ভাব্যতা যাচাই করা হয়েছে, যার মধ্যে ৯টি প্রকল্প বাংলাদেশের। প্রকোষ্ঠ-II-এর আওতায় ভারতে "Executive Development Program" এবং "Identification and Rehabilitation of Sick Projects" শীর্ষক দুটি প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে এপ্রিল ২০০৭-এ ভারতে অনুষ্ঠিত ১৪তম সার্ক শীর্ষ সম্মেলনে সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (SADF)-এর নাম পরিবর্তিত হয়ে সার্ক ডেভেলপমেন্ট ফান্ড (SDF) হয়েছে।

## সাউথ এশিয়ান রিজিওনাল ফান্ড (SARF)-এ বিনিয়োগ

সার্কভুক্ত দেশগুলোতে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ১৯৯৭ সালে

## বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	৩০ জুন ২০০৬	৩০ জুন ২০০৭	৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)
১১।	মেয়াদোত্তীর্ণ বকেয়া			
	ক) ব্রীজিং ঋণ	৩৮.৫	৪৫.২	৪১.১
	খ) ডিবেঞ্চার ঋণ	৩৮.২	৪১.৬	৩৭.১
২।	মেয়াদ অনুত্তীর্ণ বকেয়া			
	ক) ব্রীজিং ঋণ	০.৩	৩.৬	৪.০
	খ) ডিবেঞ্চার ঋণ	৬.২	৫.৮	৯.৯
	ক) ব্রীজিং ঋণ	৫.৮	৫.০	৮.৯
	খ) ডিবেঞ্চার ঋণ	০.৪	০.৪	১.০
	মোট বকেয়া ঋণ	৪৪.৭	৫০.৬	৫১.০

বিআরপিডি, বাংলাদেশ সার্কুলার নং ২ তারিখ ১৩-১-২০০৩-এর ডিক্রিতে মন্দ ঋণের বিপরীতে রক্ষিত সক্রিয় হতে সম্ভাব্য অংশ অবলোপন করার পর।

আইসিবি'র সহায়তাপ্রাপ্ত কোম্পানিসমূহ কর্তৃক শেয়ার বাজারজাতকরণ

সারণি-৬

(মিলিয়ন টাকায়)

বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)	এপ্রিল-জুন ২০০৮ (প্রাকলিত)	২০০৭-২০০৮ (প্রাকলিত)
কোম্পানির সংখ্যা	১১	১২	৯	৩	১২
টাকার পরিমাণ	১১৮১	৪১০০	৪৮৫১	১২১৪	৬০৬৫
মোট চাঁদার পরিমাণ	১৪১৫৪	৩০০৫১	২৫০৬৮	-	-

কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে সাউথ এশিয়া রিজিওনাল ফান্ড (SARF) নামে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের একটি উনুয়ন তহবিল গঠন করা হয়। মরিশাসে নিবন্ধিত কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশন (CDC)-এর মালিকানাধীন একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান এ ফান্ড পরিচালনা করে। এছাড়া কমনওয়েলথ ডেভেলপমেন্ট কর্পোরেশন এ ফান্ডে ৫০ মিলিয়ন মার্কিন ডলার মূলধন বিনিয়োগ করেছে। সার্কভুক্ত দেশগুলোর বেসরকারি খাতের প্রকল্পের ইকুইটিতে সরাসরি বিনিয়োগ এবং ইকুইটি সংশ্লিষ্ট খাতে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করা এ ফান্ডের উদ্দেশ্য।

আইসিবি ইউনিট ফান্ড কর্তৃক সাউথ এশিয়া রিজিওনাল ফান্ডে ১ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ৫.৩৩ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে; যার বিপরীতে আইসিবি ইউনিট ফান্ডের অনুকূলে SARF ১০০০টি সাধারণ 'এ' শেয়ার এবং ১০০০টি ৮% অগ্রাধিকার শেয়ার ইস্যু করে। ৩০ জুন ২০০৭ পর্যন্ত মোট ১০০০টি অগ্রাধিকার শেয়ার রিডেম্পশন বাবদ ১.৬৯ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ১০.৭২ কোটি টাকা পাওয়া যায়, যার বিপরীতে বিনিয়োগের পরিমাণ ছিল ০.৯৯ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ ৫.২১ কোটি টাকা। ১০০০টি প্রেক্ষাপেক্ষ শেয়ারের অর্থ পরিশোধিত হওয়ার পর ৩০ জুন ২০০৭ তারিখে এ খাতে বিনিয়োগের নীট স্থিতি দাঁড়িয়েছে ১০০০টি সাধারণ 'এ' শেয়ারে ০.০০১ মিলিয়ন মার্কিন ডলার।

আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যক্রম

(১) আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিবি আইসিএমএল)

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড ১ জুলাই ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড পরিচালিত বিনিয়োগ হিসাবে ৩০ জুন ২০০৭ তারিখ পর্যন্ত আমানত ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ১৪০০ মিলিয়ন টাকা এবং ৬৬৬৬ মিলিয়ন টাকা। মার্চ ২০০৮ পর্যন্ত আমানত গ্রহণ ও বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে যথাক্রমে ২৩৬২ মিলিয়ন টাকা এবং ৬৭৮৮ মিলিয়ন টাকা। এছাড়া আলোচ্য অর্থবছরে ১টি কোম্পানির ১৫০ মিলিয়ন টাকার অবলম্বন সহায়তা প্রদান, ৩টি কোম্পানির ১৯৪৫ মিলিয়ন টাকার ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন এবং আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ-এর ২০০ মিলিয়ন টাকার আইসিবি এএমসিএল প্রথম এনআরবি মিউচুয়াল ফান্ড এবং ১০০০ মিলিয়ন টাকার আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ডের উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালন করছে। আলোচ্য সময়ে নিজস্ব পোর্টফোলিও-এর বিপরীতে বিভিন্ন কোম্পানির সিকিউরিটিজ-এ ২২৯ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে। এ কোম্পানি বাংলাদেশ ব্যাংকের ইইএফ ইউনিট হতে সমমূলধন গ্রহণের ব্যাপারে উদ্যোক্তাগণের প্রকল্প মূল্যায়নকারী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করছে।

সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কার্যফল

সারণি-৭

(মিলিয়ন টাকায়)

বিবরণ	আইসিবিএমএল		আইসিবি এএমসিএল		আইএসটিসিএল	
	২০০৬-'০৭	২০০৫-'০৬	২০০৬-'০৭	২০০৫-'০৬	২০০৬-'০৭	২০০৫-'০৬
আয়	১৭৮	১০৫	৬৭	৬২	৯৬	৪১
ব্যয়	৭৬	৬৯	২৪	২২	৬১	৩৩
মোট মুনাফা	১০২	৩৬	৪৩	৪০	৩৫	৮
নীট মুনাফা	৪৪	৩১	৪০	৩৬	৩০	৬
শেয়ার প্রতি আয় (টাকা)	১১০০	৩৮৪	৮০৫	৭৩০	২৪০৬	৪৩৮
নীট সম্পদ মূল্য (টাকা)	৩০২৯	২০৭৯	২৯৩২	২৩২৭	৩৯৩৫	১৯২৯
লভ্যাংশ (টাকা)	১৬০	১৫০	২৫০	২০০	৪০০০	৩০০

আইসিবি'র বিনিয়োগিত মূলধন

সারণি-৮

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৫-২০০৬	২০০৬-২০০৭	২০০৭-২০০৮ (মার্চ ২০০৮ পর্যন্ত)
১।	পরিশোধিত মূলধন	৫০০	৫০০	৫০০
২।	রিজার্ভ ফান্ড	১০০৬	১২২৬	১৪৭৬
৩।	দীর্ঘ মেয়াদি সরকারি ঋণ	৪৯	৪৬	৪২
৪।	ডিবেঞ্চার ঋণ	৫১৮	৪১৮	৩১৮
৫।	অন্যান্য	১৮৯	১৬৩	১৭৩

(২) আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবি এএমসিএল)

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকার-এর যৌথ উদ্যোগে সৃষ্টিত কাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি)-এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ এ প্রদত্ত ক্ষমতাবলে মিউচুয়াল ফান্ড ব্যবস্থাপনার উদ্দেশ্যে আইসিবি এর সাবসিডিয়ারি কোম্পানি হিসেবে "আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড" প্রতিষ্ঠিত হয়। কোম্পানি ১ জুলাই ২০০২ তারিখ হতে তার কার্যক্রম শুরু করে।

কোম্পানি দেশে একটি দ্রুত সম্প্রসারণশীল সম্পদ ব্যবস্থাপক হিসেবে ইতোমধ্যেই নিজেকে প্রতিষ্ঠিত করেছে এবং দেশের মিউচুয়াল ফান্ড ইন্ডাস্ট্রিকে বিপুলভাবে সক্রিয় করতে সক্ষম হয়েছে। কোম্পানি ৩০ জুন ২০০৭ পর্যন্ত সময়ে তিনটি মেয়াদি মিউচুয়াল ফান্ড এবং দু'টি বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড বাজারজাত করেছে, যার মধ্যে দেশের পুঁজিবাজারে অনাবাসী বাংলাদেশীদের বিনিয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশে প্রথমবারের মতো ১০০ মিলিয়ন টাকার একটি বিশেষায়িত মিউচুয়াল ফান্ড "আইসিবি এএমসিএল ফার্স্ট এনআরবি

মিউচুয়াল ফান্ড" বাজারজাত করেছে। আলোচ্য মিউচুয়াল ফান্ডের পাবলিক ইস্যুতে প্রায় ৯৪০ মিলিয়ন টাকার আবেদন জমা পড়ে। "আইসিবি এএমসিএল ফার্স্ট এনআরবি মিউচুয়াল ফান্ড"-এর সাফল্যের পর অনাবাসী বাংলাদেশীদের ব্যাপক আগ্রহের প্রেক্ষিতে ১০০০ মিলিয়ন টাকার "আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড" বাজারে ছাড়ার জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন থেকে ইতোমধ্যে অনুমোদন প্রাপ্ত হয়েছে। আগামী জুন ২০০৮-এর মধ্যে "আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচুয়াল ফান্ড"-এর পাবলিক ইস্যু সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

২০০৬-'০৭ অর্থবছরে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিঃ পরিচালিত মিউচুয়াল ফান্ডগুলো সর্বোচ্চ ২০ শতাংশ এবং সর্বনিম্ন ১২ শতাংশ লভ্যাংশ প্রদান করেছে; যা বিগত অর্থবছরে ছিল সর্বোচ্চ ১৬ শতাংশ এবং সর্বনিম্ন ০৬ শতাংশ। ২০০৬-'০৭ অর্থবছরে কোম্পানির ব্যবস্থাপনায় পরিচালিত পাঁচটি মিউচুয়াল ফান্ডের পোর্টফোলিওতে মোট ৫১২ মিলিয়ন টাকা বিনিয়োগ করা হয়েছে। ৩০ জুন ২০০৭ তারিখে ফান্ডগুলোর পোর্টফোলিওতে নীচ বিনিয়োগের পরিমাণ দাঁড়িয়েছে

সুদের হার (শতকরা হার)

সারণি-৯

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	শল্প মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-২০০৬	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০
২০০৬-২০০৭	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	-	-
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	-	-
৩০ জুন ২০০৮ (প্রাকলিত)	-	-	৮.৭৫	৮.৭৫	-	-	১২.৫০	১২.৫০

৬৮০ মিলিয়ন টাকা; যার বাজার মূল্য ৮৪৬ মিলিয়ন টাকা।

### (৩) আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইসিবি আইএসটিসিএল)

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ ১৩ আগস্ট ২০০২ তারিখ হতে কার্যক্রম শুরু করেছে। কার্যক্রম শুরুর পর হতে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড উভয় স্টক এক্সচেঞ্জে এককভাবে লেনদেনের পরিমাণ বিবেচনায় শীর্ষ ব্রোকার হিসেবে আত্মপ্রকাশ করেছে। ২০০৬-০৭ অর্থবছরে উভয় স্টক এক্সচেঞ্জে মোট লেনদেনের পরিমাণ ছিল ২০০৩০৪ মিলিয়ন টাকা। এর মধ্যে আইএসটিসিএল-এর লেনদেনের পরিমাণ ছিল ২০৪৬৬ মিলিয়ন টাকা। চলতি বছরের মার্চ ২০০৮ পর্যন্ত স্টক এক্সচেঞ্জগুলোতে ৪০৪৮৫ মিলিয়ন টাকার সিকিউরিটিজ লেনদেনের মাধ্যমে একটি শীর্ষ সক্রিয় সদস্য হিসেবে কোম্পানির কার্যক্রম অব্যাহত রেখেছে। চলতি বছরের মার্চ ২০০৮ পর্যন্ত স্টক এক্সচেঞ্জগুলোর মোট টার্নওভারের পরিমাণ ৩৫৬৮৪৮ মিলিয়ন টাকা; যার মধ্যে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ-এর অংশ ১১.৩৫% অর্থাৎ ৪০৫০২ মিলিয়ন টাকা। আলোচ্য কোম্পানির

চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট শাখায় অন-লাইন ট্রেডিং কার্যক্রম চালু করা হয়েছে। বর্তমানে ৬১টি প্রাতিষ্ঠানিক এবং ৬৮৯৫টি সাধারণ বিনিয়োগকারীসহ মোট ৬৯৫৬টি বিও অ্যাকাউন্ট খোলা হয়েছে। এছাড়াও সরাসরি তালিকাভুক্তিকরণের (Direct Listing) আওতায় যমুনা অয়েল কোম্পানি লিঃ-এর ১১৫ মিলিয়ন টাকা মূল্যমানের ১১৫২৮৫০০টি শেয়ার ৩৮৫৯ মিলিয়ন টাকায় এবং মেঘনা পেট্রোলিয়াম লিঃ-এর ১০৩ মিলিয়ন টাকা মূল্যমানের ১০২৯৭০০০টি শেয়ার ৩৪৫৮ মিলিয়ন টাকায় আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিগুলোর মাধ্যমে বিক্রয় করেছে। সম্প্রতি আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ-এর বগুড়া শাখার কার্যক্রম অনানুষ্ঠানিকভাবে শুরু হয়েছে।

আইসিবি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য, ঋণ বিতরণ/লীজ অর্থায়ন, ঋণ আদায়, বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ ও সুদ আদায়, বকেয়া/মেয়াদোত্তীর্ণ বকেয়া ঋণ, আইসিবি'র সহায়তা প্রাপ্ত কোম্পানিগুলোর শেয়ার বাজারজাতকরণ, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিগুলোর সংক্ষিপ্ত আর্থিক কার্যফল, আইসিবি'র বিনিয়োজিত মূলধন এবং আইসিবি'র সুদের হার যথাক্রমে সারণি ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯-এ দেখানো হলো।

## বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

দেশের শহর এলাকায় গৃহায়ন সমস্যা সমাধানের লক্ষ্যে আবাসিক বাড়ি নির্মাণ, সংস্কার এবং নির্মিত বাড়ির কাঠামোগত পরিবর্তনের জন্য ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে ১৯৭৩ সালে রাষ্ট্রপতির এক আদেশ বলে ১৯৫২ সালে প্রতিষ্ঠিত হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনকে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন হিসেবে পুনর্গঠিত হয়। ৩১ মার্চ ২০০৮ পর্যন্ত কর্পোরেশনের অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১১০০ মিলিয়ন ও ৯৭৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক এবং বীমা কর্পোরেশনের নিকট সরকার কর্তৃক প্যারাস্টিচিউজ ঋণপত্র বিক্রয়ের মাধ্যমে কর্পোরেশন চলতি মূলধন সংগ্রহ করে থাকে। ৩০ জুন ২০০৭ পর্যন্ত ডিবেঞ্চার বিক্রয়লব্ধ তহবিলের মোট স্থিতির পরিমাণ ছিল ১২২০৭ মিলিয়ন টাকা। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ও সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত পরিচালনা পর্ষদ দ্বারা কর্পোরেশন পরিচালিত হয়ে থাকে। সবক'টি বিভাগীয় সদরে একটি করে মোট ৯টি জোনাল অফিস এবং

বিভিন্ন জেলা সদরে কর্পোরেশনের ১৩টি আঞ্চলিক অফিস ও ১টি ক্যাম্প অফিস চালু রয়েছে।

### কর্পোরেশনের ঋণের প্রকারভেদ

কর্পোরেশন থেকে বর্তমানে নিম্নোক্ত ছয় প্রকার দীর্ঘ মেয়াদি ঋণ এবং এক ধরনের স্বল্প মেয়াদি ঋণ প্রদান করা হয়ে থাকে—

- সাধারণ ঋণ- একক বা স্বামী ও স্ত্রীর যৌথ নামে;
- গ্রুপ ঋণ- একাধিক ব্যক্তির মালিকানাধীন প্রুটে চুক্তি ভিত্তিক গ্রুপ ঋণ;
- ফ্ল্যাট/অ্যাপার্টমেন্ট ঋণ- নির্মাণাধীন ফ্ল্যাট/অ্যাপার্টমেন্ট জব্বের জন্য;
- সমন্বিত ঋণ- ঋণগ্রহীতার পূর্বের ঋণ সম্পূর্ণ সমন্বয়পূর্বক নকশা মোতাবেক বাড়ির বাকি অংশের কাজ সম্পন্ন করার জন্য;
- মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের স্বল্প আয়তনের বাড়ি নির্মাণের জন্য;
- সেমিপাকা বাড়ি নির্মাণের জন্য এবং
- বিশেষ ঋণ- প্রায় সমস্ত বাড়ির কাজ সমাপ্ত করার জন্য স্বল্প মেয়াদি ঋণ।

### ঋণদান কার্যক্রম

২০০৬-'০৭ অর্থবছরে ঋণ মঞ্জুরী ও বিতরণ করা হয়েছে যথাক্রমে ১৫০০৯ মিলিয়ন ও ১১৫৭৮ মিলিয়ন টাকা। এছাড়া



কর্পোরেশনের অর্থায়নে নির্মিত একটি বাড়ি।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

সারণি-১

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৫-'০৬	২০০৬-'০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১১০০	১১০০	১১০০	১১০০
২।	পরিশোধিত মূলধন	৯৭৩	৯৭৩	৯৭৩	৯৭৩
৩।	রিজার্ভ ফান্ড	১০৬৬২	১১০৮১	১২৩৩৩	১২৬৫০
৪।	আমানত (ক) তলবি আমানত (খ) মেয়াদি আমানত	২১৪০	২১৪০	৩৭৭৬	৩৫৩৯
৫।	ঋণ ও অগ্রিম	২৬২৬৮	২৫১৬৪	২৪৬৪৪	২৪৪৭০
৬।	মোট পরিসম্পদ	৩০৪৫০	৩০৫৫৬	৩০৯৮৮	৩১১৩১
৭।	মোট আয়	২০৫৪	২১৩০	১৪৭০	২৩৫২
৮।	মোট ব্যয়	১১০২	৯৪১	৭৫২	১০৮২
৯।	মোট জনশক্তি (সংখ্যায়) ক) কর্মকর্তা খ) কর্মচারী	৪৫৩ ২৪৮ ২০৫	৪৫২ ২৭১ ১৮১	৪৫০ ২৭৬ ১৭৪	৪৬৩ ২৯০ ১৭৩
১০।	শাখা (সংখ্যায়) জোনাল রিজিওনাল ক্যাম্প অফিস	২৩ ৯ ১৩ ১	২৩ ৯ ১৩ ১	২৩ ৯ ১৩ ১	২৩ ৯ ১৩ ১

২০০৬-'০৭ অর্থবছর শেষে কর্পোরেশন-এর ঋণ ও অগ্রিমের স্থিতি ছিল ২৫১৬৪ মিলিয়ন টাকা, যা ৩১ মার্চ ২০০৮ শেষে ২৪৬৬৪ মিলিয়ন টাকায় দাঁড়ায়। কর্পোরেশনের অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায় এবং বকেয়া (Overdue) ঋণের স্থিতি সংক্রান্ত পরিসংখ্যান সারণি-২-এ দেয়া হলো।

**সুদের হার ও কিস্তি পরিশোধের মেয়াদ**

এলাকা ও প্রকারভেদে ঋণের সিলিং-এ ভিন্নতা থাকলেও কর্পোরেশন সর্বোচ্চ ৪০ লাখ টাকা ঋণ প্রদান করে থাকে। ঋণের কিস্তি পরিশোধের মেয়াদ সাধারণত ১৫ বছর, বিশেষ ঋণ পরিশোধের মেয়াদ ৫ বছর। তবে স্বল্পায়তনের ফ্ল্যাট ঋণ পরিশোধের মেয়াদ ২০ বছর। ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এলাকায় ঋণের বার্ষিক সুদের হার ১২%। দেশের অন্যান্য এলাকায় সিলিং নির্বিশেষে ঋণের সুদের হার ১০%। কর্পোরেশন সকল ঋণের ক্ষেত্রে সরল হারে সুদ আরোপ করে থাকে। বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের সুদের হার সারণি-৩-এ দেয়া হলো।

**ঋণ আদায় কার্যক্রম**

২০০৬-'০৭ অর্থবছরে ৩৮৭১ মিলিয়ন টাকা ঋণ আদায়ের প্রেক্ষাপটে ২০০৭-'০৮ অর্থবছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪০০০ মিলিয়ন

টাকায় নির্ধারণ করা হয়েছে। মার্চ ২০০৮ পর্যন্ত ২৬৪০ মিলিয়ন টাকা ঋণ আদায় করা হয়েছে। এইচবিএফসি ঋণ আদায়ের লক্ষ্যে যে সমস্ত ব্যক্তিবৃত্তী পদক্ষেপ গ্রহণ করেছে তার সর্ধক ও বর্ণনা নিম্নে দেয়া হলো-

□ ঋণের আবেদনকারীদের পরামর্শ ও উন্নত সেবা দানের লক্ষ্যে সদর দফতরসহ প্রতিটি জোনাল অফিস ও রিজিওনাল অফিসে ঋণ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি ও ঋণ গ্রহীতাদের জন্য প্রয়োজনীয় তথ্য এবং পরামর্শ দেয়ার ব্যবস্থা রয়েছে।

□ ঋণের কিস্তি তকর পূর্বে নির্মাণকালীন সময়ের সুদ এককালীন পরিশোধের ক্ষেত্রে উক্ত সুদের উপর ৫% হারে রিবেট প্রদান বীতি চালু করা হয়েছে। বার্থতায় নির্মাণকালীন সুদের উপর ভবিষ্যতে আর কোনোরূপ সুদ আরোপ না করে উক্ত টাকা ঋণ পরিশোধ মেয়াদে সম-মাসিক কিস্তিতে পরিশোধের সুযোগ চালু আছে। ১২ কিস্তির উর্ধ্বে ঋণ খেলাপীত ক্ষেত্রে ৩মু খেলাপী কিস্তির আসল টাকার উপর বার্ষিক ৩% অতিরিক্ত সুদ আরোপ করা হয়।

□ কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশ মতে খেলাপী ঋণগ্রহীতাদেরকে খেলাপী (Overdue) টাকার আংশিক জমা করার মাধ্যমে ঋণের কিস্তি পুনঃ তফসিলিকরণের ব্যবস্থা করা হয়েছে। মামলাধীন কেইসে ও সোলে-নামা সম্পাদনের মাধ্যমে কিস্তি রি-সিডিউলের সুযোগ রয়েছে। খরিদা বাড়ি দখল গ্রহণের পূর্ব পর্যন্ত ঋণগ্রহীতা পাওনা পরিশোধ করলে তাঁকে বাড়ি ফেরত দেয়া হয়।

□ ঋণ আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে কর্পোরেশনের সদর দফতরে টাকফোর্স গঠন করা হয়েছে এবং এ ফোর্সের সদস্যবৃন্দ ব্যক্তিগত যোগাযোগ, টেলিফোন যোগাযোগ, ফলোআপ ও মনিটরিং ব্যবস্থার মাধ্যমে আদায়ের হার বৃদ্ধিতে সচেষ্ট রয়েছে। পত্রিকায় ঋণ খেলাপীর তালিকা প্রকাশ করা এবং সরাসরি বন্ধকী বাড়ি বিক্রয়ের বিধান চালু আছে।

□ যে সকল খেলাপী ঋণগ্রহীতা কর্পোরেশন থেকে দেয়া তাগিদপত্র, শো-কাজ, লিগ্যাল নোটিশ ও ব্যক্তিগত যোগাযোগ সত্ত্বেও ঋণ পরিশোধে উদ্বুদ্ধ হন না বা পরিশোধ করেন না তাঁদের বিরুদ্ধে সর্বশেষ ব্যবস্থা হিসেবে ঋণ আদায়ের নিমিত্তে মামলা দায়ের করা হচ্ছে।

বছরভিত্তিক ঋণ মঞ্জুরী, বিতরণ, আদায়, বকেয়া ঋণের স্থিতির পরিমাণ					
সারণি-২					
(মিলিয়ন টাকায়)					
অর্থবছর	ঋণ মঞ্জুরী	বিতরণ	আদায়	ঋণের স্থিতি	মোট বকেয়া স্থিতি
২০০৫-'০৬	৫৪৭	৪৩২	৩৬৮৯	২৬২৬৮	৩১৬০
২০০৬-'০৭	১৫০০	১১৫৮	৩৮৭১	২৫১৬৪	২৮৯৪
২০০৭-'০৮* (মার্চ ২০০৮ পর্যন্ত)	১৩০০	১১৫০	২৬৪০	২৪৬৪৪	৩০৯৫
২০০৭-'০৮**	১৮০০	১৫০০	৪০০০	২৪৪৭০	৩০৭৩

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

সুদের হার (শতকরা হার)								
সারণি-৩								
(মিলিয়ন টাকায়)								
সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	স্বল্প মেয়াদি	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৫-২০০৬	-	-	-	-	-	-	-	১১.৮৫
২০০৬-২০০৭	-	-	-	-	-	-	-	১২.৫৭
৩১ মার্চ ২০০৮*	-	-	-	-	-	-	-	১১.৫৮
৩০ জুন ২০০৮**	-	-	-	-	-	-	-	১১.৫৮

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো)

বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে বিদ্যমান জাত্ববোধের নিদর্শনস্বরূপ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের গতিতে যৌথ প্রচেষ্টায় ত্বরান্বিত করার উদ্দেশ্যে সৌদি আরব এবং বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী পর্যায়ে ১৯৮৩ সালে এক প্রোটোকল স্বাক্ষরের মাধ্যমে সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) স্থাপনের সূচনা হয়। এ চুক্তি মোতাবেক এবং কোম্পানি আইন ১৯১৩ অনুযায়ী একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি হিসেবে ১৯৮৪ সালে সাবিনকো আত্মপ্রকাশ করে ঢাকায় প্রধান কার্যালয় স্থাপন করে। ১৯৮৬ সালে এর কার্যক্রম শুরু হয়।

সাবিনকো'র মূল উদ্দেশ্য হচ্ছে বাণিজ্যিক ভিত্তিতে শিল্প এবং

কৃষিভিত্তিক শিল্পে বিনিয়োগ করে এগুলো পরিচালিত করা এবং দেশে বিদেশে পণ্য সামগ্রী ও সেবা বিপণন করা। এছাড়া সাবিনকো বিদ্যমান শিল্প কারখানাগুলোর অভ্যন্তরীণ সুস্বমকরণ, আধুনিকীকরণ, যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সম্প্রসারণকল্পে শিল্প ঋণের যোগান দিয়ে থাকে। সাবিনকো নিজের তত্ত্বাবধানে অথবা সহযোগী প্রতিষ্ঠান স্থাপন করে বিশেষ কোনো প্রকল্প পরিচালনায়ও সহায়তা প্রদান করতে পারে।

সাবিনকো'র অনুমোদিত মূলধনের পরিমাণ ৬০ মিলিয়ন মার্কিন ডলার। এ যাবত সৌদি এবং বাংলাদেশ সরকার সমভাবে ৬০ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করেছে। বর্তমানে ছয় জন সদস্য নিয়ে কোম্পানীর বোর্ড গঠিত, এর মধ্যে বোর্ডের চেয়ারম্যান এবং দু'জন সদস্য সৌদি সরকার কর্তৃক এবং ডেপুটি চেয়ারম্যান ও অপর দু'জন



প্রতিষ্ঠানের অর্থায়নে প্রতিষ্ঠিত একটি নীট কম্পোজিট ফ্যাক্টরি।

সদস্য বাংলাদেশ সরকার কর্তৃক মনোনীত।

## বিনিয়োগ নীতিমালা

বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত শিল্প বিনিয়োগ নীতিমালার আওতায় কৃষিভিত্তিক শিল্পসহ বিবিধ শিল্প স্থাপন, সম্প্রসারণ ও উন্নয়ন কার্যক্রমে সাবিনকো আর্থিক সহায়তা প্রদান করে থাকে। সাবিনকো বাণিজ্যিকভাবে লাভজনক বিনিয়োগ প্রস্তাবনা বিবেচনা করে থাকে। তবে নিম্নে উল্লিখিত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকে।

- যে সব প্রকল্প স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং যাদের উৎপাদিত পণ্যের রপ্তানি বাজার বিদ্যমান;
  - যে সব প্রকল্প মূলত স্থানীয় কাঁচামাল ব্যবহার করে থাকে এবং স্থানীয় বাজারে অপরিহার্য চাহিদা পূরণ করে; এবং
  - যে সব প্রকল্প আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করা অপরিহার্য অথচ আমদানি বিকল্প পণ্য হিসেবে স্থানীয় চাহিদা পূরণ করে।
- উপরোক্তিক্রমে ফেদ্রে যে সব প্রকল্প শ্রমনিবিড় এবং অগ্র-পচাৎ সম্পর্ক সমৃদ্ধ, সেসব প্রকল্পকে অর্থায়নের ক্ষেত্রে সাবিনকো সর্বাধিক প্রাধান্য দিয়ে থাকে।

## অর্থায়ন পদ্ধতি

- মেয়াদি ঋণ ও চলতি মূলধন প্রদান;
- সরাসরি মূলধন বিনিয়োগ;
- সিডিকেশনের মাধ্যমে বৃহত্তম প্রকল্পে অর্থায়ন;

- হস্তান্তরযোগ্য ইনস্ট্রুমেন্টের মাধ্যমে বিনিয়োগ;
- পুঁজি বাজারে বিনিয়োগ।

## ঋণের অনুমোদন এবং বিতরণ

সাবিনকো শুরু থেকে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত বিভিন্ন শিল্প স্থাপনের জন্য মোট ৬৭টি প্রকল্পে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করেছে। অর্থায়িত ৬৭টি প্রকল্পে সাবিনকো ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত ১৪টি শিল্প উপ-খাতে দেশী ও বিদেশী মুদ্রায় সর্বমোট ৫০৩৩ মিলিয়ন টাকা মঞ্জুর করেছে। এ মঞ্জুরীকৃত ঋণের বৃহদাংশ বস্ত্র খাত এবং মৎস্য/চিংড়ি চাষে মঞ্জুর করা হয়েছে। আর্থিক সহায়তা প্রদানকারী অন্যান্য খাতগুলো হলো- টেলিযোগাযোগ, পাওয়ার প্র্যান্ট, সিরামিক, সিমেন্ট, চামড়া জাত দ্রব্য, প্রকৌশল, দুগ্ধ, ফল, খেলনা এবং কাগজ। সাবিনকো'র অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সারণি-১-এ দেয়া হলো।

## ঋণ বিতরণ ও আদায়

২০০৭ সালে সাবিনকো ৪৩৩ মিলিয়ন টাকা ঋণ বিতরণ করে এবং ৩৪৪ মিলিয়ন টাকা আদায় করে। পূর্ববর্তী বছরে এর পরিমাণ ছিল যথাক্রমে ৩০১ মিলিয়ন এবং ৩৬৭ মিলিয়ন টাকা। সাবিনকো'র ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি সারণি-২-এ দেয়া হলো। সাবিনকো'র শিল্প প্রকল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরীর অবস্থা এবং অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি যথাক্রমে সারণি-৩ ও ৪-এ দেয়া হলো।

অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য					সারণি-১
					(মিলিয়ন টাকায়)
ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	-
২।	পরিশোধিত মূলধন (মিলিয়ন মার্কিন ডলারে)	৬০	৬০	৬০	-
৩।	রিজার্ভ ফান্ড	১৪২৫	১৪০০	১৪০০	-
৪।	আমানত	-	-	-	-
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদি আমানত	-	-	-	-
৫।	ঋণ ও অগ্রিম	২১০৭	২৩২৮	২৩৩২	-
৬।	বিনিয়োগ	৮৫৮	৮০৫	-	-
৭।	মোট পরিসম্পদ	৪২৭৭	৪২৬৮	-	-
৮।	মোট আয়	৩১২	৩২৮	-	-
৯।	মোট ব্যয়	৫০	৪৮	-	-
১০।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা				
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	৩৮	৩৯	-	-
	ক) কর্মকর্তা	১৭	২৪	-	-
	খ) কর্মচারী	২১	১৫	-	-
১২।	বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা				
১৩।	শাখা (সংখ্যায়)	১	১	-	-

## ঋণ বিতরণ ও আদায়

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ			অন্যান্য	সর্বমোট
		মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬						
বিতরণ	৮৯	২১৩	-	২১৩	-	৩০২
আদায়	৯	৩৫৮	-	২৫৮	-	৩৬৭
২০০৭						
বিতরণ	-	৪৩৩	-	৪৩৩	-	৪৩৩
আদায়	৫৭	২৮৭	-	২৮৭	-	৩৪৪
৩১ মার্চ ২০০৮*						
বিতরণ	-	৮৮	-	৮৮	-	৮৮
আদায়	-	১২৪	-	১২৪	-	১২৪
৩০ জুন ২০০৮**						
বিতরণ	-	-	-	-	-	-
আদায়	-	-	-	-	-	-

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

## শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী	শিল্পের আকার		
	বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীভূত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে			
প্রকল্প সংখ্যা	৬৭	-	৬৭
পরিমাণ	৫০৩৩	-	৫০৩৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪	-	৪
পরিমাণ	২৪০	-	২৪০
ক্রমপঞ্জীভূত : ৩১ মার্চ ২০০৮*তারিখে			
প্রকল্প সংখ্যা	৭১	-	৭১
পরিমাণ	৫২৮৩	-	৫২৮৩
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	৪	-	৪
পরিমাণ	২৫০	-	২৫০
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত			
প্রকল্প সংখ্যা	-	-	-
পরিমাণ	-	-	-

\* সাময়িক। \*\* প্রাক্কলিত।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	জুন ৩০, '০৮ (প্রাক্কলিত)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৫২০ ৮০ ৪৪০ - -	৫০১ ৭৫ ৪২৬ - -	৫০৪ ৭৫ ৪২৯ - -	- - - - -
২।	শিল্প (চলতি মূলধন অর্থাৎ ব্যতীত) ক) বৃহৎ ও মাঝারি খ) ক্ষুদ্র ও কুটির	১৫৩৮ ১৫৩৮ -	১৭৩৫ ১৭৩৫ -	১৭৪১ ১৭৪১ -	- - -
৩।	চলতি মূলধন অর্থাৎ	-	-	-	-
৪।	নির্মাণ	-	-	-	-
৫।	বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ	৪৯	৯২	৮৭	-
	সর্বমোট	২১০৭	২৩২৮	২৩৩২	-

সুদের হার (শতকরা হার)

সারণি-৫

সময়	আমানত				ঋণ প্রদান			
	সঞ্চয়ী হিসাব	বন্ধ মেয়াদি হিসাব	স্থির মেয়াদি হিসাব	ভারীত গড় (Weighted Average)	কৃষি	শিল্প	সেবা	ভারীত গড় (Weighted Average)
২০০৬	-	-	-	-	১১.০-১৩.০	১২.০-১৪.৫০	-	-
২০০৭	-	-	-	-	১১.০-১৩.০	১২.০-১৫.০	-	-
৩১ মার্চ ২০০৮ (সাময়িক)	-	-	-	-	১১.০-১৩.৫০	১২.০-১৪.০	-	-
৩০ জুন ২০০৮ (প্রাক্কলিত)	-	-	-	-	-	-	-	-

\* সাময়িক / \*\* প্রাক্কলিত।

## ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট লীজিং কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড

দেশের উৎপাদনশীল খাত এবং শিল্পায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে "কোম্পানি গ্র্যান্ট, ১৯১৩" এর আওতায় ১৯৮৫ সালে একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে আইডিএলসি প্রতিষ্ঠিত হয়। এ কোম্পানিটি বিশ্বব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (IFC) সহ ৫টি বিদেশী এবং ৩টি দেশীয় আর্থিক প্রতিষ্ঠানের (ব্যাংক ও বীমা কোম্পানি) উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯২ সালে আইডিএলসি জনসাধারণের জন্য শেয়ার ইস্যু করে এবং ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। ২০০৭ সাল শেষে কোম্পানির অনুমোদিত ও পরিশোধিত মূলধন যথাক্রমে ১০০০ মিলিয়ন ও ২০০ মিলিয়ন টাকায় দাঁড়ায়।

আইডিএলসি গত ২২ বছর ধরে লীজিংকে অর্থায়নের একটি বিকল্প ধারা হিসেবে প্রতিষ্ঠার পাশাপাশি দেশের শিল্পায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হয়েছে। উন্নত এবং দ্রুত গ্রাহক সেবার পাশাপাশি উৎপাদনশীল খাত ও চিকিৎসা যন্ত্রপাতিসহ বিভিন্ন খাতে এ কোম্পানি ফাইন্যান্সিয়াল লীজ প্রদান করে থাকে। আইডিএলসি একটি বহুমুখী

আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করার জন্য সচেষ্ট। তাই ১৯৯৭ সালে এটি গৃহায়ন ঋণ ও ঋণ মেয়াদি ঋণ কার্যক্রম চালু করেছে। ঋণ মেয়াদি ঋণের আওতায় গ্রাহকরা তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ধরনের ঋণ মেয়াদি আর্থিক সহায়তা যেমন- বিল/ইনভয়েস ডিসকাউন্টিং, ফ্যাক্টরিং ইত্যাদি সেবা পেয়ে থাকে। গৃহায়ন ঋণ প্রকল্পের আওতায় আইডিএলসি গ্রাহকদের নতুন ফ্ল্যাট ক্রয়, নিজস্ব বাড়ি মেরামত/বর্ধিতকরণ, ব্যবসা প্রতিষ্ঠান অথবা পেশাজীবীদের জন্য অফিস চেম্বার/শো-রুম ক্রয়, বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মচারীদের আবাসন প্রকল্প এবং রিয়েল এস্টেট ব্যবসায়ীদের নতুন আপার্টমেন্ট তৈরি করার জন্য ঋণ সুবিধা প্রদান করে থাকে।

আইডিএলসি-এর অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য সার্বণি-১-এ এবং ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত বিবরণী, শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী, অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি এবং সুদের হার যথাক্রমে সার্বণি-২, ৩, ৪ ও ৫-এ দেয়া হলো।



প্রতিষ্ঠানের অর্থায়নে গড়ে ওঠা একটি কাচ শিল্প প্রতিষ্ঠান।

## অগ্রগতির প্রধান বৈশিষ্ট্য

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	বিবরণ	২০০৬	২০০৭	৩১ মার্চ '০৮ (সাময়িক)	৩০ জুন '০৮ (প্রাকলিত)
১।	অনুমোদিত মূলধন	১০০০	১০০০	১০০০	১০০০
২।	পরিশোধিত মূলধন	১৫০	২০০	২৫০	২৫০
৩।	রিজার্ভ ফান্ড	৭৯৬	৯৯১	৯২৬*	১০২০
৪।	মোট আমানত	৫৬১০	৮০৯২	৭৪৮৮	৭৭৮২
	ক) তলবি আমানত	-	-	-	-
	খ) মেয়াদী আমানত	৫৬১০	৮০৯২	৭৪৮৮	৭৭৮২
৫।	ঋণ ও অগ্রিম**	৯৫৪৮	১০৪২১	১১৩৫১	১১৮৮৯
৬।	বিনিয়োগ	২৭৫	৪৩৭	৩৭৯	৩৭৬
৭।	মোট পরিসম্পদ	১১১৭০	১৪৪২৪	১৩৮৬২	১৪৪৪৭
৮।	মোট আয়	১২৮৮	১৯২৫	৫০৪	১০৩৪
৯।	মোট ব্যয়	১০৫৪	১৫০৫	৪২৩	৮৪৬
১০।	মোট বৈদেশিক মুদ্রা ব্যবসা পরিচালনা	-	-	-	-
	ক) রপ্তানি	-	-	-	-
	খ) আমদানি	-	-	-	-
	গ) রেমিট্যান্স	-	-	-	-
১১।	মোট জনশক্তি (সংখ্যায়)	১৫৪	১৬৮	১৮৬	১৯৩
	ক) কর্মকর্তা	৭৮	৯০	৬১	৬৪
	খ) কর্মচারী	৭৬	৭৮	১২৫	১২৯
১২।	বিদেশী প্রতিসংগী ব্যাংক (সংখ্যায়)	-	-	-	-
১৩।	মোট শাখা (সংখ্যায়)	৬	৬	৬	৬
	ক) বাংলাদেশে	৬	৬	৬	৬
	খ) বিদেশে	-	-	-	-

\* কোম্পানি ২০০৭ সালের জন্য প্রতি চারটি শেয়ারের জন্য একটি হারে বোনাস শেয়ার এবং ১৫% নগদ লাভ্যাংশ প্রদানের সুপারিশ করে, যা ২০০৭ সালে রিজার্ভ ফান্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

\*\* ঋণ ও অগ্রিমের মধ্যে চলতি মূলধনে অর্থায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে।

ঋণ বিতরণ ও আদায়

সারণি-২

(মিলিয়ন টাকায়)

বিবরণ	কৃষি ঋণ	শিল্প ঋণ				গৃহ অর্ধায়ন ও কার লোন	সর্বমোট
		লীজ ফাইন্যান্সিং	মেয়াদি ঋণ	চলতি মূলধন	মোট		
২০০৬							
বিতরণ	-	১৮৯০	৯৮৫	১৮৪৯	৪৭২৪	১৩৭৬	৬১০০
আদায়	-	২২৩৬	৪৮৬	১৯০১	৪৬২৩	৫৭২	৫১৯৫
২০০৭							
বিতরণ	-	১৫৩০	১৪৪৭	২৩৩৪	৫৩১১	১৪৩২	৬৭৪৩
আদায়	-	২৪১৯	৯৬৯	২৪৩৪	৫৮২২	৮৪৪	৬৬৬৬
৩১ মার্চ ২০০৮*							
বিতরণ	-	৪১৭	৩৮৪	৫১৬	১৩১৭	৩৪৩	১৬৬০
আদায়	-	২৩৩	২০৮	৫০৪	৯৪৫	১১৫	১০৬০
৩০ জুন ২০০৮**							
বিতরণ	-	৮৬৭	৮০৮	১০৫৭	২৭৩২	৮০১	৩৫৩৩
আদায়	-	৪৮৬	৪৪১	১০২৭	১৯৫৪	২৩২	২১৮৬

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

শিল্পের আকারভিত্তিক ঋণ মঞ্জুরী

সারণি-৩

(মিলিয়ন টাকায়)

ঋণ মঞ্জুরী		শিল্পের আকার		
		বৃহৎ ও মাঝারি	ক্ষুদ্র ও কুটির	মোট
ক্রমপঞ্জীকৃত : ৩১ ডিসেম্বর ২০০৭ তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৩০৬০ ২৪০৩৬	২৬৭৪ ১২৭৭৭	৫৭৩৪ ৩৬৮১৩
১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	২১০ ৩০৪৪	৬০৭ ২২৬৮	৮১৭ ৫৩১২
ক্রমপঞ্জীকৃত : ৩১ মার্চ ২০০৮* তারিখে	প্রকল্প সংখ্যা পরিমাণ	৩১১৫ ২৪৭৬০	২৮২৯ ১৩৩৬৭	৫৯৪৪ ৩৮১২৭
১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০০৮* পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	৫৫ ৭২৭	১৫৫ ৫৯০	২১০ ১৩১৭
১ জানুয়ারি হতে ৩০ জুন ২০০৮** পর্যন্ত	প্রকল্প সংখ্যা পরিমাণ	১১০ ১৪৫৯	৩১০ ১২৭৩	৪২০ ২৭৩২

\* সাময়িক । \*\* প্রাক্কলিত ।

অর্থনৈতিক উদ্দেশ্যভিত্তিক ঋণের স্থিতি

সারণি-৪

(মিলিয়ন টাকায়)

ক্রমিক নং	খাত	২০০৬	২০০৭	মার্চ ৩১, '০৮ (সাময়িক)	মার্চ ৩১, '০৮ (সাময়িক)
১।	কৃষি, মৎস্য ও বনায়ন (ক) শস্য (খ) শস্য ব্যতীত অন্যান্য (গ) মৎস্য (ঘ) বনায়ন	৩৮৩ - - ৩৮৩ -	৩৬৪ - - ৩৬৪ -	৫০০ - - ৫০০ -	৩৯৭ - - ৩৯৭ -
